ISSN-0971-8397

# যোজনা
## ধনধান্যে

মার্চ ২০১৫ | উন্নয়নমূলক মাসিক পত্রিকা | ₹২০

বিশেষ সংখ্যা

# বাজেট ২০১৫-১৬

**ভারত হবে বিশ্বে উৎপাদন শিল্পের মূলকেন্দ্র**
অমিতাভ কান্ত

**বাজেট ২০১৫-১৬ : বৃদ্ধি, কর্মসংস্থান ও জনকল্যাণের ওপর প্রভাব**
ডি. কে. শ্রীবাস্তব

**কেন্দ্রীয় বাজেট ২০১৫-১৬ : কী পেলেন মহিলারা**
নীতা এন

**অর্থনৈতিক সমীক্ষা ২০১৪-১৫-এর সাপেক্ষে সাধারণ বাজেট ২০১৫-১৬**
অসীমা গোয়েল

**প্রগতির নতুন দিশা দেখাল রেল বাজেট**
জি. শ্রীনিবাসন



**বিশেষ নিবন্ধ**
**ভারতীয় যুক্তরাষ্ট্রের ভিত মজবুত করবে চতুর্দশ অর্থ কমিশনের সুপারি**
প্রভাকর সাহু

**ফোকাস**
**জাতীয় কর্মমুখী দক্ষতা উন্নয়ন কর্মসূচি : ভবিষ্যতের পথ**
স্বদেশ সিংহ

# Union Budget 2015-16 : Thrusts

- **Encouraging Entrepreneurship**

  ❖ **MUDRA Bank:**

  ➢Micro Units Development Refinance Agency (MUDRA) Bank, created to encourage entrepreneurs to set up micro units. ➢The Bank will refinance Micro-Finance Institutions through a Pradhan Mantri Mudra Yojana ➢A corpus of Rs. 20,000 crore, and credit guarantee corpus of Rs. 3,000 crore for the bank ➢Priority to SC/ST enterprises while lending.

  ❖ **Atal Innovation Mission (AIM)** to be established in NITI.

  ➢An Innovation Promotion Platform involving academics, entrepreneurs, and researchers and draw upon national and international experiences to foster a culture of innovation, R&D and scientific research in India. ➢Will promote a network of world-class innovation hubs and Grand Challenges for India. ➢Initially, a sum of Rs. 150 crore will be earmarked for this purpose.

  ❖ **SETU**

  ➢SETU (Self-employment and Talent utilization) mechanism to be set up. ➢A Techno-Financial, incubation and Facilitation programme to support all aspects of start-up businesses and other self-employment activities, particularly in technology-driven areas. ➢Initial funding of Rs. 1000 crore in Niti Aayog for this purpose.

- **Social security schemes**

  The Budget has made provisions towards creating a universal social security system for all Indians, specially the poor and the underprivileged.

  ➢**Pradhan Mantri Suraksha Bima Yojna** to cover accidental death risk of Rs. 2 lakh for a premium of just Rs. 12 per year. ➢**Atal Pension Yojana,** will provide a defined pension, depending on the contribution, and its period. ➢Government contribution 50 per cent of the beneficiaries' premium limited to Rs. l,000 each year, for five years, in the new accounts opened before 31st December, 2015. ➢**Pradhan Mantri Jeevan Jyoti Bima Yojana** to cover both natural and accidental death risk of Rs. 2 lakhs. Premium of Rs. 330 per year, or less than one rupee per day, for the age group 18-50. ➢Unclaimed deposits of about Rs. 3,000 crore in the PPF, and approximately Rs. 6,000 crore in the EPF corpus to go towards the creation of a **Senior Citizen Welfare Fund.** Will subsidize the premiums of vulnerable groups such as old age pensioners, BPL card-holders, small and marginal farmers and others. A detailed scheme would be issued in March. ➢A **new scheme for providing Physical Aids and Assisted Living Devices for senior citizens,** living below the poverty line announced. ➢An integrated education and livelihood scheme called **'Nai Manzil'** to be launched this year to enable Minority Youth who do not have a formal school-leaving certificate to obtain one and find better employment.

- **Infrastructure**

  ➢A **National Investment and Infrastructure Fund (NIIF),** proposed to be created with an annual flow of Rs. 20,000 crore. This will enable the Trust to raise debt, and in turn, invest as equity, in infrastructure finance companies such as the IRFC and NHB. The infrastructure finance companies can then leverage this extra equity, many fold. ➢**Tax free infrastructure bonds** for the projects in the rail, road and irrigation sectors to be issued. ➢In order to revisit and revitalise the PPP mode of infrastructure development where the major issue involved is rebalancing of risk it has been decided that in infrastructure projects, the **sovereign will have to bear a major part of the risk** without, of course, absorbing it entirely.

- **Skill Development**

  ➢**National Skills Mission** launched through the Skill Development and Entrepreneurship Ministry. The Mission will consolidate skill initiatives spread across several Ministries and standardize procedures and outcomes across our 31 Sector Skill Councils. ➢**The Deen Dayal Upadhyay Gramin Kaushal Yojana** launched to cater to rural youth employment opportunities. Rs. 1,500 crore has been set apart for this scheme. Disbursement will be through a digital voucher directly into qualified student's bank account. With rural population still forming close to 70 percent of India's population, enhancing the employability of rural youth is the key to unlocking India's demographic dividend. ➢With a view to enable all poor and middle class students to pursue higher education of their choice without any constraint of funds, a fully **IT based Student Financial Aid Authority** to administer and monitor Scholarship as well Educational Loan Schemes, through the **Pradhan MantriVidya Lakshmi Karyakram** is proposed to be set up. This is ensure that no student misses out on higher education for lack of funds.

*** to be continued on third cover

*** continued from second cover

- **Monetising Gold**

  ➢India is one of the largest consumers of gold in the world and imports as much as 800-1000 tonnes of gold each year. Though stocks of gold in India are estimated to be over 20,000 tonnes, mostly this gold is neither traded, nor monetized. The Budget proposes to: Introduce a **Gold Monetisation Scheme,** which will replace both the present Gold Deposit and Gold metal Loan Schemes. The new scheme will allow the depositors of gold to earn interest in their metal accounts and the jewelers to obtain loans in their metal account. Banks/other dealers would also be able to monetize this gold. ➢Develop an alternate financial asset, a **Sovereign Gold Bond,** as an alternative to purchasing metal gold. The Bonds will carry a fixed rate of interest, and also be redeemable in cash in terms of the face value of the gold, at the time of redemption by the holder of the Bond. ➢Commence work on developing an **Indian Gold Coin,** which will carry the Ashok Chakra on its face. Such an Indian Gold Coin would help reduce the demand for coins minted outside India and also help to recycle the gold available in the country.

- **Measures to curb/unearth Black Money**

  ➢**New Comprehensive Law on Black Money** to be proposed: ➢Evasion of tax in relation to foreign assets to have a punishment of **rigorous imprisonment upto 10 years,** be non compoundable, have a **penalty of 300 percent** and the offender will not be permitted to approach the Settlement Commission. ➢Non filing of return/filing of return with inadequate disclosures to have a punishment of rigorous imprisonment upto 7 years. ➢Undisclosed income from any foreign assets to be taxable at the maximum marginal rate ➢Mandatory filing of return in respect of foreign asset. ➢A new structure which **includes electronic filing of statements** by reporting entities is being put in place. This will ensure seamless integration of data and more effective enforcement.

  ➢A new and more comprehensive Benami Transactions (Prohibition) Bill to be introduced to curb domestic black money. This law will enable confiscation of benami property and provide for prosecution, thus blocking a major avenue for generation and holding of black money in the form of benami property, especially in real estate. ➢Proposal to amend the Income-tax Act to prohibit acceptance or payment of an advance of Rs. 20,000 or more in cash for purchase of immovable property. Quoting of PAN is being made mandatory for any purchase or sale exceeding the value of Rs. 1 lakh. The third party reporting entities would be required to furnish information about foreign currency sales and cross border transactions. Provision is also being made to tackle splitting of reportable transactions. To improve enforcement, CBDT and CBEC will leverage technology and have access to information in each other's database.

- **Swachh Bharat**

  The Central Government will impose a **Swachh Bharat Cess** on all or certain taxable services at a rate of 2 percent from a date to be notified. The proceeds from this Cess would be utilized for Swachh Bharat initiatives. In a related development, the Scheduled rate of Clean Energy Cess levied on coal lignite and peat is being increased form Rs. 100 per tonne to Rs. 300 per tonne. The effective rate of Clean Energy Cess is being increased from Rs. 100 per tonne to Rs. 200 per tonne. Similarly, Excise duty on sacks and bags of polymers of ethylene other than for industrial use is being increased from 12 percent to 15 percent.

- **JAM (Jan Dhan Yojana, Aadhaar and Mobile) TRINITY** to help in transferring benefits (like subsidies) in a leakage proof, cashless well targeted manner to the poor and vulnerable and enable them to achieve their economic aspirations. ➢As of December 2014, over 720 million citizens allocated an Aadhaar card. Enrolments expected to exceed 1 billion by December 2015. ➢Linking the Aadhaar number to an active bank account key to implementing income transfers. Over 100 million bank accounts with registered Aadhaar numbers by December 2014. ➢Number of bank accounts expected to increase further through Jan Dhan Yojana. Cooking gas subsidies to be paid directly via Direct Benefit Transfer into the bank accounts of 9.75 crore recipients. ➢Two alternative financial delivery mechanisms: • Mobile Money - With over 900 million cell phone users and close to 600 million unique users, mobile money offers a complementary mechanism of delivering direct benefits to a large proportion of the population. With several cell phone operators reportedly applying for a payment bank license, mobile money platforms offer tremendous opportunities to direct Aadhaar based transfers. • Post Offices - India has the largest Postal Network in the world with over 1,55,015 Post Offices of which (89.76 percent) are in the rural areas. The Post Office (either as payment transmitter or a regular Bank) can seamlessly fit into the Aadhaar linked benefits-transfer architecture by applying for an IFSC code which will allow post offices to start seeding Aadhaar linked accounts.

Published on 10th of every month
Posted on 12-13 of every month
DHANADHANYE (Yojana-Bengali)
Price Rs. 20.00

MARCH, 2015
R.N.I. No. 19740/69

# FORM IV

## Statement about ownership and other particulars about Yojana (Bengali)

*to be published in the first issue every year after the last day of February*

| | | | |
|---|---|---|---|
| 1. | Place of publication | : | Kolkata |
| 2. | Periodicity of its publication | : | Monthly |
| 3. | Printer's Name | : | Dr. Sadhana Rout |
| | Nationality | : | Indian |
| | Address | : | Publications Division<br>Soochna Bhavan<br>New Delhi - 110 003 |
| 4. | Publisher's Name | : | Dr. Sadhana Rout |
| | Nationality | : | Indian |
| | Address | : | Publication Division<br>Soochna Bhavan,<br>New Delhi - 110 003 |
| 5 | Editor's Name | : | Antara Ghosh |
| | Nationality | : | Indian |
| | Address | : | Yojana (Bengali)<br>Publications Division<br>8, Esplanade East,<br>Kolkata - 700 069 |
| 6. | Name and addresses of individuals who own the newspaper and partners or shareholders holding more than one per cent of the total capital | : | Ministry of Information & Broadcasting<br>Government of India<br>New Delhi - 110 001 |

I, Sadhana Rout, hereby declare that the particulars given above are true to the best of my knowledge and belief.

Date : 10/02/2015

(Dr. Sadhana Rout)
Additional Director General

কেন্দ্রীয় তথ্য এবং সম্প্রচার মন্ত্রকের পক্ষে প্রকাশন বিভাগের অতিরিক্ত মহানির্দেশক, শ্রীমতি সাধনা রাউত কর্তৃক
৮ এসপ্ল্যানেড ইস্ট, কলকাতা-৭০০ ০৬৯, ফোন ঃ ২২৪৮ ২৫৭৬ থেকে প্রকাশিত এবং
ইস্ট ইন্ডিয়া ফটোকম্পোজিং সেন্টার, ৬৯, শিশির ভাদুড়ী সরণী, কলকাতা- ৭০০ ০০৬ থেকে মুদ্রিত।

মার্চ, ২০১৫

প্রধান সম্পাদক : **দীপিকা কাচ্ছাল**
সম্পাদনায় : **অন্তরা ঘোষ**
সহ-সম্পাদক : **পম্পি শর্মা রায়চৌধুরী**

সম্পাদকীয় দপ্তর : ৮ এসপ্ল্যানেড ইস্ট
কলকাতা-৭০০ ০৬৯
ফোন : (০৩৩) ২২৪৮-২৫৭৬

**গ্রাহক মূল্য** : ১০০ টাকা (এক বছরে)
১৮০ টাকা (দু-বছরে)
২৫০ টাকা (তিন বছরে)
ওয়েবসাইট : www.publicationsdivision.nic.in

**প্রকাশিত মতামত লেখকের নিজস্ব, ভারত সরকারের নয়।**

**পত্রিকায় প্রকাশিত বিজ্ঞাপনের বক্তব্য ও বানান আমাদের নয়।**

# যোজনা

পত্রিকা গোষ্ঠীর বাংলা মাসিক

**ধনধান্যে**

- এই সংখ্যায় — ৩
- এই সংখ্যা প্রসঙ্গে — ৪

**প্রচ্ছদ নিবন্ধ**

- ভারত হবে বিশ্বে উৎপাদন শিল্পের মূলকেন্দ্র — অমিতাভ কান্ত — ৫
- বাজেট ২০১৫-১৬: বৃদ্ধি, কর্মসংস্থান এবং জনকল্যাণের ওপর প্রভাব — ডি. কে. শ্রীবাস্তব — ৯
- কেন্দ্রীয় বাজেট ২০১৫-১৬: কী পেলেন মহিলারা — নীতা এন — ১৩
- অর্থনৈতিক সমীক্ষা ২০১৪-১৫-র সাপেক্ষে সাধারণ বাজেট ২০১৫-১৬ — অসীমা গোয়েল — ১৮
- প্রগতির নতুন দিশা দেখাল রেল বাজেট — জি. শ্রীনিবাসন — ২২
- বাজেট ও আগামী দিনের অর্থনীতি — অনিন্দ্য ভুক্ত — ২৬
- কৃষিক্ষেত্র কি এবার রাজ্যগুলির মর্জি নির্ভর হয়ে পড়বে — ভুবন ভাস্কর — ৩০
- ব্যাংকিং ক্ষেত্রে সংস্কার ও বাজেটের ভূমিকা — তপন কুমার ভট্টাচার্য — ৩৪
- দরিদ্র মানুষের স্বার্থে ভারতীয় বিমাক্ষেত্রে আরও বেশি বিদেশি মূলধন প্রয়োজন — ধীরজ নায়ার — ৩৯
- বাজেট ২০১৫-১৬—সামাজিক মাত্রা — মণীশ গোভিল — ৪১
- ভারতীয় রেলে নতুনত্বের ছোঁয়া: রেল বাজেটের পর্যালোচনা — সমীর গোস্বামী — ৪৪
- কেন্দ্রীয় বাজেট তৈরির প্রক্রিয়া ও রচনা-পদ্ধতি — রবীন্দ্র এইচ ঢোলাকিয়া — ৪৬
- কেন্দ্রীয় বাজেট ২০১৫-১৬: একটি বিশ্লেষণ — জয়দেব সরখেল — ৫০
- সামাজিক সুরক্ষা ও জনকল্যাণ: বাজেটে প্রস্তাবিত উদ্যোগের পর্যালোচনা — ভব রায় — ৫৫
- কৃষি ও গ্রামীণ কর্মসংস্থান: গ্রামীণ ও কৃষিক্ষেত্রে বাজেটের প্রভাব — লক্ষ্মীনারায়ণ শীল — ৫৮
- কর ব্যবস্থার পর্যালোচনা — ড. চিত্তরঞ্জন সরকার — ৬৩

**বিশেষ নিবন্ধ**

- ভারতীয় যুক্তরাষ্ট্রের ভিত মজবুত করবে চতুর্দশ অর্থ কমিশনের সুপারিশ — প্রভাকর সাহু — ৬৭

**ফোকাস**

- জাতীয় কর্মমুখী দক্ষতা উন্নয়ন কর্মসূচি: ভবিষ্যতের পথ — স্বদেশ সিংহ — ৭৩

**নিয়মিত বিভাগ**

- যোজনা ডায়েরি — সংকলক: দেবাংশু দাশগুপ্ত — ৭৭

# এই সংখ্যা প্রসঙ্গে

বর্তমান সরকারের প্রথম পূর্ণাঙ্গ বাজেট। অবশেষে বহু প্রতীক্ষিত এই বাজেট ঘিরে সব জল্পনার অবসান ঘটেছে। তবে প্রত্যাশিত জনমোহিনী ঘোষণার পরিবর্তে এই বাজেটে বিনিয়োগ বৃদ্ধি ও আর্থিক বিকাশের লক্ষ্যে কয়েকটি ছোট কিন্তু কার্যকর পদক্ষেপ নেওয়ার কথা ঘোষণা করা হয়েছে। অর্থমন্ত্রী মোট অভ্যন্তরীণ উৎপাদনের (জিডিপি) হারকে ৮ শতাংশে উন্নীত করবার লক্ষ্যে কয়েকটি বুনিয়াদি সমস্যার সুরাহা করবার কথা বলেছেন। এইভাবে দেশের দীর্ঘমেয়াদি উন্নয়ন সুনিশ্চিত করা সম্ভব হবে এবং বিশ্বের দ্রুততম বিকাশশীল অর্থনীতির স্থান অধিকার করা যাবে বলে তাঁর বিশ্বাস।

সরকারের 'সার্বিক বিকাশ' (ইনক্লুসিভ গ্রোথ) আনার উদ্দেশ্যের সঙ্গে সামঞ্জস্য রেখে, দেশের উন্নয়নে সাধারণ মানুষের ভূমিকা বাজেটে স্বীকৃতি পেয়েছে এবং তাঁদের জীবনের মানোন্নয়নের উদ্দেশ্যে একদিকে জীবিকা ও বিনিয়োগের সুযোগ বৃদ্ধি এবং অন্যদিকে সামাজিক সুরক্ষা সুনিশ্চিত করার জন্য ব্যবস্থা নেওয়া হয়েছে বাজেটে।

এই দিশায় যে সমস্ত গুরুত্বপূর্ণ পদক্ষেপ নেওয়া হয়েছে সেগুলি হল—নতুন পেনশন প্রকল্পের (NPS) ক্ষেত্রে কর ছাড়ের উর্ধ্বসীমা বাড়িয়ে দেড় লক্ষ টাকা করা; স্বাস্থ্যবিমার প্রিমিয়ামের ঊর্ধ্বসীমা ২৫ হাজার টাকা পর্যন্ত করা; প্রধানমন্ত্রী সুরক্ষা বিমা যোজনা ও প্রধানমন্ত্রী জীবনজ্যোতি বিমা যোজনার মাধ্যমে অতি অল্প প্রিমিয়ামের বিনিময়ে ২ লক্ষ টাকার জীবনবিমা ঘোষণা। এছাড়া নারীদের নিরাপত্তা এবং এ বিষয়ে সচেতনতা বৃদ্ধি সংক্রান্ত প্রকল্পগুলির জন্য ২০১৫-১৬ অর্থবর্ষে 'নির্ভয়া' তহবিলে এক হাজার কোটি টাকা বরাদ্দ করা হয়েছে।

দেশের যুব সম্প্রদায়ের অপার কর্মক্ষমতাকে কাজে লাগাতে এবং তাঁদের কর্মোপযোগিতা বৃদ্ধির লক্ষ্যে একাধিক উদ্যোগ গ্রহণের কথা ঘোষণা করা হয়েছে এই বাজেটে। প্রতিটি শিশুর জন্য পাঁচ কিলোমিটার ব্যাসার্ধের মধ্যে অন্তত একটি উচ্চ মাধ্যমিক বিদ্যালয় এবং সেই সঙ্গে দেশের নানা প্রান্তে প্রযুক্তিগত শিক্ষা ও নানা কাজে দক্ষতা অর্জনের জন্য উচ্চশিক্ষা প্রতিষ্ঠান গড়ে তোলার কথা বলা হয়েছে। 'নয়ি মঞ্জিল' (নব গন্তব্য)-এর উদ্দেশ্য সংখ্যালঘু সম্প্রদায়ের যুবাদের শিক্ষা ও জীবিকার মধ্যে সমন্বয় করা। তফশিলি জাতি/উপজাতিভুক্ত তরুণদের ঋণ পাওয়ার ক্ষেত্রে অগ্রাধিকার দিতে প্রস্তাবিত 'মাইক্রো ইউনিটস ডেভেলপমেন্ট রিফাইন্যান্স এজেন্সি' (MUDRA) ব্যাংক ক্ষুদ্র আর্থিক প্রতিষ্ঠানগুলিকে স্বল্প সুদে ঋণ দেবে বলে ঘোষণা করা হয়েছে। নতুন উদ্যোগ স্থাপন ও স্বনিযুক্তির ক্ষেত্রে, বিশেষত প্রযুক্তি-নির্ভর ক্ষেত্রে, সব দিক থেকে সহায়তা করা হবে 'সেল্‌ফ-এমপ্লয়মেন্ট অ্যান্ড ট্যালেন্ট ইউটিলাইজেশান' (SETU—অর্থাৎ স্ব-নিযুক্তি ও প্রতিভার সদ্ব্যবহার) প্রকল্পের মাধ্যমে। জাতীয় দক্ষতা (স্কিল) মিশন বিভিন্ন মন্ত্রকের সঙ্গে সমন্বয়ের মাধ্যমে দক্ষতা বৃদ্ধি সংক্রান্ত সমস্ত কর্মসূচিকে এক ছাতার তলায় আনবে, যাতে প্রশিক্ষণের পদ্ধতি ও গুণমানের ক্ষেত্রে সমতা বজায় রাখা সম্ভব হয়।

যোজনা

'মেক ইন ইন্ডিয়া' (ভারতে এসে গড়ুন) অভিযানকে সফল করে তুলতে সহজ উপায়ে ও স্বল্পব্যয়ে উৎপাদন প্রকল্প স্থাপন করার ব্যবস্থা বাজেটে গ্রহণ করা হয়েছে। 'সাধারণ কর-ফাঁকি বিরোধী বিধি' (GAAR) লাগু হওয়ার সময় পিছিয়ে দেওয়া হয়েছে। আগামী চার বছরে কর্পোরেট ট্যাক্স (কর) ৩০ শতাংশ থেকে কমিয়ে ২৫ শতাংশ করা এবং কর ব্যবস্থা সংস্কার সংক্রান্ত অন্যান্য সব প্রস্তাবের মাধ্যমে এই ইতিবাচক বার্তাই স্পষ্ট হয় যে, ভারত স্থিতিশীল ও সুনিশ্চিত কর ব্যবস্থার লক্ষ্যে এগোতে বদ্ধপরিকর। ২০১৬ সালের ১ এপ্রিল সমহারে পণ্য ও পরিষেবা কর (GST) লাগু হলে বর্তমান কর ব্যবস্থার ত্রুটিগুলি শোধরানো সম্ভব হবে এবং জিডিপি বৃদ্ধির পথ প্রশস্ত হবে। ভারতে ব্যবসা-বাণিজ্য করার প্রক্রিয়া আরও সহজ করে তুলতে গোটা ব্যবস্থাটি আরও সহজ, ত্রুটিমুক্ত ও ডিজিটালাইজ করে তোলার উপর জোর দেওয়া হচ্ছে।

এই সব প্রচেষ্টা সফল করতে সুদৃঢ় পরিকাঠামো প্রয়োজন। বাজেটে পরিকাঠামোখাতে বরাদ্দ বাড়িয়ে ৭০ হাজার কোটি টাকা করার প্রস্তাব দেওয়া হয়েছে। এছাড়াও বার্ষিক ২০ হাজার কোটি টাকার জাতীয় বিনিয়োগ পরিকাঠামো তহবিল (NIIF) স্থাপন করার প্রস্তাব দেওয়া হয়েছে। রেল, সড়ক ও সেচ ব্যবস্থার ক্ষেত্রে 'পরিকাঠামো বন্ড' চালু করার প্রস্তাবও দেওয়া হয়েছে।

সুপ্ত সম্পদগুলিকে প্রথাগত আর্থিক ব্যবস্থার আওতায় এনে বাড়তি পুঁজি জোগানোর উদ্যোগও নেওয়া হয়েছে এই বাজেটে। 'গোল্ড মানিটাইজেশন' (সোনার মূল্য টাকার অঙ্কে রূপান্তর) প্রকল্প, সার্বভৌম স্বর্ণ বন্ড ও ভারতীয় স্বর্ণমুদ্রা সঞ্চিত সোনাকে অর্থনৈতিক ক্ষেত্রে বিনিয়োগে রূপান্তরিত করতে সাহায্য করবে। এছাড়া কালো টাকা রুখতে এক নতুন আইনের প্রস্তাব আনা হয়েছে যা লুকিয়ে রাখা হিসাবহীন টাকা উদ্ধার ও সদ্ব্যবহার করতে সাহায্য করবে। এই আইনে শাস্তি হিসাবে দশ বছর কারাদণ্ড ও ৩০০ শতাংশ জরিমানার সংস্থান রয়েছে। সম্পদ কর বাতিল করা হবে এবং 'অতি-ধনী' (সুপার রিচ—যাদের বার্ষিক আয় এক কোটি টাকার বেশি) ব্যক্তিদের ক্ষেত্রে অতিরিক্ত ২ শতাংশ অধিভার (সারচার্জ) আরোপ করা হবে। এর ফলে কর সংগ্রহের পরিমাণ আরও বাড়বে বলে আশা করা হচ্ছে।

বাজেট-ঘাটতি পূরণের জন্য অর্থমন্ত্রী পরিষেবা করের হার ১২.৩৬ শতাংশ থেকে বাড়িয়ে ১৪ শতাংশ করার প্রস্তাব দিয়েছেন। এর ফলে সাধারণ মানুষের ব্যক্তিগত ব্যয়ের উপর প্রভাব পড়বে। এই পদক্ষেপ জনপ্রিয়তা লাভ না করলেও, পণ্য ও পরিষেবা কর চালু হলে এর প্রভাব অত প্রকট বলে আর মনে হবে না।

এই বাজেটের আর একটি গুরুত্বপূর্ণ ও অভিনব বিষয় হল উন্নয়ন প্রক্রিয়ার অবিচ্ছেদ্য অঙ্গ হিসাবে রাজ্যগুলিকে স্বীকৃতি দান। চতুর্দশ অর্থ কমিশনের সুপারিশ মেনে মোট বিভাজ্য রাজস্ব তহবিলে রাজ্যগুলির অংশভাগ ৩২ শতাংশ থেকে বাড়িয়ে ৪২ শতাংশ করা হয়েছে। এর ফলে রাজ্যের সম্পদ বৃদ্ধি পাবে এবং সেই সঙ্গে রাজ্যগুলি তাদের নিজস্ব চাহিদা অনুযায়ী প্রকল্প পরিকল্পনা, বাস্তবায়ন ও টাকা জোগানোর ক্ষেত্রে বাড়তি সুবিধা ভোগ করবে।

সংক্ষেপে বলা যেতে পারে যে, দীর্ঘমেয়াদি, সদর্থক এবং জনকল্যাণমুখী এই বাজেট দেশের ও দশের উন্নয়নের অনুকূল। এই বাজেট একই সঙ্গে দূরদর্শী এবং সদুদ্দেশ্যমূলক—এ বিষয়ে কোনও দ্বিমত নেই।❑

# ভারত হবে বিশ্বে উৎপাদন শিল্পের মূলকেন্দ্র

*'মেক ইন ইন্ডিয়া' (ভারতে বানাও) কর্মসূচি লগ্নির আগল খুলে দিচ্ছে। এই কর্মসূচিতে শামিল হবার উৎসাহ দেখাচ্ছে গুচ্ছের গুচ্ছের সংস্থা। দুনিয়ায় সবচেয়ে তাকতওয়ালা অর্থনীতি হয়ে উঠতে সঠিক দিশাতেই এগিয়ে চলেছে বিশ্বের বৃহত্তম গণতন্ত্র। আলোচনা করছেন* **অমিতাভ কান্ত।**

'মেক ইন ইন্ডিয়া' (ভারতে বানাও) কর্মসূচির গোড়াপত্তন ২০১৪-র সেপ্টেম্বরে। দেশগড়ার অপরাপর কর্মসূচির মধ্যে এটা আর একটা। ভারতকে বিশ্বের নামজাদা উৎপাদন শিল্পতালুকে রূপান্তর করতে এর ছক কষা হয়েছে। এক বেগতিক পরিস্থিতি সামাল দিতে মোক্ষম সময় এই কর্মসূচির ভাবনাচিন্তা। তখন ২০১৩ সাল। বহু ঢক্কানিনাদিত অর্থনীতিতে উদীয়মান দেশগুলির ফানুস গেছে চুপসে। ভারতের বিকাশহার এক দশকে সবচেয়ে কমে দাঁড়িয়েছে। ব্রিকস্ দেশগুলির উন্নয়নে ভাটার টান। তথাকথিত 'ঠুনকো পাঁচ' অর্থনীতির তালিকায় ফেলা হয়েছে ভারতকে। বিশ্বের বৃহত্তম গণতন্ত্রে বিনিয়োগ ঝুঁকি না সুযোগ— এই টানাপোড়েনে উদ্‌ভ্রান্ত আন্তর্জাতিক লগ্নিকারীকুল। দেশ এত বড় হওয়াটা কি সাফল্যের পথে বাধা! নাকি এহেন বৃহৎ দেশ শেষমেশ ব্যর্থ হতে পারে না—এসব চিন্তাভাবনা ঘুরছে ১২০ কোটি দেশবাসীর মাথায়। ভারত তখন নিদারুণ সংকটের কিনারায়।




চিত্র ১ : 'মেক ইন ইন্ডিয়া'র প্রতীক (লোগো)

### বাঁচার পথ

এহেন সংকটের পটভূমিতে ভারতে বানাও কর্মসূচির শুরুয়াত। অর্থনীতিকে ফের দাঁড় করানোর এই উদ্যোগে শামিল হল সংশ্লিষ্ট অজস্র মানুষ। দেশের নাগরিক ও শিল্প-বাণিজ্য মহলের কেষ্টবিষ্টুদের কর্মযজ্ঞে ঝাঁপিয়ে পড়তে এই কর্মসূচিতে জোরালো আহ্বান জানানো হল। বিশ্বের সর্বত্র সহযোগী ও বিনিয়োগকারীদের কাছে পৌঁছে গেল আমন্ত্রণ বার্তা। ভারতে বানাও নিছক উদ্দীপনাময় স্লোগান নয়, তার চেয়ে ঢের ঢের বেশি। সেকেলে রীতিনীতি ঝেড়ে ফেলে পুরোদস্তুর সংস্কারের এহেন উদ্যোগ আগে কখনও দেখা যায়নি। সবচেয়ে বড় কথা, সরকারের মানসিকতা একেবারে বদলে ফেলার চিহ্ন এই কর্মসূচিতে স্পষ্ট। শিল্প-বাণিজ্যে সহযোগীদের প্রতি কর্তৃত্ব ফলানোর দিন শেষ। সরকারের 'মিনিমাম গভর্নমেন্ট, ম্যাক্সিমাম গভর্ন্যান্স' তত্ত্বের সঙ্গে এটা দিব্যি খাপসই।

### পরিকল্পনা

কোনও উদ্যোগ শুরু করার আগে তৈরি করা চাই সঠিক কৌশল স্ট্র্যাটেজি। যা কিনা, এই উদ্যোগের হোতাদের অনুপ্রেরণা দেবে। ক্ষমতা জোগাবে। সক্ষম করবে। ভারতে বানাও কর্মসূচির জন্য দরকার ছিল এক ভিন জাতের প্রচার। খবরের কাগজে পৃষ্ঠাজোড়া পরিসংখ্যানে ঠাসা বিজ্ঞাপন নয়। প্রয়োজনীয় তথ্য তুলে ধরতে হয়েছিল সাজিয়েগুছিয়ে। সবচেয়ে জরুরি কথা, তা লোকের মনে ধরেছিল। এর বিশ্বাসযোগ্যতা নিয়ে কোন সন্দেহ উঁকিঝুঁকি দেয়নি। এই স্ট্র্যাটেজি (ক) দেশের নাগরিক ও শিল্পপতিদের পাশাপাশি বিদেশের সম্ভাব্য সহযোগীদের মধ্যেও ভারতের সামর্থ্য বা অন্তর্নিহিত শক্তিতে আস্থা রাখতে জুগিয়েছে প্রেরণা। (খ) পঁচিশটি শিল্প ক্ষেত্র সংক্রান্ত অঢেল কারিগরি তথ্যের একটা কাঠামো জোগান দিয়েছে। (গ) সোশ্যাল মিডিয়া মারফত পৌঁছে গেছে দেশবিদেশে বহু মানুষের কাছে। ভারতে সুযোগসুবিধা, সংস্কার ইত্যাদি বিষয়ে তাদের নিয়ত ওয়াকিবহাল করেছে।

ঝাঁ-চকচকে পরিকাঠামো গড়ে তুলতে এক ঝাঁক নামজাদা বিশেষজ্ঞ সংস্থার সঙ্গে হাত মিলিয়ে কাজ করেছে 'ইন্ডাস্ট্রিয়াল পলিসি অ্যান্ড প্রমোশন' দপ্তর। এহেন পরিকাঠামোর অন্যতম একটা ডেডিকেটেড হেল্প ডেস্ক ও মোবাইল-ফার্স্ট ওয়েবসাইট। এই সাইটে এক পরিপাটি মেনুতে ছিল সুবিন্যস্ত বহু তথ্য। দিল্লিতে ২০১৪-র ২৫ সেপ্টেম্বর এক সাড়া জাগানো অনুষ্ঠানে ভারতে বানাও কর্মসূচির উদ্বোধন হয়। হাজির ছিলেন দেশবিদেশের বহু তাবড় তাবড় শিল্পপতি, নীতি রচয়িতা ও সংবাদ মাধ্যম জগতের প্রতিনিধি।

এই অনুষ্ঠানের যোগ্য সংগত রূপে ছিল এক বিশদ ডিজিটাল স্ট্র্যাটেজি। এর ফলে সোশ্যাল মিডিয়া, টিভি ও সংবাদপত্রে তা যথেষ্ট সাড়া ফেলে দেয়।

উদ্বোধন অনুষ্ঠান চলাকালে দুনিয়া জুড়ে 'মেক ইন ইন্ডিয়া' চালু ছিল এক ঘণ্টা যাবৎ। আটচল্লিশ ঘণ্টায়, এই # Make In India দেখে ফেলে ১০০ কোটি ৮ লক্ষ মানুষ। ২০১৫-র ৩১ জানুয়ারির হিসেবে ফেসবুকে মেক ইন ইন্ডিয়ার ফ্যান ৩০ লক্ষের বেশি। তিন সেকেন্ড পিছু ১ জন ফ্যান বাড়ছে। টুইটারেও @ মেক ইন ইন্ডিয়া জনপ্রিয় হয়ে উঠছে। প্রতি ৩২ সেকেন্ডে যোগ দিচ্ছে ১ জন। আর মেকইনইন্ডিয়া.কম এ আছে ৫৬ লাখ ৭০ হাজার পেজ ভিউ।

## সহযোগী

বিভিন্ন স্তরে সহযোগিতামূলক প্রচেষ্টার মাধ্যমে ভারতে বানাও কর্মসূচি গড়ে উঠেছে। অংশগ্রহণের জন্য কেন্দ্রীয় মন্ত্রী, ভারত সরকারের সচিব, রাজ্য সরকার, শিল্পজগতের দিকপাল ও জ্ঞান সহযোগীদের আমন্ত্রণ জানিয়ে এই প্রক্রিয়া শুরু করে ইন্ডাস্ট্রিয়াল পলিসি অ্যান্ড প্রমোশন দপ্তর।

এরপর, ২০১৪-র ডিসেম্বরে ক্ষেত্রভিত্তিক শিল্প নিয়ে আয়োজিত হয় এক জাতীয় আলোচনাচক্র। এতে যোগ দেন ভারত সরকারের সচিব ও শিল্পমহলের বড় বড় নেতা। ২০২০ নাগাদ শিল্পের অবদান মোট অভ্যন্তরীণ উৎপাদনের ২৫ শতাংশ বাড়িয়ে নিয়ে যাবার জন্য আগামী তিন বছরের অ্যাকশন প্ল্যান তৈরি করা ছিল এর লক্ষ্য। প্রধানমন্ত্রী, কেন্দ্রীয় মন্ত্রী, শিল্প সংগঠন ও শিল্পপতিদের হাতে এই পরিকল্পনা তুলে দেওয়া হয়।

এসবের দরুন ইদানীংকালে কোনও দেশে উৎপাদন শিল্পে এতবড় উদ্যোগের এক রোডম্যাপ তৈরি করা গেছে। এসব প্রচেষ্টা প্রমাণ করেছে সরকারি-বেসরকারি অংশীদারিত্ব রূপান্তরের ক্ষেত্রে কতখানি এলেম ধরে। এগুলি ভারতে বানাও কর্মসূচির হলমার্ক বা বৈশিষ্ট্য। সহযোগিতা বা অংশীদারিত্বের এই মডেল ভিন দেশকেও এই কর্মসূচিতে টানার কাজে সফল। সম্প্রতি ভারত-মার্কিন আলোচনা এর জলজ্যান্ত নমুনা।

## অগ্রগতি

অল্প সময়ের মধ্যেই আগেকার অচল ও ঝকমারির কাঠামোগুলি হটানো গেছে। তার জায়গায় এসেছে স্বচ্ছ ও ব্যবহারকারীর পক্ষে অনুকূল ব্যবস্থা। এটা লগ্নি, উদ্ভাবনা ও দক্ষতা বিকাশ, মেধা সম্পদ রক্ষা, উৎপাদন শিল্পের জন্য সেরা পরিকাঠামো গড়তে সাহায্য করছে। অগ্রগতির সবচেয়ে বড় লক্ষণ—রেল, প্রতিরক্ষা, বিমার মতো প্রধান ক্ষেত্রে এর এতটা বেসরকারি সংস্থা ঢোকার অনুমতি দেওয়া হয়নি। বিদেশি প্রত্যক্ষ লগ্নির সর্বোচ্চ সীমাও বেড়েছে অনেকখানি।

২০১৪-র ২৯ ডিসেম্বর ভারতে বানাও—ক্ষেত্রগত প্রেক্ষিত ও উদ্যোগ শীর্ষক এক কর্মশালায় ২৫টি ক্ষেত্রে লগ্নি বাড়াতে ১ ও ৩ বছরের অ্যাকশন প্ল্যান তৈরি হয়।

উন্নতির দিকগুলি খতিয়ে দেখতে বিশ্বব্যাংকের সঙ্গে মন্ত্রকের আলোচনা হয়েছে। ভারতে বানাও কর্মসূচির জন্য আট সদস্যের এক লগ্নি সহায়ক সেল খোলা হয়েছে ২০১৪-র সেপ্টেম্বরে।

চিহ্নিত ক্ষেত্রগুলির লগ্নির সম্ভাবনা নিয়ে বিদেশি বিনিয়োগকারীদের কাছে খোঁজখবর পৌঁছে দিতে কাজে লাগানো হয়েছে ভারতের দূতাবাস ও বাণিজ্য দূতাবাসগুলিকে। জাপানি লগ্নির প্রস্তাব দ্রুত নিষ্পত্তির জন্য ইন্ডাস্ট্রিয়াল পলিসি অ্যান্ড প্রমোশন দপ্তর একটি বিশেষ ব্যবস্থাপনা দল গঠন করেছে। 'জাপান প্লাস' নামের এই দল কাজ শুরু করেছে ২০১৪-র অক্টোবর থেকে।


প্রতিরক্ষা, রেল, মহাকাশের মতো ক্ষেত্র লগ্নির জন্য খুলে দেওয়া হয়েছে। লগ্নি ও ব্যবসা করার পথ সুগম করতে নিয়ামক নীতির কড়াকড়ি এখন অনেক শিথিল। দেশের বিভিন্ন অঞ্চলে ছয়টি শিল্প করিডোর গড়ে তোলার কাজ চলছে। এসব করিডোর বরাবর তৈরি হবে শিল্পনগরী।

## ভারতে বানাও-এর ১০০ দিন

- জন-ধন প্রকল্পে খোলা হয়েছে ৯ কোটি ব্যাংক অ্যাকাউন্ট।
- ব্যবসা শুরু ও গোটানোর নিয়মকানুন অনেক সহজ হয়েছে। আমদানি-রপ্তানি নীতির জট ঢের ঢের কম। ছয়টি রুগ্ণ রাষ্ট্রায়ত্ত সংস্থাকে চাঙ্গা করা গেছে। তুলে দেওয়া হয়েছে পাঁচটি রাষ্ট্রায়ত্ত সংস্থা।
- শিল্প লাইসেন্সের জন্য অনলাইন আবেদন। অনলাইনে পরিষেবা কর মেটানো।
- শিল্প লাইসেন্সের প্রারম্ভিক মেয়াদ ২ থেকে বেড়ে ৩ বছর। জমি ও বিভিন্ন ছাড়পত্র জোগাড় করতে যথেষ্ট সময় দেওয়াই এর লক্ষ্য। স্বরাষ্ট্র মন্ত্রক জানিয়েছে শিল্প লাইসেন্সের জন্য দ্রুত সুরক্ষা সংক্রান্ত মঞ্জুরি দেওয়া হবে। আবেদন করার ১২ সপ্তাহের মধ্যে।
- কর্মচারী ভবিষ্যনিধি প্রতিষ্ঠান ও কর্মচারী রাজ্য বিমা নিগমে নথিভুক্ত হবার দীর্ঘসূত্রতা ছেঁটে ফেলা হয়েছে।
- লাইসেন্স প্রাপ্ত প্রতিরক্ষা শিল্পের জন্য একটি সুরক্ষা নির্দেশ-সংবলিত পুস্তিকা প্রকল্প করা হয়েছে সম্প্রতি।

## গাড়ি (অটোমোবাইল)

- ভারত বিশ্বের বৃহত্তম ট্র্যাক্টর নির্মাতা। দু' চাকার গাড়ি তৈরিতে দ্বিতীয়। বাস-এর ক্ষেত্রেও দ্বিতীয়। ভারী লরি নির্মাণে পঞ্চম স্থান। গাড়ি তৈরির সংখ্যায় ৬ নম্বর। আর বাণিজ্যিক যান তৈরিতে অষ্টম স্থানে।
- ভারতে গাড়ি বাজারের ভবিষ্যৎ : ২০২০ সালের মধ্যে বছরে ৬০ লক্ষ।




চিত্র ২ : 'মেক ইন ইন্ডিয়া'র প্রতীকের (লোগো) নকশার ভাবনার মূল উৎস।

## গাড়ির উপাদান

- ইস্পাত উৎপাদনে চতুর্থ। প্রতিযোগিতায় পড়শি দেশগুলির তুলনায় সুবিধাজনক স্থানে।
- প্রধান বাজার আসিয়ান, জাপান, কোরিয়া ও ইউরোপের কাছাকাছি অবস্থানের দরুন বৃহদায়তন উৎপাদনের সুযোগ।

## বিমান

- বিশ্বের নবম বৃহৎ অসামরিক বিমান বাজার। ১২০ কোটি ডলারের লেনদেন।
- ২০২০-র মধ্যে তৃতীয় বৃহৎ বাজার হবার সম্ভাবনা। আর ২০৩০ নাগাদ ভারত ১ নম্বর স্থানে উঠে আসতে পারে।

## জীবপ্রযুক্তি

- অগ্রণী ১২টি দেশের অন্যতম। এশিয়া-প্রশান্ত মহাসাগরীয় অঞ্চলে ভারতের স্থান তিনে।
- সরকারি ব্যয়ের পরিকল্পনা : ২০১২-১৭-এ ৩৭০ কোটি ডলার। পণ্য উন্নয়ন, গবেষণা ও উদ্ভাবনের বন্দোবস্ত করতে জীবপ্রযুক্তি পার্ক গড়ে তোলায় গুরুত্ব।

## রাসায়নিক

- উৎপাদনে এশিয়ায় তৃতীয়। বিশ্বে ষষ্ঠ।
- ভারতের রং শিল্পে উৎপাদনের প্রায় ৭৫ শতাংশ রপ্তানি করা হয়।
- বিকাশের মূল উপকরণ : বিপুল জনসংখ্যা + কৃষির ওপর নির্ভরতা + রপ্তানির চাহিদা জোরালো।

## নির্মাণ

- আগামী কুড়ি বছরে শহরাঞ্চলে পরিকাঠামো বাবদ দরকার ৬৫০০০ কোটি ডলার।
- লগ্নির সুযোগ : আবাসিক, বাণিজ্যিক, হোটেল-রিসর্ট।
- টাউনশিপ গড়ে তোলার প্রযুক্তি, গ্রিন বিল্ডিং।
- নির্মাণ ক্ষেত্রে বিদেশি বিনিয়োগের নিয়মকানুন শিথিল করা হয়েছে।

## প্রতিরক্ষা সাজসরঞ্জাম তৈরি

- এখন ৪৯ শতাংশ পর্যন্ত প্রত্যক্ষ বিদেশি লগ্নিতে অনুমতি। অত্যাধুনিক প্রযুক্তির বেলায় ৪৯ শতাংশের বেশি বিনিয়োগে মন্ত্রীসভার নিরাপত্তা সংক্রান্ত কমিটির অনুমোদন চাই।
- ৫৩ শতাংশ প্রতিরক্ষা সামগ্রী উৎপাদনের ক্ষেত্রে বেসরকারি সংস্থার কোনও লাইসেন্স লাগবে না। সামরিক ও অসামরিক দু কাজেই লাগে এমন সাজসরঞ্জাম তৈরির বিষয়ে নিয়ন্ত্রণ প্রত্যাহার।

## বৈদ্যুতিক যন্ত্রপাতি

- চাহিদার উৎস : পরিকাঠামো, শক্তি, খনি, তেল-গ্যাস, শোধনাগার, ইস্পাত, গাড়ি ও স্থায়ী ভোগ্যপণ্য।
- ২০২২ সালের মধ্যে বিদ্যুৎ উৎপাদন সাজসরঞ্জাম শিল্প বেড়ে দাঁড়াবে ২৫০০-৩০০০ ডলারে।

## বৈদ্যুতিন ব্যবস্থা

- জাতীয় জ্ঞান নেটওয়ার্ক ও জাতীয় অপটিক্যাল ফাইবার নেটওয়ার্কের মতো সরকারি প্রকল্পের সুবাদে প্রত্যাশিত চাহিদা ২০২০ নাগাদ হবে ৪০০০০ কোটি ডলার।
- দশ বছরের জন্য মূলধন বাবদ ২৫ শতাংশ পর্যন্ত ভরতুকি।

## খাদ্য প্রক্রিয়াকরণ

- কৃষি সম্পদের জোরদার ভিত্তি।
- ফুড পার্ক : দেশি-বিদেশি সংস্থার পক্ষে এক অসাধারণ সুবিধা লগ্নির সুযোগ।
- ফল ও শাকসবজি, পানীয়, ডেয়ারি, মাংস, পোলট্রি, মাছ, সমুদ্রিক খাদ্য ও মাছ প্রক্রিয়াকরণ, খাদ্য সংরক্ষণ ও প্যাকেজিং ইত্যাদিতে লগ্নির সুযোগ।

## তথ্যপ্রযুক্তি ও ব্যবসার প্রক্রিয়া ব্যবস্থাপনা

- তথ্যপ্রযুক্তি ক্ষেত্র ও ব্যবসায় প্রক্রিয়া ব্যবস্থাপনা (BPM) থেকে আসে দেশের মোট অভ্যন্তরীণ উৎপাদনের ৮.১ শতাংশ। জনকল্যাণে এর অবদান উল্লেখযোগ্য।
- টেস্টিং সার্ভিসের জন্য বিশ্বের ৬০ শতাংশ সংস্থা ভারতের উপর নির্ভরশীল।
- ২০১২-র তথ্যপ্রযুক্তি সংক্রান্ত জাতীয় নীতির লক্ষ ২০২০ নাগাদ তথ্যপ্রযুক্তি শিল্প থেকে আয় ৩০ হাজার কোটি ডলার করা। আর সে সময় রপ্তানির মাত্রা স্থির করা হয়েছে ২০ হাজার কোটি ডলার।

## চামড়া

- দেশের বাজার বিশাল। রপ্তানির সম্ভাবনাও ঢের। উৎপাদনের মূল্য ১১০০ কোটি ডলার।
- ২৪ শতাংশ বার্ষিক বিকাশের লক্ষ্য।
- বৃহৎ চর্মশিল্প তালুক, দরকারি পরিকাঠামো ও অন্যান্য পরিষেবার ব্যবস্থা সহ নতুন নতুন উৎপাদন ক্ষেত্র।

## গণমাধ্যম ও বিনোদন

- এই শিল্পের আয় ২০১৮-য় দাঁড়াবে ১৭ লাখ ৮ হাজার ৫৮০ কোটি টাকা এবং বার্ষিক চক্রবৃদ্ধি বিকাশ হার হবে ১৪.২ শতাংশ।
- ফিল্ম শিল্পের আয় ২০১৩-তে ছিল ১২৫৩০ কোটি টাকা। এটা ২০১৮-য় বেড়ে হবে ২১৯৮০ কোটি।

## খনি

- খনিজ সম্পদে ভারত সমৃদ্ধ-খনন লিজ বা ইজারার মেয়াদ বাড়িয়ে ২০-৩০ বছর করা হয়েছে।
- সম্ভাব্য বিকাশ—৭ শতাংশ।

## তেল-গ্যাস

- লগ্নি টানতে নতুন অনুসন্ধান লাইসেন্স ও কোল বেড মিথেন নীতি।
- গ্যাস বণ্টন ব্যবসায় পুরনো সংস্থার পাশাপাশি নতুনদের সামনেও প্রচুর সুযোগ।

## ওষুধ শিল্প

- ২০২০ নাগাদ বিশ্বের ৩টি বড় বাজারের অন্যতম হবে।
- ২০১৬-য় ওষুধের উপাদানের তৃতীয় বৃহত্তম বাজার। বিশ্ব বাজারে অংশ বাড়বে ৭.২ শতাংশ।

## বন্দর

- মাল ওঠানামার ক্ষমতা বৃদ্ধি—২০০৯-এর ৫৭.৫ কোটি টন থেকে ২০১৪-য় ৮০ কোটি।
- বন্দর পরিকাঠামো উন্নয়নে বেসরকারি সংস্থারও অংশগ্রহণ।

- সাগরমেলা প্রকল্পের পরিকল্পনা। এই প্রকল্পের লক্ষ বন্দরের শ্রীবৃদ্ধির মাধ্যমে উপকূলীয় রাজ্যগুলিতে উন্নয়ন।
- বেশ কিছু বন্দরের কাছাকাছি এলাকায় গড়ে উঠছে সেজ বা বিশেষ অর্থনৈতিক অঞ্চল। এখানে তাপবিদ্যুৎ ও ইস্পাত কারখানা এবং তেল শোধনাগার তৈরি হবে।

**রেল**

- রেল পরিকাঠামোয় অটোমেটিক রুটে ১০০ শতাংশ প্রত্যক্ষ বিদেশি লগ্নি।
- অগ্রাধিকার : বন্দরের সঙ্গে যোগাযোগ।
- পরিকাঠামো প্রকল্প : দ্রুতগতির ট্রেন, কয়লা খনি ও বন্দর পর্যন্ত রেলপথ, শুধুমাত্র পণ্য পরিবহণের রেলপথ বা ডেডিকেটেড ফ্রেট করিডোর।

**সড়ক**

- ৪৮.৬ লক্ষ কিলোমিটার পথঘাট; বিশ্বে দ্বিতীয়।
- বেসরকারি ক্ষেত্র : সড়ক পরিকাঠামো উন্নয়নে এক বড় ভূমিকা।
- বিভিন্ন কর্মসূচির মাধ্যমে ৬৬,১১৭ কিমি রাস্তা উন্নয়নের পরিকল্পনা।

**পুনর্নবীকরণযোগ্য শক্তি**

- ২০১৪-র শেষ নাগাদ উৎপাদন ক্ষমতা ৩৩,৭৯২ মেগাওয়াট : বিশ্বে পঞ্চম।
- পুনর্নবীকরণযোগ্য শক্তির উৎপাদন বাড়িয়ে ১৬৫ গিগাওয়াট করার পরিকল্পনা। এর মধ্যে ২০১৯-২০ নাগাদ সৌরশক্তি ১০০ গিগাওয়াট।
- সরকারি নীতিতে বড়সড় ইনসেনটিভের ব্যবস্থা থাকায় বিপুল বিনিয়োগের আশা।

**মহাকাশ**

- কম খরচায় মহাকাশ অভিযানে ভারত বিশ্বের অন্যতম অগ্রণী দেশ। মঙ্গল কক্ষপথে যান পাঠাতে খরচ ছিল মাত্র ৭৪ লাখ ডলার। অন্যান্য দেশের অনুরূপ অভিযানের তুলনায় ব্যয় ধারেকাছে আসে না।
- এ যাবৎ নিজেদের ৩০ এবং ১৯টি দেশের ৪০টি কৃত্রিম উপগ্রহ (স্যাটেলাইট) মহাকাশে পাঠিয়ে ভারত মহাকাশে যান উৎক্ষেপণ বা পাঠানোয় বিশ্বে প্রথম সারিতে থাকার হিম্মত ধরে।

**বস্ত্র ও পোশাক**

- উৎপাদন ক্ষমতার নিরিখে বিশ্বে দ্বিতীয়।
- দক্ষ শ্রমিক ও উৎপাদন ব্যয়ে প্রতিযোগী দেশগুলির তুলনায় ভারত সুবিধাজনক স্থানে।
- রপ্তানি ২০২৫ নাগাদ দাঁড়াবে ৩০ হাজার কোটি ডলার।

**তাপবিদ্যুৎ**

- সরকারের লক্ষ ২০১২-১৭-তে আরও ৮৮.৫ গিগাওয়াট উৎপাদন ক্ষমতা। আর ২০১৭-২২-এ ৮৬.৮ গিগাওয়াট।
- জনসংখ্যা বেড়ে চলার সুবাদে শক্তির চাহিদা বৃদ্ধি পাবে।
- লগ্নির জো : বিদ্যুৎ উৎপাদন, পরিবহণ ও বণ্টন।

**পর্যটন**

- ভারতে বিদেশি পর্যটক ২০১৪-য় ৭.১ শতাংশ বেড়ে হয়েছে ৭৫ লাখ।
- বিমান পরিবহণে উদারীকরণ, অনলাইন ট্রাভেল পোর্টাল-এর বিস্তার, আঞ্চলিক সহযোগিতা, সরকারি-বেসরকারি অংশীদারিত্ব এবং বিপণনে বিশেষ নজর— এসবের দরুন পর্যটনের প্রসার হবে।
- গ্রামাঞ্চলে পর্যটন পরিকাঠামো প্রকল্পের পাশাপাশি পর্যটন কেন্দ্র, সার্কিট ও বৃহৎ প্রকল্পে অর্ধেকের বেশি যোজনা বরাদ্দ ব্যয় করছে পর্যটন মন্ত্রক।

**স্বাস্থ্য পরিচর্যা**

- এই ক্ষেত্রে বার্ষিক বিকাশহার ২০ শতাংশ। ২০১৪-য় লেনদেন ১৬,২০০ কোটি টাকায় পৌঁছবে বলে হিসাব।
- ভারত সরকার আয়ুর্বেদ, যোগ, নেচারোপ্যাথি, হাকিমি, সিদ্ধ ও হোমিওপ্যাথি দপ্তর (আয়ুশ) খুলেছে। লক্ষ্য স্বাস্থ্য-পরিচর্যার এসব প্রাচীন পদ্ধতিকে আরও জনপ্রিয় করে তোলা।

গোটা বিশ্বে ভারতের বিশ্বাসযোগ্যতা আজ ঢের ঢের বেশি। অফুরন্ত প্রাণশক্তি, কর্মচাঞ্চল্য, উচ্চাকাঙ্ক্ষা সর্বত্র দৃশ্যমান। ভারতে বানাও কর্মসূচি খুলে দিচ্ছে বিনিয়োগের দরজা। কর্মসূচিতে শামিল হয়ে এখানে ব্যবসাবাণিজ্য করতে উৎসুক দেশবিদেশের বহু সংস্থা। বিশ্বের সবচেয়ে শক্তিশালী অর্থনীতিরূপে পরিগণিত হবার নিশানায় স্থির থেকে এগিয়ে চলেছে দুনিয়ার বৃহত্তম গণতন্ত্র। ❑

[লেখক ভারত সরকারের শিল্পনীতি ও প্রসার দপ্তর (DIPP)-এর সেক্রেটারি।
email : amitabh.kant@nic.in]

**'মেক ইন ইন্ডিয়া' : বাজেট ২০১৫-১৬**

- ■ কর্মসংস্থানের জন্য বিকাশহার ফের চাঙ্গা করা ও অভ্যন্তরীণ শিল্পোৎপাদনে লগ্নি টানা।
- ■ মসৃণ ব্যবসা-বাণিজ্যের জন্য সহজসরল কর ব্যবস্থা।
- ■ গুচ্ছের আগাম অনুমতির হ্যাপা হঠানোর সম্ভাবনা খতিয়ে খসড়া আইন তৈরির জন্য গড়া হয়েছে বিশেষজ্ঞ কমিটি।
- ■ উৎপাদন ব্যয় কমানোর জন্য ২২টি উপাদান/কাঁচামালে আমদানি শুল্ক হ্রাস।
- ■ ভারতে লগ্নির জন্য ফান্ড ম্যানেজারদের উৎসাহ জোগাতে পার্মানেন্ট এসট্যাবলিশমেন্ট নর্ম সংশোধন করা হবে।
- ■ জেনারেল অ্যান্টি অ্যাভয়ড্যান্স রুল বলবৎ করা স্থগিত থাকবে দু' বছর।
- ■ প্রযুক্তি আমদানিতে সাহায্য করার জন্য কারিগরি পরিষেবার রয়্যালটি ও ফি বাবদ আয়কর ২৫ থেকে কমিয়ে করা হয়েছে ১০ শতাংশ।
- ■ অলটারনেট ইনভেস্টমেন্ট ফান্ড-এর ১ ও ২ উভয় ক্যাটিগরিতে ট্যাক্স পাশ থ্রু-এর অনুমতি মিলবে।

# বাজেট ২০১৫-১৬ : বৃদ্ধি, কর্মসংস্থান এবং জনকল্যাণের ওপর প্রভাব

*দেশকে আর্থিক দিক থেকে উন্নত করে তুলতে প্রয়োজন দেশের উৎপাদনবৃদ্ধির গতি ত্বরান্বিত করা। ২০১৫-১৬ সালে এই বৃদ্ধির লক্ষ্যমাত্রা ধরা হয়েছে ৮ থেকে ৮.৫ শতাংশ। কিন্তু কেন্দ্রীয় সরকারের সম্পদের পরিমাণ সীমিত, তাছাড়া আর্থিক দায়বদ্ধতার ফলে মূলধনিখাতে খুব বেশি পরিমাণ অর্থ খরচ করাও তাদের পক্ষে সম্ভব নয়। সুতরাং রাজ্য সরকার, রাষ্ট্রায়ত্ত সংস্থা, বেসরকারি সংস্থা এবং এমনকী সাধারণ মানুষ— সকলকেই বিনিয়োগের ডালি নিয়ে এগিয়ে আসতে হবে। এ ব্যাপারে বিনিয়োগকারীদের সহায়তা দিতে এবং বিনিয়োগের পরিবেশ গড়ে তুলতে বাজেটে একাধিক কর্মসূচি ঘোষণা করা হয়েছে। বিস্তারিতভাবে আলোচনা করেছেন* **ডি. কে. শ্রীবাস্তব।**

২০১৫-১৬-র কেন্দ্রীয় বাজেট দেশের আর্থিক বৃদ্ধি ও জনকল্যাণের ক্ষেত্রে স্বল্পকালীন এবং দীর্ঘকালীন ভিত্তিতে উঁচু মানের লক্ষ্যমাত্রা নির্ধারণ করেছে। বৃদ্ধি, কর্মসংস্থান এবং মানুষের কল্যাণের মধ্যে রয়েছে এক প্রত্যক্ষ যোগাযোগ। উৎপাদনবৃদ্ধি কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি করে, এর ফলে মানুষের আয় বাড়ে, তাদের সার্বিক কল্যাণ সূচিত হয়। সুতরাং বৃদ্ধিকে হাতিয়ার করে কতটা কর্মসংস্থান সৃষ্টি হতে পারে বা প্রত্যক্ষ কর্মসংস্থান সৃষ্টির ক্ষেত্রে কী ধরনের নীতি ঘোষিত হতে পারে সেই প্রেক্ষিতে ২০১৫-১৬ সালের কেন্দ্রীয় বাজেটকে পর্যালোচনা করা যেতে পারে।

## বৃদ্ধি এবং কল্যাণ : স্বল্পকালীন এবং দীর্ঘকালীন লক্ষ্যমাত্রা

উৎপাদনবৃদ্ধির ক্ষেত্রে বলা হয়েছে, ২০১৫-১৬ সালে বৃদ্ধির হার দাঁড়াবে ৮ থেকে ৮.৫ শতাংশ। দীর্ঘকালীন লক্ষ্যমাত্রা হল দু'অঙ্কের বৃদ্ধি অর্জন করা, যার ন্যূনতম পরিমাণ দাঁড়াবে ১০ শতাংশ। জনকল্যাণের ক্ষেত্রে ২০২২ সালের মধ্যে লক্ষ্যমাত্রা অর্জনের একাধিক সদিচ্ছার কথা বাজেটে ফুটে উঠেছে, কারণ ওই বছরই পালিত হবে দেশের স্বাধীনতার ৭৫তম পূর্তি উৎসব এবং এরকম ১৩টি জনসল্যাণমূলক বিষয়কে চিহ্নিত করা হয়েছে। এগুলি হল:

১) শহরাঞ্চলে দু' কোটি এবং গ্রামাঞ্চলে ৪ কোটি বাসস্থান নির্মাণ করে দেশের সমস্ত মানুষের জন্য বাসস্থান নিশ্চিত করা;

২) প্রতিটি পরিবারের কাছে যাতে মৌলিক সুযোগ-সুবিধাগুলি পৌঁছে যায় যেমন, ২৪ ঘণ্টা বিদ্যুৎ, পরিশ্রুত পানীয় জল, শৌচাগার এবং সড়ক যোগাযোগ প্রভৃতি সুনিশ্চিত করা;

৩) প্রতিটি পরিবারের যাতে অন্তত একজন রোজগেরে সদস্য থাকে সে ব্যাপারে নিশ্চয়তা দেওয়া;

৪) মানুষের দারিদ্র বহুলাংশে কমিয়ে আনা;

৫) দেশের প্রতিটি গ্রামে বিদ্যুৎ পৌঁছে দেওয়া;

৬) দেশের সমস্ত বসতি এলাকায় সারা বছর ব্যবহারযোগ্য রাস্তা তৈরি করা;

৭) প্রতিটি গ্রাম এবং শহরে চিকিৎসা পরিষেবা পৌঁছে দেওয়া;

৮) যুবকদের শিক্ষিত করা এবং তাদের দক্ষতা বাড়ানো;

৯) কৃষি-উৎপাদন বৃদ্ধি করা;

১০) প্রতিটি গ্রামে তথ্য-যোগাযোগ ব্যবস্থা গড়ে তোলা;

১১) দেশের যুব সম্প্রদায়কে দক্ষ করে তোলা এবং দেশের ভেতর উৎপাদন-শিল্প গড়ে তোলা (মেক ইন ইন্ডিয়া কর্মসূচি);

১২) উদ্যোগ গড়ে তুলতে উৎসাহিত করা; এবং

১৩) দেশের পূর্ব এবং উত্তর-পূর্ব অঞ্চলকে অর্থনৈতিক দিক থেকে উন্নত করে তোলা।

বিকাশ এবং কল্যাণমুখী এই সব লক্ষ্যমাত্রা অর্জনে কেন্দ্র ও রাজ্য সরকারগুলি এবং সেই সঙ্গে বিভিন্ন রাষ্ট্রায়ত্ত সংস্থা এবং বিভিন্ন বিভাগীয় ক্ষেত্র ও বেসরকারি ক্ষেত্র সকলেরই গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করার প্রয়োজন রয়েছে। সম্ভাব্যতা এবং বাস্তবায়নের নিরিখে এই সব লক্ষ্যমাত্রা দেশের রাজস্ব নীতি এবং সর্বোপরি বৃহত্তর অর্থনীতির দিক থেকে পরীক্ষা করে দেখা যেতে পারে।

## বৃদ্ধির সম্ভাবনা

কেন্দ্রীয় পরিসংখ্যান দপ্তরের পেশ করা সংশোধিত হিসাব অনুযায়ী ২০১৪-১৫ সালের জন্য উৎপাদনবৃদ্ধির হার (জিডিপি গ্রোথ রেট) ধরা হয়েছে ৭.৪ শতাংশ। বাজেটে বলা হয়েছে ২০১৫-১৬ সালে উৎপাদনবৃদ্ধির হার দাঁড়াবে ৮ থেকে ৮.৫ শতাংশ। অর্থাৎ গত বছরের তুলনায় বৃদ্ধি ১ শতাংশ। এই হার অর্জন করতে বিনিয়োগ বৃদ্ধির প্রয়োজন ৪ থেকে ৫ শতাংশ যাতে মূলধন উৎপাদনের বৃদ্ধির অনুপাত দাঁড়ায় ৪:১। ফলে ২০১৫-১৬ সালে সার্বিক বিনিয়োগের পরিমাণ বেড়ে দাঁড়াবে ৩৫ থেকে

৩৬ শতাংশ। দীর্ঘ মেয়াদে ১০ শতাংশ বৃদ্ধির লক্ষ্যমাত্রা অর্জনে ভারতবর্ষে বিনিয়োগের প্রয়োজন ৪০ শতাংশ। সুতরাং আমাদের সঞ্চয়ের হার বাড়িয়ে ৩৭-৩৮ শতাংশে নিয়ে যেতে হবে এবং বিনিয়োগের হার ৪০ শতাংশ অর্জন করতে হবে। অভ্যন্তরীণ সঞ্চয় এবং কাঙ্ক্ষিত বিনিয়োগের মধ্যে ২ শতাংশের তফাতটা চলতি খাতের ঘাটতি থেকে মেটাতে হবে। এই পর্যায়ে মুদ্রাস্ফীতি নিয়ন্ত্রণ করা এবং নিরবচ্ছিন্নভাবে ১০ শতাংশ বৃদ্ধির লক্ষ্যমাত্রা অর্জন করা সম্ভব। এই লক্ষ্যমাত্রার অন্তত ৫০ শতাংশ ২০১৫-১৬ সালের মধ্যেই অর্জন করে ফেলতে হবে এবং প্রচেষ্টা সফল করতে অর্থনীতির যারা মূল অংশীদার তাদেরই গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করতে এগিয়ে আসতে হবে। অর্থনীতির মূল অংশীদাররা হল কেন্দ্র এবং সংশ্লিষ্ট রাজ্য সরকারগুলি এবং সম্মিলিতভাবে এরাই সরকারের ঘোষিত 'টিম ইন্ডিয়া'। এ ছাড়াও সরকারের বিভিন্ন বিভাগীয় সংস্থাগুলি, যেমন ডাক ও রেল বিভাগ, কেন্দ্র এবং রাজ্যস্তরের রাষ্ট্রায়ত্ত সংস্থা, বেসরকারি শিল্প সংস্থা, অভ্যন্তরীণ ও বিদেশি বিনিয়োগকারী এবং অসংখ্য সাধারণ পরিবার—এরা সকলেই দেশের উন্নয়নের সার্বিক প্রয়াসে প্রধান কুশী-লব। সরকারের ঘোষিত নীতিতে উল্লেখই করা হয়েছে, দেশের বৃদ্ধির উচ্চাশা কেবলমাত্র এই সব কুশী-লবদের যৌথ প্রয়াসের ফলেই সফলতার মুখ দেখতে পারে।

## কেন্দ্রীয় সরকারের ভূমিকা

দেশের জিডিপি বাড়ানোর ক্ষেত্রে কেন্দ্রীয় সরকার গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে থাকে এবং এই ভূমিকা তারা পালন করে একদিকে সরাসরি সরকারি বিনিয়োগ বাড়িয়ে তুলে এবং অন্যদিকে পরোক্ষভাবে বিবিধ সুবিধাপ্রদানের মধ্য দিয়ে বেসরকারি বিনিয়োগের পথ প্রশস্ত করে। ২০১৫-১৬-র বাজেট অনুযায়ী কেন্দ্রীয় সরকারের রাজস্বর উপর খরচের চাপ বেশি থাকায় সরাসরি সরকারি বিনিয়োগ বাড়িয়ে তোলার পথ সীমিত। এদিকে বাজেটে মূলধনিখাতে বরাদ্দ ২০১৪-১৫ সালের বাজেটের সংশোধিত অবস্থান থেকে মোট অভ্যন্তরীণ উৎপাদনের মাত্র ০.২ শতাংশ বাড়ানো হয়েছে এবং দাঁড়িয়েছে ১.৭ শতাংশ। ২০১৪-১৫ সালে এই বরাদ্দ ছিল মোট অভ্যন্তরীণ উৎপাদনের ১.৫ শতাংশ। স্বাভাবিকভাবেই কেন্দ্রীয় বাজেটের এই সামান্য বৃদ্ধি দেশের বিকাশের হার বাড়িয়ে তোলার ক্ষেত্রে নেহাতই অকিঞ্চিৎকর। 'আর্থিক দায়বদ্ধতা এবং বাজেট পরিচালন সংক্রান্ত আইন' রাজকোষ ঘাটতিকে একটি সীমায় বেঁধে রাখতে বাধ্য করেছে এবং ফলে মূলধনিখাতে অতিরিক্ত বিনিয়োগের ক্ষেত্রে অর্থমন্ত্রীকে হাত গুটিয়ে রাখতে হয়েছে। ২০১৪-১৫ সালের সংশোধিত বাজেটে অর্থমন্ত্রী রাজকোষ ঘাটতির পরিমাণ রেখেছেন মোট অভ্যন্তরীণ উৎপাদনের ৪.১ শতাংশ। তিনি অবশ্য রাজকোষ থেকে সামান্য হলেও মোট অভ্যন্তরীণ উৎপাদনের ০.৩ শতাংশ অতিরিক্ত বরাদ্দ হিসেবে রেখেছেন, যদিও পূর্বে সমষ্টিগতভাবে বরাদ্দ বিবেচিত হওয়ায় রাজকোষ ঘাটতি মোট অভ্যন্তরীণ উৎপাদনের ৩.৬ শতাংশ দাঁড়াবে বলে ভাবা হয়েছিল। অবশ্য অতিরিক্ত খরচের সংস্থান করতে হিসাবের পুনর্বিন্যাস করা হলে বাজেটে মূলধনিখাতে অতিরিক্ত খরচ বাবদ মোট অভ্যন্তরীণ উৎপাদনের ০.২ শতাংশ বরাদ্দ করা সম্ভব হল।

সরকারের গৃহীত বিভিন্ন নীতি দেশকে বৃদ্ধির পথে এগিয়ে নিয়ে যেতে সহায়ক হবে। বৃদ্ধির লক্ষ্যে এই নীতিগুলি সরকারি এবং বেসরকারি বিনিয়োগকে প্রভাবিত করবে এবং কেন্দ্রের সঙ্গে রাজ্যগুলির আর্থিক সম্পর্কের ক্ষেত্রটিতেও প্রভাব ফেলবে।

## রাজ্য সরকারগুলির ভূমিকা

বিনিয়োগের ক্ষেত্রে কেন্দ্রীয় সরকারের ভূমিকা সংকুচিত হয়ে পড়ায় রাজ্য সরকারগুলির ভূমিকা গুরুত্বপূর্ণ হয়ে উঠেছে। চতুর্দশ অর্থ কমিশনের সুপারিশের পর থেকে, মূলত ২০১৪-১৫ সালের বাজেটের প্রারম্ভ থেকে রাজ্যগুলির কাছে রাজস্ব হস্তান্তরের প্রক্রিয়া নতুনভাবে শুরু হতে চলেছে এবং এর ফলে প্রকল্প রূপায়ণের ক্ষেত্রে রাজ্যগুলি আরও স্বাধীন হয়ে উঠবে এবং রাজস্ব হস্তান্তরের কাজকর্মগুলিকে আরও খোলামেলাভাবে গড়ে তোলা সম্ভব হবে। ২০১৪-১৫ সালের বাজেটে, কেন্দ্রীয় সরকারের যে বিপুল পরিমাণ অর্থ রাজ্য সরকারের স্থানীয় পর্যায়ের স্বয়ংশাসিত প্রতিষ্ঠানগুলিকে সরাসরি হস্তান্তর করা হত, সেই অর্থ রাজ্য সরকারগুলিকেই বরাদ্দ করা হয় রাজ্য পরিকল্পনার অনুদান হিসেবে। এর ফলে হস্তান্তর প্রক্রিয়ার স্বচ্ছতা অনেকটাই বেড়েছে। ২০১৫-১৬ সালের বাজেটে রাজ্যগুলির পরিকল্পনাবাবদ অনুদানের বাড়তি অর্থের কিছুটা তাদের দেওয়া হয়েছে কেন্দ্রীয় করের অংশ হিসেবে। এই অর্থ-খরচের উপর রাজ্য সরকারগুলিকে পুরোপুরি স্বাধীনতাও দেওয়া হয়েছে এবং এ ব্যাপারে কোনও পূর্ব শর্তও আরোপ করা হয়নি। অবশ্য নতুন নিয়মে রাজ্য সরকারগুলির হাতে অর্থের জোগান অনেকটা বেড়েছে বলে প্রচার করা হলেও আসলে এই বৃদ্ধিটা কিন্তু খুব বেশি পরিমাণে নয়। নতুন নিয়মে প্রকল্পের পুনর্বিন্যাসটাই ঘটেছে বেশি করে এবং এই নিয়মের মূলধারণাটা হল তহবিল ব্যবহারের ক্ষেত্রে দক্ষতা বাড়িয়ে তোলা। এই দক্ষতা কিছুটা বৃদ্ধি পাবে যদি রাজ্যগুলি তাদের মূলধনিখাতে খরচ বাড়াতে সক্ষম হয় এবং এই অর্থ তারা রাজ্যের পরিকাঠামো উন্নয়নে ব্যয় করে, আর এর ফলে সার্বিক বৃদ্ধির পথটা ক্রমশ প্রশস্ত হয়ে উঠতে পারে।

## সরকারের বিভিন্ন বিভাগ এবং রাষ্ট্রায়ত্ত সংস্থাগুলির ভূমিকা

বিনিয়োগ বাড়াতে অবশিষ্ট ভূমিকাটা পালন করতে পারে সরকারের বিভিন্ন বিভাগ এবং রাষ্টায়ত্ত সংস্থাগুলি। সরকার ইতিমধ্যে আরও বেশি করে রেল-পরিকাঠামো গড়ে তোলা এবং ডাক ও তার বিভাগের পরিষেবাকে আরও বিস্তৃত করার বিষয়ে পরিকল্পনা গ্রহণ করেছে। এটাই সঠিক সময় যখন অন্যান্য রাষ্ট্রায়ত্ত সংস্থাগুলিও তাদের সম্প্রসারণ পরিকল্পনা কার্যকর করতে এগিয়ে আসতে পারে। এই সংস্থাগুলি যদি বিনিয়োগের অর্থ জোগাতে বাজার থেকে ঋণও তোলে, সেই ঋণ রাজকোষ ঘাটতির আওতার বাইরেই থেকে যাবে। অর্থমন্ত্রী সড়ক এবং রেল যোগাযোগের ক্ষেত্রে বাজেট

বরাদ্দ বাড়িয়েছেন যথাক্রমে ১৪,০৩১ কোটি টাকা এবং ১০,০৫০ কোটি টাকা। আশা করা যায়, সরকারি ক্ষেত্রগুলির মূলধনিখাতে ব্যয়ের পরিমাণ দাঁড়াবে ৩,১৭,৮৮৯ কোটি টাকা যা ২০১৪-১৫ সালের সংশোধিত হিসাবের চেয়ে প্রায় ৮০,৪৪৪ কোটি টাকা বেশি। হিসাব করে দেখা গেছে ২০১৫-১৬ সালে পরিকাঠামো ক্ষেত্রে বিনিয়োগের পরিমাণ ২০১৪-১৫-র চেয়ে ৭০,০০০ কোটি টাকা বৃদ্ধি পাবে এবং কেন্দ্রীয় তহবিল ও কেন্দ্রীয় স্তরের রাষ্ট্রায়ত্ত সংস্থাগুলি থেকে আসবে অর্থের জোগান। এর বাইরেও রয়েছে বেসরকারি ক্ষেত্রে যাদের এ ব্যাপারে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করতে এগিয়ে আসতে হবে।

## বেসরকারি ক্ষেত্রের ভূমিকা

বেসরকারি ক্ষেত্রের মধ্যে রয়েছে পরিবার, বেসরকারি শিল্প এবং বেসরকারি বিনিয়োগকারী, এরা দেশের ভেতরের এবং বাইরের উভয়ই হতে পারে। পরিবারগুলি সঞ্চয় করছে এবং বিনিয়োগেও অংশ নিচ্ছে। যদিও পারিবারিক সঞ্চয়ের পরিমাণ যে বিশেষ ভাবে কমে এসেছে তা নয়, কিন্তু সম্প্রতি অভ্যন্তরীণ উৎপাদনের অনুপাতে তাদের আর্থিক সঞ্চয় অনেকটাই কমেছে। আশা করা যায় মুদ্রাস্ফীতি কমে আসায় এবং প্রকৃত সুদের পরিমাণ বৃদ্ধি পাওয়ায় পারিবারিক আর্থিক সঞ্চয়ের পরিমাণ বৃদ্ধি পাবে।

বেসরকারি বিনিয়োগকারীদের মধ্যে বিদেশি বিনিয়োগকারীরা এ দেশে বিনিয়োগের উপযোগী পরিবেশ আশা করবে যার মধ্যে রয়েছে উন্নত পরিকাঠামোর বিষয়ে নিশ্চয়তা প্রদান, বিনিয়োগের প্রস্তাবনা দ্রুত মঞ্জুর হওয়া এবং খোলামেলা কর ব্যবস্থা চালু থাকা। এই সমস্ত বিষয়ের উপরই সরকার কাজ করে চলেছে এবং ধীরে ধীরে দেশে বিনিয়োগের আবহ গড়ে উঠছে। এছাড়া অর্থমন্ত্রী আগামী চার বছরে ধাপে ধপে কোম্পানি করের পরিমাণ ৩০ শতাংশ থেকে ২৫ শতাংশে নামিয়ে আনার কথা ঘোষণা করেছেন। এগুলি সম্ভাবনাময় বিনিয়োগকারীদের দেশে টেনে আনতে সহায়ক হবে। তাছাড়া দেশে করের ক্ষেত্রে যে বিশেষ আইন রয়েছে অর্থাৎ জেনারেল অ্যান্টি অ্যাভয়ডেন্স রুলস (সাধারণ কর-ফাঁকি বিরোধী বিধি বা GAAR), তার ফলেও বিনিয়োগকারীরা বিনিয়োগের ব্যাপারে আগ্রহ হারিয়ে ফেলছে। সরকার থেকে অবশ্য বলা হয়েছে এই কর আদায়ের বিষয়টি দু' বছরের জন্য পিছিয়ে দেওয়া হয়েছে। তাছাড়া ভবিষ্যতে আইনটি কার্যকর হলেও সেটি করা হবে সেই সময় থেকেই, পেছনের কোনও তারিখ থেকে নয়।

এই সব ব্যবস্থা গ্রহণের ফলে বিনিয়োগের গন্তব্যস্থল হিসেবে ভারতবর্ষ বেশি করে আকর্ষণীয় হয়ে উঠবে।

দেশে বর্তমানে চালু থাকা কেন্দ্র ও রাজ্য সরকারের পরোক্ষ কর সংক্রান্ত আইনটির পরিবর্তে পণ্য ও পরিষেবা সংক্রান্ত একটি সর্বাঙ্গীণ আইন প্রণয়নের ব্যাপারে সরকার তার অঙ্গীকার পুনরায় ব্যক্ত করেছেন। দেশের অর্থনীতির ক্ষেত্রে এই আইন এক রূপান্তরকারীর ভূমিকা পালন করবে বলে আশা করা যায়। কারণ এর ফলে সারা দেশব্যাপী গড়ে উঠবে এক সাধারণ বাজার যেখানে একাধিক করের হাত থেকে রেহাই পাওয়া যাবে।

চাহিদার দিক থেকে অবশ্য রয়েছে কঠিন চ্যালেঞ্জ। ২০১৪-১৫ সালে চাহিদার সমস্ত ক্ষেত্রগুলিতেই বৃদ্ধির হার ঝিমিয়ে পড়েছে। বেসরকারি ক্ষেত্রে ভোগ্যপণ্য ব্যয় বেড়েছে ৭ শতাংশ। স্থায়ী মূলধন গঠনের ব্যয় অর্থাৎ বিনিয়োগ-ব্যয় মাত্র ৪ শতাংশ বৃদ্ধি পেয়েছে এবং রপ্তানি ১ শতাংশ নীচে নেমে এসেছে। তাছাড়া চাহিদা বাড়িয়ে তুলতে অতিরিক্ত অর্থের জোগান কেন্দ্রীয় বাজেট থেকে নাও পাওয়া যেতে পারে, কারণ সরকারের সার্বিক ব্যয় চলতি মূল্যে মাত্র ৫.৮ শতাংশ বাড়ানো হয়েছে। মুদ্রাস্ফীতি ৪ শতাংশ হলে প্রকৃত ব্যয়বৃদ্ধি দাঁড়াবে মাত্র ২ শতাংশ। সুতরাং চাহিদা গড়ে তোলার ক্ষেত্রেও রাজ্য সরকারগুলিকেই গুরুত্বপূর্ণ ভূমিকা নিয়ে এগিয়ে আসতে হবে। রপ্তানির চাহিদাবৃদ্ধিও চলছে ঢিলেতালে, কারণ বিশ্বব্যাপীই এই বৃদ্ধির গতি দুর্বল হয়ে পড়ছে। সুতরাং অনেকটাই নির্ভর করছে সুদ কমিয়ে আনার উপর এবং বেসরকারি চাহিদার ক্ষেত্রে গতি আনার উপর।

## কর্মসংস্থানের লক্ষ্যে প্রত্যক্ষ সহায়তা

প্রত্যক্ষভাবে কর্মসংস্থান বৃদ্ধির লক্ষ্যে কেন্দ্রীয় বাজেটে বেশ কিছু পদক্ষেপের কথা ঘোষণা করা হয়েছে। এর মধ্যে অন্যতম হল দক্ষ ভারত গড়ে তুলতে সরকারের নীতি ঘোষণা। বাজেটে উল্লেখ করা হয়েছে, ভারত বয়ঃকনিষ্ঠ দেশগুলির মধ্যে অন্যতম, কারণ দেশের ৫৪ শতাংশ মানুষের বয়স ২৫ বছরের কম। বাজেটে দক্ষতা উন্নয়ন এবং উদ্যোগ বিকাশ মন্ত্রকের সহায়তায় জাতীয় দক্ষতা (স্কিল) মিশন গড়ে তোলার প্রস্তাব রাখা হয়েছে। এই মিশনের কাজ হবে বিভিন্ন মন্ত্রকের অধীনস্থ দক্ষতা সম্পর্কিত উদ্যোগগুলিকে একত্রিত করা এবং ৩১টি ক্ষেত্রের দক্ষতা সংক্রান্ত কাজকর্ম এবং ফলাফলকে একটি নির্ধারিত মানে উন্নীত করা। এছাড়া কেন্দ্রীয় সরকার চালু করেছে দীনদয়াল উপাধ্যায় গ্রামীণ কৌশল যোজনা এবং ১,৫০০ কোটি টাকা এই প্রকল্পে বরাদ্দ করা হয়েছে।

কর্মসংস্থানের লক্ষ্যে বাজেটে আরও একটি যে প্রস্তাব দেওয়া হয়েছে সেটি হল সেতু প্রকল্প বা সেল্ফ এমপ্লয়মেন্ট অ্যান্ড ট্যালেন্ট ইউটিলাইজেশন (SETU) কর্মসূচি। অর্থাৎ স্বনির্ভরতা এবং দক্ষতার মিশেল। যাঁরা নতুন উদ্যোগ এবং অন্যান্য স্বনিযুক্তি প্রকল্প গড়তে এগিয়ে আসবেন, বিশেষ করে যে সব ক্ষেত্রে প্রযুক্তিগত সহায়তা জরুরি সেগুলিকে এই প্রকল্পের মাধ্যমে দেওয়া হবে প্রযুক্তিগত এবং আর্থিক সহায়তা, দেওয়া হবে প্রাথমিক প্রশিক্ষণ এবং অন্যান্য সহায়তা। বাজেটে এই খাতে বরাদ্দ করা হয়েছে ১,০০০ কোটি টাকা। দেশে কর্মসংস্থান বৃদ্ধির লক্ষ্যে এটি একটি উদ্ভাবনীমূলক প্রকল্প।

অর্থমন্ত্রী লক্ষ করেছেন আর্থিক কাঠামোর নীচের মানুষজন যাঁরা পরিশ্রমী উদ্যোগপতি তাঁদের পক্ষে প্রথাগত আর্থিক প্রতিষ্ঠাগুলি থেকে ঋণ পাওয়া অসম্ভব না হলেও কঠিন হয়ে দাঁড়াচ্ছে। এদের সহায়তার লক্ষ্যে তিনি একটি নতুন ব্যাংকের প্রস্তাব করেছেন, নাম-মাইক্রো ইউনিটস ডেভেলপমেন্ট রিফাইন্যান্স এজেন্সি ব্যাংক বা মুদ্রা (MUDRA) ব্যাংক। এই ব্যাংকের মূলধনের পরিমাণ হবে

২০,০০০ কোটি টাকা এবং আরও ৩,০০০ কোটি টাকা দিয়ে গঠন করা হবে একটি ঋণ-জামিনদারি তহবিল। এই ব্যাংক প্রধানমন্ত্রী মুদ্রা যোজনার মাধ্যমে ক্ষুদ্র ঋণদানকারী প্রতিষ্ঠানগুলিকে ঋণ দেবে যাতে এই ঋণ তারা আবার ছোট ছোট উদ্যোগীদের কাছে সহজেই পৌঁছে দিতে পারে। ঋণ দেবার ক্ষেত্রে অগ্রাধিকার দেওয়া হবে তফশিলি জাতি এবং উপজাতি সম্প্রদায়ের মানুষদের। দেশের সবচেয়ে বঞ্চিত মানুষদের জন্য এটি একটি কাঙ্ক্ষিত উদ্যোগ।

দেশবাসীর এক বিরাট অংশ যে কোনও ধরনের বিমার সুযোগ থেকে বঞ্চিত—তা সে স্বাস্থ্য, দুর্ঘটনা বা জীবনবিমা যাই হোক না কেন। বাজেটে লক্ষ করা হয়েছে দেশের কমবয়সি মানুষজন বিমা ব্যতিরেকেই ক্রমশ বেশি বয়সের দিকে এগিয়ে চলেছেন। প্রধানমন্ত্রী জনধন যোজনার সাফল্যে অনুপ্রাণিত হয়ে অর্থমন্ত্রী দেশের সমস্ত মানুষের জন্য, বিশেষ করে দরিদ্র ও বঞ্চিত মানুষদের জন্য এক সার্বিক সুরক্ষা ব্যবস্থা গড়ে তোলার প্রস্তাব দিয়েছেন।

এছাড়া অর্থমন্ত্রী 'প্রধানমন্ত্রী সুরক্ষা বিমা যোজনা'-র প্রসঙ্গ টেনে এনেছেন যে যোজনায় রয়েছে বছরে মাত্র ১২ টাকা প্রিমিয়াম দিয়ে ২ লক্ষ টাকা পর্যন্ত দুর্ঘটনা বিমার সুযোগ। সরকার চালু করতে চলেছেন একটি নতুন পেনশন প্রকল্প—অটল পেনশন যোজনা—যেখানে জমার পরিমাণ এবং মেয়াদের নিরিখে একটি নির্দিষ্ট পরিমাণ পেনশন পাবার সুযোগ থাকবে। মানুষকে এই স্কিমে আগ্রহী করে তুলতে ২০১৫-র ৩১ ডিসেম্বরের আগে যে সব নতুন পেনশন অ্যাকাউন্ট খোলা হবে সেগুলিতে সরকার পাঁচ বছরের জন্য প্রিমিয়ামের ৫০ শতাংশ বহন করবে (সর্বোচ্চ বছরে ১,০০০ টাকা)।

অর্থমন্ত্রীর ঘোষিত তৃতীয় সামাজিক সুরক্ষা স্কিমটি হল প্রধানমন্ত্রী জীবনজ্যোতি বিমা যোজনা যেখানে রয়েছে স্বাভাবিক এবং দুর্ঘটনাজনিত মৃত্যু উভয় ক্ষেত্রেই দু'লক্ষ টাকা পর্যন্ত বিমার সুযোগ। প্রিমিয়ামের পরিমাণ বছরে ৩৩০ টাকা, অর্থাৎ দিন-প্রতি ১ টাকারও কম এবং বয়স ১৮-৫০। এই সমস্ত স্কিম একসঙ্গে শক্তিশালী এবং উদ্ভাবনীমূলক সামাজিক সুরক্ষা জাল।

আর্থিক কারণে গরিব এবং মধ্যবিত্ত ছাত্র-ছাত্রীদের তাদের পছন্দমতো উচ্চশিক্ষার পাঠ নিতে যাতে অসুবিধা না হয় সেদিকে লক্ষ রেখে সরকার ঘোষণা করেছে, তারা ছাত্র-ছাত্রীদের জন্য পুরোপুরি তথ্যপ্রযুক্তি নির্ভর এক আর্থিক সহায়তা ব্যবস্থা চালু করবে যার কাজ হবে বিভিন্ন বৃত্তিপ্রদান এবং শিক্ষাঋণ সংক্রান্ত কাজকর্মগুলি প্রধানমন্ত্রী বিদ্যা লক্ষ্মী কার্যক্রমের মাধ্যমে পরিচালনা ও পর্যালোচনা করা। সরকারের এই উদ্যোগের ফলে গরিব ছাত্রছাত্রীদের আর্থিক সমস্যা কিছুটা লাঘব হবে।

এছাড়াও অর্থমন্ত্রী বাজেটে জাতীয় স্তরে একটি বিনিয়োগ ও পরিকাঠামো তহবিল (NIIF) গড়ে তোলার প্রস্তাব দিয়েছেন এবং এই তহবিলে যাতে বছরে ২০,০০০ কোটি টাকার জোগান অব্যাহত থাকে সে ব্যাপারে অর্থের সংস্থান করেছেন। এই তহবিল বাজার থেকে ঋণ তুলবে এবং পরিকাঠামো সংক্রান্ত আর্থিক কোম্পানিগুলির (যেমন আই আর এফ সি এবং এন এইচ বি) মূলধনে বিনিয়োগ করবে। এর ফলে এই সব কোম্পানি তাদের মূলধনকে নানা ভাবে ব্যবহারের সুযোগ পাবে। অর্থমন্ত্রী রেল, সড়ক এবং সেচ প্রকল্পের জন্য করমুক্ত পরিকাঠামো বন্ডের বিষয়ে তাঁর ইচ্ছার কথা ব্যক্ত করেছেন। এছাড়াও সরকারি এবং বেসরকারি যৌথ উদ্যোগে পরিকাঠামো উন্নয়নের বিষয়টি নতুন করে পর্যালোচনার উপরও তিনি গুরুত্ব দিয়েছেন, কারণ এর ফলে ঝুঁকির ব্যাপারটি প্রশমিত হবার সুযোগ থাকবে। তিনি স্বীকার করেছেন, পরিকাঠামো ক্ষেত্রে সরকারকেই ঝুঁকির বেশিটাই বহন করতে হবে, তবে পুরোটা যাতে না হয় সেদিকেই লক্ষ রাখা। ডিজিটাল ভারত কর্মসূচিকে আরও এগিয়ে নিয়ে যেতে সরকার প্রস্তাব দিয়েছেন, ন্যাশনাল অপটিকাল ফাইবার নেটওয়ার্ক প্রোগ্রামের সম্প্রসারণ ঘটিয়ে ৭.৫ লক্ষ কিলোমিটারে নিয়ে যাওয়া এবং ২.৫ লক্ষ গ্রামে নেটওয়ার্কিং পরিষেবা পৌঁছে দেওয়া।

এই সব পদক্ষেপ দেশের মানুষের বিশেষ করে গরিব মানুষের কর্মসংস্থান এবং শিক্ষার ক্ষেত্রে শক্তিশালী হাতিয়ার হিসেবে কাজ করবে। বাজেটে বলা হয়েছে, যখন দেশে রয়েছে সম্পদের অপ্রতুলতা তখন প্রত্যেকের যৌথ প্রচেষ্টায়, যাদের মধ্যে রয়েছে রাজ্য সরকার, রাষ্ট্রায়ত্ত সংস্থা, বিদেশি বিনিয়োগকারী, ব্যাংক এবং আর্থিক প্রতিষ্ঠান, শিল্প সংস্থা এবং সর্বোপরি দেশের মানুষ, ভারতবর্ষ বৃদ্ধির লক্ষ্যে সফলভাবে এগিয়ে যেতে পারবে। ❑

[লেখক অতীতে দশম অর্থ কমিশনের অর্থনৈতিক উপদেষ্টা, একাদশ অর্থ কমিশনের প্রধান পরামর্শদাতা ও দ্বাদশ অর্থ কমিশনের সদস্য ছিলেন। বর্তমানে 'মাদ্রাজ স্কুল অব ইকোনমিক্স'-এর অধ্যাপক (সাম্মানিক)।
email : dkscloud@gmail.com]

# কেন্দ্রীয় বাজেট ২০১৫-১৬: কী পেলেন মহিলারা

*নারীরাই নাকি অর্ধেক আকাশ। নারীকল্যাণ ও শিশুকন্যাদের রক্ষায় নতুন সরকারের একগুচ্ছ প্রতিশ্রুতির মাঝেই পেশ হল ২০১৫-১৬ আর্থিক বছরের বাজেট। এই বাজেট থেকে কী পেলেন মহিলারা? কতটাই বা হারালেন? প্রাপ্তি আর অপ্রাপ্তির মধ্যে কোন দিকে পাল্লাটি ভারী? তারই খুঁটিনাটি বিশ্লেষণ করছেন* **নীতা এন।**

পেশ হল ২০১৫-১৬ আর্থিক বছরের কেন্দ্রীয় বাজেট। এই বাজেটের জন্য সবাই অধীর আগ্রহে অপেক্ষা করেছিলেন। এটা যে নতুন সরকারের প্রথম পূর্ণাঙ্গ বাজেট শুধু তাই নয়, বরং যে দ্রুতগতিতে অর্থনৈতিক সংস্কারের লক্ষ্যে বিভিন্ন কৌশলগত পদক্ষেপ নেওয়া হচ্ছে তার পরিপ্রেক্ষিতেও এই বাজেট অত্যন্ত গুরুত্বপূর্ণ। সামগ্রিকভাবে উন্নয়নমূলক কর্মকাণ্ডের চরিত্র বা গতির পরিবর্তন হলে তার সবচেয়ে বেশি প্রভাব পড়ে মহিলাদের ওপর। কারণ এদেশের পরিবার, সমাজ তথা অর্থনৈতিক মহলে ক্ষমতার সমীকরণ এখনও ভীষণভাবে পুরুষকেন্দ্রিক। সাম্প্রতিককালে মহিলাদের ওপর হিংসা ও নির্যাতনের ঘটনা যেভাবে বেড়ে চলেছে সেই পরিপ্রেক্ষিতে নারীকেন্দ্রিক বিষয়গুলি আরও বেশি করে গুরুত্ব পাচ্ছে। আর খুব সংগতভাবেই নারী নির্যাতনের সংক্রান্ত ঘটনাই যে কোনও আলাপ-আলোচনার প্রধান বিষয় হয়ে উঠেছে এখন। আর সম্প্রতি অনুষ্ঠিত সাধারণ নির্বাচনে বিভিন্ন রাজনৈতিক দলের নির্বাচনী ইস্তেহারে এই ধরনের ঘটনার তীব্র উদ্বেগ প্রকাশও করা হয়েছিল।

এদেশে মহিলাদের অবস্থান যে অনেক নীচে তা বিভিন্ন উন্নয়ন সূচকে সুস্পষ্ট। আর সেই কারণেই তাদের ওপর নির্যাতন চলে, হিংসার ঘটনা ঘটে। বিগত বছরগুলিতে সাক্ষরতার হার বৃদ্ধি পেলেও মহিলাদের মধ্যে সাক্ষরতার হার এখনও লক্ষণীয়ভাবে কম। এখনও দেশের এক তৃতীয়াংশ মহিলা নিরক্ষর। বিগত কয়েক দশক ধরেই নারী পুরুষের অনুপাত রীতিমতো চিন্তার কারণ হয়ে দাঁড়িয়েছে। ২০১১ সালের জনগণনার তথ্য অনুযায়ী দেশের ১০০০ পুরুষ পিছু মহিলার সংখ্যা মাত্র ৯১৪। কর্মক্ষেত্রে মহিলাদের অংশগ্রহণ যেভাবে কমছে তাও নিঃসন্দেহে উদ্বেগজনক।

জাতীয় নমুনা সর্বেক্ষণের (এনএসএস) সর্বশেষ তথ্য অনুযায়ী (২০১১-১২) কর্মক্ষেত্রে মহিলাদের অংশগ্রহণ মোটামুটি ২২ শতাংশ এবং বিগত কয়েক বছরে এই অংশগ্রহণের হার ক্রমশই নিম্নগামী হয়েছে বিশেষ করে গ্রামাঞ্চলে। গ্রামাঞ্চলে কর্মক্ষেত্রে মহিলাদের অংশগ্রহণের হার প্রায় ৮ শতাংশ কমেছে। দেশের এই লিঙ্গবৈষম্যের চিত্র রাষ্ট্রসংঘের লিঙ্গবৈষম্য সূচকেও প্রতিফলিত হয়েছে। ২০১১ সালে এই সূচকে ভারতের মূল্যমান ছিল ০.৬১৭। ওই বছর বিশ্বের ১৪৯টি দেশের মধ্যে এই সূচকে ভারতের অবস্থান গিয়ে দাঁড়ায় ১২৯-এ।

এই প্রেক্ষাপট থেকে বর্তমান বাজেট এবং নারী সমাজের ওপর বাজেটের প্রভাব বিশ্লেষণ করতে হবে। নারী সমাজের প্রতি বাজেট কতটা সংবেদনশীল, মূলত তিনটি স্তর থেকে তার বিচার করা যেতে পারে। একটি নির্দিষ্ট বরাদ্দের মাধ্যমে ব্যয় মহিলাদের জন্য নির্দিষ্ট খাত ছাড়াও সামগ্রিকভাবে সামাজিক ক্ষেত্রে ব্যয় লিঙ্গ-সাম্য প্রতিষ্ঠার পথে এক বড় পদক্ষেপ। সুতরাং প্রথমত, এই বিষয়টির পর্যালোচনা করতে হবে। দ্বিতীয়ত, মহিলাদের জন্য নির্দিষ্ট বিভিন্ন প্রকল্প/কর্মসূচির বিচার বিশ্লেষণ। এছাড়াও বিভিন্ন মন্ত্রক ও দপ্তরের 'জেন্ডার বাজেট' অঙ্গীকারের অঙ্গ হিসাবে যে বরাদ্দ থাকে (মহিলাদের জন্য নির্দিষ্ট প্রকল্প/কর্মসূচিগুলি বাদে) তার বিচার বিশ্লেষণ করেও সরকারের বিভিন্ন প্রকল্প/কর্মসূচি মহিলাদের প্রতি কতটা সংবেদনশীল সে সম্বন্ধে খানিকটা ধারণা পাওয়া যায়।

বর্তমান বাজেটের যে কোনও পর্যালোচনা করার সময় একটি গুরুত্বপূর্ণ অর্থনৈতিক পরিবর্তনের কথা মাথায় রাখা দরকার। চতুর্দশ অর্থ কমিশনের সুপারিশ অনুযায়ী রাজ্যগুলির প্রতি কেন্দ্রীয় অনুদানের কাঠামোর পুনর্বিন্যাস ঘটেছে। রাজ্যগুলিকে বর্ধিত হারে অনুদান দেওয়ার ব্যবস্থা করা হয়েছে নতুন কাঠামোয়। চতুর্দশ অর্থ কমিশনের সুপারিশ অনুযায়ী মোট কর রাজস্ব থেকে রাজ্যগুলিকে আরও বেশি অংশ দেওয়ার (৩২ শতাংশ থেকে ৪২ শতাংশ) মাধ্যমে কেন্দ্রীয় সরকার নিজস্ব ব্যয়ের ধরনেও পরিবর্তন ঘটিয়েছে। এইভাবে কিছু প্রকল্প বন্ধ করে দেওয়া হয়েছে। আবার কিছু প্রকল্পে কেন্দ্র ও রাজ্যের ব্যয়ের বিন্যাসে পরিবর্তন ঘটানো হয়েছে। কয়েকটি প্রকল্প আবার কেন্দ্রের অধীনেই রেখে দেওয়া হয়েছে। এর সঙ্গে আরও একটা কথা মনে রাখা দরকার যে মোট কর রাজস্বে বৃদ্ধি না ঘটার দরুন ব্যয়ের জন্য সরকারের অর্থ কমে গেছে। কারণ বেশি ব্যয় করতে গেলে রাজকোষ ঘাটতিও লাগামছাড়া হয়ে যাওয়ার আশঙ্কা থাকে।

**সামাজিক ক্ষেত্রে ব্যয়: লিঙ্গ-সাম্য প্রতিষ্ঠার মূল পদক্ষেপ**

সামাজিক ক্ষেত্রে ব্যয় ছাড়া আর্থ-সামাজিক সাম্য প্রতিষ্ঠা সম্ভব নয় এবং দেশের জনসংখ্যার সমস্ত অংশের জন্যই এটা ভীষণ জরুরি। তবে, সমাজের পিছিয়ে পড়া অংশ, বিশেষ করে সমাজের সমস্ত স্তরের মহিলাদের পক্ষে এই ব্যয় বিশেষ তাৎপর্যপূর্ণ। কারণ, তাদের কাজের চাপ বা বিভিন্ন কাজের জন্য তাদের সময় বরাদ্দ সবই এই বিষয়টির সঙ্গে প্রত্যক্ষ বা পরোক্ষ ভাবে জড়িত। দেশের মহিলাকর্মীদের অধিকাংশই কাজ করেন অপ্রথাগত ক্ষেত্রে, যেখানে ন্যূনতম সামাজিক সুরক্ষার ব্যবস্থা নেই। তাই শিক্ষা, স্বাস্থ্য, আবাসন ও স্যানিটেশনের মতো ক্ষেত্রগুলিতে রাষ্ট্র যদি আরও বেশি বিনিয়োগ না করে তাহলে দেশের অসংখ্য পরিবারের জীবনযাত্রার মান ক্রমশই নিম্নগামী হবে এবং তাতে পরিবারগুলিতে মহিলাদের প্রতি চলে আসা বৈষম্যের কারণে তাদের অবস্থা আরও শোচনীয় হবে। এছাড়াও বিনা পারিশ্রমিকে

মহিলারা যে গৃহস্থালি ও পরিচর্যামূলক কাজ করে যান তার ওপরও উল্লিখিত ক্ষেত্রগুলি বরাদ্দের প্রত্যক্ষ ও পরোক্ষ প্রভাব রয়েছে। সহজেই পরিস্রুত পানীয় জল পাওয়া গেলে দূরদূরান্ত থেকে জল বয়ে আনার কষ্ট ও পরিশ্রম কমবে মহিলাদের। অনুরূপভাবে, স্বাস্থ্যপরিষেবা সুলভ হলে অপরের পরিচর্যাকারী মহিলারা নিজেরাও কিছুটা পরিচর্যা পাবেন। আবার, বিদ্যালয়ে উপযুক্ত ও পরিচ্ছন্ন স্যানিটেশনের ব্যবস্থা না থাকার কারণেই যে বিদ্যালয় ছুট ছাত্রীদের হার বাড়ছে এই তথ্যটিও সর্বজনবিদিত। সামাজিক ক্ষেত্রে স্বল্প বরাদ্দ বা বরাদ্দে কাটছাঁট নিয়ে বহু বছর ধরেই তর্ক-বিতর্ক চলছে কারণ বেশ কয়েক বছর ধরেই সামাজিক ক্ষেত্রে সরকারের ব্যয় ওঠানামা করছে। প্রশাসন এবং বাজেট দায়বদ্ধতা কেন্দ্রের (সেন্টার ফর গভর্ন্যান্স অ্যান্ড বাজেট অ্যাকাউন্টেবিলিটি) সংকলিত তথ্য অনুযায়ী মোট অভ্যন্তরীণ উৎপাদন বা জিডিপি-র নিরিখে খাদ্য ভরতুকিসহ সামাজিক ক্ষেত্রে ব্যয় ৩.৪০ থেকে কমে হয়েছে ২.৫৭ শতাংশ। পরিবর্তিত অর্থনৈতিক পরিস্থিতিতে যখন রাজ্যগুলিও সামাজিক ক্ষেত্রে তাদের ব্যয়বরাদ্দ বাড়াবে বলে আশা করা হচ্ছে তখন এই ক্ষেত্রে ব্যয়বরাদ্দ হ্রাসের বিষয়টিকে একটু অন্য দৃষ্টিকোণ থেকে বিশ্লেষণ করতে হবে।


নির্দিষ্ট প্রকল্পগুলিতে কেন্দ্রীয় সরকারের আর্থিক সহায়তা প্রদানের ধরন যদি লক্ষ করা যায় তাহলে দেখা যাবে যে কেন্দ্র মূলত প্রকল্পের মূলধনি ব্যয়ের জন্যই অঙ্গীকারবদ্ধ। প্রকল্প চালানোর ধারাবাহিক বা পৌনঃপুনিক ব্যয় মেটাতে কেন্দ্র দায়বদ্ধ নয়। যে সমস্ত প্রকল্প অনেকদিন ধরে চলছে সেগুলির মূলধনি ব্যয় ক্রমশই কমতে বাধ্য। এর ফলে শেষ পর্যন্ত প্রকল্পগুলি রূপায়ণের আর্থিক দায়িত্ব রাজ্য সরকারগুলির ওপরই বর্তাবে। রাজ্যগুলি প্রকল্প রূপায়ণের দায়িত্ব নিচ্ছে এটা বড় বিষয় নয় কিন্তু এর ফলে প্রকল্পখাতে ব্যয় বরাদ্দ বা ব্যয়ের ধরন কীভাবে প্রভাবিত হবে সেটাই আসল বিষয়। সামাজিক ক্ষেত্রের চালু প্রকল্পগুলির রূপায়ণের ওপর যদি লক্ষ করা যায় তাহলে দেখা যাবে যে প্রকল্প রূপায়ণের ক্ষেত্রে রাজ্যগুলির মধ্যে বিরাট তফাত রয়েছে। এর মাধ্যমেই এই ধরনের প্রকল্প বা কর্মসূচিগুলির প্রতি সংশ্লিষ্ট রাজ্যগুলির কতটা দায়বদ্ধতা বা আগ্রহ তা প্রতিফলিত হয়। এবার থেকে রাজ্যগুলিকে প্রদত্ত আর্থিক সহায়তা প্রকৃতিগতভাবে আরও উন্মুক্ত (আনটায়েড) হবে। ফলে তার ব্যয়ের ধরন হবে নমনীয়, অর্থাৎ নির্দিষ্ট সময়ের মধ্যে নির্দিষ্ট লক্ষ্যে ব্যয়ের বাধ্যবাধকতা থাকবে না। নারীকেন্দ্রিক বিষয়গুলিতে রাজনৈতিক সদিচ্ছার অভাবের কারণে রাজ্যগুলি সামগ্রিক স্তরে বরাদ্দ কমাতে পারে, তা না হলে বরাদ্দের ধরনে পরিবর্তন ঘটাতে পারে। বরাদ্দে কাটছাঁট বা বরাদ্দের ধরনে পরিবর্তন ঘটলে সামাজিক ক্ষেত্রে লিঙ্গ-সাম্য প্রতিষ্ঠার পথে বাধা পড়বে। কারণ স্বাস্থ্য, পানীয় জল বা স্যানিটেশনের গুরুত্বপূর্ণ সামাজিক ক্ষেত্র খাতে বরাদ্দ লিঙ্গবৈষম্য দূর করার ক্ষেত্রে বড় হাতিয়ার। এর পাশাপাশি বর্ধিত পণ্য মাশুল ও ডিজেলের মূল্যবৃদ্ধির চাপে অবশ্যই মৌলিক পণ্যসামগ্রীর মূল্যবৃদ্ধি ঘটবে এবং তার ফলে মহিলাদের ওপর বিনা পারিশ্রমিকের কাজের চাপও বাড়বে। মহিলারা তাদের যত্ন, পরিচর্যা দিয়ে পরিবারকে সুস্থ, সবল রাখবেন, কিন্তু তাঁরা নিজেরা অবহেলিত রয়ে যাবেন, অপুষ্টিতে ভুগবেন।

## শুধুমাত্র মহিলাদের জন্য নির্দিষ্ট প্রকল্প: নারীকল্যাণ ও সুরক্ষার মেলবন্ধন

মহিলাদের বিশেষ কিছু সমস্যার মোকাবিলার জন্যই নারীকেন্দ্রিক প্রকল্পগুলির সূচনা। সমাজে নারীর অবস্থান নিয়ে এই প্রকল্পগুলির মধ্যেও পিতৃতান্ত্রিক মনোভাব প্রতিফলিত হলেও এগুলি সমানাধিকার প্রতিষ্ঠার পক্ষে জরুরি। ব্যয় বাজেটের অংশ হিসাবে যে জেন্ডার বাজেট বিবৃতি (জিবিএস) প্রকাশ করা হয় তাতে মহিলাকেন্দ্রিক প্রকল্প ও কর্মসূচিগুলির পাশাপাশি যে সমস্ত প্রকল্পে বরাদ্দের ৩০ শতাংশ বা তার বেশি অর্থ মহিলাদের জন্য নির্দিষ্ট করে রাখা হয় সেগুলির সম্বন্ধেও যাবতীয় তথ্য থাকে। ২০১৫-১৬ আর্থিক বছরে মহিলাদের জন্য নির্দিষ্ট প্রকল্প/কর্মসূচি খাতে বাজেট বরাদ্দ রয়েছে প্রায় ১৭ কোটি টাকা। শুধু চরম মান বা সংখ্যাগত বিচারের যে (অ্যাবসোলিউট টার্ম) এই বরাদ্দ গত কয়েক বছরে কমেছে তা নয়, বরং মোট বাজেট বরাদ্দ ও জিডিপি-র অনুপাতেও এই বরাদ্দ হ্রাস পেয়েছে।

সামগ্রিকভাবে নারীকেন্দ্রিক প্রকল্প/কর্মসূচি খাতে বরাদ্দ কাটছাঁটের পরিপ্রেক্ষিতে নারী ও শিশু বিকাশ মন্ত্রকের বরাদ্দের ক্ষেত্রে লক্ষণীয় পরিবর্তন হয়েছে। এই মন্ত্রকই মহিলাদের উন্নয়ন ও কল্যাণে গৃহীত বিভিন্ন কর্মসূচি পরিচালনার ক্ষেত্রে সমন্বয়কারী বা নোডাল মন্ত্রক। বিগত দুই বাজেটের তুলনা করলে দেখা যাবে যে বহু প্রকল্পখাতে বরাদ্দ যৎসামান্যই রয়ে গেছে, এমনকী কোনও কোনও ক্ষেত্রে বরাদ্দ কমিয়েও দেওয়া হয়েছে। নীচের সারণিতে দেখা যাবে যে চারটি প্রকল্প/ কর্মসূচির জন্য বর্তমান বাজেটে কোনও বরাদ্দ নেই। বিপন্ন মহিলাদের জন্য আশ্রয়কেন্দ্র নির্মাণে সহায়তা প্রদান এবং গার্হস্থ্য নির্যাতন প্রতিরোধ আইন (২০০5) রূপায়ণে রাজ্যগুলি সহায়তা প্রদান—নারীকল্যাণ ও নারীদের সুরক্ষা নিশ্চিত করার ক্ষেত্রে এই দুটি কর্মসূচির বিরাট তাৎপর্য রয়েছে। ২০১১-এর জনগণনার তথ্য অনুযায়ী বিধবা ও পরিত্যক্ত মহিলাদের সংখ্যা বাড়ছে। অর্থাৎ এবার থেকে অনেক বেশি মহিলারই এই ধরনের আশ্রয়কেন্দ্রের প্রয়োজন

*চিত্র ১ : মহিলাদের জন্য নির্দিষ্ট কর্মসূচি/প্রকল্পগুলিতে বরাদ্দ*




**সূত্র** : সিবিজি-এ (২০১৫) : 'অফ বোল্ড স্ট্রোক্‌স অ্যান্ড ফাইনপ্রিন্টস্ : অ্যান অ্যানালিসিস অব ইউনিয়ন বাজেট ২০১৫-১৬'—বাজেট এবং প্রশাসন দায়বদ্ধতা কেন্দ্র, নয়াদিল্লি।

—— মোট বাজেট বরাদ্দের শতাংশের হিসাবে বরাদ্দ

— — জিডিপি-র শতাংশের হিসাবে বরাদ্দ

পড়বে। তবে একথা ঠিক যে গত বছর গার্হস্থ্য নির্যাতন প্রতিরোধ আইন রূপায়ণ খাতে বরাদ্দ অর্থ ব্যয় করা যায়নি বলেই হয়তো এই বছর এই খাতে বরাদ্দ রাখা হয়নি। আবার হয়তো এও আশা করা হয়েছে রাজ্যগুলির হাতে জাতীয় করের বর্ধিত অংশ আসার ফলে প্রয়োজন মতো এই খাতে তারা নিজেরাই বরাদ্দ করতে পারবে। তবে পূর্ববর্তী বছরের বরাদ্দ অর্থ ব্যয় করা যাচ্ছে না—এর থেকেই বোঝা যায় সংশ্লিষ্ট প্রকল্প রূপায়ণে রাজ্যগুলি কতটা অগ্রাধিকার দিচ্ছে। তাই এই ধরনের একটি গুরুত্বপূর্ণ বিষয়ে রাজ্যগুলির হাতে এতটা দায়িত্ব ও ক্ষমতা দেওয়া নিয়ে উদ্বেগের অবকাশ রয়ে যায়।

বয়ঃসন্ধির মেয়েদের ক্ষমতায়নে রাজীব গান্ধী প্রকল্পের (সবলা) বরাদ্দেই সবচেয়ে বেশি কাটছাঁট করা হয়েছে। বয়ঃসন্ধির কিশোরীদের পুষ্টি এবং স্বাস্থ্য সংক্রান্ত বিভিন্ন প্রয়োজন মেটানোর জন্য যে প্রকল্পের ব্যবস্থা সেই খাতের বরাদ্দই এভাবে তলানিতে নিয়ে যাওয়া হয়েছে। বাজেট নথি অনুযায়ী এই প্রকল্পখাতে কেন্দ্রীয় বরাদ্দ কমিয়ে করা হয়েছে মাত্র ১০ কোটি টাকা। রাজ্যগুলিকে এবার ‘নির্ভয়া’ তহবিলের মাধ্যমে অর্থ প্রদান করা হবে। এখানেও রাজ্যগুলির জন্য নির্দিষ্ট কোনও বরাদ্দ না থাকায় এই অতি গুরুত্বপূর্ণ প্রকল্পের ভবিষ্যৎ কী হবে তা নিয়েও প্রশ্নচিহ্ন রয়ে যায়। মহিলাদের ওপর যে কোনও হিংসার ঘটনাকে সর্বোচ্চ গুরুত্ব দেওয়ার কথা সরকারিভাবে বলা হলেও বিপদ মোকাবিলার নির্দিষ্ট কেন্দ্রে বা ‘ওয়ানস্টপ ক্রাইসিস সেন্টার’ কর্মসূচি খাতে এক ধাপে বরাদ্দ কমিয়ে দেওয়া হয়েছে। অথচ, নির্যাতন বা হিংসার কবলে পড়া মহিলাদের সর্বতোভাবে সাহায্য করার জন্যই ওই কর্মসূচির অবতারণা। বাজেট নথির বিস্তারিত ব্যাখ্যায় বলা হয়েছে যে ২৫ লক্ষের বেশি জনসংখ্যাবিশিষ্ট শহরগুলিতে এই ধরনের কেন্দ্র খোলা হবে কিন্তু অর্থের উৎস নিয়ে কোনও বিস্তারিত ব্যাখ্যা নেই বাজেটে। সবচেয়ে বড় কথা, এই ধরনের কেন্দ্রগুলি একটা আপৎকালীন বিপদ মোকাবিলা ব্যবস্থার অঙ্গ হবে যাতে কোনও হিংসামূলক ঘটনার পর এই কেন্দ্রগুলির সাহায্য নেওয়া যায়। আশ্রয়কেন্দ্র নির্মাণের মতো যে সমস্ত প্রকল্প একধরনের প্রাতিষ্ঠানিক সহায়তা প্রদান করবে সেগুলির ওপর আরও বেশি গুরুত্ব দেওয়া উচিত ছিল। কিন্তু বাজেটে এগুলির কোনও কথা উল্লেখই করা হয়নি।

উপরোক্ত প্রকল্প/কর্মসূচিগুলি ছাড়া কেন্দ্রীয় নারী ও শিশুবিকাশ মন্ত্রকের অধীনে আরও দুটি প্রকল্প রয়েছে সেগুলি নারীর সাম্য ও সমানাধিকার প্রতিষ্ঠার পথে খুবই গুরুত্বপূর্ণ। এগুলি হল—‘রাজীব গান্ধী জাতীয় ক্রেশ প্রকল্প’ এবং ‘কন্যাসন্তানকে বাঁচাও কন্যাসন্তানকে পড়াও অভিযান’। অর্থনৈতিকভাবে দুর্বলতর শ্রেণিকে ক্রেশের সুযোগ সুবিধা দেওয়ার জন্যই ‘রাজীব গান্ধী জাতীয় ক্রেশ প্রকল্প’। এই খাতে ২০১৪-১৫ আর্থিক বছরে যেখানে বরাদ্দ ছিল ৬২.৫০ কোটি টাকা সেখানে চলতি বাজেটে (২০১৫-১৬ আর্থিক বছর) এই বরাদ্দ বাড়িয়ে করা হয়েছে ১০২.৯৭ কোটি টাকা। এই পদক্ষেপ অত্যন্ত প্রশংসনীয়। কারণ পরিচর্যামূলক অন্যান্য কাজের মতো শিশুর পরিচর্যার দায়িত্বও মূলত মহিলাদেরই নিতে হয়। আর কর্মক্ষেত্রে মহিলাদের কম অংশগ্রহণের এটা একটা বড় কারণ বলে অনেকেই মনে করেন। এছাড়াও যে সমস্ত

**সারণি-১**
**কেন্দ্রীয় নারী ও শিশুবিকাশ মন্ত্রকের অধীন মহিলাদের জন্য নির্দিষ্ট প্রকল্প/কর্মসূচিতে বরাদ্দ**

(কোটি টাকায়)

| প্রকল্প/কর্মসূচি | ২০১৪-১৫ (বাজেট হিসাব) | ২০১৫-১৬ (বাজেট হিসাব) | বরাদ্দের পার্থক্য |
|---|---|---|---|
| কর্মরত মহিলাদের জন্য হস্টেল | ২৫ | ৩০ | ৫ |
| এসটিইপি | ২০ | ৩০ | ১০ |
| সিএসডব্লিউবি | ৮০.৯১ | ৭৩.৫৭ | –৭.৩৪ |
| রাষ্ট্রীয় মহিলা কোষ | ২০ | ০ | –২০ |
| বিপদ মোকাবিলার নির্দিষ্ট কেন্দ্র (ওয়াশ স্টপ ক্রাইসিস সেন্টার) | ২০ | ২ | –১৮ |
| স্বদার | ১১৫ | ৫০ | –৬৫ |
| ধর্ষিতাদের জন্য পুনর্বাসনমূলক ন্যায়বিচার | ৩০.০০ | ০ | –৩০ |
| জাতীয় মহিলা কমিশন | ১৯.৫ | ২৫.১৫ | ৫.৬৫ |
| জেন্ডার বাজেট | ১.০০ | ২.০০ | ১ |
| শিশুকন্যাদের জন্য বিমার সুরক্ষা-সহ শর্তসাপেক্ষে নগদ হস্তান্তর (ধনলক্ষ্মী) | ৫.০০ | ০ | –৫ |
| নারী পাচাররোধে সর্বাত্মক প্রকল্প (উজ্জ্বলা) | ১৬.০০ | ২০.০০ | ৪ |
| প্রিয়দর্শিনী প্রকল্প | ১৫.০০ | ৫ | –১০ |
| বয়ঃসন্ধির মেয়েদের ক্ষমতায়নে রাজীব গান্ধী প্রকল্প (সবলা) | ৭০০ | ১০ | –৬৯০ |
| একা মহিলা/দুঃস্থ ও বিধবাদের জন্য আশ্রয়কেন্দ্র নির্মাণে সহায়তা প্রদান কর্মসূচি | ২০.০০ | ০ | –২০ |
| গার্হস্থ্য হিংসা থেকে মহিলাদের সুরক্ষাপ্রদান আইন রূপায়ণে রাজ্যগুলিকে সহায়তা প্রদান | ৫০.০০ | ০ | –৫০ |
| মহিলাদের হেল্পলাইন | ১০.০০ | ১.০০ | –৯ |
| ইন্দিরা গান্ধী মাতৃত্বসহযোগ যোজনা (আইজিএমএসওয়াই) | ৪০০.০০ | ৪৩৮.০০ | ৩৮ |
| এনএমইডব্লিউ | ৯০ | ২৫ | –৬৫ |

**সূত্র :** কেন্দ্রীয় বাজেট ২০১৫-১৬, ব্যয় বাজেট, খণ্ড-১, অংশ-খ, জেন্ডার বাজেট বিবৃতি।

দরিদ্র মহিলার কাছে সচেতন কর্মসংস্থানের কোনও সুযোগ নেই, স্বপ্ন হলেও এই বর্ধিত বরাদ্দে তাঁরা খানিকটা হলেও উপকৃত হবেন। তাঁরা বিকল্প কোনও কাজের কথা জানতে পারবেন। এছাড়াও এই ধরনের প্রকল্পে বরাদ্দ বৃদ্ধি ঘটলে বিনাপারিশ্রমিকের পরিচর্যামূলক কাজের গুরুত্ব নিয়ে সর্বস্তরে আলাপ আলোচনা হবে এবং এই ধরনের খাতে রাজ্যের তরফে বরাদ্দের বিষয়টিও আলোচনায় উঠে আসবে। নারীকেন্দ্রিক প্রকল্পগুলিতে বরাদ্দ কাটছাঁটের পরিপ্রেক্ষিতে গত বছর শুরু হওয়া 'কন্যাসন্তানকে বাঁচাও কন্যাসন্তানকে পড়াও অভিযান' (বেটি বাঁচাও বেটি পড়াও)-এর কথা উল্লেখ করা যেতে পারে। দেশে পুরুষের অনুপাতে নারীর সংখ্যা হ্রাসের মতো গুরুতর সমস্যার মোকাবিলাই এর লক্ষ্য। এই কর্মসূচি কিন্তু নারী ও শিশুবিকাশ মন্ত্রকের আওতাধীন নয়। কেন্দ্রীয় শিক্ষামন্ত্রক এই কর্মসূচিটি পরিচালনা করছে এবং গত বছর এই কর্মসূচিতে বরাদ্দ ছিল ১০০ কোটি টাকা।

নারী ও শিশুবিকাশ মন্ত্রকের কর্মসূচিগুলিতেই শুধু নয় গ্রামোন্নয়ন মন্ত্রকের আওতাধীন মহিলাদের জন্য নির্দিষ্ট কর্মসূচিগুলিতেও বরাদ্দ কমানো হয়েছে। গ্রামীণ আবাসন খাতে বরাদ্দ কমেছে। সম্পত্তির স্বত্ব বণ্টনের ক্ষেত্রে যে দেশে নারী-পুরুষের মধ্যে এত বৈষম্য সেখানে এই গুরুত্বপূর্ণ খাতে বরাদ্দ হ্রাসের সিদ্ধান্ত যুক্তিযুক্ত কি না তা নিয়ে প্রশ্ন জাগে। মহিলাদের নিরাপত্তার জন্য ২০১৩-১৪ সালে ১০০০ কোটি টাকা নিয়ে যে 'নির্ভয়া তহবিল' গড়া হয়েছিল, পরবর্তী বাজেটগুলিতেও এই তহবিলে বরাদ্দের অঙ্ক অপরিবর্তিত রাখা হয়েছে। বর্তমান বরাদ্দকে ধরে এই তহবিল মোট ৩,০০০ কোটি টাকা কমেছে। কিন্তু কিছু আবছা ধারণা ছাড়া কীভাবে এই তহবিলের অর্থের সদ্ব্যবহার হবে তার কোনও সঠিক পরিকল্পনা বা রূপরেখা নেই। মাত্র দুটি কর্মসূচি ছাড়া আর অন্য কোনও কোনও ক্ষেত্রে এই তহবিলের অর্থ কাজে লাগানো হবে তা এখনও স্পষ্ট নয়। প্রকল্প কর্মসূচিটি এই রেল বাজেটে ঘোষণা করা হয়েছে। এই কর্মসূচির আওতায় পরীক্ষামূলকভাবে রেলের বাছাই করা মহিলা কোচ ও কম্পার্টমেন্টে নজরদারি ক্যামেরা বসানো হবে। আর, গণ সড়ক পরিবহণ ব্যবস্থায় মহিলাদের নিরাপত্তা নিশ্চিত করাই দ্বিতীয় কর্মসূচিটির লক্ষ্য, যার জন্য বাজেটে ব্যয় ধার্য করা হয়েছে ৬৫৩ কোটি টাকা।

দেখা যাচ্ছে যে মহিলাদের ওপর হিংসার ঘটনা প্রতিরোধে মূলত তথ্য প্রযুক্তিনির্ভর নজরদারি ব্যবস্থার ওপরই জোর দেওয়া হচ্ছে এবং সেই খাতেই থাকছে বরাদ্দ। কিন্তু আন্তর্জাতিক স্তরে যত সমীক্ষা হয়েছে তাতে এমন কোনও প্রমাণ পাওয়া যায়নি যে সিসিটিভি-র নজরদারির ভয়ে অপরাধের ঘটনা বা অপরাধের প্রবণতা কমেছে, বরং এই ধরনের নজরদারি ব্যবস্থার ফলে মহিলাদের ব্যক্তি স্বাধীনতা খর্ব হয়েছে। যেটা প্রকৃত প্রয়োজন সেটা হল অত্যাবশ্যক পরিষেবাগুলিকে সরকারি ব্যবস্থাপনার আওতায় আনা, কারণ মহিলারা বেশিরভাগ সময়ই সরকারি ব্যবস্থাপনার ওপরই ভরসা করেন। কিন্তু বাজেটে এ বিষয়ে যথেষ্ট গুরুত্ব দেওয়া হয়নি।

## কাটছাঁট আরও অনেক ক্ষেত্রে

মহিলাদের জন্য নির্দিষ্ট প্রকল্প/ কর্মসূচিগুলি ছাড়াও জেন্ডার বাজেট বিবৃতিতে সেই সমস্ত প্রকল্পের সম্বন্ধে তথ্য থাকে যেগুলির উপকারভোগীদের ৩০ শতাংশ বা তার বেশি মহিলা। এখানেও অনেক মন্ত্রক/দপ্তরের ক্ষেত্রে বরাদ্দ কমেছে। এর মধ্যে এমন ১৩টি ক্ষেত্রে বরাদ্দ কমানো হয়েছে নারীর সমানাধিকার প্রতিষ্ঠার ক্ষেত্রে সেগুলির ভূমিকা গুরুত্বপূর্ণ। মাত্র ৫টি ক্ষেত্রে বরাদ্দ বেড়েছে। লিঙ্গভিত্তিক বরাদ্দের ক্ষেত্রে কৃষি ও সমবায় দপ্তরের ক্ষেত্রেই সবচেয়ে তাৎপর্যপূর্ণ বরাদ্দ বৃদ্ধি ঘটেছে। এই পরিবর্তনের জন্য অনেকদিন ধরেই অপেক্ষা করা হচ্ছিল। কৃষিক্ষেত্রে কৃষকমহিলাদেরও যে বাজেটে শেষ পর্যন্ত স্বীকৃতি দেওয়া হল সেটা এক গুরুত্বপূর্ণ পদক্ষেপ।

এছাড়া, অন্যান্য খাতে বরাদ্দ চিত্রটা যথেষ্ট হতাশাব্যঞ্জক। নারী ও শিশুবিকাশের জন্য বরাদ্দ কেন এত কমল তা নিয়েও ধোঁয়াশা রয়ে যায়। মূলত সুসংহত শিশুবিকাশ প্রকল্পে (আইসিডিএস) বরাদ্দে বিপুল কাটছাঁটের দরুনই সামগ্রিকভাবে নারী ও শিশুবিকাশখাতে বরাদ্দ কমেছে। সুসংহত শিশুবিকাশ প্রকল্পে বরাদ্দ ১৬,০০০ কোটি টাকা থেকে একেবারে অর্ধেক কমিয়ে ৮,০০০ কোটি টাকা করা হয়েছে। অথচ গর্ভবতী মহিলাদের স্বাস্থ্যের উন্নতি ও তাদের পুষ্টিবিধানে এই প্রকল্পটি অত্যন্ত গুরুত্বপূর্ণ। এর পাশাপাশি, এই প্রকল্পে একটি নির্দিষ্ট সাম্মানিক অর্থের বিনিময়ে যাঁরা কাজ করেন প্রকল্প খাতে বাজেট সহায়তার বরাদ্দ কমা মানে তাঁরাও বর্ধিত পারিশ্রমিক তথা উন্নততর কাজের পরিবেশ থেকে বঞ্চিত হচ্ছেন। অথচ বর্তমান সরকারের নির্বাচনী ইস্তেহারে প্রতিশ্রুতি দেওয়া হয়েছিল, যে সমস্ত অঙ্গনওয়াড়ি কর্মী ও সহযোগী কর্মীরা এই প্রকল্প রূপায়ণের মূল কাণ্ডারি তাদের অবস্থার উন্নতি ঘটানো হবে। কেন্দ্রীয় সরকার মূলত প্রকল্পের

**সারণি-২**

**বিভিন্ন মন্ত্রক পরিচালিত নারীকেন্দ্রিক কর্মসূচি খাতে বরাদ্দ**

(কোটি টাকায়)

| | ২০১৪-১৫ (বাজেট হিসাব) | ২০১৫-১৬ (বাজেট হিসাব) | বরাদ্দের পার্থক্য |
|---|---|---|---|
| কৃষি, শিক্ষা ও গবেষণা | ১৪.৯৫ | ৪৪.২৩ | ২৯.২৮ |
| অর্থমন্ত্রক-নির্ভয়া তহবিল | ১০০০ | ১০০০ | ০ |
| স্বাস্থ্য ও পরিবার কল্যাণ | ৩৭৮৮.৪৪ | ৩৮৫২.১১ | ৬৩.৬৭ |
| গ্রামোন্নয়ন—ইন্দিরা আবাস যোজনা (গ্রামীণ আবাসন) | ১৬,০০০ | ১০০২৫ | –৫৯৭৫ |
| নারী ও শিশুবিকাশ মন্ত্রক ছাড়া অন্যান্য মন্ত্রক | ৫৩৩.০৬ | ১১২৪.৬২ | ৫৯১.৫৬ |
| নারী ও শিশুবিকাশ মন্ত্রকের আওতাধীন কর্মসূচি ছাড়াও অন্যান্য মন্ত্রকের আওতাধীন মহিলাদের জন্য নির্দিষ্ট কর্মসূচিগুলিতে মোট বরাদ্দ | ২১৩২১.৫ | ১৬০০১.৭৩ | –৫৩১৯.৭৭ |

**সূত্র :** কেন্দ্রীয় বাজেট ২০১৫-১৬, ব্যয় বাজেট, প্রথম খণ্ড, অংশ-ক, জেন্ডার বাজেট বিবৃতি।

| সারণি-৩<br>বিভিন্ন মন্ত্রক ও দপ্তরের যেসমস্ত প্রকল্প/কর্মসূচির উপকারভোগীদের ৩০ শতাংশ বা তার বেশি মহিলা সেগুলিতে বরাদ্দ | | | |
|---|---|---|---|
| মন্ত্রক/দপ্তর | ২০১৪-১৫ (বাজেট হিসাব) | ২০১৫-১৬ (বাজেট হিসাব) | বরাদ্দের পার্থক্য |
| কৃষি ও সমবায় | ৭৫০ | ৩৫৩৯.০৬ | ২৭৮৯.০৬ |
| স্বাস্থ্য ও পরিবারকল্যাণ | ১১৮২৪.০১ | ৯৯৭৭.৮২ | –১৮৪৬.১৯ |
| বিদ্যালয় শিক্ষা এবং সাক্ষরতা | ১৬২০৮.১৬ | ১২৪৭২.০৭ | –৩৭৩৬.০৯ |
| উচ্চশিক্ষা | ৭৬২১.৫৭ | ৭৪৪৬.৩৪ | –১৭৫.২৩ |
| শ্রম ও কর্মসংস্থান | ১৭৫ | ২৫০ | ৭৫ |
| অতিক্ষুদ্র, ক্ষুদ্র ও মাঝারি উদ্যোগ | ৫১৫.০৯ | ৪১২.৩৭ | –১০২.৭২ |
| সংখ্যালঘুবিষয়ক | ২১৫১.৫ | ২২৬২.৬৮ | ১১১.১৮ |
| পঞ্চায়েতিরাজ | ৬৯০৬ | ০ | –৬৯০৬ |
| গ্রামোন্নয়ন | ১৩৩৩২ | ১২৮১৭.৬৮ | –৫১৪.৩২ |
| সামাজিক ন্যায় ও ক্ষমতায়ন | ১৮২১.০২ | ১৯৯৭.০৮ | ১৭৬.০৬ |
| উপজাতি বিষয়ক | ১৩৬১.৬ | ১৪৮৭.২ | ১২৫.৬ |
| নারী ও শিশুবিকাশ | ১১৩০০.৫৪ | ৮০৭২.৩৬ | –৩২২৮.১৮ |
| যুববিষয়ক ও ক্রীড়া | ৯৯.৪৯ | ৯৯.৩৭ | –০.১২ |
| অন্যান্য মন্ত্রক/দপ্তর | ১৮৪৮.৫৫ | ১৫১০.৯৪ | –৩৩৭.৬১ |
| সর্বমোট | ৭৫৯১৪.৫৩ | ৬২৩৪৪.৯৭ | –১৩৫৬৯.৬ |

**সূত্র :** কেন্দ্রীয় বাজেট ২০১৫-১৬, ব্যয় বাজেট, প্রথম খণ্ড, অংশ-খ, জেন্ডার বাজেট বিবৃতি।

মূলধনি ব্যয় বহনে দায়বদ্ধ বলে প্রকল্পখাতে বরাদ্দ এই কাটছাঁট বলে যদি ধরে নেওয়া হয় তাহলে প্রকল্পে কর্মরত কর্মীদের কাজের পরিবেশের উন্নতিসাধন বা তাদের বর্ধিত পারিশ্রমিক দেওয়ার দায়িত্ব রাজ্য সরকারগুলিকে নিতে হবে। তামিলনাড়ু ও কেরলের মতো অনেক রাজ্যই ইতিমধ্যেই নিজেদের তরফে কেন্দ্রীয় বরাদ্দের তুলনায় বেশি বরাদ্দ রেখেছে এবং আগামীদিনেও তারা এই ধারা বজায় রাখবে বলে আশা করা যায়। কিন্তু যে রাজ্যগুলি এই বিষয়টিকে কোনও রকম গুরুত্বই দিচ্ছে না সেই রাজ্যগুলির ক্ষেত্রে কী হবে তা ভেবে দেখার মতো বিষয়।

নারীকেন্দ্রিক দৃষ্টিকোণ থেকে বিচার করতে গেলে স্বাস্থ্য মন্ত্রকের বরাদ্দও যেভাবে কমানো হয়েছে তাও যথেষ্ট উদ্বেগজনক। এই মন্ত্রকের জন্য বরাদ্দ কমানো হয়েছে প্রায় ১৮৫০ কোটি টাকা। এদেশে মহিলাদের স্বাস্থ্য বিষয়ক সব কয়টি সূচকই কিন্তু উদ্বেগজনক। এই সূচক থেকে দেখা যাচ্ছে যে গ্রামাঞ্চলের ৭৫ শতাংশের বেশি মহিলা রক্তাল্পতার শিকার।

অসংগঠিত ক্ষেত্রে কর্মরত মহিলাদের যে বিপুল অংশ কাজ করেন তার পরিপ্রেক্ষিতে এই ক্ষেত্রের জন্য একটা সর্বজনীন সামাজিক সুরক্ষার ব্যবস্থা থাকা উচিত—যার মধ্যে অবদানমূলক পেনশন (কনট্রিবিউটারি পেনশন), দুর্ঘটনা ও জীবনবিমা প্রকল্প থাকবে। এই উদ্দেশ্যে বাজেট বরাদ্দ রয়েছে ১২০০ কোটি টাকা। কিন্তু এই বরাদ্দও নেহাতই অপর্যাপ্ত। এই অর্থে সংশ্লিষ্ট ক্ষেত্রে কর্মরতদের ৩ শতাংশ উপকৃত হবেন না। তাছাড়া, এই অর্থ সদ্ব্যবহারে কোনও সময়সীমাও বেঁধে দেওয়া হয়নি। কর্মীদের স্বীকৃত অংশে মহিলাদের হার এত কম যে এই প্রকল্প থেকে মুষ্টিমেয় কিছু মহিলাই সরাসরি উপকৃত হবেন। এছাড়া পেনশন প্রকল্পে নিজস্ব অবদানের যে অংশ রাখা হয়েছে তাতে বেশিরভাগ মহিলাই পিছিয়ে যাবেন। মহিলাদের ওপর বিভিন্ন স্বাস্থ্যবিমা প্রকল্প বা 'অটল পেনশন যোজনা'সহ অন্যান্য প্রকল্পের কী প্রভাব পড়বে তা এখনই বলা যাচ্ছে না। এই প্রকল্পগুলির প্রকৃত রূপায়ণের বিস্তারিত তথ্য বিশ্লেষণ না করে কোনও সিদ্ধান্তে আসা ঠিক নয়। মহিলাদের দৃষ্টিকোণ থেকে অপর একটি গুরুত্বপূর্ণ প্রকল্প হল 'মহাত্মা গান্ধী জাতীয় গ্রামীণ কর্মনিশ্চয়তা আইন' (এমএনআরইজিএ)। কারণ এই প্রকল্পের উপকারভোগীদের একটা বড় অংশই মহিলা। এই প্রকল্পে বরাদ্দ হ্রাসের একটা আশঙ্কা থাকলেও তা মোটামুটি ৩৪,০০০ কোটি টাকায় স্থিতিশীল রয়েছে। এই প্রকল্পের ধারাবাহিকতা বজায় থাকলে অনেক দরিদ্র মহিলা উপকৃত হবেন এবং সেই সঙ্গে গ্রামাঞ্চলে মহিলাদের মধ্যে কর্মক্ষেত্রে অংশগ্রহণের হারও বাড়বে। পরিকাঠামো উন্নয়নে বরাদ্দ নির্মাণশিল্পকে উৎসাহিত করে। কর্মসংস্থানের অন্যান্য ক্ষেত্রগুলির মধ্যে নির্মাণকেন্দ্র দরিদ্র মহিলাদের কাছে একটা বড় ভরসা হতে পারে। কিন্তু সংগঠিত বৃহৎ নির্মাণ শিল্পে মহিলাদের সংখ্যা এত কম যে এখানে আশা করার মতো প্রায় কিছু নেই।

## পরিশেষে

২০১৫-১৬ সালে কেন্দ্রীয় বাজেটের পুঙ্খানুপুঙ্খ বিচার করে এটাই দেখা যাচ্ছে যে মহিলাদের পক্ষে গুরুত্বপূর্ণ প্রকল্প বা কর্মসূচিগুলিতে কেন্দ্রীয় বরাদ্দ কমেছে। তাই নারীর সাম্য ও সমানাধিকার প্রতিষ্ঠায় এই ধরনের প্রকল্প/কর্মসূচি চালিয়ে নিয়ে যাওয়ার ক্ষেত্রে রাজ্য সরকারগুলির ভূমিকা এখন অনেক বড় হয়ে উঠেছে। এই পরিপ্রেক্ষিতে মহিলাদের পক্ষে প্রয়োজনীয় পরিষেবা ও ব্যবস্থাপনাগুলি বজায় রাখতে রাজ্যগুলি নিজেরা অগ্রণী হলে অর্থ সংস্থান না হলে নারী-পুরুষের সমানাধিকার প্রতিষ্ঠার স্বপ্ন অধরাই রয়ে যাবে। রাজনীতির আঙিনায় মহিলাদের উপস্থিতি এখনও তেমনভাবে চোখে পড়ে না বলেই হয়তো রাজনৈতিক কর্মসূচিতে তাদের বিষয়গুলি ততটা প্রাধান্য পায় না। তাই কোনও কোনও রাজ্য খুব ভালো কাজ করলেও সবকটি রাজ্যই যে সেই দৃষ্টান্ত অনুসরণ করে প্রগতিশীল পদক্ষেপ নেবে এমনটা আশা করা ভুল। ❑

[লেখক নয়াদিল্লির 'সেন্টার ফর উইমেনস্ ডেভেলপমেন্ট স্টাডিজ' (CWDS)-এ সিনিয়ার ফেলো।
email : neethapillai@gmail.com]

# অর্থনৈতিক সমীক্ষা ২০১৪-১৫-র সাপেক্ষে সাধারণ বাজেট ২০১৫-১৬

*ব্যাংকিং পরিষেবা, কর কাঠামো, চতুর্দশ অর্থ কমিশনের সুপারিশ-সহ বিভিন্ন দৃষ্টিকোণ থেকে অর্থনৈতিক সমীক্ষা ও সাধারণ বাজেটের তুলনামূলক বিশ্লেষণ করেছেন* **অসীমা গোয়েল** *এই নিবন্ধে। সংস্কারের আশু প্রয়োজনীয়তার কথাও স্মরণ করিয়ে দিয়েছেন লেখক।*

অর্থনৈতিক সমীক্ষায় বলা হয়েছে, ছোট ছোট বেশ কিছু পদক্ষেপ, সংস্কারের পথে একটা বড় লাফ হয়ে দাঁড়াবে। উৎপাদনশীলতা ও কর্মসংস্থান বৃদ্ধির নিরিখে পরিকাঠামো, বিশেষত নির্মাণ শিল্পের সম্ভাবনা সবথেকে বেশি বলে সমীক্ষায় উল্লেখ করা হয়েছে। সেজন্য রাজকোষ ঘাটতি কমিয়ে আনার লক্ষ্যে বিনিয়োগকে উৎসাহ দিতে বেসরকারি সংস্থাগুলির পাশে দাঁড়ানো দরকার। অনগ্রসর মানুষজনের চোখের জল মোছানোর যে রাজনৈতিক দর্শন বর্তমান সরকার গ্রহণ করেছে, তার প্রয়োগ বাজেটে প্রতিফলিত।


৮ শতাংশ বিকাশের লক্ষ্যমাত্রা বেশ সন্তোষজনক। কেন্দ্রীয় পরিসংখ্যান দপ্তর সংশোধিত এই হিসাব তৈরি করায় তা অধিকতর নির্ভরযোগ্য। তবে ঋণ, শিল্পোৎপাদনের হারের মতো কয়েকটি তথ্য এখনও অর্থনীতির শ্লথ গতির ইঙ্গিত দিচ্ছে।

আসলে কিন্তু অর্থনৈতিক সমীক্ষার পূর্বাভাসের থেকেও বিকাশহার আরও বাড়ার সম্ভাবনা উজ্জ্বল। সমীক্ষায় যা বলা হয়েছে, সংস্থা ও ব্যাংকগুলির আর্থিক অবস্থা ততটা খারাপ নয়। তবে কিছু ক্ষেত্রে বিকাশের পরিবেশ সত্যিই ততটা আশাব্যঞ্জক নয়, কারণ সমীক্ষা বা বাজেট—কোনওটিতেই রূপায়ণগত পর্যায়ের ওপর যথেষ্ট জোর দেওয়া হয়নি।


বেসরকারি লগ্নিকে উৎসাহিত করতে সমীক্ষায় আরও বেশি সরকারি বিনিয়োগের কথা বলা হলেও বাজেটে মূলধনি ব্যয় জিডিপি-র মাত্র ০.৩ শতাংশ বাড়ানো হয়েছে। রাজকোষ ঘাটতি ৪.১ শতাংশে বেঁধে রাখার লক্ষ্যমাত্রা অর্জন করা সম্ভব হলেও মূলধনি ক্ষেত্রে বিকাশহার মাত্র ২.৫ শতাংশ। আগে বরাবরই ঘাটতি কমানোর জন্য উৎপাদনশীল খরচের ওপর কোপ পড়েছে। সরকারের বিনিয়োগ ক্ষমতার সদ্ব্যবহারে যথেষ্ট গলদ রয়েছে—সেজন্যই গত কয়েক বছর ধরে সরকারি বিনিয়োগ, জিডিপি-র ১ শতাংশের আশপাশে থমকে আছে।

আবার সরকারি ভোগব্যয় মাত্রাছাড়া হলে তারও নানা ক্ষতিকর প্রভাব অর্থনীতির ওপর পড়তে পারে। তাই সরকারি ব্যয়ের কাঠামোর বদল ঘটানো একান্ত আবশ্যক। সরকার যদি ব্যবসা-সহায়ক পরিবেশ গড়ে তুলতে পারে তাহলে সেটাই হবে বিনিয়োগ ক্ষেত্রে সরকারের শ্রেষ্ঠ অবদান।

বেসরকারি বিনিয়োগেরও কি সীমাবদ্ধতা আছে? সমীক্ষায় বলা হয়েছে, সংস্থাগুলির চাপ অত্যন্ত বেশি হওয়ায় আর বিনিয়োগ করা তাদের পক্ষে সম্ভব নয়। কিন্তু এই পর্যবেক্ষণ সম্পূর্ণ সঠিক নাও হতে পারে। পরের দুটি রেখাচিত্রে দেখা যাচ্ছে, ২০০০




*রেখাচিত্র ১ : উৎপাদন ও পরিকাঠামো সংস্থাগুলিতে (সংশ্লিষ্ট ক্ষেত্রের প্রথম ৫০টি সংস্থা) ঋণ ও মালিকানার অনুপাত।*




*রেখাচিত্র ২ : উৎপাদন ও পরিকাঠামো সংস্থাগুলিতে (সংশ্লিষ্ট ক্ষেত্রের প্রথম ৫০টি সংস্থা) ঋণ ও সম্পত্তির অনুপাত।*

সালের মাঝামাঝি থেকে বিক্রির দিক থেকে প্রথম ৫০টি উৎপাদন সংস্থার ঋণের অনুপাত (ডেট্ রেশিও) আদৌ বাড়েনি। একইভাবে ২০১৩ সাল ছাড়া দেশের প্রথম ৫০টি পরিকাঠামো সংস্থার এ সংক্রান্ত অনুপাতেও বৃদ্ধি নেই। এমনকী ঋণ ও সম্পত্তির অনুপাতও (চিত্র-২) বাড়েনি। এছাড়া দ্বিতীয় সহস্রাব্দের প্রথম দশকে বহু সংস্থার নগদ তহবিলই ফুলে-ফেঁপে উঠেছে।

সমীক্ষায় অবশ্য ৫০০টি বৃহৎ সংস্থার আরও সম্প্রসারিত ডেটাবেস ব্যবহার করে দেখানো হয়েছে, ঋণ মালিকানার অনুপাত আন্তর্জাতিক বিধিনিয়মের থেকে ওপরেই রয়েছে। কিন্তু যে দেশে ব্যাংকগুলিই বিনিয়োগের মূল উৎস হিসাবে কাজ করে, সেখানে এমন তুলনা করা সমীচীন নয়। অনেক সংস্থায় ২০১৪ সালে শেয়ার বাজারের উত্থানকে ব্যবহার করে ঋণ অনুপাতগুলি কমিয়ে এনেছে। সংস্থাগুলি ঋণের বুদ্বুদের মধ্যে রয়েছে বলে সমীক্ষায় যে মন্তব্য করা হয়েছে, পরিসংখ্যান কিন্তু তার সাক্ষ্য দিচ্ছে না। ২০০০ সালে ঋণ-জিডিপি অনুপাত ছিল ৩৫.৫ শতাংশ। ২০১৩ সালে তা বেড়ে হয়েছে ৫১ শতাংশ। এক্ষেত্রে চীনের অনুপাত হল ১৫০, মার্কিন যুক্তরাষ্ট্রের ১৯০। ভারতের ঋণের বিকাশহার, নিম্ন মধ্য আয়ের দেশগুলির গড়ের থেকেও নীচে। আয়ের নিরিখে ভারত অত্যধিক চাপে নেই, এর বাজারের আয়তনও খুব ছোট নয় বলে সমীক্ষায় আশ্বাস দেওয়া হয়েছে।

রিজার্ভ ব্যাংকের নমুনায় যেখানে মাত্র কয়েক হাজার সংস্থার শেয়ার মূলধন প্রভৃতির হিসাব নেওয়া হত, যেখানে 'এমসিএ-২১' ডেটাবেস ৫ লক্ষ সংস্থার হিসাবকে অন্তর্ভুক্ত করা হয়েছে। ২০০৪-০৫ ভিত্তিবর্ষের তুলনায় ২০১১-১২ ভিত্তিবর্ষের সংশোধিত জাতীয় হিসাবে সংস্থাগুলির সঞ্চয় ও বিনিয়োগের পরিমাণ অনেকটা বেড়েছে। উদাহরণ হিসাবে বলা যায়, ২০১২-১৩ সালে বেসরকারি কর্পোরেট সঞ্চয় ও মোট জাতীয় আয়ের আনুমানিক অনুপাত ৬.১ থেকে বেড়ে ৯.৭ হয়েছে। মোট কর্পোরেট মূলধন গঠনের অনুপাত ৯.২ থেকে বেড়ে হয়েছে ১৩.৫। ফলে কর্পোরেট ক্ষেত্রের বিনিয়োগের ক্ষমতা নেই, এমনটা মনে হয় না।

বন্ধ হয়ে যাওয়া প্রকল্পগুলি প্রকৃত সমস্যার সৃষ্টি করেছে। তবে সমীক্ষা বলছে, এক্ষেত্রে ঘুরে দাঁড়াবার লক্ষণ দেখা যাচ্ছে। আর একটি কৌতূহলোদ্দীপক তথ্য হল, বেসরকারি ক্ষেত্রে প্রকল্প বন্ধ হয়ে যাবার জন্য নিয়ন্ত্রণমূলক বিধিনিষেধের থেকেও বেশি দায়ী ব্যবসায়িক চাহিদার অভাব। ২০১১ সালে পরিষেবা ক্ষেত্র এই মন্দার সম্মুখীন হয়, ২০১২ সালের চতুর্থ ত্রৈমাসিক থেকে ২০১৪ সালের প্রথম ত্রৈমাসিক পর্যন্ত এর স্বাদ পায় উৎপাদন ক্ষেত্র। ২০১১ সালের মন্দার নেপথ্যে ছিল আর্থিক ব্যয়সংকোচ, ২০১৪ সালে বিশ্বজনীন আর্থিক সংকট।

সমীক্ষায় উঠে আসা আরেকটি উল্লেখযোগ্য বিষয় হল, ব্যাংকগুলির ওপর দ্বৈত আর্থিক দমন নীতি। ভারতের আর্থিক বিকাশের সঙ্গে এই নীতি কি সামঞ্জস্যপূর্ণ? সমীক্ষায় প্রকাশ, সম্পত্তির ওপর উচ্চহারে আয় সত্ত্বেও বেসরকারি ব্যাংকগুলির মোট ঋণদান ও আমানত ২০০৭ সাল থেকে ২০ শতাংশের আশপাশে থমকে আছে। সরকারি ব্যাংকগুলিই পরিকাঠামো ক্ষেত্রে বিনিয়োগ করে চলেছে। ব্যাংকগুলির অনুৎপাদক সম্পদ বা NPA-র ৭০ শতাংশই জমি অধিগ্রহণ সংক্রান্ত সমস্যায় জড়িত। তাই এই বিষয়ে কোনও অগ্রগতি হলে থমকে যাওয়া প্রকল্পের সংখ্যাও কমবে। সরকারের এদিকে মনোযোগ দেওয়া উচিত। কয়লাব্লক নতুন করে বণ্টনের যে প্রক্রিয়া শুরু হয়েছে, তাতে আটকে থাকা বিদ্যুৎ প্রকল্পগুলির কাজ শুরু করতে সুবিধা হবে।

ভারতে সরকারি, বেসরকারি ও বিদেশি মালিকানার ব্যাংক দেখতে পাওয়া যায়। এই বৈচিত্র ব্যাংকিং ক্ষেত্রের শক্তি। আবার এই বৈচিত্রের জন্যই সব ব্যাংকের পরিচালন কৌশল এক হতে পারে না। আজ যদি মনে হয় বেসরকারি ব্যাংকগুলি, রাষ্ট্রায়ত্ত ব্যাংকের থেকে ভালো অবস্থায় আছে, তাহলে একথাও মনে রাখতে হবে যে, বিশ্বজনীন আর্থিক সংকটের ঠিক পর ছবিটা একদম উলটো ছিল। আমানতকারীরা আশঙ্কায় বেসরকারি ব্যাংক থেকে তাঁদের অর্থ তুলে নিতেন। সময়ের সঙ্গে সঙ্গে আপেক্ষিক প্রতিযোগিতার ধরন বদলেছে, ব্যাংকিং ক্ষেত্র সার্বিকভাবে আরও স্থিতিশীল হয়েছে।

তবে বিদেশের তুলনায় ভারতে সব ধরনের ব্যাংকের অর্থনৈতিক স্বাস্থ্যই ভালো। সম্পত্তি ও মূলধনের অনুপাত বিচার করলেই তা বোঝা যায়। ধস নামার আগে লেহম্যান ব্রাদার্সের লিভারেজ ছিল ৩০, বিয়ারের ৩৩। রিজার্ভ ব্যাংক লিভারেজ অনুপাত ৪.৫ শতাংশে বেঁধে দেয়, অর্থাৎ ২২:১। কিন্তু ভারতীয় ব্যাংকগুলিতে এই অনুপাত ১০:১-এর বেশি হয়নি। উন্নত দেশগুলিতে এখনও লিভারেজের অনুপাত ২৫:১। সুতরাং ভারতীয় ব্যাংকগুলি যে অপেক্ষাকৃত ভালো অবস্থায় রয়েছে, তা স্পষ্ট।

কয়েকটি রাষ্ট্রায়ত্ত ব্যাংক মাঝে মাঝে অবাণিজ্যিক কিছু সিদ্ধান্ত নিলেও, খারাপ ফলের জন্য বাইরের সংকটের প্রভাবও দায়ী। ভুলভ্রান্তি যে হয় না তা নয়, কিন্তু মজবুত পরিচালন ব্যবস্থা মোটের ওপর তা শুধরে নেয়। ফাটকা খেলা এবং দেউলিয়া হবার দায় করদাতাদের ওপর চাপানোর প্রবণতা থেকে বেসরকারি ব্যাংকগুলিকে অবশ্যই আটকানো দরকার। ঋণ আদায় ট্রাইব্যুনালগুলির কাজে গতি আনা প্রয়োজন।

বাজেটে রাষ্ট্রায়ত্ত ব্যাংকগুলিতে মূলধন বিনিয়োগের জন্য বিশাল কোনও অর্থের সংস্থান রাখা হয়নি। অন্যান্য বিধিনিয়মের জেরে লিভারেজ কমার ফলে ব্যাংকগুলির হাতে বিপুল মূলধন থাকবে কি না তা নিয়ে বিতর্ক আছে। এ নিয়ে আন্তর্জাতিক মঞ্চেও আলোচনা ও তর্ক হতে পারে।

দ্বৈত অর্থনৈতিক দমনের তত্ত্বটিও বিভ্রান্তিকর। কুড়ি বছর ধরে সংস্কারের পরে ভারতে 'স্ট্যাটুটরি লিক্যুইডিটি রেশিও' কমে হয়েছে ২১.৫ শতাংশ। কিন্তু ব্যাংকগুলি স্বেচ্ছায় ২৫ শতাংশেরও বেশি অর্থ নিজেদের হাতে রাখে। স্বেচ্ছায় কোনও কাজ করা হলে, দমনের অভিযোগ খাটে না। সুদের হারও বর্তমানে চড়া। এই হার কমলে ভবিষ্যতে মূলধনি লাভের আশা রয়েছে।

সমীক্ষায় বিকাশ সম্ভাবনাকে খাটো করে দেখা হয়েছে। শুধু ঋণদানই নয়, অর্থনৈতিক পরিষেবা সার্বিকভাবে দরিদ্র মানুষের কাছে পৌঁছে দিতে পারলে তাদের উৎপাদনশীলতা বাড়বে। প্রসারিত হবে ব্যাংকিং পরিষেবার বাজারের ক্ষেত্র।

জনধন যোজনায় শর্তসাপেক্ষে জমাতিরিক্ত অর্থ তোলা, বিমা, সরাসরি সুবিধা হস্তান্তর এবং RuPay ক্রেডিট কার্ডের সুবিধা রয়েছে। কম লেনদেন খরচে, প্রযুক্তিগত সহায়তায় এই অ্যাকাউন্টগুলি আয় সৃষ্টিতে কাজে লাগানো যেতে পারে। ব্যাংকিং ক্ষেত্রকে আরও উন্মুক্ত করা হলে প্রতিযোগিতার নতুন পর্বের সূচনা হবে। যার সুবিধা পাবেন গ্রাহকরা। মোবাইল ব্যাংকিং-এর বিপুল সম্ভাবনা রয়েছে। বেশ কিছু উন্নয়নশীল দেশে এর প্রভূত প্রসার ঘটলেও ভারত এক্ষেত্রে এখনও পিছিয়ে।

ভারত ও পাকিস্তানে একই সঙ্গে ২০০৮ সালে মোবাইল ব্যাংকিং পরিষেবা চালু হয়েছিল। আফ্রিকার মডেলে মোবাইল ব্যাংকিং-এর সাফল্য কিছু অংশে মোবাইল পরিষেবাদানকারীর ওপর নির্ভর করে। এই মডেল গ্রহণ না করে দক্ষিণ এশিয়ায় অন্য মডেল নেওয়া হয়। এতে মোবাইলে অর্থ জমিয়ে রাখা যায় না। ব্যাংকগুলি তথ্যের সুরক্ষার জন্য দায়ী থাকে। প্রতিটি লেনদেনই গ্রাহক অ্যাকাউন্টের মাধ্যমে হয়।

পাকিস্তানে কিন্তু মোবাইল ব্যাংকিং পরিষেবার বিস্তার ভারতের তুলনায় অনেক দ্রুতগতিতে হয়েছে। এর পিছনে রয়েছে নমনীয়তা, উচ্চতর ঊর্ধ্বসীমা, আয়ের আরও বেশি স্তর বিভাজন, কম লেনদেন খরচ, গ্রাহকদের বাধ্যতামূলক নথিভুক্তির জন্য সশরীরে না আসা প্রভৃতি সংস্থান। এগুলির ফলে সুস্থিতি ও সুরক্ষার সঙ্গে আপস না করেও গ্রাহকভিত্তি ও বাজারের বিস্তার বাড়ানো সম্ভব হয়েছে।

মোবাইল পরিষেবাদানকারী ও ব্যাংকের মধ্যে সহযোগিতা খুচরো ক্ষেত্রে ডিজিটাল অর্থের ব্যবহার, ই-কমার্স, প্রযুক্তিগত পরিবর্তন প্রভৃতির দরজা খুলে দিয়েছে। অর্থপ্রদানের ক্ষেত্রে গুগল বা অ্যাপল-এর মতো বৃহৎ সংস্থার প্রবেশ, প্রতিযোগিতা ও উদ্ভাবনের ক্ষেত্রকে আরও বাড়িয়ে তুলেছে।

চতুর্দশ অর্থ কমিশনের বিভিন্ন সুপারিশও বিকাশের ক্ষেত্রে ইতিবাচক ভূমিকা নিয়েছে। সমীক্ষায় কেন্দ্রের হাতে অর্থ কমে যাওয়ার দিক থেকে বিষয়টি বিশ্লেষণ করা হলেও এর প্রভাব সুদূরপ্রসারী। রাজ্যের হাতে অধিক ক্ষমতা দিয়ে দেশ জুড়ে সাম্যের ভিত্তিতে জন পরিষেবা সুনিশ্চিত করার লক্ষ্যে এই সুপারিশগুলি বিশেষ ভূমিকা পালন করবে। সরকার ইতিমধ্যেই এগুলি গ্রহণ করেছে।

ঘাটতি কমিয়ে আনতে যখন তখন বিভিন্ন ক্ষেত্রে শর্ত আরোপ থেকে সরে এসে এই সুপারিশগুলি স্থানীয় স্তরে দক্ষতা উন্নয়ন ও স্থানীয় আয় সৃষ্টির ওপর গুরুত্ব দিয়েছে। এর ফলে পরিষেবা আরও উন্নত ও দায়বদ্ধ হবে। রাজ্যগুলির নির্বাচনের ফল থেকেও দেখা যাচ্ছে, সাধারণ মানুষ সুশাসন ও উন্নত পরিষেবাকে সমর্থন জানাচ্ছেন। সাম্প্রতিককালে আর্থিক শৃঙ্খলা সাধনের ক্ষেত্রে কেন্দ্রের থেকে রাজ্যগুলির ফলাফল ভালো। এর জেরে সার্বিকভাবে আর্থিক শৃঙ্খলা ও ব্যয়সংকোচের ঈপ্সিত লক্ষ্যে পৌঁছনো সম্ভব হবে।

কেন্দ্র, রাজ্য ও স্থানীয় স্তরে সমন্বয়ের অভাবে বহু ক্ষেত্রেই পরিষেবায় ঘাটতি দেখা দেয়। চতুর্দশ অর্থ কমিশনে এক্ষেত্রে রাজ্যগুলিকে আরও বেশি স্বাধীনতা দেওয়া হয়েছে। একই সঙ্গে বাড়ানো হয়েছে দায়িত্ব। সংবিধান অনুযায়ী, জনস্বাস্থ্য, নিকাশী ব্যবস্থা ও জলের ক্ষেত্রে সম্পূর্ণ এক্তিয়ার রাজ্যের। এই পরিষেবাগুলিতে ত্রুটি থাকলে তার প্রভাব পড়ে শিশুসহ সকলের ওপর। কম ওজনের শিশু, অপুষ্টিতে ভোগা শিশু, রাষ্ট্রের মানবিক খরচ বাড়িয়ে তোলে। রাজ্যগুলিকে এখন এর মোকাবিলায় বিশেষ নজর দিতে হবে।

বাজেটে কয়েকটি প্রধান কেন্দ্রীয় প্রকল্প ছাড়া অন্যগুলির ওপর কেন্দ্রীয় সহায়তা বন্ধ করে দেওয়ার প্রস্তাব রাখা হয়েছে। করের ক্ষেত্রে রাজ্যগুলিকে অধিকতর অংশ দেওয়ার বিনিময়ে রাজ্যগুলির কেন্দ্রীয় সহায়তায় পরিমাণ কমানো হয়েছে ২০ থেকে ৪০ শতাংশ হারে। স্বাস্থ্য ও শিক্ষা ব্যয়ের আরও বেশি দায়ভার রাজ্যগুলির ওপর চাপানো হয়েছে। কিন্তু মনে রাখতে হবে, 'মেক ইন ইন্ডিয়া' স্লোগান সার্থক করে তুলতে হলে এই দুটি ক্ষেত্রের গুরুত্ব অপরিসীম। পুনর্গঠিত আন্তঃরাজ্য পরিষদে এই সব বিষয়ে আলোচনা ও সহযোগিতার প্রয়োজন। শিক্ষা, স্বাস্থ্য, জল, পরিবেশ ও নিকাশী ব্যবস্থার উন্নয়নে চাপ সৃষ্টি করতে হবে।

কর্মসূচির কার্যকর রূপায়ণের জন্য শাসন সংক্রান্ত বেশ কিছু প্রতিষ্ঠানের পুনর্গঠন প্রয়োজন। নতুন সরকারের প্রথম বছরে এই বিষয়টি উপেক্ষিতই থেকে গেছে। অর্থনৈতিক সমীক্ষা ও বাজেটেও এই নিয়ে বিশেষ কিছু বলা হয়নি। কৃষিপণ্য বাজার কমিটির বিভিন্ন ত্রুটি নিয়ে সমীক্ষায় আলোচনা করা হলেও বাজেটে এটির উল্লেখ তো নেই-ই, বরং গ্রামীণ প্রকৃত মজুরি কমে যাওয়ায় গ্রামীণ এলাকায় আরও বেশি করে ব্যয়ের কথা বলা হয়েছে। এটি অত্যন্ত বিপজ্জনক প্রস্তাব, কারণ অতীতে মুদ্রাস্ফীতির হার বেড়ে চলার নেপথ্যে ছিল এই ব্যয়বৃদ্ধি। গ্রামীণ প্রকৃত মজুরি বাড়াতে হলে উৎপাদনশীলতা বাড়াতে হবে, সেজন্য ব্যয় না বাড়িয়ে ব্যয়ের প্রকৃতি পরিবর্তন করা দরকার। রেল পরিষেবার মান ও সুরক্ষা বাড়লে, অর্থের জোগানের উদ্ভাবনী পন্থা আবিষ্কৃত হলে ভারতের গ্রামীণ ও সাধারণ মানুষ উপকৃত হবেন।

নির্মাণ সংক্রান্ত সরকারি ব্যয় অতীতে গ্রামীণ মজুরির পরিমাণ বাড়িয়েছে। সমীক্ষায় এই বিষয়টি নিয়ে সরকারকে ফের ভাবনাচিন্তা করতে বলা হয়েছে। আবাসনের ওপর জোর দেওয়া হতেই পারে। কিন্তু স্মার্ট সিটি মানে ফাঁকা ফ্ল্যাট নয়। পুরনো শহরগুলিকে বদলানো কঠিন, একইরকম কঠিন নতুন শহরে বসতি স্থাপন করা।

অস্বচ্ছ ও প্রতিকূল কর-পরিবেশের পরিবর্তন অবশ্যই কাঙ্ক্ষিত, কিন্তু এর সুযোগ নিয়ে কর্পোরেট ক্ষেত্র ও বিদেশি প্রাতিষ্ঠানিক বিনিয়োগকারীরা যাতে কর ফাঁকি না দেয়, তাও সুনিশ্চিত করা দরকার। জি-২০ দেশগোষ্ঠী এবং OECD ভিত্তিক্ষয় ও মুনাফা সরিয়ে নেওয়ার মোকাবিলায় যেসব ব্যবস্থা নিচ্ছে, ভারতেরও তাতে যোগ দেওয়া উচিত। দ্বৈত কর এড়ানোর চুক্তি যাতে কর ফাঁকিতে পর্যবসিত না হয়, সরকারকে সেদিকে লক্ষ রাখতে হবে।

অর্থনৈতিক সহযোগিতা ও উন্নয়ন সংস্থা (OECD)-র সাম্প্রতিক সমীক্ষায় প্রকাশ, ভারতে ভোগব্যয়ের ওপর করের হার সবথেকে বেশি। বাজেটে তা আরও বাড়ানো হয়েছে। এই হার নামিয়ে আনতে হলে পণ্য ও পরিষেবা কর GST চালু হওয়া একান্ত আবশ্যক। কিন্তু তা এখনও প্রতিশ্রুতির পর্যায়তেই থেকে গেছে। বিদেশি লগ্নির ওপর অত্যধিক নির্ভরতা, সাম্যের আদর্শে গ্রামীণ ক্ষেত্রে খরচ ক্রমশ বাড়ানো এবং দেশীয় ক্ষেত্রে সংস্কারের প্রয়োজনীয়তা উপেক্ষা করা পূর্বতন সরকারের দুর্বলতা ছিল। নতুন সরকারও একই ফাঁদে পড়তে পারে—এমন একটা আশঙ্কা মাঝে মাঝে হয়।

অর্থনৈতিক সমীক্ষা ও বাজেটে বহু চমৎকার সংস্কারের ধারণা রয়েছে। এগুলির যথাযথ রূপায়ণ হলে দেশের অর্থনীতির চেহারা বদলে যাবে। ❑

[লেখক মুম্বইয়ের 'ইন্দিরা গান্ধী ইনস্টিটিউট অব ডেভেলপমেন্ট রিসার্চ'-এর অধ্যাপক।
email : ashima@igidr.ac.in]



# প্রগতির নতুন দিশা দেখাল রেল বাজেট

*কোনও নতুন ট্রেনের ঘোষণা নেই। যাত্রীভাড়াও অপরিবর্তিত। পণ্য মাশুল ১০ শতাংশ বাড়িয়ে, রেল পরিবহণ ব্যবস্থা পরিচালনায় কর্পোরেট মুনশিয়ানা এনে, বেসরকারি পুঁজি ও বাজার থেকে ঋণ সংগ্রহের পথ খুলে এক ব্যতিক্রমী রেল বাজেট পেশ করলেন রেলমন্ত্রী। পুরোনো প্রকল্পের কাজ শেষ করা, যাত্রী স্বাচ্ছন্দ্য, নিরাপত্তা বিধান, ব্যস্ত সেকশনের ওপর চাপ কমানো, বৈদ্যুতিকীকরণের মতো এতদিনের অবহেলিত বিষয়গুলি এই বাজেটে পেয়েছে সবচেয়ে বেশি গুরুত্ব। ছকভাঙা এই রেল বাজেট কি পারবে মন্থর রেলের চাকার ফের গতি ফেরাতে? লিখছেন* **জি. শ্রীনিবাসন।**

স্বাধীনতার পরবর্তী সময়ে রেল বাজেট পেশের সময় গতানুগতিক পথে না চলার সাহস খুব কম রেলমন্ত্রীই দেখাতে পেরেছেন। একগুচ্ছ নতুন ট্রেন বা প্রকল্পর ঘোষণার জনমোহিনী দাবির কাছে নতিস্বীকার না করে গত ২৬ ফেব্রুয়ারি সংসদে আগামী ১ এপ্রিল থেকে শুরু হতে চলা আর্থিক বছরের জন্য যে রেল বাজেট পেশ করা হয়েছে তাতে সন্দেহাতীতভাবে অতীতের সমস্ত নজির ভেঙে দেওয়া হয়েছে। সেই সঙ্গে আগামী দিনের দিকে তাকিয়ে পরিবহণের এই অতীব গুরুত্বপূর্ণ মাধ্যমটির সর্বাঙ্গীণ ও সুষ্ঠু বিকাশের জন্য যথাসাধ্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করা হয়েছে এই বাজেটে। ২০১৫-১৬-এর রেল বাজেটের মূল বিষয় হল যাত্রীভাড়া না বাড়িয়ে, মৌলিক শ্রেণিতে ১০০টি পণ্যের মাশুল ১০ শতাংশ বাড়িয়ে মাঝারি মেয়াদে আগামী পাঁচ বছরের জন্য ৮.৫৬ লক্ষ কোটি টাকা বিনিয়োগের পরিকল্পনা। প্রসঙ্গত যে সমস্ত পণ্যে মাশুল বাড়ানো হচ্ছে তার থেকে খাদ্য লবণের মতো অত্যাবশ্যক সামগ্রী এবং সিমেন্ট, কয়লা ও কোক, পিগ আয়রন, আকরিক লোহা ও পেট্রোলিয়ামজাত পণ্যের মতো গুচ্ছ পণ্যকে (বাল্‌ক গুড্‌স) ছাড় দেওয়া হয়েছে। এছাড়াও বাজেটে আগামী আর্থিক বছরের জন্য পণ্য মাশুলের ক্ষেত্রে দূরত্বের ধাপ বা স্ল্যাবকেও যুক্তিসংগত করা হয়েছে। বাজেট পেশের পর রেল পর্ষদের বরিষ্ঠ আধিকারিকরা সাংবাদিক সম্মেলনে জানিয়েছেন যে বাজেটে বিভিন্ন পণ্যের জন্য দূরত্বের ধাপ বা স্ল্যাবের মূল্যের হার এবং শ্রেণিবিন্যাসের পরিবর্তন করা হয়েছে খুব সামান্যই। ধাপ বা স্ল্যাব-এর পুনর্বিন্যাসের পর কোনও কোনও ক্ষেত্রে পণ্যের মাশুল সর্বাধিক ১০ শতাংশ বাড়লেও অন্যান্য অনেক ক্ষেত্রে তা কমেও যাবে। সামগ্রিকভাবে পণ্য মাশুল বাবদ ধার্য ১,২১,৪২৩ কোটি আয়ের মধ্যে ৪,০০০ কোটি টাকা এই দূরত্বের ধাপ পুনর্বিন্যাস করে আয়ের পরিকল্পনা রয়েছে রেলের। অর্থাৎ, রেলকর্তাদের যুক্তি গড় মাশুল বৃদ্ধি হবে মোটামুটি ৩ শতাংশের মতো।

ভারতীয় রেল আসলে "ধমনির এক জালিকা যা ভারতীয় অর্থনীতির হৃদয়ে প্রাণসঞ্চারী রক্ত সঞ্চালন করছে"—লোকসভায় রেল বাজেট পেশের সময় ঠিক এই কথাই বলেছেন রেলমন্ত্রী। আর তা একেবারেই খাঁটি কথা। "কিন্তু দুঃখের কথা নিত্যদিন যাঁরা রেলের পরিষেবা ব্যবহার করেন সে যাত্রীসাধারণ থেকে শুরু করে শিল্পমহল তাঁরা কিন্তু ন্যূনতম স্বাচ্ছন্দ্যটুকু পান না। ব্যবহারকারীদের জন্য পরিষেবার এই বেহাল দশার জন্য 'ধারাবাহিক বিনিয়োগের অভাব'ই মৌলিক কারণ" স্পষ্টভাবে জানিয়ে দিয়েছেন রেলমন্ত্রী। আর তাই খুব স্বাভাবিকভাবেই রেলের সামর্থ্য বৃদ্ধি ঘটানো যায়নি, আপস করতে হয়েছে নিরাপত্তা ব্যবস্থার সঙ্গে, দিন দিন পরিষেবা প্রদান ব্যবস্থার অবনতি ঘটেছে—যার সম্মিলিত ফল, 'তলানিতে এসে ঠেকা মনোবল, দক্ষতার ঘাটতি, কমতে থাকা পণ্য ও যাত্রী চলাচলের হার এবং আর্থিক সম্পদ হ্রাস।'

রেলে বিনিয়োগ এলে তার সুদূরপ্রসারী সুফল ও বহুমুখী প্রভাব কীভাবে অবশিষ্ট অর্থনীতির উপর পড়বে তার ব্যাখ্যা দিয়েছেন রেলমন্ত্রী। শুধু তাই নয়, এর ফলে দরিদ্রদের জন্য কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি হবে এবং পরিবেশের ক্ষয়ক্ষতিও কমানো যাবে। রেলমন্ত্রী একদম সঠিকভাবেই বর্তমানে চালু 'হাই ডেনসিটি' বা অধিক যাত্রী ও পণ্য চলাচলের চাপ বিশিষ্ট ব্যস্ত নেটওয়ার্কের সামর্থ্য তাৎপর্যপূর্ণভাবে বাড়ানোর প্রয়োজনীয়তাকে চিহ্নিত করেছেন। এই কাজের খরচ অপেক্ষাকৃত কম। কারণ এক্ষেত্রে বড় মাপের জমি অধিগ্রহণের প্রশ্ন নেই এবং অনেক কম সময়েই কাজ সম্পন্ন করা যাবে। তাই এই লক্ষ্যকে সামনে রেখে গেজ পরিবর্তন, ডবল লাইন বা তৃতীয় লাইন পাতা বা বৈদ্যুতিকীকরণের মতো বিষয়গুলির ওপর জোর দেওয়া হবে যাতে রেলের মন্থর চাকায় গতি আসে এবং যাত্রীসাধারণের স্থায়ী সুরাহা হয়, তাদের নিত্যদিনের দুর্ভোগ কমে। এ প্রসঙ্গে মনে রাখা দরকার যে এ দেশের রেল পরিবহণ ব্যবস্থায় অধিকাংশ ট্রেন মূলত চলাচল করে দেশের চারটি প্রধান মহানগরের মধ্যে সংযোগসাধনকারী ছয়টি করিডোর তথা এই চতুর্ভুজের (অর্থাৎ চারটি মহানগরীকে সংযোগ করে যে চতুর্ভুজ) সংযোজক লাইনগুলিতে। এই ছয়টি করিডোরের বর্তমানে

রেল চলাচলের চাপ এত বেশি যে এখানে নতুন করে ট্রেনের সংখ্যা বাড়ানো সম্ভব নয়। তাই এই নেটওয়ার্কের সামর্থ্য বাড়িয়ে চাপ যথাসম্ভব কমানোকেই এই মুহূর্তে প্রধান অগ্রাধিকার দেওয়া উচিত। বাজেটে অন্য যে বিষয়গুলির ওপর বিশেষভাবে গুরুত্ব দেওয়া হয়েছে সেগুলি হল—যাত্রী স্বাচ্ছন্দ্য, নিরাপত্তা এবং সেইসঙ্গে আগামীদিনে ভারতীয় রেলকে একটি স্বনির্ভর সংস্থায় পরিণত করা।

আগামী আর্থিক বছরের জন্য বৈদ্যুতিকীকরণখাতে বিপুল বরাদ্দ বৃদ্ধিও এই রেল বাজেটের একটি উল্লেখযোগ্য দিক। চলতি আর্থিক বছরে যেখানে মাত্র ৪৬২ কিলোমিটার লাইনের বৈদ্যুতিকীকরণখাতে বরাদ্দ মঞ্জুর ছিল, সেখানে ২০১৫-১৬ আর্থিক বছরে ৬৬০৮ কিলোমিটার লাইনের বৈদ্যুতিকীকরণের জন্য বরাদ্দ মঞ্জুর করা হয়েছে—অর্থাৎ এক্ষেত্রে বৈদ্যুতিকীকরণের জন্য লক্ষ্যমাত্রার বৃদ্ধি ঘটেছে একলাফে ১৩৩০ শতাংশ। এ দেশে বিদ্যুৎশক্তি এখনও পর্যন্ত অধিকাংশ ক্ষেত্রেই কয়লানির্ভর। কিন্তু এদিকে ভারতের দূষণহীন বিকাশ কর্মসূচির আদর্শ অনুযায়ী কার্বনের ব্যবহার যথাসম্ভব কমানোর কথাই বলা হচ্ছে। মোটরযানের তুলনায় রেলে পরিবেশ দূষণের সম্ভাবনা যেমন কম তেমন ট্রেন চালাতে জ্বালানির খরচও অপেক্ষাকৃত কম। এই কারণেই সড়ক পরিবহণের তুলনায় রেল পরিবহণ ব্যবস্থা এত জনপ্রিয়। কিন্তু পরিবেশের কোনও ক্ষয়ক্ষতি না করে আগামী আর্থিক বছরে পণ্যবাহী ও যাত্রীবাহী ট্রেনের জন্য বৈদ্যুতিকীকরণের যে বিপুল লক্ষ্যমাত্রা রেলমন্ত্রী গ্রহণ করেছেন তা কীভাবে পূরণ হবে তা পরিষ্কার নয়। যাই হোক, পরিবেশের ভারসাম্য রক্ষার কথা চিন্তা করে এই বাজেটে ১,০০০ মেগাওয়াট সৌরবিদ্যুৎ উৎপাদনের পরিকল্পনার কথা বলা হয়েছে।

বাজেট ভাষণে রেলমন্ত্রী চারটি মূল লক্ষ্যের কথা তুলে ধরেছেন—ভ্রমণকালে যাত্রীসাধারণের উন্নততর অভিজ্ঞতা, নিরাপদে যাত্রা, পরিকাঠামোর আধুনিকীকরণের মাধ্যমে রেল পরিবহণ ব্যবস্থার সামর্থ্য বৃদ্ধি ঘটিয়ে প্রতিদিন ২ কোটি ১০ লক্ষের পরিবর্তে ৩ কোটি যাত্রী চলাচলের ব্যবস্থা, রেল লাইনের দৈর্ঘ্য ১.১৪ লক্ষ কিলোমিটার থেকে ২০ শতাংশ বাড়িয়ে ১.৩৮ লক্ষ কিলোমিটার করা এবং বার্ষিক পণ্য পরিবহণ ক্ষমতা ১০০ কোটি টন থেকে ১৫০ কোটি টনে নিয়ে যাওয়া। বাস্তব পরিস্থিতির দিকে নজর রেখে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করলে এবং পরবর্তীকালে সেই কর্মধারা জারি রাখলে এই লক্ষ্য পূরণ সম্ভব। বিশেষ উদ্দেশ্যে গঠিত সংস্থার (স্পেশাল পারপাস ভেহিকল) মাধ্যমে রাজ্য সরকারগুলিকে রেল প্রকল্পে শামিল করা; এছাড়া কয়লা, আকরিক লোহা ও সিমেন্টের মতো অতি গুরুত্বপূর্ণ পণ্যগুলির পরিবহণে পর্যাপ্ত সামর্থ্য সুনিশ্চিত করার জন্য রাষ্ট্রায়ত্ত উদ্যোগগুলির সঙ্গে অংশীদারিত্ব গড়ে তোলা এবং দীর্ঘমেয়াদে আর্থিক সাহায্য ও বিদেশ থেকে প্রযুক্তিগত সহায়তা পাওয়ার জন্য দ্বিপাক্ষিক ও বহুপাক্ষিক সংস্থাগুলির সঙ্গে বোঝাপড়ায় যাওয়ার উদ্যোগ অবশ্য প্রশংসার দাবি রাখে। কিন্তু দেখতে হবে এই বোঝাপড়ায় যেন কোনও খামতি না থাকে এবং চুক্তিকে কেন্দ্র করে কোনও বিরোধ দেখা দিলে তা নিষ্পত্তির উপযুক্ত বন্দোবস্তও যেন থাকে। লাভজনক হতে পারে এমন প্রকল্পগুলিতে বাজার থেকে ঋণ নিয়ে পুঁজি ঢালার তাৎপর্য কতখানি নিজে একজন অডিটর (হিসাব-নিরীক্ষক) হওয়ার সুবাদে রেলমন্ত্রী তা ভালোমতোই জানেন। রেলের নিজস্ব সংস্থা ভারতীয় রেল অর্থ নিগম (আইআরএফসি) থেকে উচ্চ হারে ঋণ নেওয়ার পাশাপাশি বিমা তহবিল, পেনশন তহবিল তথা বহুপাক্ষিক ও দ্বিপাক্ষিক সংস্থাগুলি থেকে দীর্ঘমেয়াদে স্বল্প সুদে ঋণ পরিকল্পনা করা হয়েছে যা বর্ধিত রাজস্বের অংশ থেকে মিটিয়ে দেওয়া হবে। এছাড়াও প্রাতিষ্ঠানিক বিনিয়োগকারী ও অন্যান্য অংশীদারদের কাছ থেকে দীর্ঘমেয়াদে বেসরকারি বিনিয়োগ টানার জন্য রেল যে নতুন সংস্থা গঠনের পরিকল্পনা করেছে তাও উল্লেখযোগ্য। এই প্রথম কোনও রেলমন্ত্রী বোধহয় যাবতীয় বিতর্ক ও জল্পনা-কল্পনার অবসান ঘটিয়ে ঘোষণা করলেন যে, তিনি হাতে থাকা সম্পদকে বিক্রি করার চেয়ে তাকে অর্থকরী করে তোলার ওপরই বেশি গুরুত্ব দেবেন। অর্থাৎ প্রয়োজনে ব্যবস্থাপনায় সর্বস্তরে আনা হবে কর্পোরেট পরিচালনার মুনশিয়ানা, খোলা হবে বেসরকারিকরণের পথ এবং বিক্রি করা হবে রেলের হাতে থাকা জমি।

আয়ের শতাংশের হিসাবের ভিত্তিতে হিসেব করা চালন-ব্যয়ের (অপারেটিং এক্সপেন্স—এই সংখ্যা যত কম হবে সামগ্রিক ব্যবস্থা তত দক্ষ বা উন্নত বলে ধরে নিতে হবে) নিরিখে চালন দক্ষতা ২০১৩-১৪ সালে যেখানে শোচনীয়ভাবে ৯৩.৬ শতাংশ ছিল (অর্থাৎ প্রতি ১ টাকা আয়ের জন্য রেলকে ব্যয় করতে হয়েছিল ৯৩.৬ পয়সা) সেখানে ২০১৩-১৪ সালে আর্থিক বছরের সংশোধিত হিসাবে এই হার কিছুটা কমে হয়েছে ৯১.৮ শতাংশ। এর পর একগুচ্ছ উৎপাদনমুখী ব্যয় নিয়ন্ত্রণ কর্মসূচি রূপায়ণের মাধ্যমে গত জুলাইতে পেশ হওয়া বাজেটের লক্ষ্যমাত্রা অনুযায়ী এই হার ৯২.৪ শতাংশে ধরে রাখা গেছে। আগামী আর্থিক বছরে মোট উৎপাদনশীল লাভ ও সামগ্রিক ব্যবস্থাপনার কার্যকারিতা ও দক্ষতা বৃদ্ধির মাধ্যমে এই হার (অপারেটিং রেশিও) ৮৮.৫ শতাংশে কমিয়ে আনার পরিকল্পনা নেওয়া হয়েছে।

চলতি আর্থিক বছরে ব্যয় নিয়ন্ত্রণ এবং অপারেটিং রেশিওর উন্নতির ফলে হাতে বাড়তি অর্থ আসায় রেলমন্ত্রীর পক্ষে অবচয় সঞ্চয় তহবিলে (ডেপ্রিসিয়েশন রিজার্ভ ফান্ড বা ডিআরএফ) বরাদ্দ ১,০৫০ কোটি থেকে বাড়িয়ে ৭,৯০০ কোটি টাকা করা সম্ভবপর হয়েছে। এই তহবিলের অর্থে রেল লাইনের মেরামতি, সংস্কার, পুনর্নবীকরণের মতো রক্ষণাবেক্ষণের কাজগুলি করা হয়। সাধারণত এই কাজগুলি দীর্ঘদিন ধরে অবহেলিত রয়ে যায়। ফলে যাত্রী ও পণ্য পরিবহণে নিরাপত্তার মান নিয়ে প্রতিনিয়তই আপস করতে হয়। বিভিন্ন প্রতিবন্ধকতা দূরীকরণ ও সামর্থ্য বৃদ্ধির লক্ষ্যে ছোটখাট ব্যয় সংস্থানের জন্য গঠিত রেলওয়ে উন্নয়ন তহবিলের বরাদ্দ সংশোধিত হিসাবের তুলনায় প্রায় চারগুণেরও বেশি বাড়িয়ে আগামী আর্থিক বছরের জন্য ৫৭৫০ কোটি টাকা করেছেন রেলমন্ত্রী। রেল পরিবহণ ব্যবস্থায় পরিকল্পনাখাতে ২০১৫-১৬ সালের জন্য বরাদ্দ ৫০

শতাংশেরও বেশি বাড়িয়ে ১ লক্ষ কোটি টাকা রাখার কথা ঘোষণা করা হয়েছে। এটিই এই বাজেটের সবচেয়ে উল্লেখযোগ্য বরাদ্দ বৃদ্ধি। এই ঘোষণা যথার্থ অর্থে বাস্তবায়িত হলে তা এক কথায় হবে নজিরবিহীন।

রেলের রাজস্ব আদায় নিয়ে অনেক হিসাব-নিকাশ থাকলেও মনে রাখতে হবে যে চলতি আর্থিক বছরে যাত্রী ও পণ্য পরিবহণ ক্ষেত্রে রাজস্ব আয় হ্রাস পাওয়ায় বাজেট হিসাবে এই খাতে ১,৬০,১৬৫ কোটি আয়ের হিসাব দেখানো হলেও সংশোধিত হিসাব অনুযায়ী ৯১৭ কোটি টাকা আয় কমেছিল। রেলমন্ত্রক যদি যাত্রীসাধারণ ও শিল্পমহলের সুবিধার কথা মাথায় রেখে দীর্ঘমেয়াদি ও পুনরুত্থানকেন্দ্রিক পরিচালন পদ্ধতি গ্রহণ করে নতুন দিশা দেখাতে না পারে, তাহলে অত্যাশ্চর্য কোনও ঘটনা না ঘটলে এই রাজস্ব সংগ্রহের লক্ষ্যমাত্রা পূরণ হয়তো হবে না।

কোষাগারের মোট বাজেট সহায়তার (গ্রস বাজেটারি সাপোর্ট বা জিবিএস) ওপর রেলের নির্ভরতা কখনওই এই মাত্রায় পৌঁছতে দেওয়া হবে না যাতে এই সহায়তা ছাড়া এক পাও চলা যাবে না—এই মর্মে এক সিদ্ধান্ত নিয়েছে রেল। আর তাই সিদ্ধান্তের সঙ্গে সংগতি রেখেই প্রাতিষ্ঠানিক লগ্নি সংগ্রহের মাধ্যমে বাজেট বহির্ভূত সম্পদের (এক্সট্রা বাজেটারি রিসোর্স) দিকেই ঝুঁকছেন রেলমন্ত্রী। কারণ তাঁর ভাষায় লগ্নি সংগ্রহের ক্ষেত্রে এই নতুন ব্যবস্থা নতুন পথের সন্ধান দেবে। রেল/রেলের অধীন রাষ্ট্রায়ত্ত উদ্যোগগুলির মাধ্যমে বিভিন্ন রেল প্রকল্পে মোট ১৭,১৩৬ কোটি টাকার প্রাতিষ্ঠানিক লগ্নির হিসাব করা হয়েছে যার মাধ্যমে রেলে সামর্থ্য ও দক্ষতা বৃদ্ধির প্রকল্পগুলির কাজ দ্রুত সম্পন্ন করা হবে। আগে এদিক-ওদিক থেকে যে বাড়তি অর্থ থাকত, তা এই ধরনের প্রকল্পে বিক্ষিপ্তভাবে খরচ করা হত। অতীতের এই ক্ষতিকর ট্র্যাডিশন ভেঙে এখন বেরোনোর সময়। যাত্রী ও পণ্য চলাচলের চাপ অত্যধিক বেশি এমন অনেক সেকশনের ওপর থেকে চাপ কমানো সংক্রান্ত অনেক প্রকল্পও এর মধ্যে রয়েছে। কাজ সম্পন্ন হলে এগুলির লাভজনক হয়ে ওঠার সম্ভাবনাও প্রবল। এই কারণে ২০১৫-১৬ আর্থিক বছরে যে ১ লক্ষ কোটি টাকা বার্ষিক পরিকল্পনা বরাদ্দ রাখা হচ্ছে তার মধ্যে ৪০,০০০ কোটি টাকা মোট বাজেট সহায়তা (জিবিএস) হিসাবে দিচ্ছে ভারত সরকার, ১,৬৪৫ কোটি টাকা আসবে ডিজেল সেস থেকে, রেলের নিজস্ব সহায়-সম্পদ থেকে আসবে ১৭,৭৯৩ কোটি টাকা এবং অবশিষ্ট ৪০,০০০ কোটি টাকা বাইরের বিভিন্ন সূত্র থেকে ঋণবাবদ সংগৃহীত হবে।

প্রসঙ্গত, একথা উল্লেখ করা প্রয়োজন যে, গত বছর রেল বাইরের বিভিন্ন সূত্র থেকে ১৩,০০০ কোটি টাকা ঋণ নিয়েছিল এবং সেই ঋণ রেলকে পরিশোধ করতে হয়েছিল। যে সমস্ত প্রকল্প থেকে ঋণের অর্থ মেটানো যেতে পারে এমন প্রকল্পগুলি চিহ্নিত করে রেখেছে রেল। এই কারণেই রেল এবার রাজ্য সরকার, রাষ্ট্রায়ত্ত উদ্যোগ, বহুপাক্ষিক সংস্থা ও বেসরকারি পক্ষগুলির সঙ্গে অংশীদারিত্ব গড়ে তুলতে চাইছে। এই ধরনের যাবতীয় অংশীদারিত্ব থেকে পুরো ব্যবস্থাপনায় প্রায় ১৭ হাজার কোটি টাকার মতো লগ্নি আসবে; ভারতীয় রেলওয়ে অর্থ নিগম (আইআরএফসি) থেকে ঋণবাবদ আসবে আরও ১৭,০০০ কোটি টাকা; এবং সরকারি-বেসরকারি অংশীদারিত্ব থেকে সংগৃহীত হবে অতিরিক্ত ৬ হাজার কোটি টাকা।

এক কথায় বলতে গেলে এই রেল বাজেট সমগ্র রেল পরিবহণ ব্যবস্থার খোলনলচে বদলে গতানুগতিকতার বাইরে এক নতুন দিশা দেখাতে চায়। এই বাজেটে বর্ণিত পদক্ষেপগুলি সঠিকভাবে বাস্তবায়িত হলে সংশ্লিষ্ট সমস্ত অংশীদারদেরই প্রভূত উপকার হবে। তবে সমালোচকরা বলছেন, রেলের জন্য যে বিনিয়োগের পরিকল্পনা করা হয়েছে তা মূলত ঋণ-নির্ভর তাই এই পরিকল্পনার বাস্তবায়ন সম্ভব নয়। কিন্তু বাজারই যেসময় নিয়ন্তার ভূমিকায়, তখন বাজারের ওপর সহায়-সম্পদের বরাদ্দের বিষয়টি নির্ভর করবে এতে আশ্চর্যের কিছু নেই। রেলের ক্ষেত্রে ঋণ-নির্ভর এই বিনিয়োগ পরিকল্পনা অবশ্যই সফল হবে। কারণ দেশব্যাপী যাত্রী ও পণ্য পরিবহণের অপেক্ষাকৃত সস্তার মাধ্যম হওয়ার সুবাদে রেলের যে বিশেষ সুবিধা রয়েছে তাকে কাজে লাগানোর মতো অনেক পরিকল্পনা রেলের হাতে রয়েছে। বাজেট নথির সঙ্গে প্রকাশিত একটি শ্বেতপত্রে বলা হয়েছে যে, 'আগামী পাঁচ বছরে ভারতীয় রেলের চালচিত্রই বদলে যাবে; দ্রুতগামী ট্রেন, আধুনিক ট্রেন, প্রশস্ত স্টেশন, দক্ষ কর্মীদের নিয়েই হবে আগামী দিনের রেল ব্যবস্থা।' ২০১৫-১৬ সালের রেল বাজেট কয়েক প্রজন্ম ধরে ভারতীয় জনজীবনের সঙ্গে ওতপ্রোতভাবে মিশে যাওয়া রেল পরিবহণ ব্যবস্থাকে সেই প্রগতির পথেই নিয়ে যাওয়ার বার্তা পেশ করল।❑

[লেখক হিন্দু বিজনেস লাইনের প্রাক্তন সহ-সম্পাদক ও ফ্রিল্যান্স সাংবাদিক।
Email: geeyes34@gmail.com]

অ্যাকাডেমিক অ্যাসোসিয়েশন এখন

# সাফল্যে নাম্বার ওয়ান

## সর্বশেষ প্রকাশিত WBCS-2012 Gr.-A & B-এর ফলে একটি মাত্র সেন্টার থেকে ৪৩ জন চূড়ান্ত সফল



My dream to become a WBCS officer would have remained unfulfilled if I didn't step into the doors of Academic Association. It is this institution which transformed my long cherished dream into reality.

**– Chittajit Basu,** Executive-2012



সবসময় মনে রাখতে হবে যুদ্ধটা করতে হবে নিজেকেই। পড়াশোনাটাকে ভালবেসে করলে সেটা আর বোঝা হয়ে দাঁড়ায় না। হয়ে যায় একটা আনন্দের অনুভূতি। একটা কোচিং সেন্টারের সঙ্গে যোগাযোগ রাখা সবসময়ই ভাল। অ্যাকাডেমিক অ্যাসোসিয়েশন তেমনই একটি সংস্থা।

**—সুদীপ্ত বিশ্বাস,** এক্সিকিউটিভ-২০১২



I can say confidently that no other institution is so dedicated as Academic Association to produce so many WBCS officers in West Bengal within very short span of time. It is the only institution which keeps contact with its alumni & brings them back to impart their knowledge & guidance to make new aspirants more confident to crack the examination.

**– Sanjay Sikdar,** Executive-2012



চাকরিটা আমার চাই-ই, এই অ্যাটিটিউড নিয়ে প্রস্তুতিতে ঝাঁপিয়ে পড়ি। সব সময় পজিটিভ থাকার চেষ্টা করেছি, ভয়-ভীতিকে মাথাচাড়া দেবার সুযোগ দিইনি। অ্যাকাডেমিক অ্যাসোসিয়েশনে সদ্য পাশ করা ডব্লুবিসিএস, গ্রুপ-'এ' এবং 'বি' অফিসারদের কাছ থেকে প্রচুর গুরুত্বপূর্ণ টিপস পেয়ে খুব উপকৃত হয়েছি।

**— শালিনী ঘোষ,** ডিএসপি-২০১২



From my practical experience I can say that WBCS exam is not very difficult. If you are firm in your aim and work hard, prepare methodically success will be yours. I wish the youth of Malda or in broader sense North Bengal to take up this prestigious job as their career option for contributing to the devlopment of this region.

**– Sultan Ali,** Excise-2012



ডব্লুবিসিএস প্রস্তুতির শুরু থেকেই অ্যাকাডেমিক অ্যাসোসিয়েশন আমাকে বিশেষভাবে গাইড করেছে। পিএসসি-র নতুন সিলেবাস ডব্লুবিসিএস পরীক্ষাকে আরও চ্যালেঞ্জিং করে তুলেছে পরীক্ষার্থীদের কাছে। যার জন্য দরকার সঠিক গাইডেন্স ও পরিশ্রম। আর এতে অ্যাকাডেমিক অ্যাসোসিয়েশনের গাইডেন্স পরীক্ষার্থীদের আগামী দিনে লক্ষ্যে পৌঁছতে সাহায্য করবে আশা করি।

**—সুমিত সিনহা রায়,** ফুড অ্যান্ড সাপ্লাই-২০১২



গাইড এমন হবেন যিনি সঠিক গাইডেন্সের পাশাপাশি উন্নত মানের স্টাডি মেটিরিয়াল সরবরাহ করে সাফল্য ত্বরান্বিত করার ক্ষমতা রাখেন। আমি নির্দ্বিধায় বলতে পারি, অ্যাকাডেমিক অ্যাসোসিয়েশনের গাইডেন্স এবং স্টাডি মেটিরিয়াল অতি উচ্চমার্গের।

**— প্রসেনজিৎ সাহা,** ফুড অ্যান্ড সাপ্লাই-২০১২



অ্যাকাডেমিক অ্যাসোসিয়েশন-এ ক্লাশ নেন সদ্য ডব্লুবিসিএস গ্রুপ-'এ' ও 'বি' পাশ করা অফিসারেরা এবং তত্ত্বাবধানে থাকেন ডব্লুবিসিএস সম্পর্কে অভিজ্ঞ রাজ্যের বিশিষ্ট ব্যক্তিবর্গ। কাজেই স্ট্র্যাটেজি হয় 'টার্গেট ওরিয়েন্টেড', ডব্লুবিসিএস-এর উপর এক্সপোজার বেশি থাকায় এখানে সাফল্য একদম হাতের মুঠোয়।

**— শৌভিক বসু,** এক্সিকিউটিভ-২০১২



One can tide over the written test by dint of diligence, consistency and guidance. But to win the laurels finally one has to be groomed properly and this can be achieved only by the beacon of the wise. This fortunately, I have derived from my alma mater– Academic Association.

**– Tapan Sarkar,** Executive-2012



অ্যাকাডেমিক অ্যাসোসিয়েশন-এ এসে নিজের মধ্যে একটা কনফিডেন্স জন্মাল যে আমিও ডব্লুবিসিএস অফিসার হতে পারি। পঞ্চায়েত সহায়ক হিসাবে চাকরি জীবন শুরু করে এখন বিডিও হিসাবে নতুন চাকরির জীবন শুরু করব ভেবে রূপকথার গল্পের মত মনে হচ্ছে।

**— অরুণ কুমার সর্দার,** এক্সিকিউটিভ-২০১২



অ্যাকাডেমিক অ্যাসোসিয়েশন-এর নাম আমি বহু জুনিয়রদের কাছ থেকে শুনেছিলাম। একদিন একটা ফোনেই আমার মনোবল e-সিরিজের আকারে বেড়ে গেল। এখানে আসার পর ডব্লুবিসিএস-এ সাফল্যের ইচ্ছাটা আরও দৃঢ়তর হতে লাগল। আমার স্বপ্নকে বাস্তবে পরিণত করার একটা নিখুঁত প্ল্যান আমি এখান থেকে পেলাম।

**—মৃণালকান্তি মাজি,** এক্সাইজ-২০১২



I am highly grateful for my success to Academic Association. The quantum of inspiration and mental support apart from academic materials that they have given through the whole process can never be ignored.

**– Koushik Das,** Food & Supply-2012



আমার মনে হয়, স্বল্প সময়ে সফলতা লাভের জন্য প্রস্তুতির প্রথম ধাপ থেকেই সঠিক পরিকল্পনা তৈরি ও তার রূপায়ণ অত্যাবশ্যক। অ্যাকাডেমিক অ্যাসোসিয়েশন-এ আমি ডব্লুবিসিএস-এর বিভিন্ন বছরের টপারদের খুব কাছাকাছি আসতে পেরেছি এবং তাঁদের থেকে পেয়েছি মূল্যবান টিপস।

**— নিত্যানন্দ ব্যানার্জি,** ফুড অ্যান্ড সাপ্লাই-২০১২



My road to success to become an ADSR (Rank-1) WBCS Gr.-'A' was due to my self confidence and "never quit attitude". I also owe a lot to Adademic Association where I received a broader 'infrastructure'. The faculties I found there are qualified and updated and the best part is they have encountered the examintion ordeal themselves and succeeded.

**– Subra Juin,** ADSR-2012

**WBCS-2015 : PRELI + MAINS Postal Course Also Available**

# Academic Association

✆ 9830770440
✆ 9674478644

The Self Culture Institute, 53/6 College Street (College Square), Kolkata-700073

**Website: www.academicassociation.in ▪ Centre: Uluberia-9051392240 • Birati-9674555451 • Darjeeling-9832041123**

প্র | চ্ছ | দ | নি | ব | ন্ধ

# বাজেট ও আগামী দিনের অর্থনীতি

*কৃষিক্ষেত্র থেকে কালো টাকা, অর্থনৈতিক বিকাশ থেকে সামাজিক সুরক্ষা—সর্বস্তরেই বাজেটের প্রভাব প্রত্যক্ষ ও পরোক্ষভাবে প্রতিফলিত হয়। কারণ, বাজেট নিছকই বার্ষিক আয়-ব্যয়ের আনুমানিক হিসাবের মধ্যে সীমাবদ্ধ নয়। আগামী অর্থবর্ষের বাজেটে ভারতীয় অর্থনীতির বিভিন্ন ক্ষেত্র সংক্রান্ত যেসব ঘোষণা করা হয়েছে, তার সামগ্রিক চিত্রটি ফুটে উঠেছে* **অনিন্দ্য ভুক্ত**-*র এই নিবন্ধে।*

রাজকোষ ঘাটতিকেই পাখির চোখ করেছিলেন শ্রীঅরুণ জেটলি, মাননীয় অর্থমন্ত্রী, ভারত সরকার। বাজেটের কিছুদিন আগে থেকেই তাঁর কথাবার্তায় এই আভাস ইঙ্গিত পাওয়া যাচ্ছিল। অর্থমন্ত্রী কথা রেখেছেন।

নরেন্দ্র মোদীর সরকারের এটাই ছিল প্রথম পূর্ণাঙ্গ বাজেট। স্বাভাবিকভাবেই এই বাজেটকে ঘিরে শিল্পমহলের প্রত্যাশা ছিল বিপুল। বিপুল প্রত্যাশা ছিল আমজনতারও।

বাজেট, অর্থশাস্ত্রের সংজ্ঞানুযায়ী, কোনও দেশের আগামী আর্থিক বছরের আয়-ব্যয়ের একটি আনুমানিক হিসেবমাত্র। অর্থাৎ, হিসেব মতো এটি নিছকই কিছু শুকনো অঙ্কের কচকচি। হিসেবমতো এতে তাই আমজনতার কোনও কৌতূহল থাকার কথা নয়। কিন্তু কার্যত বাজেটকে ঘিরে মানুষের মধ্যে বিপুল উৎসাহ লক্ষ করা যায়। এর কারণ বুঝতে গেলে অর্থমন্ত্রীর বাজেট ভাষণটির দিকে একটু লক্ষ রাখতে হবে। এই ভাষণের দুটি অংশ থাকে—পার্ট-এ এবং পার্ট-বি। পার্ট-এ-তে থাকে সরকারের কর্মপরিকল্পনা, মানে আগামী বছরে সরকার কী করবে বলে ভাবছে তার একটা সামগ্রিক রূপরেখা। পার্ট-বি-তে থাকে সরকারের আয়-ব্যয়ের আনুমানিক অঙ্কগুলি। বাজেট ভাষণের এই যে গঠন, এবারে বাজেট ভাষণের শুরুতে অর্থমন্ত্রী সেটার একটা উল্লেখ করেছেন। অর্থমন্ত্রী বলেছেন বাজেট ভাষণে সরকারের আর্থনীতিক নীতির গতিমুখ ও গতিবেগ দেশবাসীর কাছে হাজির করার একটা সুযোগ থাকে। সেই সুযোগটি গ্রহণ করেই তিনি তাঁর সরকারের 'রোডম্যাপ'টি সবার সামনে উপস্থাপিত করতে চান। কোন রোডম্যাপ তাও তিনি ভাষণে সুস্পষ্টভাবে উল্লেখ করেছেন। সেই রোডম্যাপ, যা দেশের বৃদ্ধির হার ত্বরান্বিত করবে, বিনিয়োগ বৃদ্ধি করবে এবং বৃদ্ধির সুফল সাধারণ মানুষের কাছে পৌঁছে দেবে। আমরা অর্থমন্ত্রীর রোডম্যাপ ধরেই আলোচনা করব তাঁর লক্ষ্য ও প্রস্তাবের মধ্যে সামঞ্জস্য কতটা সুরক্ষিত করেছে এই বাজেট। তবে অর্থনীতির বৃদ্ধির প্রসঙ্গটি যেহেতু বিনিয়োগের সঙ্গে অঙ্গাঙ্গিভাবে জড়িত সেহেতু এই দুটি প্রসঙ্গকে আমরা একসঙ্গে আলোচনা করব। আবার বাজেট ভাষণেরই অন্যত্র অর্থমন্ত্রী প্রতিশ্রুতি দিয়েছেন সরকারের প্রতিটি টাকা জনসাধারণের মঙ্গলসাধনের জন্য কর্মসংস্থান বৃদ্ধি, দারিদ্র দূরীকরণ এবং আর্থনীতিক বৃদ্ধির লক্ষ্যে খরচ করা হবে। বৃদ্ধির সুফল সাধারণ মানুষের মধ্যে পৌঁছে দেওয়া, অর্থমন্ত্রীর এই কথার আমরা তাই দুটি মানে করব— কর্মসংস্থান বৃদ্ধি ও দারিদ্র দূরীকরণ।

## অর্থনীতির বৃদ্ধি

অর্থনীতির বৃদ্ধি ঘটে উৎপাদনের বৃদ্ধি ঘটলে। অর্থনীতির উৎপাদন ক্ষেত্র তিনটি—কৃষি, শিল্প ও পরিষেবা। একটা সময় ছিল যখন কৃষিই ছিল ভারতীয় অর্থনীতির প্রাণভোমরা। জনসংখ্যার গরিষ্ঠাংশ যেমন কৃষির উপর নির্ভরশীল ছিল তেমনই জাতীয় আয়ের গরিষ্ঠাংশও আসত কৃষির থেকে। কিন্তু কৃষির সেই সুদিন আর নেই। দীর্ঘদিন ধরেই নেই। এখনও দেশের গরিষ্ঠাংশ মানুষ জীবিকার প্রশ্নে কৃষির উপর নির্ভরশীল, কিন্তু জাতীয় আয়ের গরিষ্ঠাংশ আসে পরিষেবা ক্ষেত্র থেকে। ফলে দেশে ভয়ংকর একটি আয়-বৈষম্যের সৃষ্টি হচ্ছে, যা কিনা সামাজিক সুস্থিতিকে নষ্ট করছে, দারিদ্রকে স্থায়িত্ব দিচ্ছে, বাড়িয়ে তুলছে। এই অবস্থায় কৃষির উপর একটি বিশেষ গুরুত্ব আরোপ প্রয়োজন ছিল। কৃষি উৎপাদন বাড়লে তা যেমন একদিকে অর্থনীতির বৃদ্ধির পক্ষে সহায়ক হত তেমনই বৃদ্ধির সুফল সমাজের দরিদ্রতম শ্রেণির মানুষের কাছেও পৌঁছোত। কিন্তু কৃষির উন্নয়নের লক্ষ্যে যে প্রস্তাব রাখা হয়েছে, তা উদ্দেশ্যপূরণের পক্ষে কতটা সহায়ক হবে সেটা এখনই বোঝা সম্ভব না। সেচের অভাব ভারতীয় কৃষির একটি দীর্ঘকালীন সমস্যা। সেচের উন্নতির জন্য ৫৩০০ কোটি টাকা বরাদ্দ করা হয়েছে 'প্রধানমন্ত্রী কৃষি সিঁচাই যোজনা'-য়। এটি একটি ভালো দিক। তবে গত বাজেটে এই একই যোজনায় যে ১০০০ কোটি টাকা বরাদ্দ করা হয়েছিল তা কিন্তু খরচ করে ওঠা যায়নি। মনে রাখতে হবে, সেই টাকা পড়ে রয়েছে। তাছাড়া সেটি ছিল আংশিক বাজেট। বরাদ্দের পরিমাণ তাই স্বাভাবিকভাবেই কম ছিল। দুটো মিলিয়ে তাই বরাদ্দের পরিমাণটি খুব বেশি তা বলা যায় না।

সেচব্যবস্থার উন্নয়ন ছাড়া বলা হয়েছে জমির উৎকর্ষ বৃদ্ধি, কৃষিঋণ ও কৃষি বিক্রয়ের কথা। এদেশে জমি উর্বরতা হারাচ্ছে রাসায়নিক সারের অত্যধিক ব্যবহারের কারণে। জমির স্বাস্থ্য ফেরাবার জন্য কৃষিমন্ত্রক যে 'পরম্পরাগত কৃষি বিকাশ যোজনা' প্রবর্তন করেছে, অর্থমন্ত্রক তাতে সমর্থন জানিয়েছে। অর্থ বরাদ্দ করা হয়েছে রুরাল ইনফ্রাস্ট্রাকচার ডেভেলপমেন্ট ফান্ড (২৫,০০০ কোটি টাকা), লং টার্ম রুরাল ক্রেডিট ফান্ড (১৫,০০০ কোটি টাকা), শর্ট টার্ম কো-অপারেটিভ রুরাল ক্রেডিট ফাইন্যান্স ফান্ড (৪৫,০০০ কোটি টাকা) ও শর্ট টার্ম

আরআরবি রিফাইন্যান্স ফান্ডে (১৫,০০০ কোটি টাকা)। অর্থমন্ত্রীর প্রত্যাশা এই অর্থ সাহায্যে কৃষিঋণ বণ্টিত হবে ৮.৫ লক্ষ টাকা। সবশেষে আনা হয়েছে কৃষিপণ্যের বিক্রয়জনিত সমস্যাটির কথা। আমাদের দেশে চাষিদের মধ্যে সংখ্যায় বেশি ক্ষুদ্র ও প্রান্তিক চাষিরা। এদের বড় একটা সমস্যা এই যে, নিজেরা ফসল নিয়ে বাজারে যেতে পারে না বলে এরা সেভাবে ফসলের দাম পায় না। এই সমস্যা কাটাতে অর্থমন্ত্রী রাজ্যগুলির সঙ্গে কথা বলে একটি 'সুসংহত জাতীয় কৃষি বাজার' স্থাপনের উদ্যোগ নেবেন বলে জানিয়েছেন, যে বাজার তৈরি হলে চাষিরা তাদের ফসল দেশের যে কোনও বাজারে বিক্রি করতে পারবে। অর্থাৎ এই বাজার নিশ্চয়ই ই-বাজার। প্রায় নিরক্ষর চাষি যেখানে হাতের কাছের বাজারে পৌঁছোতে পারছে না, সেখানে সে ই-বাজারে ফসল বিক্রি করবে! তবে একথাও সত্যি, আজ যা কল্পনা করা যায় কাল তা বাস্তবায়িতও করা যায়। আশা করা যাক, আগামী বাজেটে এমন একটি সুসংহত বাজারের একটি সুসংহত রূপরেখা অর্থমন্ত্রী উপস্থাপিত করতে পারবেন। পারলে ভারতীয় কৃষি যে তার পঙ্গুত্ব অনেকটাই কাটিয়ে উঠতে পারবে সে কথা নির্দ্বিধায় বলা যায়।

কৃষির পর আসে শিল্প। স্বাধীনতার পর দেশের শিল্পবিকাশের দায়িত্বটি সরকার পুরোপুরি বেসরকারি হাতে ছেড়ে দেয়নি। ফলে রাষ্ট্রের অধীনে নানা ধরনের শিল্প এদেশে গড়ে উঠেছিল। কিন্তু যত দিন গেছে, ভারত যত পরিণত হয়ে উঠেছে, অর্থনীতি হিসেবে শক্তিশালী হয়ে উঠেছে, ততই বোঝা গেছে সরাসরি উৎপাদনের দায়িত্ব নেওয়া, নিতান্ত জনস্বার্থে প্রয়োজন না হলে, সরকারের কাজ নয়। ফলে উনিশশো নব্বইয়ের দশকে নয়া আর্থনীতিক নীতির গোড়াপত্তনের পর থেকে, আস্তে আস্তে বিলগ্নিকরণের মাধ্যমে, সরকার রাষ্ট্রায়ত্ত উৎপাদন ক্ষেত্রের বোঝাগুলি ঘাড় থেকে নামিয়ে ফেলতে শুরু করে। এই কাজটি গত দু'দশক ধরে প্রতিটি সরকার নিয়মমাফিক করে যাচ্ছে। প্রশ্ন উঠতেই পারে—সরকার অলাভজনক সংস্থার শেয়ার আগে বিক্রি না করে কেন লাভজনক সংস্থার শেয়ারগুলি আগে বিক্রি করছে? এই প্রশ্নের একটা বাঁধা গতের উত্তর আছে : অলাভজনক সংস্থার শেয়ার কে কিনবে? সঠিক মন্তব্য। তাহলে একটা জিনিস করা যেতে পারে। নবরত্ন যে কোম্পানিগুলি সরকারের আছে, সেই কোম্পানির শেয়ারের সঙ্গে প্যাকেজ হিসেবে অলাভজনক সংস্থার বিক্রি করা যেতে পারে।

যাই হোক, শিল্পের প্রসঙ্গে আলোচনা করার শুরুতেই রাষ্ট্রায়ত্ত ক্ষেত্রের বিলগ্নিকরণের প্রসঙ্গটি প্রথমেই উচ্চারণ করার কারণ এটা বোঝানো যে শিল্পায়নের প্রশ্নে বেসরকারি উদ্যোগের উপর নির্ভরতাই সরকারের প্রাথমিক নীতি। তবে বেসরকারি লগ্নি চাইলেই আসে না, বিশেষত বর্তমান বিশ্বায়নের যুগে। বেসরকারি পুঁজি সেখানেই তার লগ্নি ঢালতে চাইবে যেখানে পরিকাঠামো প্রস্তুত। এই পরিকাঠামোর মধ্যে রাস্তাঘাট থেকে শুরু করে বাজার, সব কিছু আছে। অর্থমন্ত্রী তাই সঠিক লক্ষ্যেই পরিকাঠামো বিকাশের উপর বিশেষ গুরুত্ব আরোপ করেছেন। পরিকাঠামো বিকাশ সংক্রান্ত প্রস্তাবসমূহের মধ্যে প্রথমেই আছে রাস্তা ও রেলের কাজে বাজেটীয় সহায়তা প্রদানের কথা। এখানে একটা প্রশ্ন আছে। একথা কথাচ্ছলে প্রায়ই বলা হয়, রেল যদি তার স্রেফ টিকিটবিহীন যাত্রাটুকু রুখতে পারে তাহলে সারা দেশের রেলপথগুলিকে সোনায় মুড়ে দেওয়া যায়। কথাটার নিহিতার্থ বুঝতে অসুবিধে হবার কথা নয়। এই ফাঁকফোকরগুলিকে আগে বন্ধ না করে ১৪ হাজার কোটি টাকা রেলে বিনিয়োগ করা কতটা যুক্তিসংগত? তাছাড়া জনমোহনের সস্তা রাজনীতি করতে গিয়ে যাত্রীভাড়া না বাড়িয়ে দীর্ঘদিন রেলকে রুগ্‌ণ করা হয়েছে। যারা দরিদ্র তাদের জন্য যদি আলাদাভাবে সস্তায় খাদ্য, জ্বালানি ইত্যাদি সরবরাহ করা যায় তাহলে একই উপায়ে সস্তার টিকিটও বিক্রি করা যেত। রেলে এতটা লগ্নির পরিবর্তে তাই নতুন রাস্তা নির্মাণে আরেকটু বেশি বিনিয়োগ করা যেত। তুলনামূলকভাবে বরং একটি ভালো প্রস্তাব, পরিকাঠামো উন্নয়নে প্রতি বছর ধারাবাহিকভাবে ২০ হাজার কোটি টাকার জোগান সুনিশ্চিত করতে 'ন্যাশনাল ইনভেস্টমেন্ট অ্যান্ড ইনফ্রাস্ট্রাকচার ফান্ড' (জাতীয় বিনিয়োগ ও পরিকাঠামো তহবিল) গঠনের বিষয়টি। এছাড়া এই খাতে অর্থের জোগান সুনিশ্চিত করতে কর-সাশ্রয়ী পরিকাঠামো বন্ড আবার ফিরিয়ে আনা যে মধ্যবিত্ত করদাতাদের খুশি করবে সেটা বলা বাহুল্য। পরিকাঠামো উন্নয়নে আরেকটি উল্লেখযোগ্য পরিকল্পনা পাঁচটি ৮০০০ মেগাওয়াট বিশিষ্ট বিদ্যুৎ প্রকল্প গঠন। বাজেট প্রস্তাব অনুযায়ী এই বিদ্যুৎ প্রকল্প গঠনের জন্য বেসরকারি বিনিয়োগকারীদের কাছে দরপত্র আহ্বান করার আগে সরকার প্রকল্প-নির্মাণ সংক্রান্ত যাবতীয় ছাড়পত্রের বন্দোবস্ত করে রাখবেন। ফলে বিনিয়োগকারীরা প্রকল্পের বরাত পাওয়া মাত্র কাজ শুরু করতে পারবেন। পদ্ধতিটিকে বলা হচ্ছে 'প্লাগ অ্যান্ড প্লে'। ভারতে পরিকাঠামো শিল্পে যাঁরা বিনিয়োগ করেন তাঁদের কাছে এই প্রস্তাবের গুরুত্ব অপরিসীম। এর কারণ একেই পরিকাঠামো শিল্পে লগ্নি আর মুনাফা অর্জনের প্রারম্ভ, এই দুইয়ের মধ্যে সময়ের বিস্তর ব্যবধান থাকে, তার উপর লগ্নি শুরু করার পর কাজ শুরু করতেই লেগে যায় অনেকটা সময়। কারণ? তথাকথিত, বহুচর্চিত সেই লাল ফিতের ফাঁস। বিভিন্ন ধরনের ছাড়পত্র (কেন্দ্রীয় ও রাজ্য সরকারের কাছ থেকে ন্যূনতম মোট ৭০ রকমের ছাড়পত্র লাগে একটি পরিকাঠামো নির্মাণ প্রকল্পে) আদায় করতে সময় লেগে যায় অনেকটা। এই সময়টুকু যদি সরকারই বাঁচিয়ে দেবার উদ্যোগ নেয় তাহলে বিনিয়োগকারীদের উৎসাহিত হবারই কথা।

শিল্পক্ষেত্রকে উৎসাহিত করার আরেকটি প্রচলিত রাস্তা আবাসন শিল্পকে উৎসাহিত করা। কারণ এর ফলে আনুষঙ্গিক শিল্পসমূহও উৎসাহ পায়। যেমন সিমেন্ট ও লোহা শিল্প। বেশ কিছুদিন ধরে দেশের আবাসন শিল্পটি ঝিমিয়ে রয়েছে। অর্থমন্ত্রী আবাসন শিল্পকে চাঙ্গা করতে ঘোষণা করেছেন 'সবার জন্য ঘর' প্রকল্পটি চালু করার। এই প্রকল্প অনুসারে দেশের প্রতিটি পরিবার ২০২২ সালের মধ্যে একটি পাকাপোক্ত ঘর পাবে। প্রকল্পটি বাস্তবায়িত করতে হলে ২০২২ সালের মধ্যে শহরাঞ্চলে ২ কোটি এবং গ্রামাঞ্চলে ৪ কোটি বাড়ি বানাতে হবে।

শিল্পমহলকে খুব বেশি চাঙ্গা করা যায় কর কাঠামোর পরিবর্তনের ঘোষণার মাধ্যমে। এর কারণ শিল্প-বিশেষ যে সমস্ত ঘোষণা তাতে সংশ্লিষ্ট শিল্প কিছুটা উপকৃত হলেও কর-কাঠামোর পরিবর্তন সামগ্রিক শিল্পক্ষেত্রের পরিপন্থী হলে সেই সুফল শেষপর্যন্ত খুব একটা কার্যকরী হয় না। শিল্পক্ষেত্রকে সামগ্রিকভাবে উৎসাহিত করার মতো একটি ঘোষণা হয়েছে। কোম্পানি করকে ধাপে

ধাপে ৫ শতাংশ কমানো। অর্থমন্ত্রীর বক্তব্য আমাদের কোম্পানি করের সর্বোচ্চ হারটি ৩০ শতাংশ, যা অন্যান্য এশীয় দেশের চেয়ে বেশি। কিন্তু কার্যত কোম্পানি কর বাবদ যা আয় সরকারের হয় তা মোট কোম্পানি আয়ের ২৩ শতাংশের মতো। এই যে ব্যবধান, এটা ঘটে নানারকম ছাড়ের সুযোগের জন্য। অর্থমন্ত্রী তাই প্রস্তাব করেছেন আগামী চার বছরে কোম্পানি কর ধাপে ধাপে ৩০ শতাংশ থেকে কমিয়ে ২৫ শতাংশ করবেন এবং সেই সঙ্গে প্রত্যাহার করে নেওয়া হবে ছাড়ের সুবিধাগুলি। তবে এই প্রস্তাবের আশু কিছু ফল অর্থনীতি এখনই পাবে না কারণ এই পরিবর্তন চালু হবে ২০১৬ সালের ১ এপ্রিল থেকে। এখনই যেটা শিল্পক্ষেত্রের উপর প্রভাব ফেলবে সেটা সারচার্জের বৃদ্ধি, যেটা ৫ শতাংশ থেকে বাড়িয়ে ৭ শতাংশ করা হয়েছে সেইসব সংস্থার ক্ষেত্রে যাদের বার্ষিক আয় ১ কোটি টাকা থেকে ১০ কোটি টাকা এবং ১০ শতাংশ থেকে বাড়িয়ে ১২ শতাংশ করা হয়েছে সেই সব সংস্থার ক্ষেত্রে যাদের আয় ১০ কোটি টাকার বেশি। তবে এদেশে কার্যরত বিদেশি কোম্পানিগুলির ক্ষেত্রে কিন্তু কোনও পরিবর্তন আনা হয়নি। এর ফলে বিদেশি বিনিয়োগ হয়তো বাড়বে। আমাদের মতো দেশে ক্ষুদ্র শিল্পের বিশেষ গুরুত্ব এইখানে যে এই শিল্প কেবল আয় বৃদ্ধি করে না, সামাল দেয় কর্মহীনতার মতো সমস্যাকেও। তবে কৃষির মতো ক্ষুদ্র শিল্পেরও উন্নতির পথে প্রধান প্রতিবন্ধক ঋণ। এই ঋণ সমস্যার সমাধানের জন্য ১৯৮৯ সালে স্থাপন করা হয়েছিল সিডবি (স্মল ইন্ড্রাস্ট্রিজ ডেভেলপমেন্ট ব্যাংক অব ইন্ডিয়া)। ২০০০ সালে ক্ষুদ্র ও অতিক্ষুদ্র শিল্পসংস্থাগুলির জন্য সিডবি ও ভারত সরকারের যৌথ উদ্যোগে গঠন করা হয় ক্রেডিট গ্যারান্টি ফান্ড স্কিম ফর মাইক্রো অ্যান্ড স্মল এন্টারপ্রাইজেস। এবারে এই তালিকায় নতুন সংযোজনের নাম মুদ্রা (মাইক্রো ইউনিটস ডেভেলপমেন্ট রিফাইন্যান্স এজেন্সি) ব্যাংক। এই ব্যাংকের প্রাথমিক মূলধন হিসেবে ২০ হাজার কোটি টাকা বরাদ্দ করেছেন অর্থমন্ত্রী। এই ব্যাংক প্রধানত তফশিলি জাতি ও উপজাতি সম্প্রদায়ভুক্ত উদ্যোগীদের ঋণ প্রয়োজন মেটাবে।

উৎপাদন ক্ষেত্রের তৃতীয় নাম হিসেবে এবার আসবে পরিষেবা ক্ষেত্র। বর্তমানে ভারতীয় অর্থনীতির সবচেয়ে দ্রুত প্রসারণশীল ক্ষেত্র এটিই। হয়তো বা এই কারণেই পরিষেবা ক্ষেত্রের জন্য আলাদা করে কোনও ব্যবস্থা গ্রহণের প্রয়োজন আছে বলে মনে করেননি অর্থমন্ত্রী। তবে এই ক্ষেত্রের দ্রুত বৃদ্ধিকে ব্যবহারের জন্য হয়তো পরিষেবা করের হার বাড়িয়েছেন।

সব মিলিয়ে অর্থনীতির বৃদ্ধির যে লক্ষ্যের কথা বলেছেন, বিভিন্ন বাজেট প্রস্তাব সেই লক্ষ্য পূরণে কতটা সহায়ক হবে তা নিয়ে সংশয় আছে। সংশয় যেটা নিয়ে নেই, সেটা হল অর্থনীতির কোনও বৈপ্লবিক পরিবর্তন এই বাজেট হাতে নিয়ে প্রত্যাশা করা যায় না।

## বৃদ্ধির সুফল বণ্টন

গরিব দেশের পুঁজি কম। তাই একদিক সামলাতে গেলে অন্যদিকে টান পড়ে। স্বাধীনতার পর আমাদের দেশের নেতৃবৃন্দ তাই একটি অত্যাশ্চর্য তত্ত্বের জন্ম দিয়েছিলেন—চুঁইয়ে পড়ার তত্ত্ব। চুঁইয়ে পড়ার এই তত্ত্বানুযায়ী অর্থনীতির বৃদ্ধির উপর জোর দিলে সেই বৃদ্ধির সুফল আপনা থেকেই চুঁইয়ে চুঁইয়ে সমাজের গরিব শ্রেণির উপর গিয়ে পড়বে। কিন্তু এই তত্ত্ব যে কাজ করছে না তা স্বাধীনতা-পরবর্তী দু'দশকের মধ্যেই বোঝা গিয়েছিল। তাই তৃতীয় পরিকল্পনা থেকেই দারিদ্র দূরীকরণের বিশেষায়িত লক্ষ্য নিয়ে প্রকল্প সাজানো শুরু হয়।

সময়ের সঙ্গে সঙ্গে আমরা দেখছি চিকিৎসার খরচ ক্রমশই মহার্ঘ হয়ে উঠছে। সমাজের একটা শ্রেণির মানুষ, মধ্যবিত্ত ও ধনী যারা, তারা এই সমস্যার সামাল দিচ্ছে স্বাস্থ্যবিমার মাধ্যমে। কিন্তু সে সুযোগ কম গরিব মানুষের। সুযোগ কম প্রবীণদের, এমনকী যদি তাদের হাতে যথেষ্ট টাকাও থাকে। গরিব মানুষদের স্বাস্থ্যবিমার কিস্তি মেটানোর টাকা থাকে না আর প্রবীণ মানুষদের স্বাস্থ্যবিমার সুযোগ দিতে চায় না বিমা কোম্পানিগুলিই। এই বিমা সমস্যার সমাধান করতে প্রবীণ নাগরিকদের চিকিৎসাবাবদ ৮০ হাজার টাকা পর্যন্ত (যেটা আগে ছিল ৬০ হাজার টাকা) খরচকে কর ছাড়ের সুযোগ দেওয়া হবে। কিন্তু গরিব মানুষদের জন্য এই ব্যাপারে কোনও প্রকল্পের কথা ভাবা হয়নি। বস্তুত স্বাস্থ্যখাতে বরাদ্দের পরিমাণ এবারের বাজেটে কমিয়ে দেওয়া হয়েছে। গত বাজেটে (তাও যেটি পূর্ণাঙ্গ বাজেট ছিল না) বরাদ্দের অঙ্কটি ছিল ৩৫,১৬৩ কোটি টাকা, এবারে ৩৩,১৫২ কোটি টাকা। একই ঘটনা ঘটেছে শিক্ষা বরাদ্দের ক্ষেত্রে। সেখানে বরাদ্দ সরাসরি কমানো হয়নি ঠিকই, কিন্তু গত বাজেটে বরাদ্দ ছিল ৬৮,২৬৮ কোটি টাকা, এবারে ৬৮,৯৬৮ কোটি টাকা। অথচ, শিক্ষা, স্বাস্থ্য—মানবসম্পদ উন্নয়নের এগুলি প্রাথমিক শর্ত।

তবে এর অর্থ এই নয় যে সামাজিক সুরক্ষার ভাবনাটিকে পুরোপুরি নস্যাৎ করে দেওয়া হয়েছে। হয়নি, বরং যে সরকারের শিল্পবন্ধু হিসেবে একটা তকমা আছে তাদের সামাজিক সুরক্ষায় এত বেশি গুরুত্ব আরোপ অনেককেই বিস্মিত করেছে। যেমন গরিব মানুষদের জন্য মাসিক মাত্র ১ টাকা কিস্তিতে চালু করা হয়েছে দুর্ঘটনা বিমা, প্রধানমন্ত্রী বিমা সুরক্ষা যোজনা, যাতে বিমা গ্রাহকের দুর্ঘটনায় মৃত্যু হলে পাওয়া যাবে ২ লক্ষ টাকা। চালু করা হয়েছে প্রধানমন্ত্রী জীবন জ্যোতি বিমা যোজনা, যেখানে বার্ষিক ৩৩০ টাকা কিস্তির বিনিময়ে পাওয়া যাবে ২ লক্ষ টাকার জীবনবিমা সুরক্ষা। প্রবীণ নাগরিকদের জন্য তৈরি করা হচ্ছে 'সিনিয়র সিটিজেন্স ওয়েলফেয়ার ফান্ড' (প্রবীণ নাগরিক কল্যাণ তহবিল)।

উপরোক্ত প্রতিটি যোজনাই সাধুবাদযোগ্য। কিন্তু যদি লক্ষ করে দেখা যায়, দেখা যাবে এতে সরকারের আর্থিক দায়ভার চাপছে খুবই কম। সিনিয়র সিটিজেন্স ওয়েলফেয়ার ফান্ডটি তৈরি করা হবে পাবলিক প্রভিডেন্ট ফান্ড ও এমপ্লয়িজ প্রভিডেন্ট ফান্ডের দীর্ঘদিন দাবিহীন অবস্থায় পড়ে থাকা (যথাক্রমে ৩০০০ ও ৬০০০ কোটি ) টাকার সাহায্যে। অর্থাৎ এখানে খরচ শূন্য। বাকি রইল বিমার কিস্তি বাবদ টাকা। সে আর কতটুকু? সস্তায় বাজিমাত করার এক অপূর্ব নিদর্শন।

এবারে আসা যাক মহাত্মা গান্ধী গ্রামীণ কর্মনিশ্চয়া প্রকল্পের প্রসঙ্গে। প্রথমেই বলা যাক বরাদ্দ বৃদ্ধির কথা। বৃদ্ধির পরিমাণ ৬৯৯ কোটি টাকা। বিগত ভাঙা বাজেটে বরাদ্দ ছিল ৩৪০০০ কোটি টাকা। এবারে ৩৪৬৯৯ কোটি টাকা। আর্থিক অঙ্কের বিচারে এটি বৃদ্ধি ঠিকই, কিন্তু মুদ্রাস্ফীতির কথা মাথায় রাখতে হবে।

সামাজিক সুরক্ষা খাতে নতুন আরেকটি সংযোজন ঘটল পেনশন যোজনা। যারা চলতি বছরের মধ্যে এই প্রকল্পে যোগ দেবে তাদের বার্ষিক কিস্তির ৫০ শতাংশ বা ১০০০ টাকা, যেটি কম হবে, সেটি সরকার দেবে এবং এই সুরক্ষা দেওয়া হবে পরবর্তী পাঁচ বছর পর্যন্ত। খুব ভালো এই প্রস্তাব। কিন্তু গরিব মানুষ পাঁচ বছর পরেই বা কীভাবে এই যোজনা চালিয়ে নিয়ে যাবে? বার্ষিক কিস্তি কত টাকা হলে কত টাকা পেনশন পাওয়া যাবে, কত বছর বয়স থেকে? এই পেনশন ফান্ডের তত্ত্বাবধান করবে কোন সংস্থা? টাকাটা কি শেয়ার বাজারে লগ্নি করা হবে? এসব প্রশ্নের উত্তর যতক্ষণ না পাওয়া যাচ্ছে ততক্ষণ কিন্তু এই প্রকল্পটির সম্বন্ধেও সুস্পষ্ট সিদ্ধান্তে আসা কঠিন।

সব মিলিয়ে বৃদ্ধির দিকে তাকাতে গিয়ে সামাজিক সুরক্ষা জালটি থেকে সরকার একেবারে চোখ সরিয়ে নেয়নি, এই মুহূর্তে ১১০ কোটির ভারতবর্ষের এটিই ভরসা।

## দুই

অর্থমন্ত্রীর বাজেটের দ্বিতীয় পর্বের সূত্রপাত কর প্রস্তাব নিয়ে। আমরাও সেখান থেকে শুরু করব। এই ব্যাপারে মধ্য ও উচ্চবিত্ত আমজনতার, মানে যাঁরা খবরের কাগজে বাজেট পড়েন ও টিভিতে বাজেট শোনেন, তাঁদের প্রধান আকর্ষণের জায়গা প্রত্যক্ষ কর কাঠামো, আরও পরিষ্কার করে বললে আয়কর ও কোম্পানি কর নিয়ে। এখানে বিশেষ খুশির খবর শোনাতে পারেননি অর্থমন্ত্রী।

আয়কর কাঠামোর কোনও পরিবর্তন ঘটানো হয়নি, দু'একটি ছোটখাট ছাড়ের সুযোগ করে দেওয়া ছাড়া। ব্যক্তিগত আয়করের ক্ষেত্রে যে ছাড়গুলি দেওয়া হয়েছে সেগুলি বেশ ইতিবাচক। স্বাস্থ্যবিমাবাবদ করছাড়ের সীমা বাড়ানো হয়েছে। সঠিক সিদ্ধান্ত। পরিকাঠামো বন্ডকে ফিরিয়ে আনা হয়েছে। বেশ ভালো। কেবলমাত্র গৃহঋণবাবদ ছাড়ের সীমাগুলি আরেকটু সম্প্রসারিত করা হলে সেটা আবাসন শিল্পকে বাড়তি প্রণোদনা জোগাত। আবার সম্পদ কর তুলে দিয়ে, পরিবর্তে যাদের বার্ষিক আয় এক কোটি টাকার উপর তাদের কাছ থেকে ২ শতাংশ হারে সারচার্জ আদায়ের সিদ্ধান্তটিও বেশ ভালো। সম্পদ কর বাবদ আয় হচ্ছিল বছরে ১ হাজার কোটি টাকার মতো। পরিবর্ত ব্যবস্থায়, মনে করা হচ্ছে, আয় হবে ৯ হাজার কোটি টাকা। এটা বড় কথা তো বটেই, তার চেয়ে বড় কথা এই ব্যবস্থা প্রগতিশীল কর কাঠামোর অনুপন্থী। সম্পদ কর প্রযোজ্য ছিল আয় নির্বিশেষে সব ধরনের মানুষের উপর। নতুন ব্যবস্থায় যার আয় বেশি সে কর দেবে বেশি।

ব্যক্তিগত আয়কর বাদ দিলে কোম্পানি আয়করের প্রসঙ্গটি আমরা ইতিপূর্বেই আলোচনা করেছি। শিল্পবিকাশের ক্ষেত্রে তার সম্ভাব্য প্রভাবও আলোচনা করেছি। এসবের সঙ্গে আমজনতার সম্পর্ক কম। বরং যেটার সঙ্গে আমজনতার সম্পর্ক বেশি সেই পরিষেবা করও বাড়ানো হয়েছে।

করের এইসব পরিবর্তনের মূল লক্ষ্য রাজকোষ ঘাটতিকে লাগামের মধ্যে বেঁধে রাখা। রাজকোষ ঘাটতি সহজ কথায় সরকারের আয়-ব্যয়ের ঘাটতি। কিন্তু এইসব পরিবর্তনের মাধ্যমেও ঘাটতির অঙ্কটিকে যেখানে বেঁধে রাখার কথা ছিল সেখানে রাখতে পারবেন না। যে 'রাজকোষ দায়বদ্ধতা ও বাজেট পরিচালন' আইন অনুযায়ী এই কাজটি করার কথা, সেই আইন অনুযায়ী আগামী আর্থিক বছরে রাজকোষ ঘাটতিকে ৩.৬ শতাংশে বেঁধে রাখতে হত। অর্থমন্ত্রী নিজের জন্য যে লক্ষ্যমাত্রা নির্ধারণ করেছেন সেটি ৩.৯ শতাংশ। সরকার এই যে বিনিয়োগের থলি নিয়ে ঝাঁপিয়ে পড়ল না অর্থনীতির বৃদ্ধির লক্ষ্যে সেটার অন্যতম প্রধান কারণ তো রাজকোষ ঘাটতিকে বেঁধে রাখার লক্ষ্যমাত্রাটিকে ছোঁয়া। তা সেটাও পারল না কেন? পরিসংখ্যান বলছে গত বাজেটে অর্থমন্ত্রী রাজস্ব আদায়ের যে লক্ষ্য নিয়েছিলেন সেটা পূরণ করতে পারেননি। রাজস্ব আদায় হয়েছে লক্ষ্যমাত্রার চেয়ে প্রায় ১ লক্ষ কোটি টাকা কম। কেন এমন হল? বলা হচ্ছে, দেশের আর্থিক বৃদ্ধি যথেষ্ট হয়নি। সত্যি কথা। হয়নি বলেই বৃদ্ধির একটি উজ্জ্বলতর ছবি তুলে ধরতে জাতীয় আয় পরিমাপের ভিত্তিবর্ষটি পালটাতে (আগে ছিল ২০০৪-০৫, করা হল ২০১১-১২) হয়েছে। পালটানোর ফলে ৪.৭ শতাংশ বৃদ্ধির হারটিকে ৭.৪ শতাংশ দেখানো যাচ্ছে। কিন্তু আর্থিক বৃদ্ধি যথেষ্ট না হওয়াটাই রাজস্ব আদায় কম হবার একমাত্র কারণ নয়। আরও যেটা বড় কারণ, সেটা আসলে, ডাক্তারি পরিভাষায়, 'ক্রনিক ডিজিজ', সেটা হল কর আদায়ে ব্যর্থতা। যে ব্যর্থতা আছে বলেই আবার কালো টাকার এত বাড়বাড়ন্ত। এই ব্যর্থতার আবার দুটি কারণ। এক, কর কাঠামোয় অসংখ্য ছাড়ের সুযোগ তৈরি করে রাখা। দুই, কর আদায়ে প্রশাসনিক গাফিলতি, যে গাফিলতির মধ্যে পড়ে কর্তব্যে অবহেলা ও দুর্নীতি। ব্যর্থতা কাটাবার একটা ইঙ্গিত অর্থমন্ত্রী দিয়েছেন কর ছাড়ের সুবিধা প্রত্যাহারের আগাম সতর্কতা জারি করে। কিন্তু বিড়ালের গলায় আসল ঘণ্টাটা বাঁধার কী হবে? কীভাবে আটকাবেন দুর্নীতি?

কালো টাকা মানে তো আর কালো রঙের টাকা নয়। কালো টাকা মানে কর ফাঁকি দেওয়া টাকা। কর ফাঁকি বন্ধ করে কালো টাকার জন্ম আটকাতে নতুন বিল আনার কথা বলেছেন অর্থমন্ত্রী। সেই প্রস্তাবিত বিলের উল্লেখযোগ্য বৈশিষ্ট্য কী হবে, বাজেট ভাষণে সে কথারও উল্লেখ করেছেন। সেই ভাষণ থেকেই জানা যাচ্ছে এর একটি ধারা হবে এমন—কোনও ব্যক্তি, সংস্থা, ব্যাংক বা কোনও আর্থিক প্রতিষ্ঠান, যে বা যাঁরা এই ধরনের কাজের সঙ্গে যুক্ত থাকবেন তাঁদের উপযুক্ত শাস্তি ও জরিমানার ব্যবস্থা করা হবে। এই যে 'কোনও ব্যক্তি' শব্দটি, সেটি যদি কোনও কর-প্রশাসনের আধিকারিক হন, তাহলে কি তিনিও সমপরিমাণ শাস্তি ও জরিমানার যোগ্য হবেন? আইন হয়তো তাই বলবে। কিন্তু সেটুকুই বোধহয় যথেষ্ট নয়। যার চোর ধরার কথা, তিনিই যদি চুরিতে সাহায্য করেন এবং ধরা পড়েন, তাহলে তার শাস্তি হওয়া উচিত বহুগুণ বেশি। আমাদের অর্থমন্ত্রী ব্যক্তিগত পেশায় আইনজীবী, ফলে তিনি অনেক বেশি জানেন যে বড় বড় কর ফাঁকির যে সমস্ত ঘটনা ঘটে, যার ফলে দেশে কালো টাকার এত রমরমা, সেই সমস্ত ঘটনার পিছনে প্রত্যক্ষ মদত থাকে।

কালো টাকা উদ্ধারের চেষ্টা এদেশে নতুন নয়, যেমন নতুন নয় সে সব উদ্যোগের ব্যর্থতার কথা। কালো টাকা উদ্ধারে আইনও আছে। সে আইনে ফাঁক আছে বলেই নতুন আইন প্রণয়নের চেষ্টা হচ্ছে। ❑

[লেখক নেতাজি মহাবিদ্যালয়-এর অর্থনীতি বিভাগের সহকারী অধ্যাপক।]

প্র | চ্ছ | দ | নি | ব | ন্ধ

# কৃষিক্ষেত্র কি এবার রাজ্যগুলির মর্জি নির্ভর হয়ে পড়বে

*সদিচ্ছা থাকলেও প্রাপ্তি শোচনীয়ভাবে কম। ২০১৫-১৬ আর্থিক বছরের বাজেটে কৃষিক্ষেত্রের পাওনা কী? এ নিয়ে যেকোনও প্রশ্নের উত্তর এটাই। সেচ, কৃষিঋণ, মাটির স্বাস্থ্য পরীক্ষা, গ্রামীণ পরিকাঠামো, উৎপাদিত ফসলের জন্য কৃষকদের ন্যায্য মূল্য ফিরিয়ে দেওয়া সহ কৃষক ও কৃষিব্যবস্থার মৌলিক সমস্যাগুলির সমাধানের একগুচ্ছ ব্যবস্থার কথা ঘোষণা করা হয়েছে বাজেটে। কিন্তু সংশ্লিষ্ট প্রকল্পগুলিতে বরাদ্দ নিতান্তই কম। এমনকী রাষ্ট্রীয় কৃষি বিকাশ যোজনা এবং জাতীয় খাদ্য সুরক্ষা মিশনের মতো ফ্ল্যাগশিপ কর্মসূচির বরাদ্দেও কাটছাঁট। তার পরিবর্তে চতুর্দশ অর্থ কমিশনের সুপারিশের সুবাদে আরও বেশি পরিমাণে রাজস্ব আসায় রাজ্যগুলিকেও কৃষি প্রকল্পগুলিতে অর্থ চালানোও আহ্বান জানিয়েছে অর্থমন্ত্রী। বেশিরভাগ রাজ্যের ওপরই যেখানে বিপুল পরিমাণে ঋণের বোঝা, সেখানে রাজ্যগুলি কি পারবে এই আহ্বানে সাড়া দিতে? তাহলে কী হবে কৃষি প্রকল্পগুলির ভবিষ্যৎ—খতিয়ে দেখেছেন* **ভুবন ভাস্কর।**

অর্থমন্ত্রী সংসদে যখন ২০১৫-১৬ আর্থিক বছরের কেন্দ্রীয় বাজেট পেশ করছিলেন তখন আম-নাগরিকের পাশাপাশি বিভিন্ন প্রতিষ্ঠান, বিশেষজ্ঞমহল ও অর্থনীতিবিদরাও অনেক আশা নিয়ে বসেছিলেন। এই বাজেটের মাধ্যমে ভারতীয় অর্থনীতির যাত্রাপথে এক নতুন যুগের সূচনা করার সুবর্ণ সুযোগ ছিল—এমনটাই সবাই বলেছিলেন। বিশেষ করে, ২০১৪-১৫-র আর্থিক সমীক্ষায় সেখানে ৮.৫ শতাংশ আর্থিক বিকাশের পূর্বাভাসের সঙ্গে সঙ্গে দুই অঙ্কের বিকাশহার অর্জনের সোনালি স্বপ্ন ফেরি করা হয়েছে, সেখানে এই বাজেট ঘিরে কৃষিক্ষেত্রের প্রত্যাশা ছিল অনেকখানি। অর্থনৈতিক সমীক্ষা অনুযায়ী কৃষিক্ষেত্রের বর্তমান বিকাশহার ১.১ শতাংশ। কৃষিক্ষেত্রের এই শোচনীয় বিকাশহারকে নিয়ে দেশের অর্থনীতির বিকাশহার দু-অঙ্কে নিয়ে যাওয়া খুবই কঠিন। যাইহোক, বাজেট প্রস্তাবে বিভিন্ন ক্ষেত্রের জন্য বরাদ্দের যে ঘোষণা করা হল তাতে দেখা গেল তার মধ্যে সবচেয়ে বঞ্চিত হয়েছে কৃষিক্ষেত্র।

প্রথমেই কেন্দ্রীয় বাজেট সহায়তার কথায় আসা যাক। ২০১৪-১৫ সালের সংশোধিত হিসাবের তুলনায় ২০১৫-১৬ আর্থিক বছরে কৃষিক্ষেত্রে কেন্দ্রীয় বাজেট সহায়তা একধাপে ১৪.৩ শতাংশ কমিয়েছেন অর্থমন্ত্রী। বাজেট হিসাবের নিরিখে ২০১৪-১৫ সালে কৃষিক্ষেত্রের জন্য যেখানে অর্থবরাদ্দ ছিল ৩১,৩২২ কোটি টাকা সেখানে ২০১৫-১৬ আর্থিক বছরে এই বরাদ্দ ১০.৪ শতাংশ কমিয়ে করা হয়েছে ২৮,০৫০ কোটি টাকা। কৃষিমন্ত্রকের জন্য যে বার্ষিক বরাদ্দ থাকে তার একটা বড় অংশই ব্যয় করা হয় এই মন্ত্রকের ফ্ল্যাগশিপ কর্মসূচি রাষ্ট্রীয় কৃষি বিকাশ যোজনায়। কিন্তু এবার এই যোজনার জন্যও বরাদ্দও অনেক কাটছাঁট করা হয়েছে। ২০১৪-১৫ সালের সংশোধিত হিসেব অনুযায়ী এই যোজনার জন্য সেখানে বরাদ্দ ছিল ৮,৪৪৪ কোটি টাকা সেই এই বাজেটে এই খাতে বরাদ্দ প্রায় অর্ধেক কমিয়ে করা হয়েছে ৪,৫০০ কোটি টাকা। এছাড়া ডাল, তৈলবীজ, গম ও ধানের ফলন বাড়ানোর উদ্দেশ্যে গৃহীত অন্য একটি গুরুত্বপূর্ণ কর্মসূচি জাতীয় খাদ্য সুরক্ষা মিশন (এনএফএসএম) খাতেই ২০১৪-১৫ সালের সংশোধিত হিসাবের তুলনায় ২০১৫-১৬ আর্থিক বছরে ৫৩০ কোটি কমানো হয়েছে। এমনিতে ২০১৪-১৫ সালের বাজেট হিসাবের তুলনায় এই বরাদ্দ ৬৩০ কোটি টাকা কম।

একমাত্র যে কর্মসূচিতে বরাদ্দ লক্ষণীয় ভাবে বেড়েছে তা হল—'প্রধানমন্ত্রী কৃষি সিঁচাই যোজনা'। ২০১৫-১৬ আর্থিক বছরের বাজেট হিসাব অনুযায়ী এই যোজনা পেয়েছে প্রায় ১,৮০০ কোটি টাকা যা পূর্ববর্তী বছরের তুলনায় ১,০০০ কোটি টাকা বেশি। গত আর্থিক বছরে এই পরিকল্পনা বাস্তবায়িত হয়নি। ২০১৫-১৬ সালে বাজেট হিসাবে অন্যান্য সেচ প্রকল্পে বরাদ্দ করা হয়েছে আরও ৩,৫০০ কোটি টাকা। এইভাবে, চলতি আর্থিক বছরে ক্ষুদ্রসেচ, জলবিভাজিকা উন্নয়ন এবং 'প্রধানমন্ত্রী কৃষি সিঁচাই যোজনা' খাতে মোট ৫,৩০০ কোটি টাকা বরাদ্দ করা হয়েছে। কিন্তু এই বরাদ্দ গত বছরের বাজেট হিসাবের তুলনায় ৩২৩ কোটি টাকা কম।

দেশে যেখানে দুই অঙ্কের আর্থিক বিকাশের স্বপ্ন দেখা হচ্ছে সেখানে রুগ্‌ণ কৃষিক্ষেত্রে এভাবে বাজেট বরাদ্দ কাটছাঁট করার পেছনে অর্থমন্ত্রীর কী যুক্তি থাকতে পারে? তাঁর নিজের কথায়—"এই গুরুত্বপূর্ণ ক্ষেত্রে অবদান রাখার জন্য রাজ্যগুলির প্রতি আমি আহ্বান জানাচ্ছি।" এর আগেও বিভিন্ন মঞ্চে অর্থমন্ত্রী বারবার বলেছেন যে চতুর্দশ অর্থ কমিশনের প্রস্তাব অনুযায়ী রাজ্যগুলিকে প্রায় ১,৭৬,০০০ কোটি টাকার কেন্দ্রীয় তহবিল দেওয়ার পর কেন্দ্রের আর্থিক ক্ষমতা এখন সীমিত।

তিনি কিছু ভুল বলেননি। কিন্তু কৃষিক্ষেত্রকে চাঙ্গা করার জন্য রাজ্যগুলি কীভাবে প্রয়োজনীয় অর্থ জোগাতে পারে তার কোনও স্পষ্ট দিক নির্দেশিকা না থাকাটাই বড় চিন্তার কারণ। কৃষিক্ষেত্রে রাজ্যগুলির ব্যয়ের নজির এমনিতেই তেমন আশাপ্রদ নয়। এই বিষয়টি মাথায় রাখলে এ কথাই

বলতে হয় যে অর্থমন্ত্রী যে লক্ষ্য স্থির করে দিয়েছেন তা পুরোপুরি রাজ্যগুলির সদিচ্ছার ওপর নির্ভরশীল এবং এর জন্য কোনও বাস্তবে রূপায়ণযোগ্য প্রস্তাব বা পরিকল্পনা নেই। যেমন বাজেটে গ্রামাঞ্চলের জন্য ঋণের লক্ষ্যমাত্রা লক্ষণীয়ভাবে বাড়ানো হয়েছে; কিন্তু অন্যদিকে, সেচ ও রাষ্ট্রীয় কৃষি বিকাশ যোজনা (আরকেভিওয়াই) এবং জাতীয় খাদ্য সুরক্ষা মিশন (এনএফএসএম)-এর মতো অন্যান্য কেন্দ্রীয় অনুদানপুষ্ট প্রকল্পগুলিতে কেন্দ্রীয় অংশের অর্থ প্রায় ৫,৫০০ কোটি টাকা কমানো হয়েছে। রাজ্যগুলির হাতে সংগৃহীত করের (রাজস্ব) আরও বেশি অংশ আসায় সেই বাড়তি অর্থ এই প্রকল্পগুলিতে ব্যয় করা হবে এই আশা নিয়েই কিন্তু কেন্দ্রের তরফে বাজেটে এই কাটছাঁট।

কেন্দ্র ও রাজ্যের দায়িত্ব ভাগাভাগির ফর্মুলা এখনও স্পষ্ট নয়। তাই রাষ্ট্রীয় কৃষি বিকাশ যোজনা এবং জাতীয় খাদ্য সুরক্ষা মিশনের মতো প্রধান যে সমস্ত কর্মসূচির জোরে ২০০৪-০৫ এবং ২০১৩-১৪ সালের মধ্যবর্তী সময়ে কৃষিক্ষেত্রের বিকাশহার ৩.৫ শতাংশ ছাড়িয়ে গিয়েছিল সেই কর্মসূচিগুলি কিন্তু মার খাবে। কৃষিক্ষেত্রকে পুনরুজ্জীবিত করে তোলার সরকারের যে পরিকল্পনা রয়েছে তা কিন্তু এর ফলেই বানচাল হয়ে যেতে পারে। কৃষিক্ষেত্রে বিপদ ঘনিয়ে এলে তার যা সুদূরপ্রসারী প্রভাব পড়বে শুধুমাত্র অর্থসংকটের দোহাই দিয়ে সেই দায়িত্ব সরকার এড়িয়ে যেতে পারবে না। একাদশ পঞ্চবার্ষিকী পরিকল্পনাকালে (২০০৭-০৮ থেকে ২০১১-১২ সাল পর্যন্ত কালপর্ব) ৪.১ শতাংশ হারে কৃষিক্ষেত্রের বিকাশ ঘটে ছিল। কিন্তু গত তিন বছরে শোচনীয়ভাবে এই হার ১ থেকে ২ শতাংশের মধ্যে ঘোরাফেরা করছে। এবার যদি সরকার ৮ শতাংশ বিকাশের লক্ষ্যমাত্রা অর্জন করেও ফেলে এবং কৃষিক্ষেত্রের উন্নতি না হয় তাহলে দেশ কখনওই সামাজিক ক্ষেত্রের জন্য গৃহীত লক্ষ্যে পৌঁছতে পারবে না। এর ফলে দেশের গ্রামাঞ্চল ও শহরাঞ্চলের এক দুস্তর ব্যবধান তৈরি হবে। কারণ দেশের ৬৫ শতাংশ মানুষ এখনও তাদের রুজিরুটির জন্য কৃষির ওপরই নির্ভর করেন।

এবার আসা যাক গ্রামাঞ্চলে ঋণ বিতরণের প্রসঙ্গে। এই বাজেটে গ্রামাঞ্চলে ৮.৫ লক্ষ কোটি ঋণ বিতরণের লক্ষ্যমাত্রা রাখা হয়েছে, যা পূর্ববর্তী বছরের তুলনায় ৫০,০০০ কোটি টাকা বেশি। সংসদে বাজেট পেশ করার সময় অর্থমন্ত্রী বলেন— "আমাদের কঠোর পরিশ্রমী চাষিভাইদের প্রচেষ্টার মূল্য দিতে চাই কৃষিঋণ এবং আমি ২০১৫-১৬ সালের জন্য ৮.৫ লক্ষ কোটি টাকা ঋণ বিতরণের এক সু-উচ্চ লক্ষ্যমাত্রা ধার্য করছি। ব্যাংকগুলি এই লক্ষ্যমাত্রা অতিক্রম করবে বলে আমি নিশ্চিত।" এখানেও এই লক্ষ্যমাত্রা কীভাবে পূরণ হবে সে নিয়ে একটা বড় প্রশ্ন ওঠে। খাদ্য সংক্রান্ত নীতি বিশেষজ্ঞ দেবিন্দর শর্মা এক সাক্ষাৎকারে একদম সুস্পষ্টভাবে জানিয়েছেন যে ৪ শতাংশ সুদে যে ৮.৫ লক্ষ কোটি টাকা কৃষিঋণ দেওয়া হবে তার ৯৪ শতাংশই আদতে চলে যাবে কৃষি বাণিজ্য শিল্পে। এই বিষয়টিকে অবশ্য অর্থমন্ত্রী মাথায় রেখেছেন। এই কারণেই বিশেষ করে ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকদের কাছে ঋণের সুবিধা পৌঁছে দিতে জাতীয় কৃষি ও গ্রামীণ ব্যাংকের (নাবার্ড) জন্য ১ লক্ষ কোটি টাকা বরাদ্দ রেখে গ্রামীণ ঋণের পরিসরকে আরও সম্প্রসারিত করেছেন। কৃষি ও গ্রামোন্নয়নের লক্ষ্যে নাবার্ডের অধীনে গঠিত বিভিন্ন তহবিলের মধ্যে গ্রামীণ পরিকাঠামো উন্নয়ন তহবিলে (আরআইডিএফ, ২৫,০০০ কোটি টাকা; দীর্ঘমেয়াদি গ্রামীণ ঋণ তহবিলে ১৫,০০০ কোটি টাকা, স্বল্পমেয়াদি সমবায়মূলক গ্রামীণ ঋণ পুনঃপ্রদান (রিফাইন্যান্স) তহবিলে ৪৫,০০০ কোটি টাকা এবং স্বল্পমেয়াদি আরআরবি পুনঃপ্রদান (রিফাইন্যান্স) তহবিলে ১৫,০০০ কোটি টাকা বরাদ্দ করা হয়েছে।

কোনওরকম ঝঞ্ঝাট ছাড়াই কৃষিঋণ প্রদানের মাধ্যমে কৃষিক্ষেত্রকে সহায়তা করাই গ্রামীণ পরিকাঠামো উন্নয়ন তহবিল বা আরআইডিএফ-এর প্রধান লক্ষ্য। এই ঋণদানের ক্ষেত্রে অগ্রাধিকার দেওয়া হয় ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকদের। এই তহবিলে ২৫,০০০ কোটি টাকার বরাদ্দ জারি রাখার ফলে গ্রামাঞ্চলের যোগাযোগ ব্যবস্থারও প্রভূত উন্নতি হবে। ২০১৪ সালের ৩১ মার্চের তথ্য অনুযায়ী এই তহবিল থেকে নাবার্ড মোট যে ঋণ মঞ্জুর করেছিল তার ৪৩ শতাংশ ছিল গ্রামাঞ্চলের যোগাযোগ ব্যবস্থার উন্নতিসাধনে বিভিন্ন সড়ক ও সেতু নির্মাণের উদ্দেশ্যে। কৃষি ও আনুষঙ্গিক ক্ষেত্রের জন্য ৪৩ শতাংশ এবং সামাজিক ক্ষেত্রের বিভিন্ন প্রকল্পের জন্য ১৪ শতাংশ ঋণ মঞ্জুর করা হয়েছিল। অন্ধ্রপ্রদেশ (অবিভক্ত), তামিলনাড়ু, গুজরাট, উত্তরপ্রদেশ, মধ্যপ্রদেশ, পশ্চিমবঙ্গ, রাজস্থানের মতো কয়েকটি রাজ্য আরআইডিএফ থেকে সবচেয়ে উপকৃত হয়েছে। ২০১৫ আর্থিক বছরের ৫,০০০ কোটি টাকার তুলনায় ২০১৬ আর্থিক বছরে যেভাবে দীর্ঘমেয়াদি গ্রামীণ ঋণ তহবিলে বাজেট বরাদ্দ বাড়িয়ে ১৫,০০০ কোটি টাকা করা হয়েছে তাতে কৃষিভিত্তিক ও অনুসারী শিল্প, তথা কৃষি পরিকাঠামোর সঙ্গে যুক্ত সংস্থা ও গুদামঘর নির্মাণে যুক্ত সংস্থাগুলি সবচেয়ে লাভবান হবে বলে ফিচ গ্রুপের ভারতীয় ক্রেডিট রেটিং সংস্থা ইন্ডিয়া রেটিংস অ্যান্ড রিসার্চ (ইন্ডরা) মত প্রকাশ করেছে। যে সমস্ত সমবায় ব্যাংক ও আঞ্চলিক গ্রামীণ ব্যাংক এই ধরনের কর্মকাণ্ডে ঋণদানের জন্য নাবার্ড থেকে সহজ শর্তে ছাড় সহ পুঁজি পাচ্ছে তাদের হাতেও বাড়তি সহায় সম্পদ আসবে। এর ফলে দীর্ঘমেয়াদে কৃষির উৎপাদন ও উৎপাদনশীলতা দুই-ই বাড়বে।

এর পাশাপাশি, নাবার্ডের মূলধনি-ভিত্তি আরও মজবুত করতে ২০১৫-১৬ আর্থিক বছরে ৩০০ কোটি টাকার পুঁজি ঢালার প্রস্তাব গ্রহণ করেছে সরকার। নাবার্ডের চেয়ারম্যান মি. হর্ষ কুমার ভানওয়ালা এই পদক্ষেপকে স্বাগত জানিয়ে বলেছেন ভারতের কৃষিব্যবস্থা যে মৌলিক সমস্যাগুলির মুখোমুখি এই সিদ্ধান্ত সেগুলি মোকাবিলার পথে একটি পদক্ষেপ। তাঁর কথায়—"বিগত বছরগুলিতে কৃষিক্ষেত্রের মোট অভ্যন্তরীণ উৎপাদন বা জিডিপিতে মূলধন সৃষ্টির হার ১৭ শতাংশ থেকে কমে ১৪ শতাংশতে দাঁড়িয়েছে এবং এই ধরনের পদক্ষেপ এই হার বৃদ্ধিতে সাহায্য করবে। এই বৃদ্ধি সম্ভব হলে কৃষিবিদরাও যেকোনও পরিস্থিতি মোকাবিলার জন্য প্রস্তুত থাকবেন।"

তবে গ্রামীণ এলাকার যুব সম্প্রদায়ের কর্মসংস্থানের জন্য ১,৫০০ কোটি টাকার বরাদ্দ যথেষ্ট নয়। নির্বিচারে রাসায়নিক সারের ব্যবহার রোধ করা তথা উৎপাদনশীলতা বৃদ্ধির লক্ষ্যে গৃহীত 'মাটির স্বাস্থ্য কার্ড' বর্তমান সরকারের একান্ত নিজস্ব প্রকল্প। গত বছর এই প্রকল্পখাতে যেখানে বরাদ্দ ছিল ১৫৬ কোটি টাকা চলতি বছরে বাজেট বরাদ্দ বেড়ে হয়েছে ২০০ কোটি টাকা। তিন বছরের মধ্যে ১৪ কোটি ৫০ লক্ষ কৃষকের মধ্যে 'মাটির স্বাস্থ্য কার্ড' (সয়েল হেল্‌থ কার্ড) বিতরণই এই প্রকল্পের লক্ষ্য। গত বাজেট পেশ করার সময় অর্থমন্ত্রী ঘোষণা করেছিলেন যে "সরকার একটি মিশন রূপে প্রত্যেক কৃষকের হাতে মাটির স্বাস্থ্য কার্ড তুলে দেওয়ার জন্য প্রকল্প শুরু করবে। আমি এই উদ্দেশ্যে ১০০ কোটি টাকা নির্দিষ্ট করে রাখছি এবং দেশ জুড়ে ১০০টি ভ্রাম্যমাণ মাটি পরীক্ষাকেন্দ্র গড়ে তোলার জন্য আরও ৫৬ কোটি টাকা বরাদ্দ করছি।" এই বছর প্রকল্প রূপায়ণ প্রতিবেদনে সরকারের তরফে বলা হয়েছে "খুব শীঘ্রই 'মাটির স্বাস্থ্য কার্ড' প্রকল্পটি শুরু করা হবে। ৪৭টি ভ্রাম্যমাণ মাটি পরীক্ষাকেন্দ্র স্থাপনের জন্য ১২টি রাজ্যকে অর্থ প্রদান করা হয়েছে।" এর অর্থ হল কৃষকদের এই কার্ড দেওয়ার কর্মসূচি এখনও শুরুই হয়নি।

দিল্লির ইন্ডিয়ান কাউন্সিল ফর রিসার্চ অন ইন্টারন্যাশনাল ইকনমিক রিলেশনস-এর কৃষি বিষয়ক ইনফোসিস চেয়ার প্রফেসর অশোক গুলাটির মতে—কৃষিক্ষেত্রে গবেষণাখাতে বা লগ্নি হিসাবে বাজেটে যে পরিমাণে অর্থ বরাদ্দ করা হয়েছে তার তুলনায় অনেক বেশি অর্থ প্রয়োজন। পরিকল্পনা ব্যয়ে কোনও তাৎপর্যপূর্ণ বৃদ্ধি ঘটেনি। রাজ্যগুলির হাতে যে বাড়তি অর্থ দেওয়া হচ্ছে (অর্থ কমিশনের সুপারিশ অনুযায়ী রাজস্বের ৩২ শতাংশের পরিবর্তে ৪২ শতাংশ অর্থ প্রদান) সেটাই যা একমাত্র আশার কথা। রাজ্যগুলিকে এবার কৃষি বিষয়ক প্রকল্পগুলির দায়িত্ব নিতে হবে। কিন্তু রাজ্যগুলির ওপর বিপুল পরিমাণ ঋণের বোঝা রয়েছে। কোনও কোনও রাজ্য তো আবার সঠিক সময়ে কর্মীদের বেতনই দিতে পারে না। এই পরিস্থিতিতে তারা কৃষিক্ষেত্রের দায়িত্ব কতখানি নেবে তা নিয়ে সন্দেহ রয়েই যায়।

২০১৫-১৬ আর্থিক বছরের জন্য ভরতুকি খাতে বাজেট বরাদ্দ রাখা হয়েছে ২,৪৩,৮১০.৯৮ কোটি টাকা যেখানে চলতি আর্থিক বছরের (২০১৪-১৫) সংশোধিত হিসেবে এই বরাদ্দ ২,৬৬,৬৯১.৮৪ কোটি টাকা। তবে ভরতুকি খাতে এই হ্রাস পুরোপুরি পেট্রোলিয়ামের ভরতুকির কথা মাথায় রেখে। আন্তর্জাতিক বাজারে তেলের দাম পড়ে আসায় পেট্রোলিয়ামের জন্য ভরতুকি ৩০,০০০ কোটি টাকা কম গুনতে হবে এই হিসাব করে ভরতুকি খাতে বাজেট বরাদ্দে এই কাটছাঁট। সেইসঙ্গে সালফিউরিক অ্যাসিডে আমদানি শুল্ক বা বহিঃশুল্ক ৭.৫ শতাংশ থেকে কমিয়ে ৫ শতাংশ করার ফলে বেশ কিছু কৃষি উপকরণের দাম কমবে। খাদ্য ও সারের ক্ষেত্রে ভরতুকি সামান্য বাড়ানো হয়েছে। মিশ্র-সারের ক্ষেত্রে বার্ষিক ভিত্তিতে ভরতুকি বণ্টন বাড়িয়ে করা হয়েছে ৯ শতাংশ এবং অন্যান্য সারের ক্ষেত্রে গত বছরের তুলনায় ভরতুকি বেড়েছে ৩ শতাংশ। তবে এই বিষয়টি নিয়ে বিশেষজ্ঞরা কিছুটা চিন্তিত। তাঁরা আশা করেছিলেন ভরতুকির বিষয়টিকে আরও যুক্তিসংগত করা হবে। বেশ কিছু সময় ধরে এদেশের কৃষিব্যবস্থা ও কৃষক সম্প্রদায় যে কঠিন পরিস্থিতির সম্মুখীন তার কোনও হেরফের না হওয়ার জন্যই ভরতুকির ব্যবস্থাও অপরিবর্তিত রাখতে হচ্ছে বলে অর্থমন্ত্রী বারবার দাবি করেছেন। নথিভুক্ত জমির বড় অংশ হলে অনাবৃষ্টি হলে এবং সেই সঙ্গে পণ্যের দাম পড়ে গেলে দেশের কৃষিজীবী সম্প্রদায়ের দুর্দশার অন্ত থাকে না। এই পরিপ্রেক্ষিতে, ভরতুকিতে কাটছাঁট করে বাজারের পণ্যের দাম ওঠার আশায় কৃষকদের আয়ের ভাগ্য ফেলে রাখা যে উচিত নয় তা ভালোমতোই জানে সরকার। কৃষকরা যাতে তাদের উৎপাদিত পণ্যের সঠিক মূল্য পান সেজন্য একটি জাতীয় কৃষি বাজার গড়ে তোলার প্রয়োজনীয়তা পুনরায় তুলে ধরেছেন অর্থমন্ত্রী।

তিনি বলেছেন, "কৃষকদের আয় বাড়ানোর জন্য আমাদের একটি জাতীয় কৃষিবাজার গড়ে তোলা আবশ্যক, যেটি কালক্রমে পণ্যের মূল্য স্থিতিশীল করবে। একটি অভিন্ন জাতীয় কৃষিবাজার গঠনের জন্য আমি এই বছরই নীতি আয়োগে রাজ্যগুলির সঙ্গে একযোগে কাজ করতে চাই।" কৃষিক্ষেত্রের সংস্কারে এটি একটি তাৎপর্যপূর্ণ পদক্ষেপ এবং কৃষি বাজারের বিপণন ব্যবস্থাতেও এর অনেকখানি ইতিবাচক প্রভাব পড়বে। এছাড়াও, কেনাবেচার মধ্যস্থতার ক্ষেত্রেও এই নতুন ব্যবস্থা প্রভাব ফেলবে এবং সেই সঙ্গে পণ্য মূল্যের স্থিতিশীলতা বজায় রাখতে সাহায্য করবে। সর্বোপরি কৃষকরা তাঁদের সঠিক মূল্যও পাবেন। কিন্তু সমস্যাটা হল অন্য জায়গায়। এই অভিন্ন কৃষিবাজার গড়ে তোলার জন্য অর্থমন্ত্রী রাজ্যগুলির সঙ্গে একযোগে কাজ করার কথা বলেছেন। এখানেই বিভিন্ন মতবিরোধ দূর করে একটা সমাধানের জায়গায় পৌঁছতে অনাবশ্যক বিলম্ব হতে পারে। গত বছরের বাজেটে একটি জাতীয় কৃষিবাজারের ধারণা প্রথম অনুমোদিত হয় এবং এ ব্যাপারে সরকার যে কার্য-গ্রহণ প্রতিবেদন বা 'অ্যাকশন টেকেন রিপোর্ট' প্রকাশ করেছে তাতে বলা হয়েছে যে—প্রত্যক্ষ বিপণন, চুক্তিচাষ এবং বেসরকারি বাজার গঠনের পথ প্রশস্ত করতে রাজ্যগুলি তাদের এপিএমসি আইন সংশোধন করেছে এবং এর মধ্যে ৯টি রাজ্য এ বিষয়ে বিধিনিয়মও জারি করেছে। একটি আদর্শ আইন আরও উন্নত কোনও আইনের আদলে রাজ্যগুলিকে নিয়মিত সংস্কার কর্মসূচি জারি রাখার জন্য অনুরোধ জানানো হচ্ছে।

২০১৪-১৫ সালের অর্থনৈতিক সমীক্ষায় অষ্টম অধ্যায়ের 'কৃষিজ পণ্যের জন্য একটি জাতীয় বাজার—কিছু সমস্যা এবং সামনের পথ' শিরোনাম কর্ণাটকের একটি দৃষ্টান্ত তুলে ধরে বলা হয়েছে—"কর্ণাটকে ১৫৫টি প্রধান বাজার চত্বরের মধ্যে ৫১টি বাজার চত্বর ৩৫৪টি সংলগ্ন বাজার চত্বরকে একটি একক লাইসেন্সিং ব্যবস্থায় সুসংহত করা হয়েছে রাজ্য সরকার এবং এনসিডিইএক্স স্পট এক্সচেঞ্জ এবং যৌথ উদ্যোগে গঠিত রাষ্ট্রীয় ই-মার্কেট সার্ভিসেস লিমিটেড (আরইএসএল) প্রযুক্তিকে কাজে লাগিয়ে স্বয়ংক্রিয় নিলাম এবং নিলাম পরবর্তী বিভিন্ন পরিষেবা প্রদান (ওজন পরিমাপ, তালিকা

প্রস্তুতি, বাজারের মূল্য সংগ্রহ, হিসাব-নিকাশ), বাজারে বিভিন্ন পণ্যের বিশুদ্ধতা পরীক্ষা, গুদামজাত কৃষিজ পণ্যের বিক্রয়ে সহায়তা, কোনও পণ্যের বাজারে বিনিয়োগে (কমোডিটি ফান্ডিং) সহায়তা এবং পণ্যের মূল্য সম্বন্ধে প্রচারে সহায়তা করে চলছে। ক্ষুদ্র ক্ষুদ্র অংশে বিভক্ত বাজারগুলির পরিবর্তে বিরাট ভৌগোলিক এলাকা জুড়ে অভিন্ন বাজার গড়ে ওঠার ফলে বিপণন পরিকাঠামোতে বেসরকারি বিনিয়োগ আসার পথও খুলে গেছে। এই ধরনের গুরুত্বপূর্ণ সংস্কার কর্মসূচিকে বাস্তবায়িত করতে সরকার অন্য রাজ্যগুলির কাছ থেকেও প্রয়োজনীয় সহায়তা পাবে আমরা শুধু এই আশাই করতে পারি।

এছাড়া বাজেটে গ্রামাঞ্চলে ২০২২ সালের মধ্যে যে ৪ কোটি বসতবাড়ি নির্মাণের কথা ঘোষণা করা হয়েছে তা ভীষণই গুরুত্বপূর্ণ এক পদক্ষেপ এবং গ্রামীণ অর্থনীতিতে এর বহুমুখী প্রভাব পড়বে। কিন্তু এবারের বাজেটে বেশকিছু উপক্ষেত্র বা আনুষঙ্গিক ক্ষেত্রকে (সাব-সেক্টর) যথেষ্ট অবহেলা করা হয়েছে। অর্থমন্ত্রী কৃষকদের আয় বাড়ানোর উপর যথেষ্ট গুরুত্ব দিয়েছেন, আর তার জন্য নানান পন্থার কথাও বলেছেন কিন্তু তিনি খাদ্য প্রক্রিয়াকরণ ক্ষেত্র নিয়ে কোনও কথা বলেননি। দেশের সরকার যখন 'মেক ইন ইন্ডিয়া' বা ভারতকে একটি উৎপাদনকেন্দ্রে পরিণত করার জন্য বিশ্বজুড়ে বার্তা ছড়িয়ে দিচ্ছে তখন খাদ্য প্রক্রিয়াকরণ ক্ষেত্রের জন্যও বড়সড় সংস্কারের ঘোষণা থাকবে বলে আশা করা হয়েছিল। কারণ কেন্দ্রের 'মেক ইন ইন্ডিয়া' অভিযানের আওতায় এই ক্ষেত্রটিতে অগ্রাধিকার প্রাপ্ত ক্ষেত্র হিসাবে চিহ্নিত করা হয়েছিল। কিন্তু ফলমূল শাকসবজিকে হিমঘরে সঞ্চিত করার পূর্ববর্তী কিছু পরিষেবার ওপর থেকে পরিষেবা কর ছাড় ব্যতীত এই ক্ষেত্রের পাওনা কিছুই নেই এই বাজেটে। অর্থমন্ত্রী বলেছেন—এই গুরুত্বপূর্ণ ক্ষেত্রে মূল্য সংযোজনে উৎসাহ দিতে ফলমূল ও শাকসবজি হিমঘরে সঞ্চিত করার পূর্ববর্তী কিছু পরিষেবার ওপর কর ছাড় দেওয়া হচ্ছে। বাজেট নথিতে ব্যাখ্যা করে দেওয়া হয়েছে যে ফলমূল ও শাকসবজির প্রি-কন্ডিশনিং, প্রি-কুলিং, পাকানো, ওয়াক্সিং করা, খুচরো বিক্রয়ের জন্য প্যাকিং এবং লেবেলিং-এর মতো পরিষেবার ক্ষেত্রে এই ছাড় মিলবে। সরকারের তরফে এও স্পষ্ট করে দেওয়া হয়েছে যে রেলপথ, জলপথে ভেসেল বা সড়কপথে একমাত্র চাল ও গমের মতো খাদ্যশস্য, ময়দা, দুধ এবং লবণের—এই কয়েকটি 'খাদ্য সামগ্রী' পরিবহণের ক্ষেত্রেই পরিষেবা করে ছাড় দেওয়া হবে। বাজেট নথিতে সেইসঙ্গে যোগ করে দেওয়া হয়েছে যে কৃষিজ পণ্যের পরিবহণের ওপর পৃথকভাবে ছাড় দেওয়া হয় এবং এই ছাড় বজায় রাখা হবে। সরকার পচনশীল পণ্য সামগ্রীর মূল্য নিয়ন্ত্রণের মধ্যে রাখতে চায় এবং এই সমস্ত ছাড়ের ফলে কৃষকদের হাতে আদৌ কোনও বাড়তি অর্থ আসবে কি না তা নিয়ে সন্দেহ রয়ে যায়।

এই বাজেটে কৃষি রপ্তানি ক্ষেত্রেও ভীষণভাবে হতাশ হয়েছে। কৃষি রপ্তানিতে ভারতের অবস্থান যথেষ্ট মজবুত। তাই এই ক্ষেত্রকে পর্যাপ্ত সহায়তা দিয়ে সরকার এক ঢিলে দুই পাখি মারতে পারত—একদিকে যেমন মূল্যবান বৈদেশিক মুদ্রার উপার্জনের পথ প্রশস্ত করতে পারত তেমনি অন্যদিকে কৃষকদের হাতে তাদের পরিশ্রমের ন্যায্য মূল্য ফিরিয়ে দেওয়ার ব্যবস্থাও করা যেত। কিন্তু বাজেটে এই ব্যাপারে প্রায় কোনও কথাই বলা হয়নি।

শস্য বিমার ক্ষেত্রে অর্থমন্ত্রী নীরব থেকেছেন। কৃষি পরিকাঠামোর সবচেয়ে গুরুত্বপূর্ণ অংশ হল হিমঘর এবং গুদামঘর। বহু ব্র্যান্ড বিশিষ্ট খুচরো ব্যবসায় প্রত্যক্ষ বিদেশি লগ্নির অনুমোদন নিয়ে বিতর্কের পরিপ্রেক্ষিতে হিমঘর বা গুদামঘরের মতো গুরুত্বপূর্ণ ক্ষেত্রগুলিতে লগ্নি পাওয়া একান্ত দরকার। পর্যাপ্ত সংখ্যায় হিমঘর বা গুদামঘর থাকলে কৃষকরা আরও বেশি পরিমাণে উৎপাদিত ফসল সঞ্চয় করে রাখতে পারবেন এবং পরবর্তীকালে তাদের ফসলের জন্য দরাদরি করার শক্ত জমিও পাবেন। এই ক্ষেত্রেও অর্থমন্ত্রী কোনও বাস্তবসম্মত পরিকল্পনা ঘোষণা করবেন এমনটাই আশা করা হয়েছিল। কিন্তু আরআইডিএফ-এর আওতায় গ্রামীণ পরিকাঠামো সংক্রান্ত কিছু আলোচনা ছাড়া এক্ষেত্রেও প্রাপ্তি শূন্য।

সংক্ষেপে বলতে গেলে, সেচ, কৃষিঋণ, মাটির স্বাস্থ্য পরীক্ষা, গ্রামীণ পরিকাঠামো এবং উৎপাদিত ফসলের জন্য কৃষকদের ন্যায্য মূল্য ফিরিয়ে দেওয়াসহ কৃষক ও কৃষিব্যবস্থার মৌলিক সমস্যাগুলির সমাধানের সমস্ত সদিচ্ছাই প্রতিফলিত হয়েছে ২০১৫-১৬ আর্থিক বছরের সাধারণ বাজেটে। কিন্তু সংশ্লিষ্ট প্রকল্পগুলির জন্য বরাদ্দ নিতান্তই কম। এই প্রকল্পগুলির রূপায়ণে রাজ্যগুলির তরফে পরিপূরক ব্যয়ের ওপর নির্ভর করছে কেন্দ্র। কিন্তু এই প্রকল্পগুলিতে ব্যয়ের ব্যাপারে রাজ্যগুলির কোনও বাধ্যবাধকতা নেই। তাই সংশ্লিষ্ট প্রকল্পগুলির ভবিষ্যৎ নিয়ে বড় প্রশ্নচিহ্ন রয়ে যায়। এছাড়াও শস্যবিমা, খাদ্য প্রক্রিয়াকরণ, কৃষি রপ্তানি ও গুদামজাতকরণের মতো গুরুত্বপূর্ণ বিষয়গুলিও এই বাজেটে অবহেলিত রয়ে গেছে, যার ফলে সংশ্লিষ্ট মহল ভীষণভাবে হতাশ। ❑

[লেখক গত দশ বছর ধরে কৃষি ও গ্রামোন্নয়ন সংক্রান্ত বিষয়ে সাংবাদিকতা করছেন। বর্তমানে তিনি NASDAQ-এর সঙ্গে যুক্ত।
email : bhaskarbhuwan@gmail.com]

# ব্যাংকিং ক্ষেত্রে সংস্কার ও বাজেটের ভূমিকা

*দেশের আর্থ-সামাজিক উন্নয়নে ব্যাংকিং শিল্পের ভূমিকা অন্যতম। ব্যাংক জাতীয়করণের পর চার দশকেরও বেশি সময় কেটে গেছে। একাধিক পরিকল্পনার কথা ঘোষণা করা হয়েছে—সব মিলিয়ে এখনও পর্যন্ত দেশে ব্যাংকিং সংক্রান্ত পরীক্ষা-নিরীক্ষা কম হয়নি। এবারের বাজেটে এই ক্ষেত্রের কোন কোন বিষয়ের উপর কতটা গুরুত্ব দেওয়া হয়েছে আলোচনা করছেন* **তপন কুমার ভট্টাচার্য।**

অর্থমন্ত্রী অরুণ জেটলি ২৮ ফেব্রুয়ারি সকাল ১১টায় লোকসভায় পেশ করলেন বর্তমান সরকারের প্রথম পূর্ণাঙ্গ বাজেট। গত বছর নির্বাচনে জিতে সরকার গঠন হবার পর ১০ জুলাই তারিখে তিনি যে বাজেট পেশ করেছিলেন তা ছিল বছরের আংশিক সময়ের বাজেট।

বাজেট হল আগামী অর্থবছরের আয়-ব্যয়ের অগ্রিম হিসাবনিকাশ। আগামী মাসে কোনও ব্যক্তির আয় হতে পারে ২৫,০০০ টাকা আর ব্যয় ২৮,০০০ টাকা। সুতরাং ৩,০০০ টাকার ঘাটতি। এই ঘাটতি পূরণের জন্য ঋণ নিতে হবে অথবা অন্য কোনও সংস্থান করতে হবে। তবে আয়-ব্যয়ের যে হিসাব ধরা হল নানা কারণে তা নাও মিলতে পারে। দেশের বাজেটের ক্ষেত্রেও ব্যাপারটা একই রকম। এখানেও আগামী আর্থিক বছরের জন্য আয়-ব্যয়ের অগ্রিম হিসাব কষা হয়। বাজেটে অর্থমন্ত্রী ২০১৫-১৬ আর্থিক বছরের জন্য ব্যয়ের পরিমাণ ধরেছেন ১৭,৭৭,৪৭৭ কোটি টাকা। এর মধ্যে পরিকল্পনা-বহির্ভূতখাতে ব্যয়ের পরিমাণ ধরা হয়েছে ১৩,১২,২০০ কোটি টাকা এবং পরিকল্পনাখাতে ৪,৬৫,২৭৭ কোটি টাকা। গত বাজেটে এই ব্যয় দুটি ধরা হয়েছিল যথাক্রমে ১২,১৯,৮৯২ কোটি টাকা ও ৫,৭৫,০০০ কোটি টাকা এবং মোট ব্যয় ১৭,৯৪,৮৯২ কোটি টাকা। পরিকল্পনাখাতে বরাদ্দ অর্থে দেশে স্থায়ী পরিকাঠামো গড়ে ওঠে এবং ফলে এই খাতে বেশি বরাদ্দ দেশের দীর্ঘস্থায়ী বিকাশের পক্ষে সহায়ক হয়। বাজেটে আগামী বছরের জন্য আয়ের পরিমাণ ধরা হয়েছে ১২,২১,৮২৮ কোটি টাকা এবং ফলে ঘাটতির পরিমাণ দাঁড়িয়েছে ৫,৫৫,৬৪৯ কোটি টাকা। সরকারকে ঋণ করে এই ঘাটতি মেটাতে হয় এবং এই ঘাটতিকেই বলা হয় রাজকোষ ঘাটতি। ২০১৫-১৬ সালের এই ঘাটতি মোট অভ্যন্তরীণ উৎপাদনের নিরিখে দাঁড়িয়েছে ৩.৯ শতাংশ। গত বাজেটে আয় ও রাজকোষ ঘাটতি ধরা হয়েছিল যথাক্রমে ১২,৬৩,৭১৫ কোটি টাকা ও ৫,৩১,১৭৭ কোটি টাকা এবং রাজকোষ ঘাটতির পরিমাণ দাঁড়িয়েছিল মোট অভ্যন্তরীণ উৎপাদনের ৪.১ শতাংশ। বাজেটে আয়-ব্যয়ের যে হিসাব কষা হচ্ছে এক বছর পরে তা নাও মিলতে পারে। প্রকৃত চিত্রটা জানা যায় দু'বছর পর।

অর্থমন্ত্রী বাজেট পেশের সূচনাপর্বে দেশের অর্থনীতির এক উজ্জ্বল চিত্র তুলে ধরেছেন। অর্থমন্ত্রী জানিয়েছেন ২০১৪-১৫ সালে জিডিপি বা মোট অভ্যন্তরীণ উৎপাদন বৃদ্ধির হার দাঁড়াবে ৭.৪ শতাংশ এবং তিনি আশা ব্যক্ত করেছেন ২০১৫-১৬ সালে এই হার আরও বেড়ে দাঁড়াবে ৮ থেকে ৮.৫ শতাংশ। ফলে অচিরেই বৃদ্ধির ক্ষেত্রে আমরা দু'অঙ্কের লক্ষ্যমাত্রা অর্জন করতে সক্ষম হব। এছাড়া মুদ্রাস্ফীতি কমে আসাতেও তিনি সন্তোষ প্রকাশ করেছেন। সর্বশেষ পরিসংখ্যান অনুযায়ী ভোগ্যপণ্যের মূল্যস্ফীতি দাঁড়িয়েছে ৫.১ শতাংশ এবং পাইকারি মূল্যসূচক তো বাড়েইনি, উলটে কমেছে। চলতিখাতে ঘাটতিও জাতীয় আয়ের ১.৩ শতাংশের নীচে নেমে আসবে বলে আশা প্রকাশ করা হয়েছে। এপ্রিল, ২০১৪-র পর থেকে দেশে এসেছে ৫৫ বিলিয়ন ডলারের বিদেশি মুদ্রা। বিদেশি মুদ্রার এই অনুকূল প্রবাহে আমাদের এই মুদ্রা-ভাণ্ডারটি পূর্বের সমস্ত রেকর্ড ছাপিয়ে ৩৪০ বিলিয়ন ডলারে পৌঁছে গিয়েছে। এর ফলে একদিকে ভারতীয় মুদ্রা শক্তিশালী হয়েছে এবং অন্যদিকে বিশ্ব-অর্থনীতিতে আমাদের সম্মানটাও বেড়ে গিয়েছে।

অর্থমন্ত্রী জানিয়েছেন, এই আর্থিক সমৃদ্ধিকে তিনি দেশের সার্বিক বিকাশের লক্ষ্যে কাজে লাগাতে চান। অর্থাৎ এই সমৃদ্ধিকে তিনি দেশের কোটি কোটি মানুষের সঙ্গে ভাগ করে নিতে চান। সাধারণ মানুষের জন্য তিনি বাজেটে ঘোষণা করেছেন একাধিক সামাজিক কর্মসূচি। একই সঙ্গে তাঁর লক্ষ্য দেশের লক্ষ লক্ষ মানুষের জন্য কাজের সুযোগ বাড়িয়ে দেশ থেকে দারিদ্র দূর করা, আর এই কাজে দেশের ব্যাংকগুলিকে সহযোগী করেই তিনি এগোতে চান। কারণ গ্রামেগঞ্জে ব্যাংকগুলির যে অসংখ্য শাখা স্থাপিত হয়েছে সেগুলির মাধ্যমেই এইসব মানুষের কাছে সরাসরি সরকারের অনুদান ও অন্যান্য পরিষেবা পৌঁছে দেওয়া সম্ভব। কারণ গরিব মানুষের জন্য সরকারি প্রকল্পের অর্থ অনেকটাই ফড়েদের পকেটে ঢুকছে এবং বিভিন্ন সামাজিক প্রকল্পে কোটি কোটি টাকা খরচ হলেও তার সামাজিক প্রতিফলন ঘটছে না।

## জন-ধন যোজনা

গরিব মানুষের কাছে সমৃদ্ধির ছোঁয়া পৌঁছে দিতে প্রয়োজন এইসব মানুষের ব্যাংক অ্যাকাউন্ট। কিন্তু ব্যাংক জাতীয়করণের পর চার দশকের বেশি সময় অতিক্রান্ত হলেও এবং গ্রামেগঞ্জে ব্যাংকের অসংখ্য শাখা স্থাপিত হলেও দেশের অর্ধেকের বেশি মানুষই এখনও ব্যাংকগুলির ছত্রচ্ছায়ার বাইরেই রয়ে গিয়েছেন। এর ফলে চিটফান্ডে টাকা রেখে তাঁরা যেমন সর্বস্বান্ত হচ্ছেন, অন্যদিকে ঋণের জন্য চড়া-সুদের মহাজনদের দ্বারস্থ হয়ে ঋণের জালে জড়িয়ে পড়ছেন এবং সর্বোপরি সরকারের অনুদানের টাকার পুরোটাও তাঁদের হাতে এসে পৌঁছচ্ছে না। দেশের সমস্ত মানুষকে ব্যাংকের ছাতার তলায় আনতে মাননীয় প্রধানমন্ত্রী ১৫ আগস্ট ২০১৪ তারিখে স্বাধীনতা দিবসের বক্তৃতায় ঘোষণা করেন 'জন-ধন প্রকল্প'। এই প্রকল্পে মানুষ কোনও প্রাথমিক জমা না দিয়েই শূন্য ব্যালান্সে ব্যাংকে অ্যাকাউন্ট খুলতে পারবেন। 'কে ওয়াই সি' সংক্রান্ত হাজারো হ্যাপা পোয়াবার প্রয়োজন নেই, ন্যূনতম কাগজপত্র জমা দিয়েই অ্যাকাউন্ট খোলা যাবে। এমনকী সই করতে না পারলেও চলবে, রয়েছে বায়োমেট্রিক ব্যবস্থা। এই ব্যবস্থায় আঙুলের ছাপ দিয়ে লেনদেন করা যাবে। গ্রাহকদের দেওয়া হবে 'রু-পে' ডেবিট কার্ড এবং এই কার্ড ব্যবহার করে তাঁরা এটিএম থেকে টাকা তুলতে পারবেন। তাছাড়া গ্রাহকরা কোনও প্রিমিয়াম না দিয়েই ৩০ হাজার টাকার জীবনবিমার সুবিধা পাবেন আর ছ'মাস অ্যাকাউন্ট ঠিকঠাক চালাতে পারলে ৫ হাজার টাকা পর্যন্ত ঋণও পাবেন। অর্থমন্ত্রী শ্লাঘার সঙ্গে বলেছেন মাত্র ১০০ দিনের মধ্যে দেশের ১২.৫ কোটি পরিবারকে জন-ধন প্রকল্পের আওতায় নিয়ে আসা সম্ভব হয়েছে।

জন-ধন প্রকল্পটিকে দেশের কোনায় কোনায় ছড়িয়ে দিতে অর্থমন্ত্রী ডাকবিভাগের বিশাল নেটওয়ার্কটিকে কাজে লাগানোর কথা বাজেটে উল্লেখ করেছেন। সারা দেশে রয়েছে ১,৫৪,০০০টি ডাকঘর এবং এগুলি পেমেন্ট ব্যাংক হিসেবে কাজ শুরু করলে জন-ধন প্রকল্পটিকে পুরোপুরি সফল করে তোলা সম্ভব। উল্লেখ্য, গত বছরের বাজেটে অর্থমন্ত্রী দেশে পেমেন্ট ব্যাংক এবং স্মল ব্যাংক স্থাপন করার কথা ঘোষণা করেছিলেন।

## কৃষিক্ষেত্রে ব্যাংক-ঋণ

প্রতি বছরের মতো এবারও বাজেটে অর্থমন্ত্রী কৃষিক্ষেত্রে ব্যাংক-ঋণের লক্ষ্যমাত্রা ধার্য করেছেন। ২০১৫-১৬ অর্থ বছরের জন্য তিনি এই লক্ষ্যমাত্রা রেখেছেন ৮.৫ লক্ষ কোটি টাকা। গত বছর জুলাই মাসে পেশ করা বাজেটে তিনি কৃষি-ঋণের লক্ষ্যমাত্রা রেখেছিলেন ৭ লক্ষ কোটি টাকা। দেশের অর্থনীতির সবচেয়ে গুরুত্বপূর্ণ ক্ষেত্রটি হল কৃষিক্ষেত্র। কারণ কৃষিকে কেন্দ্র করেই আবর্তিত হচ্ছে দেশের অর্থনীতি। দেশের জাতীয় আয়ের মাত্র ১৬ শতাংশ এই ক্ষেত্রটি থেকে এলেও মানুষের কর্মসংস্থানের দিক থেকে এটি রয়েছে একেবারে সবার ওপরে। তাছাড়া দেশের ক্রমবর্ধমান জনসংখ্যার জন্য অন্ন জোগাতে কৃষিকে অবহেলা করারও উপায় নেই। অর্থমন্ত্রী বাজেটে দেশের পরিশ্রমী কৃষকদের কথা উল্লেখ করেছেন। এ বিষয়ে কোনও সন্দেহ নেই যে তাঁদের পরিশ্রমের ফলে দেশে কৃষি-উৎপাদন বেড়ে চলেছে এবং ফলে বেড়েছে খাদ্যশস্যর উৎপাদনের পরিমাণ। দেশের খাদ্যশস্য উৎপাদনের পরিমাণ ২০০৯-১০ সালের ২১৮.১ মিলিয়ন টন থেকে বৃদ্ধি পেয়ে ২০১৩-১৪ সালে দাঁড়িয়েছে ২৬৪.৪ মিলিয়ন টন। প্রতি বছর খরিফ এবং রবি মরশুমে ব্যাংকগুলির তরফে মঞ্জুর করা হয় স্বল্পমেয়াদি কৃষি-ঋণ। এছাড়া কৃষি যন্ত্রপাতি এবং পরিকাঠামোর উন্নতির জন্য ব্যাংকগুলি মঞ্জুর করে দীর্ঘমেয়াদি কৃষি-ঋণ। ব্যাংক-ঋণের ফলে কৃষকদের মহাজন-নির্ভরতা অনেকটা কমেছে এবং কৃষি-উৎপাদন বাড়াতে ব্যাংকগুলির স্বল্প সুদের কৃষি-ঋণ উল্লেখযোগ্য ভূমিকা পালন করে চলেছে। রিজার্ভ ব্যাংকের তরফেও ব্যাংকগুলির জন্য কৃষি-ঋণের লক্ষ্যমাত্রা রাখা হয়েছে তাদের দাদনের ১৮ শতাংশ। কিন্তু বেশিরভাগ বছরেই তারা এই লক্ষ্যমাত্রা অর্জন করতে সক্ষম হচ্ছে না, যদিও বাজেটে ঘোষিত ঋণের পরিমাণ টাকার অঙ্কে অনেকটাই বেশি মনে হচ্ছে।

বাজেটে গ্রামীণ পরিকাঠামো উন্নয়ন তহবিলের মূলধনিখাতে ২৫,০০০ কোটি টাকা বরাদ্দ রাখা হয়েছে। গ্রামীণ এলাকায় ছোট মাপের পরিকাঠামো গড়ে তোলার লক্ষ্যে এই তহবিলটি কাজ করে থাকে, যেমন রাস্তাঘাট, প্রাথমিক বিদ্যালয় বা অঙ্গনওয়াড়ি কেন্দ্র নির্মাণ, কূপ খনন প্রভৃতি। এই তহবিল জাতীয় কৃষি ও গ্রামোন্নয়ন ব্যাংকের পরিচালনাধীন। এর সম্পদের মূল উৎস হল ব্যাংকগুলি থেকে জরিমানা বাবদ আদায় করা অর্থ। রিজার্ভ ব্যাংকের নিয়ম অনুযায়ী ব্যাংকগুলির জন্য তাদের দাদনের একটি নির্দিষ্ট অংশ কৃষিক্ষেত্র এবং অন্যান্য অগ্রাধিকার ক্ষেত্রকে ঋণ হিসেবে দেওয়া বাধ্যতামূলক এবং লক্ষ্যপূরণ না হলে তাদের জরিমানা করা হয়। এই জরিমানার অর্থই পুষ্ট করে পরিকাঠামো উন্নয়ন তহবিলটিকে। তাছাড়া প্রতি বছর বাজেট থেকে এই তহবিলের মূলধনিখাতে অর্থও বরাদ্দ করা হয়। এছাড়া কৃষকরা, বিশেষ করে ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকরা যাতে সহজেই ঋণ পেতে পারে সেদিকে লক্ষ্য রেখে বাজেটে দীর্ঘমেয়াদি গ্রামীণ ঋণ তহবিলের জন্য বরাদ্দ করা হয়েছে ১৫,০০০ কোটি টাকা। ক্ষুদ্র সেচ প্রকল্প গড়ে তোলা, কৃষি যন্ত্রপাতি কেনা, কৃষিকাজের জন্য ট্র্যাক্টর প্রভৃতি কেনা এইসব প্রয়োজনে এই তহবিল থেকে অর্থের সংস্থান হতে পারে। এছাড়াও সমবায় ক্ষেত্র এবং আঞ্চলিক গ্রামীণ ব্যাংকগুলি যাতে কৃষকদের স্বল্পমেয়াদি ঋণের সমস্যা মেটাতে পারে সেদিকে লক্ষ্য রেখে এই দুটি ক্ষেত্রে বরাদ্দ করা হয়েছে যথাক্রমে ৪৫,০০০ কোটি টাকা ও ১৫,০০০ কোটি টাকা। বাজেটে অগ্রাধিকারপ্রাপ্ত ক্ষেত্রের ঋণের তালিকাটিতেও কয়েকটি নতুন ক্ষেত্রকে অন্তর্ভুক্ত করা হয়েছে। রিজার্ভ ব্যাংকের নির্দেশ অনুযায়ী ব্যাংকগুলির জন্য তাদের দাদনের ৪০ শতাংশ অগ্রাধিকারপ্রাপ্ত ক্ষেত্রকে ঋণ দেওয়া বাধ্যতামূলক। এইসব ঋণের মধ্যে উল্লেখযোগ্য কৃষি ও ক্ষুদ্র উদ্যোগের জন্য ঋণ, শিক্ষা-ঋণ, ক্ষুদ্র-ঋণ, একটি সীমা পর্যন্ত গৃহনির্মাণ বাবদ ঋণ, প্রভৃতি। এ ব্যাপারে বাজেটে নতুন যে ক্ষেত্রগুলির কথা বলা হয়েছে সেগুলি হল : কৃষিপণ্যের প্রক্রিয়াকরণ, কৃষি পরিকাঠামো,

মাঝারি উদ্যোগ, পুনর্নবীকরণ শক্তি (সৌর বিদ্যুৎ, বায়ু বিদ্যুৎ প্রভৃতি)। তাছাড়া সামাজিক পরিকাঠামো (যেমন, স্কুল, হাসপাতাল প্রভৃতি) গড়ে তুলতে ৫ কোটি টাকা পর্যন্ত ঋণ এই ক্ষেত্রে অন্তর্ভুক্ত। তবে যেসব শহরের লোকসংখ্যা ১ লক্ষের কম কেবলমাত্র সেইসব শহরে এই পরিকাঠামো ঋণ প্রযোজ্য হবে। বিদেশি ব্যাংকের ক্ষেত্রে অবশ্য এই পরিকাঠামো ঋণের ব্যাপারে কোনও পূর্বশর্ত রাখা হয়নি।

## ক্ষুদ্র-উদ্যোগীদের জন্য নতুন ব্যাংক

অর্থমন্ত্রী বাজেটে অবিধিবদ্ধ ক্ষেত্রের অসংখ্য ক্ষুদ্র উদ্যোগীদের ঋণের প্রয়োজন মেটাতে একটি নতুন ব্যাংক গঠনের প্রস্তাব রেখেছেন। অর্থমন্ত্রী জানিয়েছেন দেশে রয়েছে ৫ কোটি ৭৭ লক্ষ ক্ষুদ্র উদ্যোগী এবং এঁরা স্বত্বাধিকারী হিসেবে নিজেরাই এইসব উদ্যোগ পরিচালনা করেন। এঁদের ৬২ শতাংশই আবার তফশিলি জাতি, উপজাতি এবং অন্যান্য পিছিয়ে পড়া বর্গের মানুষজন। এঁরা পরিশ্রমী উদ্যোগপতি হিসেবে নিজেদের প্রতিষ্ঠা করেছেন, গঠন করেছেন অসংখ্য ছোট ছোট উৎপাদন শিল্প, বাণিজ্য ও পরিষেবাকেন্দ্র। এইসব উদ্যোগগুলি কর্মসংস্থানের ক্ষেত্রেও এক বড় ভূমিকা পালন করে চলেছে। এ বিষয়ে কোনও সন্দেহ নেই যে বৃহৎ কর্পোরেট ক্ষেত্রগুলি দেশের আর্থিক বৃদ্ধির ক্ষেত্রে গুরুত্বপূর্ণ প্রতিষ্ঠান এবং প্রাতিষ্ঠানিক ঋণ পেতে এদের বিশেষ অসুবিধাও নেই। কিন্তু দেশের সার্বিক বিকাশের ক্ষেত্রে এইসব ছোট উদ্যোগগুলিকে বৃহৎ সংস্থাগুলির সহযোগী হিসেবে এগিয়ে নিয়ে যেতে হবে। অথচ প্রাতিষ্ঠানিক ঋণের ক্ষেত্রে ব্যাংকগুলি এদের কাছ থেকে মুখ ফিরিয়ে রয়েছে, যদিও ক্ষুদ্র উদ্যোগগুলির ঋণের প্রয়োজন মেটাতে ব্যাংকগুলির পরিকল্পনার শেষ নেই।

প্রস্তাবিত ব্যাংকটির নামকরণ করা হয়েছে মাইক্রো ইউনিটস ডেভেলপমেন্ট রিফাইন্যান্স এজেন্সি বা মুদ্রা (MUDRA) ব্যাংক। এই ব্যাংকের মূলধনের পরিমাণ রাখা হয়েছে ২০,০০০ কোটি টাকা এবং ব্যাংকের আওতাভুক্ত ঋণ-জামিন তহবিলের মূলধনের পরিমাণ রাখা হয়েছে ৩,০০০ কোটি টাকা। দেশের ক্ষুদ্র উদ্যোগগুলির বেশিরভাগই ঋণের জন্য এইসব ক্ষুদ্র আর্থিক প্রতিষ্ঠানগুলির (মাইক্রোফিন্যান্স ইনস্টিটিউশনস) ওপর নির্ভরশীল। এইসব ক্ষুদ্র আর্থিক প্রতিষ্ঠানগুলি যাতে ক্ষুদ্র উদ্যোগগুলিকে আরও বেশি করে ঋণ দিতে উৎসাহিত হয় সেজন্য মুদ্রা ব্যাংক থেকে তারা কম সুদে ঋণ নিতে পারবে (রিফিন্যান্স)। যোজনাটির নাম দেওয়া হয়েছে প্রধানমন্ত্রী মুদ্রা যোজনা। তফশিলি জাতি ও উপজাতির উদ্যোগীদের ঋণের ক্ষেত্রে অগ্রাধিকার দেওয়ার কথা বলা হয়েছে। এই সহায়তার ফলে অল্পবয়সি, শিক্ষিত ও দক্ষ কর্মীরা নিজেরাই উদ্যোগ গড়ে তোলার ক্ষেত্রে আত্মবিশ্বাসী হয়ে উঠবে এবং ভবিষ্যতে প্রথম প্রজন্মের উদ্যোগপতি হিসেবে আত্মপ্রকাশ করবে। তাছাড়া ইতিমধ্যে যাঁরা ব্যবসা গড়ে তুলেছেন তাঁরাও এই প্রকল্পের আওতায় বেশি করে ঋণ নিয়ে নিজেদের ব্যবসা বাড়িয়ে নিতে পারবেন।

এছাড়াও অতি ক্ষুদ্র, ক্ষুদ্র এবং মাঝারি উদ্যোগীদের একটি অন্যতম সমস্যা হল তাঁদের বকেয়া বিল দীর্ঘ দিন পড়ে থাকে। যেসব কোম্পানি বা সংস্থাকে এঁরা চুক্তিমতো নিজেদের উৎপাদিত পণ্য সরবরাহ করে থাকে তাদের কাছ থেকে টাকা আদায় করতে দীর্ঘ সময় লেগে যায়। এতে এইসব ক্ষুদ্র উদ্যোগের কার্যকরী মূলধনে টান ধরে এবং তাঁদের ব্যবসা ক্ষতিগ্রস্ত হয়। বাজেটে এই বিষয়টিতেও দৃষ্টি দেওয়া হয়েছে এবং একটি 'ট্রেড রিসিভেব্‌ল্‌ ডিসকাউন্টিং সিস্টেম' চালু করার কথা ঘোষণা করা হয়েছে। এইসব উদ্যোগীরা তাঁদের বকেয়া বিল ওপরের সিস্টেমে ডিসকাউন্ট করে ক্যাশের বন্দোবস্ত করতে পারবেন। তবে ডিসকাউন্ট করলে তাঁরা বিলের পুরো টাকা হাতে পাবেন না, কিছুটা মার্জিন বাদ দিয়ে (৫-১০ শতাংশ) বাকি টাকা হাতে পাবেন।

## সুবর্ণ জমা প্রকল্প

আমরা জেনে আসছি মানুষ ব্যাংকে টাকা জমা রাখেন এবং সেই জমার ওপর তাঁরা সুদ পান। অর্থমন্ত্রী ঘোষণা করেছেন মানুষ টাকার মতো ব্যাংকে সোনা জমা রাখলে এই সোনার ওপর তাঁরা সুদ পাবেন অতিরিক্ত সোনা। ধরা যাক, ১০০ গ্রাম সোনা জমা রাখলেন; বছরের শেষে হয়তো পেলেন ১০২ গ্রাম সোনা, এখানে সুদ দেওয়া হল ২ শতাংশ। কতটা সুদ দেওয়া হবে সে বিষয়ে সুস্পষ্ট ঘোষণা হয়নি।

কিন্তু এ ধরনের প্রকল্প ঘোষণার প্রয়োজনটা কেন? অর্থমন্ত্রীর বক্তব্য, সোনার ব্যবহারের ক্ষেত্রে ভারতবর্ষ পৃথিবীর দেশগুলির মধ্যে একেবারে ওপরের দিকে, অথচ আমাদের নিজস্ব সোনার উৎপাদন নেই বললেই চলে। ফলে প্রতি বছর দেশকে আমদানি করতে হয় ৮০০ থেকে ১০০০ টন সোনা এবং খরচ হয় প্রচুর পরিমাণে মূল্যবান বিদেশি মুদ্রা। অথচ আমাদের দেশে মজুত সোনার ঘাটতি নেই এবং এই সোনার পরিমাণ ২০,০০০ টনেরও বেশি। কিন্তু এই সোনা রয়েছে ব্যাংকের লকারে, মানুষের ঘরের আলমারিতে, মন্দিরের গর্ভগৃহে বা মাটির নীচের প্রকোষ্ঠে। এই সোনার কিছুটাও বের করে আনতে পারলে সোনা আমদানির পরিমাণ অনেকটাই কমানো সম্ভব হবে। যে সোনা ব্যাংকের কাছে জমা থাকবে সেই সোনা তারা আবার ধার হিসেবে সোনার কারবারি বা কারিগরকে দিতে পারবে এবং অপেক্ষাকৃত কম সুদে তারা এই সোনা নিতে পারবে। এইভাবেই সোনাকে টাকার মতো ব্যবহার করা সম্ভব হবে। তবে বাড়িতে যেসব স্বর্ণালংকার রয়েছে সেগুলি জমা করলে অলংকারগুলি একই রকম অবস্থায় ফিরে পাওয়া সম্ভব হবে না, কারণ এগুলিকে গলিয়ে ব্যবহার করা হবে। সুতরাং সাধারণ গৃহস্থ এই প্রকল্পে খুব একটা আগ্রহী হবেন বলে মনে হয় না। তবে মন্দির কর্তৃপক্ষ বা যাঁরা বিনিয়োগের জন্য সোনার বার বা মুদ্রা (কয়েন) কেনেন তাঁরা এই প্রকল্পে আগ্রহী হতে পারেন।

তাছাড়া অশোক চক্র খচিত এক নতুন ধরনের স্বর্ণ মুদ্রা চালু করারও প্রস্তাব দেওয়া হয়েছে। এর ফলে দেশে সোনার জোগান বাড়বে এবং চাহিদাও কিছুটা পূরণ হবে। এছাড়াও গোল্ড বন্ড চালু করারও প্রস্তাব রাখা হয়েছে। ধরা যাক কোনও ব্যক্তি ১০০

গ্রামের গোল্ড বন্ড কিনতে চান এবং এই বন্ডের সময়সীমা তিন বছর। ১০০ গ্রাম সোনার সম পরিমাণ টাকা দিয়ে তাঁকে এই বন্ড কিনতে হবে। তিন বছর পর সুদ ৯ গ্রাম সোনা, অর্থাৎ সুদে-আসলে বিনিয়োগকারীকে মেয়াদ শেষে দাম হিসেব করে ১০৯ গ্রাম সোনার অর্থমূল্য দেওয়া হবে।

## সরকারি ব্যাংকগুলির স্বায়ত্তশাসন

বাজেটে সরকারি ব্যাংকগুলিকে বেশি করে স্বায়ত্তশাসন দেবার প্রস্তাব রাখা হয়েছে। এ ব্যাপারে সরকারের চিন্তা-ভাবনা হল ভবিষ্যতে এই ব্যাংকগুলিকে নিয়ে একটি হোল্ডিং কোম্পানি গঠন করা। হোল্ডিং কোম্পানির কাজ হল তার অধীনস্থ কোম্পানিগুলিকে নিয়ন্ত্রণ করা এবং তাদের হয়ে নীতি প্রণয়ন করা। অর্থাৎ যে কাজটা এখন সরকার করছে তার দায়িত্ব বর্তাবে এই হোল্ডিং কোম্পানির ওপর। এর ফলে আমলাতন্ত্র থেকে মুক্ত হয়ে ব্যাংকগুলি কাজকর্মের ব্যাপারে আরও পেশাদার হয়ে উঠতে পারবে। তবে আপাতত এ ব্যাপারে একটি ব্যুরো গঠন করার প্রস্তাব দেওয়া হয়েছে। এই ব্যুরোর কাজ হবে সরকারি ব্যাংকের উচ্চতম পদে আধিকারিক (ব্যাংকের চেয়ারম্যান, ম্যানেজিং ডিরেক্টর প্রমুখ) নিয়োগের উদ্দেশ্যে অনুসন্ধান চালানো, ব্যবসা সংক্রান্ত বিষয়ে পরামর্শ দেওয়া এবং মূলধন সংগ্রহের ক্ষেত্রে উদ্ভাবনীমূলক 'ইনস্ট্রুমেন্টস্' চালু করা। সরকার চায় মূলধনের ক্ষেত্রে ব্যাংকগুলি ধীরে ধীরে তাদের ওপর নির্ভরতা কমিয়ে নিজেরাই বাজার থেকে জোগাড় করুক এই মূলধন। কারণ ব্যাংকগুলির লোকসান সামাল দিতে বছরের পর বছর সরকার এদের মূলধনি সহায়তা করে চলেছে। ২০০৮-০৯ থেকে ২০১৪-১৫ এই সাত বছরে সরকারি ব্যাংকগুলিকে যে মূলধন দেওয়া হয়েছে তার মোট পরিমাণ ৬৮,৭২৪ কোটি টাকা। 'ব্যাসেল থ্রি নর্মস' অনুযায়ী ২০১৯ সালের মার্চের মধ্যে সরকারি ব্যাংকগুলির মূলধনের প্রয়োজন হবে ৫,৩০,০০০ কোটি টাকা। অন্যথায় ব্যাংকগুলির ঋণ দেওয়ার গতি হ্রাস পাবে এবং অর্থনীতিতে দুর্যোগ নেমে আসবে।

**সারণি-১**
**বাজেট স্টেটমেন্ট**

(কোটি টাকায়)

| | ২০১৩-১৪ (প্রকৃত) | ২০১৪-১৫ (বাজেট) | ২০১৪-১৫ (সংশোধিত বাজেট) | ২০১৫-১৬ (বাজেট) |
|---|---|---|---|---|
| ১। রাজস্বখাতে আয় | ১০১৪৭২৪ | ১১৮৯৭৬৩ | ১১২৬৯২৪ | ১১৪১৫৭৫ |
| ২। মূলধনিখাতে আয় | ৫৪৪৭২৩ | ৬০৫১২৯ | ৫৫৪৮৬৪ | ৬৩৫৯০২ |
| ২ক। ২-এর মধ্যে ঋণ আদায় | ১২৪৯৭ | ১০৫২৭ | ১০৮৮৬ | ১০৭৫৩ |
| ২খ। ২-এর মধ্যে অন্যান্য আয় | ২৯৩৬৮ | ৬৩৪২৫ | ৩১৩৫০ | ৬৯৫০০ |
| ২গ। ২-এর মধ্যে ঋণ ও অন্যান্য দায় | ৫০২৮৫৮ | ৫৩১১৭৭ | ৫১২৬২৮ | ৫৫৫৬৪৯ |
| ৩। মোট আয় (১ + ২) | ১৫৫৯৪৭৭ | ১৭৯৪৮৯২ | ১৬৮১১৫৮ | ১৭৭৭৪৭৭ |
| ৪। পরিকল্পনা বহির্ভূতখাতে খরচ | ১১০৬১২০ | ১২১৯৮৯২ | ১২১৩২২৪ | ১৩১২২০০ |
| ৪ক। ৪-এর মধ্যে রাজস্বখাতে খরচ | ১০১৯০৪০ | ১১১৪৬০৯ | ১১২১৮৯৭ | ১২০৬০২৭ |
| ৪খ। ৪-এর মধ্যে সুদ বাবদ খরচ | ৩৭৪২৫৪ | ৪২৭০১১ | ৪১১৩৫৪ | ৪৫৬১৪৫ |
| ৪গ। ৪-এর মধ্যে মূলধনিখাতে খরচ | ৮৭০৮০ | ১০৫২৮৩ | ৯১৩২৭ | ১০৬১৭৩ |
| ৫। পরিকল্পনাখাতে খরচ | ৪৫৩৩২৭ | ৫৭৫০০০ | ৪৬৭৯৩৪ | ৪৬৫২৭৭ |
| ৫ক। ৫-এর মধ্যে রাজস্বখাতে খরচ | ৩৫২৭৩২ | ৪৫৩৫০৩ | ৩৬৬৮৮৩ | ৩৩০০২০ |
| ৫খ। ৫-এর মধ্যে মূলধনিখাতে খরচ | ১০০৫৯৫ | ১২১৪৯৭ | ১০১০৫১ | ১৩৫২৫৭ |
| ৬। মোট খরচ (৪ + ৫) | ১৫৫৯৪৭৭ | ১৭৯৪৮৯২ | ১৬৮১১৫৮ | ১৭৭৭৪৭৭ |
| ৬ক। রাজস্বখাতে খরচ (৪ক + ৫ক) | ১৩৭১৭৭২ | ১৫৬৮১১১ | ১৪৮৮৭৮০ | ১৫৩৬০৪৭ |
| ৬খ। ৬ক-এর মধ্যে মূলধনি সম্পদ গড়ার জন্য অনুদান | ১২৯৪১৮ | ১৬৮১০৪ | ১৩১৮৯৮ | ১১০৫৫১ |
| ৬গ। মূলধনিখাতে খরচ (৪গ + ৫খ) | ১৮৭৬৭৫ | ২২৬৭৮১ | ১৯২৩৭৮ | ২৪১৪৩০ |
| ৭। রাজস্ব ঘাটতি (৬ক - ১) | ৩৫৭০৪৮ (৩.১) | ৩৭৮৩৪৮ (২.৯) | ৩৬২৪৮৬ (২.৯) | ৩৯৪৪৭২ (২.৮) |
| ৮। কার্যকর রাজস্ব ঘাটতি (৭ - ৬খ) | ২২৭৬৩০ (২.০) | ২১০২৪৪ (১.৬) | ২৩০৫৮৮ (১.৮) | ২৮৩৯২১ (২.০) |
| ৯। রাজকোষ ঘাটতি {৬ - (১ + ২ক + ২খ)} | ৫০২৮৫৮ (৪.৪) | ৫৩১১৭৭ (৪.১) | ৫১২৬২৮ (৪.১) | ৫৫৫৬৪৯ (৩.৯) |
| ১০। প্রাথমিক ঘাটতি (৯ - ৪খ) | ১২৮৬০৪ (১.১) | ১০৪১৬৬ (০.৮) | ১০১২৭৪ (০.৮) | ৯৯৫০৪ (০.৭) |

বন্ধনীর মধ্যে সংখ্যাগুলি মোট অভ্যন্তরীণ উৎপাদনের অনুপাতে শতাংশের হিসাবে।

**উৎস** : বাজেট ডকুমেন্ট

বাজেটে অবশ্য আগামী আর্থিক বছরের জন্য ব্যাংকগুলির মূলধন বাবদ বরাদ্দ করা হয়েছে ৯,৫৫৫ কোটি টাকা। কিন্তু অর্থমন্ত্রীর বক্তব্য, তাঁদের হাতেও অর্থের জোগান পর্যাপ্ত নয়। তাছাড়া রাজকোষ ঘাটতি মোট অভ্যন্তরীণ উৎপাদনের ৩ শতাংশের মধ্যে নামিয়ে আনার লক্ষ্যমাত্রা রাখা হয়েছে। বাজেটে ঘোষিত ব্যাংকিং ব্যুরোর পরামর্শে ব্যাংকগুলির দক্ষতা বাড়িয়ে লাভের সংস্থান করতে হবে এবং একই সঙ্গে বাজার থেকে মূলধন সংগ্রহের ব্যাপারে সদর্থক চিন্তা-ভাবনা নিয়ে এগিয়ে যেতে হবে।

## ব্যাংকিং সংক্রান্ত অন্যান্য ঘোষণা

(১) নতুন দেউলিয়া আইন প্রণয়নের কথা ঘোষণা করা হয়েছে। অনাদায়ি ব্যাংকঋণের ক্ষেত্রে অনেক সময় বলা হয় সংস্থাটি রুগ্‌ণ হয়ে পড়লেও মালিক কিন্তু বহাল তবিয়তেই থাকছেন। কারণ রুগ্‌ণ শিল্প আইন বা শিল্প ও আর্থিক পুনর্গঠন

পরিষদ সংক্রান্ত নিয়মানুযায়ী সংস্থাটিকে বন্ধ করে দিয়ে এবং মালপত্র বিক্রি করে ব্যাংকের ঋণ পরিশোধ করা যাচ্ছে না। নতুন দেউলিয়া আইনে এই বিষয়গুলির ওপর নজর দেওয়ার কথা বলে রাখা হয়েছে।

(২) সারফেসি (সিকিউরিটাইজেশন অ্যান্ড রিকনস্ট্রাকশন অব ফাইন্যানশিয়াল অ্যাসেটস্ অ্যান্ড এনফোর্সমেন্ট অব সিকিউরিটি ইন্টারেস্ট বা SARFAESI) আইনের পরিধি বাড়ানো হয়েছে। এই আইন প্রণীত হয় ২০০২ সালে। এই আইনে ঋণের টাকা শোধ না হলে ব্যাংকগুলি নিজেরাই সম্পত্তি বাজেয়াপ্ত করে এবং সেই সম্পত্তি বিক্রি করে ঋণের টাকা উশুল করতে পারে। এই আইনে এভাবে ঋণ আদায়ের অধিকার কেবলমাত্র ব্যাংকগুলিরই ছিল। বাজেটে 'নন-ব্যাংকিং ফাইন্যানশিয়াল কোম্পানি'গুলিকেও এই আইনের আওতায় আনার প্রস্তাব দেওয়া হয়েছে। তবে যেসব ফাইন্যানশিয়াল কোম্পানি রিজার্ভ ব্যাংকের কাছে নিবন্ধভুক্ত রয়েছে এবং যাদের সম্পদ মূল্য ৫০০ কোটি টাকার বেশি তারাই এই আইনের সুযোগ নিতে পারবে।

(৩) বাজেটে রিজার্ভ ব্যাংক আইনের সংশোধনের প্রস্তাব দেওয়া হয়েছে। রিজার্ভ ব্যাংক আইন সংশোধনের ফলে সরকারের তরফে একটি 'মনিটারি পলিসি কমিটি' গঠন করা সম্ভব হবে এবং এই কমিটি ঋণ ও মুদ্রানীতি প্রণয়ন ও পর্যালোচনা করবে।

(৪) ব্যাংকের স্থায়ী আমানতের সুদের উপর (১০,০০০ টাকার বেশি হলে) উৎসমূলে কর (TDS) কেটে নেবার নিয়ম চালু থাকলেও সমবায় ব্যাংকের সদস্য-আমানতকারীরা এই কর কেটে নেওয়ার হাত থেকে এতদিন রেহাই পেতেন। বাজেটে এই ছাড় তুলে নেওয়া হয়েছে। তবে সমবায় ঋণদান সমিতিগুলির ক্ষেত্রে এই ছাড় বহাল থাকবে বলে অর্থমন্ত্রী জানিয়েছেন।

## পরিশিষ্ট

ব্যাংক জাতীয়করণের পর থেকে এখনও পর্যন্ত দেশের ব্যাংকিং ক্ষেত্র নিয়ে পরীক্ষা-নিরীক্ষা কম হয়নি। দেশের প্রত্যন্ত অঞ্চলেও ব্যাংকের অসংখ্য শাখা খোলা হয়েছে এবং গরিব মানুষকে ব্যাংকের ছাতার তলায় আনতে অসংখ্য প্রকল্পও ঘোষণা করা হয়েছে। সাম্প্রতিক প্রকল্প জন-ধন যোজনা। কয়েক কোটি অ্যাকাউন্ট খোলাও হয়েছে, যদিও এগুলির স্থায়িত্ব সম্পর্কে সন্দেহের অবকাশ থাকছে। কারণ ছ'মাস সন্তোষজনকভাবে লেনদেন করলেই আমানতকারীরা ঋণ নিতে পারবেন। কিন্তু মহাজনদের কাছে এরকম কোনও পূর্বশর্ত নেই এবং সব সময় তারা লোনের ঝাঁপি নিয়ে বসে রয়েছে। তাছাড়া অ্যাকাউন্ট ঠিকভাবে চালালে যে ঋণ পাওয়া যাবেই তারও কোনও নিশ্চয়তা নেই। কারণ প্রাক্-অভিজ্ঞতা হল ঠিকভাবে লেনদেন চালিয়েও অসংখ্য ছোট উদ্যোগী ব্যাংকের দরজায় হত্যে দিয়ে বসে থাকছেন, ঋণের দেখা আর মিলছে না। অথচ এঁদের ঋণ দিতে সরকার ঋণ-জামিন স্কিম পর্যন্ত চালু করেছে। বাজেটে তো অর্থমন্ত্রী বিষয়টি স্বীকার করেই নিয়েছেন এবং ফলে এঁদের জন্য আরও একটি ব্যাংক খোলার কথা ঘোষণা করেছেন। কৃষকদের কল্যাণ প্রসঙ্গে প্রতিবারই বাজেটে একাধিক পরিকল্পনার কথা ঘোষণা করা হয়। কিন্তু দুর্ভাগ্যের বিষয় কৃষকদের আত্মহনন কিন্তু কমছে না। ১৯৯১ থেকে ২০১০ পর্যন্ত এই আত্মহননের সংখ্যা ২,৩২,৪৬৪। কৃষি-উৎপাদনের খরচ বেড়ে চলেছে, কিন্তু ফসলের ঠিকমতো দাম না পাওয়ায় কৃষকরা লোকসানের মুখে পড়ছেন এবং দেনা শোধ করতে না পেরে এঁরা আত্মহত্যা করছেন।

আসলে ব্যাংকের আধিকারিক ও কর্মচারীদের এক বিরাট অংশের মধ্যে সংবেদনশীলতার অভাব যেমন রয়েছে, সেরকম তাঁদের মধ্যে পেশাদারিত্বর অভাবও দেখা যাচ্ছে এবং দক্ষতাও উঁচুস্তরে পৌঁছচ্ছে না। ব্যাংকগুলি আনাদায়ি ঋণের বোঝায় জেরবার। এর পেছনে রাজনীতিকদের হস্তক্ষেপ এবং আইনি জটিলতা হয়তো থাকছে, কিন্তু ঋণ সম্পর্কিত কাগজপত্রগুলি ঠিকমতো মূল্যায়ন না করতে পারাও এই পাহাড় প্রমাণ অনাদায়ি ঋণের একটি অন্যতম কারণ। পূর্বতন অর্থমন্ত্রী পি. চিদম্বরম নিজেই একথা স্বীকার করেছেন। প্রয়োজন সরকারি ব্যাংকগুলিকে বেশি করে স্বাধীনতা দেওয়া। বাজেটে সামাজিক ব্যাংকিং কর্মসূচির সঙ্গে সঙ্গে এই বিষয়টিকে গুরুত্ব দেওয়া হয়েছে এবং সরকারি ব্যাংকগুলির জন্য স্বশাসিত ব্যুরো গঠন করে এইসব ব্যাংকগুলিকে স্বায়ত্তশাসনের দিকে এগিয়ে দেওয়া হয়েছে। এর ফলে সরকারি ব্যাংকগুলি সংস্কারের পথে এগিয়ে যাবে, নিজেরাই দায়িত্বশীল হয়ে কাজকর্ম করতে পারবে এবং দেশের অর্থনীতিও আরও শক্তিশালী হয়ে উঠবে।❑

[লেখক প্রাক্তন ব্যাংক আধিকারিক এবং একাধিক গ্রন্থের রচয়িতা; পত্র-পত্রিকায় নিয়মিত লিখে থাকেন।]

প্র | চ্ছ | দ | নি | ব | ন্ধ

# দরিদ্র মানুষের স্বার্থে ভারতীয় বিমাক্ষেত্রে আরও বেশি বিদেশি মূলধন প্রয়োজন

*দেশের খুব সামান্য অংশের মানুষের কাছেই এ পর্যন্ত বিমা পরিষেবা পৌঁছে দেওয়া সম্ভব হয়েছে। অথচ দরিদ্র ও প্রান্তিক মানুষের কাছে বিমার উপযোগিতা অসীম। শুধু ঝুঁকি বহনই নয়, বিমা তাঁদের কাছে এক সামাজিক সুরক্ষা। দেশীয় বাজারকে আরও প্রসারিত করে প্রতিযোগিতার মাধ্যমে তার গুণগত মানোন্নয়নের লক্ষ্যে বিমাক্ষেত্রে বিদেশি বিনিয়োগের ঊর্ধ্বসীমা বাড়ানোর পক্ষে জোরালো সওয়াল করেছেন* **ধীরজ নায়ার,** *তাঁর এই নিবন্ধে।*

বিমা মানে কেবল ঝুঁকি ব্যবস্থাপনা নয়, এ সামাজিক সুরক্ষার এক অঙ্গ। বিমা শুধুমাত্র ধনী দেশগুলির সমৃদ্ধিশালী মানুষের জন্য নয়। বরং সত্যি বলতে কী, ভারতের মতো বিকাশশীল অর্থনীতিগুলিতে যাঁরা ততটা সচ্ছল নন, বিমা তাঁদের কাছে অনেক বেশি গুরুত্বপূর্ণ। অথচ দুর্ভাগ্যবশত, ভারতের বিমার প্রসার অত্যন্ত কম। ভারতে বিমা মাশুল বাবদ সংগৃহীত অর্থ জিডিপি-র মাত্র ৩.৯৬ শতাংশ, যেখানে উন্নত দেশগুলিতে এই হার গড়ে ৯ শতাংশ। ভারত অবশ্য চীনের থেকে সামান্য একটু এগিয়ে। চীনে এই হার ৩ শতাংশ। ভারতের বিমা ঘনত্ব, মাথাপিছু বিমা মাশুলের নিরিখে মাত্র ৫৩ ডলার। উন্নতি দেশগুলিতে এর পরিমাণ ২০০০ থেকে ৭০০০ ডলার। চীনেও বিমা ঘনত্ব ভারতের থেকে বেশি—১৭৮ ডলার।

বিমার ব্যাপ্তির দিক থেকে ভারত ও চীন উন্নতি দেশগুলির তুলনায় এত পিছিয়ে কেন, তার একটি সুনির্দিষ্ট কারণ আছে। দুটি দেশের বাজারই দীর্ঘদিন ধরে রাষ্ট্রায়ত্ত সংস্থাগুলির একচেটিয়া অধিকারে ছিল, দুটি দেশই সম্প্রতি বিদেশি বিনিয়োগের আংশিক উদারীকরণ ঘটিয়েছে এবং দুটি দেশের বাজারেই বেসরকারি ও বিদেশি সংস্থাগুলির উপস্থিতি নগণ্য।

ভারতের বিমা বাজার যথেষ্ট প্রতিযোগিতামূলক নয়। সামান্য কয়েকটি সংস্থার মধ্যে অধিকাংশই রাষ্ট্রায়ত্ত। তারা ভালোরকম মুনাফা করে, কিন্তু বিমার আওতার বাইরে থাকা সাধারণ মানুষের কাছে পৌঁছবার উৎসাহ দেখায় না। কম উপার্জনকারী গ্রাহকদের আকৃষ্ট করার মতো উদ্ভাবনী প্রকল্প তাদের নেই। ভারতের বিমাক্ষেত্রকে প্রতিযোগিতামূলক করে তোলার একমাত্র পথ হল আরও বিদেশি বিনিয়োগের জন্য এই ক্ষেত্রকে উন্মুক্ত করে দেওয়া।

দরিদ্র মানুষজনের কাছে বিমার সুবিধা পৌঁছে দেবার যে দৃঢ় সংকল্প সরকার নিয়েছে, তারই প্রতিফলন ঘটেছে এবারের সাধারণ বাজেটে। সার্বিক সামাজিক সুরক্ষা ব্যবস্থা গড়ে তোলার লক্ষ্যে স্বল্প উপার্জনের মানুষজনের জন্য বাজেটে দুটি নতুন বিমা প্রকল্পের ঘোষণা করা হয়েছে। সুরক্ষা বিমা যোজনায় বছরে মাত্র ১২ টাকা প্রিমিয়াম দিয়ে কোনও ব্যক্তি ২ লক্ষ টাকা দুর্ঘটনা বিমার সুবিধা পাবেন। জীবন জ্যোতি বিমা যোজনায় বার্ষিক ৩৩০ টাকা প্রিমিয়ামে, অর্থাৎ দৈনিক ১ টাকারও কমে ২ লক্ষ টাকা জীবনবিমার সুবিধা পাওয়া যাবে। ধরে নেওয়া যেতে পারে যে এই প্রকল্প দুটি রূপায়ণের দায়িত্বে থাকবে ভারতীয় জীবন বিমা নিগম (LIC) ও ভারতীয় সাধারণ বিমা নিগম (GIC)-র মতো রাষ্ট্রায়ত্ত সংস্থা।

কিন্তু জীবন ও দুর্ঘটনা ছাড়া অন্য ক্ষেত্রেও দরিদ্র মানুষের বিমার প্রয়োজন রয়েছে। প্রতিটি নাগরিকের স্বাস্থ্যবিমা থাকা দরকার, প্রতিটি কৃষকের প্রয়োজন শস্যবিমা। সমস্যা হল, বর্তমানে রাষ্ট্রায়ত্ত বা বেসরকারি (যাদের মধ্যে ২৬ শতাংশ বিদেশি মালিকানাধীন সংস্থাও রয়েছে)—কোনও বিমা সংস্থাই এই বিশাল বাজারকে ধরতে উদ্যোগী ও উৎসাহী হচ্ছে না। এই জন্যই প্রতিযোগিতার প্রয়োজন। প্রতিযোগিতার মুখে পড়লে বিমা সংস্থাগুলি বাধ্য হবে নানা উদ্ভাবনী প্রকল্পের মাধ্যমে বাজার ধরার প্রয়াস চালাতে। বিদেশি বিনিয়োগকারীরা এই প্রতিযোগিতার আবহ সৃষ্টি করতে পারে। বিদেশি বিমা সংস্থাগুলি পৃথিবী জুড়ে লগ্নি করে, তাই তাদের ঝুঁকি নানা ক্ষেত্রে বণ্টিত হয়ে যায়। অন্যদিকে ভারতীয় সংস্থাগুলি শুধুমাত্র দেশীয় বাজারেই বিনিয়োগ করায় তাদের ঝুঁকি এক জায়গায় পুঞ্জীভূত হয়। তাই বিদেশি সংস্থাগুলি তাদের বিমা মাশুলের হার অনেক কম রাখতে পারে। বিমাকে সামাজিক সুরক্ষার হাতিয়ার হিসাবে ব্যবহার করতে সরকার যদি সত্যিই বদ্ধপরিকর হয়, তাহলে বিমাক্ষেত্রকে উন্মুক্ত করে দেওয়া উচিত।

বর্তমানে সরকার বিমাক্ষেত্রে বিদেশি বিনিয়োগের ঊর্ধ্বসীমা ২৬ থেকে বাড়িয়ে ৪৯ শতাংশ করতে চায়। এই সংস্কার প্রস্তাব দীর্ঘদিন ধরে পড়ে থাকলেও এখনও তাতে সংসদের ছাড়পত্র মেলেনি। সরকার এ সংক্রান্ত একটি অধ্যাদেশ জারি করেছে, তবে নতুন বিমা বিল অবিলম্বে সংসদে মঞ্জুর হওয়া দরকার। দেশে এখন মাত্র ৫২টি বিমা সংস্থা রয়েছে। এর মধ্যে ২৪টি জীবনবিমার এবং ২৮টি অন্যান্য বিমার। ২৬ শতাংশ বিদেশি বিনিয়োগের যে ঊর্ধ্বসীমা বর্তমানে

রয়েছে, তা মেনে বিমাক্ষেত্রে বিদেশি লগ্নির পরিমাণ এখন মাত্র ৮৭০০ কোটি টাকা। দেশীয় বেসরকারি বিনিয়োগ হল ৩৫০০০ কোটি টাকা। বিদেশি বিনিয়োগের ঊর্ধ্বসীমা বাড়িয়ে ৪৯ শতাংশ করা হলে বিদেশি লগ্নির পরিমাণ ৫০,০০০ কোটি টাকার কাছে পৌঁছে যেতে পারে।


আসলে সরকারের উচিত এই ঊর্ধ্বসীমা ৪৯ শতাংশেরও বেশি করে দেওয়া। বিমা সংস্থার মালিকানা কেন ভারতীয়দের হাতেই রাখতে হবে, তার কোনও বলিষ্ঠ অর্থনৈতিক যুক্তি নেই। ঊর্ধ্বসীমা বাড়িয়ে ৭৪ বা ১০০ শতাংশ করা হলে বিমাক্ষেত্রে বিপুল বিদেশি বিনিয়োগ আসবে।

বিমাক্ষেত্রকে আরও বিদেশি বিনিয়োগের জন্য উন্মুক্ত করে দিলে সমস্যা কোথায়? সমালোচকরা ২০০৮-এর বিশ্বজনীন আর্থিক সংকটের কথা বলে, যেখানে বিশ্বের কয়েকটি বৃহৎ বিমা সংস্থার ভূমিকার দিকে আঙুল তুলছেন। কিন্তু মনে রাখতে হবে, ভারতীয় অর্থনীতি মার্কিন দেশের মতো নয়। কোনও একটি ক্ষেত্রে সংকট দেখা দিলে তা ভারতীয় অর্থনীতিকে কখনওই সম্পূর্ণ গ্রাস করতে পারবে না। ২০০৮-এর আগে পশ্চিমি বিমা সংস্থাগুলি ঝুঁকি বণ্টনের জন্য নানা জটিল আর্থিক প্রকল্পের বিমা করেছিল। এগুলি এতটাই জটিল ছিল যে, যারা সেগুলি সৃষ্টি করেছিল, তাদের বাদ দিলে অন্যদের পক্ষে তা বোঝাই সম্ভব ছিল না। এই ধরনের প্রকল্পের সংখ্যা এত বেশি হয়ে যায় যে, ঝুঁকি বণ্টনের বদলে তা গোটা বিমাক্ষেত্রের ওপর আরও ঝুঁকি চাপিয়ে দেয়। এই ধরনের পরিষেবা এবং তার অস্বচ্ছতাই বিশ্ব আর্থিক সংকটের মূল কারণ। বিমা সংস্থাগুলি চড়া মুনাফার আশায় এই ফাঁদে পা দেয়, যার জেরে পশ্চিমি অর্থনীতিতে দেখা দেয় মন্দা, তার প্রভাব পড়ে বিশ্বের অন্য অর্থনীতিগুলির ওপরেও।

কিন্তু শুধু এজন্যই বিদেশি বিমা সংস্থাগুলিকে সন্দেহের চোখে দেখা ঠিক নয়। কোনও ক্ষেত্রে অনিয়ম হলে তা আটকাতে কড়া নিয়ন্ত্রণের প্রয়োজন, তা সম্পূর্ণ বন্ধ করে দেওয়া সমাধানের পথ নির্দেশ করে না। ২০০৮-এর আর্থিক সংকটের পুনরাবৃত্তি যাতে না হয়, সেজন্য উন্নত অর্থনীতিগুলি নতুন ও উন্নত বিধিনিয়ম প্রণয়ন করেছে। ব্যবস্থায় আনা হয়েছে স্বচ্ছতা। ভারতে যে বিধিনিয়ম আগে থেকেই ছিল, তার জেরে জটিল ও অস্বচ্ছ পরিষেবাগুলি দেশীয় অর্থনীতিতে কোনও প্রভাবই ফেলতে পারেনি। তাই ভারতের দুর্ভাবনার কিছুই নেই। বিমাক্ষেত্রে ভারতীয় নিয়ন্ত্রক সংস্থা ইনস্যুরেন্স রেগুলেটরি অ্যান্ড ডেভেলপমেন্ট অথরিটি (IRDA) যথেষ্ট শক্তিশালী। যেভাবে তারা ভারতীয় বিমা সংস্থাগুলিকে নিয়ন্ত্রণ করে, সেভাবেই বিদেশি সংস্থাগুলিকেও নিয়ন্ত্রণ করবে।

চীনের প্রবাদপ্রতিম সংস্কারপন্থী নেতা, দেঙ জিয়াও পিং বলেছিলেন, যতক্ষণ একটা বিড়াল ইঁদুর ধরতে পারছে, ততক্ষণ বিড়ালটার রং সাদা না কালো—তা নিয়ে মাথা ঘামানো অর্থহীন। স্বাধীনতার ৬৭ বছর পর এখনও ভারতীয় বিমা সংস্থাগুলি সাধারণ মানুষের কাছে বিমা পরিষেবা পৌঁছে দিতে পারেনি। সংরক্ষণবাদিতা সরিয়ে রেখে এখন সময় এসেছে বিমাক্ষেত্রে আরও বিদেশি বিনিয়োগ আবাহনের। এতে ঝুঁকির থেকে সম্ভাব্য সুবিধা অনেক বেশি। ❑

[লেখক অর্থনীতিবিদ।
email : dhiraj.nayyar@gmail.com]



# বাজেট ২০১৫-১৬—সামাজিক মাত্রা

*দরিদ্র ও প্রান্তিক মানুষজনের জীবনযাপনের মানোন্নয়ন এবং সর্বাত্মক বিকাশের লক্ষ্যে এবারের সাধারণ বাজেটে সামাজিক সুরক্ষার ওপর বিশেষ গুরুত্ব আরোপ করা হয়েছে। কৃষি, অসংগঠিত ক্ষেত্র, পরিকাঠামো, গ্রামীণ বিকাশ-সহ বিভিন্ন ক্ষেত্রে বাজেট বরাদ্দ ও নানা সামাজিক কল্যাণমূলক প্রকল্পের সার্বিক ছবি এই নিবন্ধে তুলে ধরেছেন* **মণীশ গোভিল।**

২০১৫-১৬ আর্থিক বছরের বাজেটে প্রতিরক্ষা ও অভ্যন্তরীণ সুরক্ষার পাশাপাশি সামাজিক কল্যাণমূলক ক্ষেত্রেও বিপুল অর্থ বরাদ্দের প্রস্তাব রাখা হয়েছে। সলতে পাকানোর পর্বটা অবশ্য বহু আগেই শুরু হয়েছিল। সকলকে ব্যাংকিং পরিষেবার আওতায় আনতে জন-ধন যোজনা, পরিচ্ছন্নতা ও নিকাশির জন্য স্বচ্ছ ভারত অভিযান, আর্থিক বিকাশের লক্ষ্যে 'মেক ইন ইন্ডিয়া'—সরকারের এইসব অগ্রণী কর্মসূচিগুলিই সামাজিক ক্ষেত্রের ওপর গুরুত্ব আরোপের প্রেক্ষাপট প্রস্তুত করে। বাজেটেও এই কর্মসূচিগুলির সুস্পষ্ট উল্লেখ রয়েছে। সামাজিক ও কল্যাণমূলক ক্ষেত্রের ওপর সরকার কতটা জোর দিচ্ছে, তা আরও ভালো বোঝা যায়, যখন অর্থমন্ত্রী তাঁর বাজেট বক্তৃতায় বলেন, "গত সাত দশক ধরে সামাজিক ও অর্থনৈতিক মাপকাঠির বিচারে আমরা কেবল শতাংশের হিসেব আর সুবিধাভোগীদের সংখ্যা নিয়েই ব্যস্ত থেকেছি। একটু একটু করে এগিয়ে আমাদের লক্ষ্যে পৌঁছনো যাবে না, প্রয়োজন বিশাল এক লাফের।"

এজন্যই সংশোধিত হিসাবের অতিরিক্ত ১ লক্ষ ২৫ হাজার কোটি টাকা সরকারি বিনিয়োগের পরিকল্পনা করা হয়েছে। ঘাটতি ৩ শতাংশে বেঁধে রাখার লক্ষ্যমাত্রা অর্জনের সময়সীমা তিন বছর বাড়ানো হয়েছে। ২০১৫-১৬-য় ৩.৯ শতাংশ, ২০১৬-১৭-য় ৩.৫ শতাংশ এবং ২০১৭-১৮-য় ৩ শতাংশ। এজন্য আর্থিক দায়িত্ব ও বাজেট পরিচালন আইন—FRBMA-র সংশোধনও জরুরি। সামাজিক ক্ষেত্রে উল্লেখযোগ্য কিছু বাজেট সংস্থানের বিবরণ ও বিশ্লেষণ করা হল এই নিবন্ধে।

## কৃষিক্ষেত্র

দেশের জনসংখ্যার অধিকাংশই গ্রামীণ অধিবাসী এবং কৃষিক্ষেত্রের ওপর নির্ভরশীল। এই বাজেটে জমি ও জলের ওপর বিশেষ জোর দেওয়া হয়েছে। জমির উর্বরতা ধারাবাহিকভাবে বাড়ানোর লক্ষ্যে রাখা হয়েছে জমি (মাটি) স্বাস্থ্য কার্ড প্রকল্প চালুর প্রস্তাব, যা পরম্পরাগত কৃষি বিকাশ যোজনাকেও সাহায্য করবে। প্রতিটি কৃষকের চাষের খেতে সেচের সুবিধা পৌঁছে দেবার জন্য হাতে নেওয়া হয়েছে 'প্রধানমন্ত্রী গ্রাম সিঁচাই যোজনা'। জল সংরক্ষণের উপকারিতা নিয়ে সচেতনতা বাড়ানোর চেষ্টা চলছে 'পার ড্রপ মোর ক্রপ' স্লোগানকে সামনে রেখে। বাজেটে এজন্য ৫৩০০ কোটি টাকার সংস্থান রাখা হয়েছে।

এছাড়া কৃষকদের অর্থের জোগান বাড়াতে বাজেটে অন্য যে প্রস্তাবগুলি রয়েছে সেগুলি হল—NABARD-এর আওতায় গ্রামীণ পরিকাঠামো উন্নয়ন তহবিল গঠনের জন্য ২৫০০০ কোটি টাকা, দীর্ঘমেয়াদি গ্রামীণ ঋণ তহবিলের জন্য ১৫০০০ কোটি টাকা, স্বল্পমেয়াদি গ্রামীণ সমবায় ঋণ পুনর্জোগান তহবিলের জন্য ৪৫০০০ কোটি টাকা, ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকদের ঋণের জোগান দিতে আঞ্চলিক গ্রামীণ ব্যাংকগুলির স্বল্পমেয়াদি পুনর্জোগান তহবিলের জন্য ১৫০০০ কোটি টাকা। আগামী আর্থিক বছরে এই ব্যাংকগুলির মাধ্যমে কৃষকদের সাড়ে আট লক্ষ কোটি টাকা ঋণ দেওয়ার লক্ষ্যমাত্রা নেওয়া হয়েছে।

মহাত্মা গান্ধী জাতীয় গ্রামীণ কর্মনিশ্চয়তা আইন MGNREGA-র আওতায় কর্মসংস্থানের সুযোগ সৃষ্টির জন্য প্রাথমিকভাবে ৩৪,৬৯৯ কোটি টাকা বরাদ্দ করা হয়েছে। এই প্রকল্পের সার্থক রূপায়ণ, গুণগত মানোন্নয়ন এবং সামাজিক নিরীক্ষা প্রভৃতির মাধ্যমে এর ওপর কার্যকর নজরদারির ক্ষেত্রে রাজ্য সরকারগুলি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে।

কৃষকরা যাতে তাঁদের ফসলের ন্যায্য ও সর্বাধিক মূল্য পান, তা সুনিশ্চিত করতে NITI (নীতি) আয়োগের আওতায় সংযুক্ত জাতীয় কৃষিবাজার স্থাপনের প্রস্তাব বাজেটে রয়েছে। এতে কৃষকদের উপার্জন বৃদ্ধির পাশাপাশি মুদ্রাস্ফীতি নিয়ন্ত্রণেও কার্যকর পদক্ষেপ নেওয়া সম্ভব হবে।

## অসংগঠিত ক্ষেত্র ও প্রান্তিক ব্যবসায়ীদের সহায়তা

অসংগঠিত ক্ষেত্রেই সবথেকে বেশি কর্মসংস্থান হয়। দেশের উৎপাদন, ব্যবসায়িক ও পরিষেবা ক্ষেত্রে যে ৫ কোটি ৭৭ লক্ষ ছোট সংস্থা রয়েছে, তার ৬২ শতাংশেরই মালিক তপশিলি জাতি, উপজাতি বা অনগ্রসর সম্প্রদায়ভুক্ত মানুষজন। সর্বাত্মক বিকাশের লক্ষ্যে প্রধানমন্ত্রী মুদ্রা যোজনায় এই সংস্থাগুলিকে অগ্রাধিকারের ভিত্তিতে ঋণ দেওয়ার কথা বলা হয়েছে। এজন্য ২০০০০ কোটি টাকার প্রাথমিক তহবিল নিয়ে মুদ্রা (মাইক্রো ইউনিটস্ ডেভেলপমেন্ট

রিফাইন্যান্স এজেন্সী—MUDRA) ব্যাংক গড়ে তোলার প্রস্তাব রয়েছে বাজেটে। এছাড়া অতি ক্ষুদ্র আর্থিক প্রতিষ্ঠানগুলিকে আর্থিক সহায়তার জন্য ৩০০০ কোটি টাকার একটি ঋণ গ্যারান্টি তহবিল স্থাপনের কথাও বলা হয়েছে বাজেটে। দক্ষ ও আংশিক দক্ষ শ্রমিকদের কর্মসংস্থানের সুযোগ সৃষ্টিতে এই প্রয়াসগুলি গুরুত্বপূর্ণ ভূমিকা গ্রহণ করবে।

অতি ক্ষুদ্র, ক্ষুদ্র ও মাঝারি শিল্প সংস্থাগুলির অর্থের জোগান বাড়াতে বৈদ্যুতিন ট্রেড রিসিভেবেলস্ ডিস্কাউন্টিং সিস্টেম—TReDS চালুর প্রস্তাব দেওয়া হয়েছে। ব্যবসা-অনুকূল পরিবেশ সৃষ্টির লক্ষ্যে দেউলিয়া আইনের সংস্কার ঘটিয়ে আনা হচ্ছে এ সংক্রান্ত একটি সার্বিক বিধিনিয়ম।

ডাকবিভাগের নেটওয়ার্ক আমাদের দেশে ব্যাপকভাবে বিস্তৃত। প্রায় ১,৫৪,০০০ গ্রামে এর শাখা রয়েছে। সাধারণ মানুষকে প্রথাগত আর্থিক ব্যবস্থাপনায় অন্তর্ভুক্ত করার লক্ষ্যে ডাকবিভাগকে কাজে লাগানোর প্রস্তাব রাখা হয়েছে বাজেটে। পেমেন্ট ব্যাংক হিসাবে কাজ করার জন্য ডাকবিভাগকে লাইসেন্স দেওয়া হবে। সামাজিকভাবে অত্যন্ত গুরুত্বপূর্ণ এই পদক্ষেপে প্রধানমন্ত্রী জন-ধন যোজনাতেও বিপুল অর্থ জমা পড়বে।

স্বনির্ভরতা ও প্রতিভা বিকাশের লক্ষ্যে সেল্ফ-এমপ্লয়মেন্ট অ্যান্ড ট্যালেন্ট ইউটিলাইজেশন—SETU নামে একটি প্রকল্পের কথাও বাজেটে বলা হয়েছে। নতুন শুরু করা ব্যবসা এবং অন্যান্য স্বনিযুক্তি প্রকল্পে, বিশেষত, প্রযুক্তি-নির্ভর ক্ষেত্রে প্রয়োজনীয় সহায়তা জোগাবে এই প্রকল্প। নীতি আয়োগে এজন্য ১০০০ কোটি টাকার সংস্থান রাখা হয়েছে।

## দরিদ্র ও প্রান্তিক মানুষজনকে অগ্রাধিকার দিয়ে সর্বজনীন সামাজিক সুরক্ষার প্রস্তাব

দেশের জনসংখ্যার একটা বড় অংশই স্বাস্থ্য, দুর্ঘটনা বা জীবন—কোনও ধরনের বিমা সুরক্ষার আওতায় নেই। এদের জন্য চালু হচ্ছে প্রধানমন্ত্রী সুরক্ষা বিমা যোজনা। এতে বছরে মাত্র ১২ টাকা প্রিমিয়াম দিয়ে ২ লক্ষ টাকা দুর্ঘটনা বিমার সুবিধা পাওয়া যাবে।

দরিদ্র মানুষজনকে কর্মজীবনের শেষে পেনশনের সুযোগ দিতে সূচনা হচ্ছে অটল পেনশন যোজনা নামে আর একটি প্রকল্পের। এতে চলতি বছরের মধ্যে যেসব নতুন অ্যাকাউন্ট খোলা হবে, সেগুলিতে সরকার পাঁচ বছরের জন্য প্রিমিয়ামের অর্ধেক (সর্বোচ্চ ১০০০ টাকা) দেবে।

১৮ থেকে ৫০ বছর বয়সিদের জন্য অন্য একটি প্রকল্প হল প্রধানমন্ত্রী জীবন জ্যোতি বিমা যোজনা। এতে স্বাভাবিক ও দুর্ঘটনাজনিত মৃত্যুর ক্ষেত্রে ২ লক্ষ টাকা পাওয়া যাবে। বার্ষিক প্রিমিয়াম ৩৩০ টাকা, অর্থাৎ দিনে ১ টাকারও কম।

পাবলিক প্রভিডেন্ট ফান্ডে (PPF) ৩০০০ কোটি টাকা এবং এমপ্লয়িজ প্রভিডেন্ট ফান্ড (EPF) তহবিলে ৬০০০ কোটি টাকা দাবিদারহীন অর্থ পড়ে রয়েছে। এই টাকা প্রবীণদের পেনশন, বিপিএল কার্ডধারী, ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকদের মতো অসহায় মানুষজনের কল্যাণে কাজে লাগানোর প্রস্তাব দেওয়া হয়েছে। দারিদ্রসীমার নীচে থাকা প্রবীণদের জীবনধারণ ও সহায়ক সরঞ্জাম দেওয়ার ক্ষেত্রে সহায়তার জন্য একটি নতুন প্রকল্পের পরিকল্পনাও করা হয়েছে। স্কুলে পড়াশোনায় সার্টিফিকেট নেই, সংখ্যালঘু সম্প্রদায়ভুক্ত এমন তরুণ-তরুণীদের 'নয়ি মঞ্জিল' নামে একটি সংযুক্ত শিক্ষা ও জীবিকা ভিত্তিক প্রকল্পের প্রস্তাব রয়েছে বাজেটে।

অর্থের টানাটানি সত্ত্বেও বাজেটে তপশিলি জাতির জন্য ৩০,৮৫১ কোটি, তপশিলি উপজাতির জন্য ১৯,৯৮০ কোটি এবং মহিলাদের কল্যাণে ৭৯,২৫৮ কোটি টাকা বরাদ্দের সংস্থান রয়েছে।

মহিলা সুরক্ষা ও নিরাপত্তা নিয়ে সচেতনতা গড়ে তোলার লক্ষ্যে গঠিত নির্ভয়া তহবিলের জন্য বরাদ্দ হয়েছে ১০০০ কোটি টাকা।

এই সামাজিক সুরক্ষা প্রকল্পগুলি দরিদ্র, অসহায় ও প্রান্তিক মানুষজনের প্রয়োজনের দিকে নজর রেখে তৈরি। জন-ধন যোজনাকে ব্যবহার করে এগুলি সঠিকভাবে কার্যকর করা হলে কোনও ভারতীয় নাগরিককে অসুস্থতা, দুর্ঘটনা এবং বৃদ্ধাবস্থায় অর্থের সংস্থান নিয়ে দুর্ভাবনা করতে হবে না। তবে এর সঠিক প্রয়োগ এবং এক্ষেত্রে রাজ্য সরকারগুলির সুসমন্বিত ও সংযুক্ত প্রয়াস একান্ত আবশ্যক।

## পরিকাঠামো

পরিকাঠামো নির্মাণ বিকাশের চাবিকাঠি। সরকার এর ওপর কতটা গুরুত্ব দিচ্ছে, তার ইঙ্গিত মেলে সড়ক নির্মাণে ১৪০৩১ কোটি এবং রেলে ১০৫৫০ কোটি টাকা ব্যয়বরাদ্দ বৃদ্ধি থেকে। সরকারি সংস্থাগুলির CAPEX (ক্যাপিটাল এক্সপেন্ডিচার) ৩,১৭,৮৮৯ কোটি টাকা হবে বলে অনুমান করা হচ্ছে, যা ২০১৪-১৫ সালের সংশোধিত হিসাবের থেকে প্রায় ৮০,৮৪৪ কোটি টাকা বেশি। পরিকাঠামো খাতে বিনিয়োগ বাড়বে ৭০০০০ কোটি টাকা।

সরকার একটি জাতীয় বিনিয়োগ ও পরিকাঠামো তহবিল NIIF স্থাপনের ইচ্ছা প্রকাশ করেছে। রেল, সড়ক ও সেচ ক্ষেত্রের বিভিন্ন প্রকল্পের জন্য করমুক্ত পরিকাঠামো বন্ড ছাড়ার অনুমতিও দেওয়া হয়েছে। এক্ষেত্রে PPP (পাবলিক- প্রাইভেট পার্টনারশিপ) মডেল অনুসরণ করা হচ্ছে। এর ফলে বিনিয়োগ ও কর্মসংস্থানের সুযোগ বাড়বে।

উদ্ভাবনী শক্তির বিকাশে নীতি আয়োগের আওতায় অটল উদ্ভাবন মিশন—AIM গড়ে তোলা হচ্ছে। শিক্ষাবিদ, উদ্যোক্তা ও গবেষকরা এখানে তাঁদের অভিজ্ঞতা ভাগ করে নেবেন। সৃষ্টি হবে উদ্ভাবন এবং বৈজ্ঞানিক গবেষণার পরিবেশ। দেশে বিশ্বমানের উদ্ভাবনী কেন্দ্র গড়ে তোলার লক্ষ্যে ১৫০ কোটি টাকা বরাদ্দ করা হয়েছে।

## আর্থিক বাজার

মূলধনি বাজারকে সঠিকভাবে কর্মক্ষম করে তুলতে উপভোক্তা সুরক্ষার যথাযথ ব্যবস্থা করা প্রয়োজন। আর্থিক পরিষেবাদানকারীদের বিরুদ্ধে যাবতীয় অভিযোগের নিষ্পত্তিতে একটি ক্ষেত্র নিরপেক্ষ আর্থিক অভিযোগ নিষ্পত্তি সংস্থা গড়ে তোলার প্রস্তাব বাজেটে রাখা হয়েছে। আর্থিক প্রতারণা ও ভুল বুঝিয়ে আর্থিক পরিষেবা বিক্রি থেকে গ্রাহকদের রক্ষা করতে ইন্ডিয়ান ফাইন্যালশিয়াল কোড—IFC প্রণয়নের কথা সক্রিয়ভাবে বিবেচনা করা হচ্ছে।

**করব্যবস্থা**

বাজেটে আন্তর্জাতিক স্তরে প্রতিযোগিতামূলক প্রত্যক্ষ করহার, সঞ্চয়কে উৎসাহদান এবং অপ্রত্যক্ষ করের ক্ষেত্রে পণ্য ও পরিষেবা কর GST চালুর কথা বলা হয়েছে। GST ২০১৬-১৭ সালে কার্যকর হওয়ার কথা। এর সঙ্গে সাযুজ্য রাখতে পরিষেবা করের হার ১২.৩৬ শতাংশ থেকে বাড়িয়ে ১৪ শতাংশ করা হয়েছে। করের হারের এই সংশোধন এবং GST-র সমন্বয়সাধনের ফলে গ্রাহকরা উপকৃত হবেন।


EPF, ESI এবং NPS-এ যেসব পরিবর্তনের প্রস্তাব আনা হয়েছে, তাতে মাসিক ১৫ হাজার টাকার নীচে বেতন পান, এমন কর্মীরা উপকৃত হবেন। সুরক্ষার পাশাপাশি তাঁদের নীট বেতন বাড়বে।

**স্বচ্ছ ভারত অভিযানে অনুদানের ক্ষেত্রে ১০০ শতাংশ কর ছাড়**

জীবনযাপনের মানোন্নয়ন ও বিকাশের লক্ষ্যে বাজেটে গ্রিন ইন্ডিয়া, পর্যটনের উন্নয়ন, বিভিন্ন রাজ্যে নতুন IIT, AIIMS স্থাপন-সহ নানা সামাজিক কর্মসূচির কথা বলা হয়েছে। অর্থনৈতিক বিকাশের লক্ষ্য সামনে রেখে এগোবার পথে রাজ্যগুলিকেও অংশীদার করা হয়েছে। সঠিক ব্যক্তির কাছে ভরতুকি পৌঁছে দেওয়া সুনিশ্চিত করতে জোর দেওয়া হয়েছে সরাসরি সুবিধা হস্তান্তর পদ্ধতি DBT-র ওপর। ছাত্রবৃত্তি প্রাপকের সংখ্যা বর্তমানের ১ কোটি থেকে বাড়িয়ে ১০ কোটি ৩০ লক্ষ করার উদ্যোগ নেওয়া হচ্ছে। সাড়ে এগারো কোটি LPG গ্রাহকের ব্যাংকে সরাসরি নগদ ভরতুকিবাবদ এ পর্যন্ত হস্তান্তরিত হয়েছে ৬৩৩৫ কোটি টাকা। এতে দুর্নীতি রোধ এবং সরবরাহ ব্যবস্থার অদক্ষতা কমানোও সম্ভব হয়েছে। তবে এই প্রকল্পের কার্যকারিতা নির্ভর করছে রাজ্য সরকারগুলির ভূমিকা পালনের ওপর।

দক্ষতা উন্নয়নের ওপরেও বাজেটে বিশেষ জোর দেওয়া হয়েছে। গরিব ও মধ্যবিত্ত ঘরের ছাত্রছাত্রীরা যাতে তাদের পছন্দমতো উচ্চশিক্ষার সুযোগ পায় সেজন্য প্রধানমন্ত্রী বিদ্যালক্ষ্মী কার্যক্রমের আওতায় সম্পূর্ণ প্রযুক্তি-নির্ভর একটি আর্থিক সহায়তা কর্তৃপক্ষ গড়ে তোলা হচ্ছে। এর প্রধান কাজ হল ছাত্রবৃত্তি ও শিক্ষাঋণ প্রকল্পগুলি সুষ্ঠুভাবে পরিচালনা করা। দক্ষতা উন্নয়ন ও উদ্যোগ মন্ত্রকের অধীনে ইতিমধ্যেই সূচনা হয়েছে জাতীয় দক্ষতা মিশনের। 'মেক ইন ইন্ডিয়া' কর্মসূচির সঙ্গে একযোগে এটি অর্থনৈতিক ও সামাজিক উত্তরণের চালিকাশক্তি হয়ে উঠবে বলে আশা করা হচ্ছে। অতিরিক্ত সম্পদের উন্নয়ন, রাজ্যগুলির স্বশাসন এবং যুক্তরাষ্ট্রীয় সমবায়ের ধারণা, প্রধানমন্ত্রীর 'টিম ইন্ডিয়া' দৃষ্টিভঙ্গির সঙ্গে মিলে বাজেটে বর্ণিত সামাজিক সুফল লাভের লক্ষ্যে বিশেষ ভূমিকা পালন করবে।❑

[লেখক পেশায় চার্টার্ড অ্যাকাউন্টেন্ট, পরিচালন ব্যবস্থাপনা, নিরীক্ষা ও কর সংক্রান্ত পরামর্শদাতা। বিভিন্ন সামাজিক, পরিকাঠামোগত ও গ্রামীণ বিকাশ সংক্রান্ত প্রকল্পে সরকারের উপদেষ্টা। Email: govilmanish7@gmail.com]



# ভারতীয় রেলে নতুনত্বের ছোঁয়া

## রেল বাজেটের পর্যালোচনা

*প্রতি বছরই সাধারণ বাজেটের দু'দিন আগে রেল বাজেট পেশ করা হয়। সাধারণ মানুষের দৈনন্দিন জীবনের উপর সরাসরি প্রভাব থাকার দরুন এই বাজেটের প্রতি আগ্রহের কোনও ঘাটতি হয় না। প্রত্যেক রেল বাজেটে কিছু না কিছু চমক থাকলেও প্রধান বৈশিষ্ট্যগুলি সেই প্রথাগত ধাঁচের মধ্যেই সীমাবদ্ধ থাকে। তবে এবারের রেল বাজেট 'ব্যতিক্রমী'—বিশ্লেষণ করছেন* **সমীর গোস্বামী।**

সাধারণ মানুষের প্রত্যাশা পূর্ণ করে ভারতের রেলমন্ত্রী শ্রী সুরেশ প্রভাকর প্রভু লোকসভায় ২০১৫-১৬ আর্থিক বছরের জন্য রেল বাজেট পেশ করলেন ২৬ ফেব্রুয়ারি। এটাই ছিল বর্তমান সরকারের প্রথম পূর্ণাঙ্গ রেল বাজেট। সরকার গঠনের পর গত বছর স্বল্পমেয়াদের জন্য পেশ করা হয়েছিল বাজেট।

মূলত দুটি কারণে সাধারণ মানুষ এবারের রেল বাজেটে বেজায় খুশি। প্রথমত, যাত্রীভাড়া বাড়েনি। বাজেট পেশ করার প্রাক্কালে নিত্যযাত্রীদের মনে যে কারণে ভয় থাকে যে, আবার বোধহয় রেলভাড়া বাবদ প্রতি মাসে ব্যয় বাড়বে। সেটা এবারে একেবারেই হয়নি। দ্বিতীয়ত, যাত্রী স্বাচ্ছন্দ্যের মান বৃদ্ধির প্রতি যথেষ্ট গুরুত্ব দান।

এ বছরের রেল বাজেট নিঃসন্দেহে আরেকটি কারণে প্রশংসার দাবি রাখে—সেটি হচ্ছে রাজনীতির পরিবর্তে বাজেটে অর্থনীতিকেই গুরুত্ব দান। এর ফলে সংকীর্ণ রাজনৈতিক কারণে আঞ্চলিকতাবাদকে প্রাধান্য না দিয়ে, সামগ্রিক বিকাশের দিকে নজর দেওয়া সম্ভব হয়েছে।

বিগত বছরগুলিতে সঠিক নীতি নির্ধারণের অভাবে ভারতীয় রেলে আর্থিক সংকট দেখা দিয়েছে। রেলমন্ত্রী তাঁর বাজেট ভাষণে পরিষ্কারভাবে ঘোষণা করেছেন, ভারতীয় রেলকে আর্থিকভাবে স্বাবলম্বী করে স্বমহিমায় ফিরিয়ে আনাটাই আশু কর্তব্য।

তিনি ঘোষণা করেছেন, রেলের সামনে এখন চারটি মূল লক্ষ্য : (১) যাত্রী সন্তোষের জন্য পরিষেবার মান বৃদ্ধি, (২) নিরাপদ রেল যাত্রাকে সুনিশ্চিত করা, (৩) পরিকাঠামোর আধুনিকীকরণ এবং (৪) রেল প্রশাসনকে আর্থিকভাবে স্বনির্ভর করা। এই প্রসঙ্গে রেলমন্ত্রী স্মরণ করিয়ে দেন, রেল ব্যবস্থা দেশের ও জাতির মেরুদণ্ডস্বরূপ।

নতুন ট্রেনের ঘোষণার দ্বারা রেল বাজেটকে জনমোহিনী করে তোলার পরিবর্তে, জনমুখী করার দিকে নজর দেওয়া হয়েছে। রেলমন্ত্রী বাজেট ভাষণে জানিয়েছেন, বর্তমান রেল লাইনের তুলনায় ২০ শতাংশ রেল লাইন বৃদ্ধি করা হবে এবং যাত্রী পরিবহণের ক্ষমতা প্রতিদিন ২ কোটি ১০ লক্ষ থেকে বৃদ্ধি করে ৩ কোটি করা হবে।

'স্বচ্ছ ভারত'-এর কথা স্মরণ রেখে 'স্বচ্ছ রেল' করার দিকে মনোনিবেশ করার কথাও রেলমন্ত্রী উল্লেখ করেছেন। এ ব্যাপারে তিনি জানান, ২০১৫-১৬ আর্থিক বছরে, বিভিন্ন ট্রেনে আরও ১৭০০০ জৈব শৌচাগার, ৬৫০টি নতুন স্টেশনে শৌচাগার এবং 'ভ্যাকুয়াম' শৌচাগার প্রবর্তন করা হবে। এই প্রসঙ্গে তিনি আরও জানান, রেলে পরিচ্ছন্নতার ক্ষেত্রে বিশেষজ্ঞ সংস্থাকে নিয়োগ করা ছাড়াও সংশ্লিষ্ট কর্মীদের প্রশিক্ষণের উপরেও জোর দেওয়া হবে।

শুধুমাত্র বাতানুকূল কামরায় নয়, সব শ্রেণির যাত্রীরাই চাইলে নির্ধারিত মূল্যের বিনিময়ে 'বেড রোল' পাবেন। 'ন্যাশনাল ইনস্টিটিউট অব ফ্যাশন টেকনোলজি'-কে দায়িত্ব দেওয়া হবে নতুন ধরনের পুনর্ব্যবহারের অযোগ্য 'বেড রোল' নকশা তৈরি করার জন্য।

ট্রেনে আসন সংরক্ষণের অগ্রিম মেয়াদ ৬০ দিনের পরিবর্তে এখন থেকে ১২০ দিনে করা হচ্ছে। এছাড়া আসন সংরক্ষণের জন্য দীর্ঘক্ষণ লাইনে দাঁড়ানোর বদলে যাতে পাঁচ মিনিটের মধ্যে যাত্রীরা টিকিট কিনতে পারেন, তার জন্য বাড়ানো হচ্ছে টিকিট ভেন্ডিং মেশিন। টিকিট কাটা যাবে স্মার্ট ফোনেও। এছাড়া থাকছে, কাউন্টারের পাশাপাশি কম্পিউটারচালিত কাউন্টার। টিকিটের টাকা সত্বর ফেরত পাবার জন্য তৈরি হচ্ছে 'মাল্টি ফাংশানাল' বিশেষ পোর্টাল।

এসএমএস পদ্ধতিকে ব্যাপক প্রয়োগের ব্যবস্থা নেওয়া হয়েছে। যাত্রী সংরক্ষণ ও ট্রেনের আসা-যাওয়ার খবর এখন থেকে এসএমএস পদ্ধতিতে জানিয়ে দেওয়া হবে। টিকিট পরীক্ষকের কাছেও আসন সংরক্ষণের তথ্য পৌঁছে দেওয়া হবে। আগামী বছরের মধ্যে দু'হাজার স্টেশনে এই পরিষেবার ব্যবস্থা করা হবে।

বাছাই করা ১০৮টি দূরপাল্লার ট্রেনে ই-ক্যাটারিং ব্যবস্থা চালু করার ফলে, ট্রেনে যাত্রাকালে খাবার সরবরাহের ক্ষেত্রে যাত্রীরা এখন টিকিট কাটার সময় আইআরসিটিসি-র ওয়েবসাইট মারফত নিজেদের পছন্দমতো খাবারের অর্ডার দিতে পারবেন। প্রয়োজনে, ট্রেন থেকে ফোনেও খাবারের অর্ডার দেওয়া যাবে।

পরিষেবা উন্নয়নের অভিপ্রায়ে আরও একগুচ্ছ বিশেষ সুবিধার কথা রেল বাজেটে ঘোষণা করা হয়েছে। তার মধ্যে রয়েছে :

- এখন থেকে অসংরক্ষিত কামরার টিকিটও মোবাইল ফোনের মাধ্যমে কাটা যাবে।
- প্রবীণ নাগরিক ও গর্ভবতী মহিলাদের জন্য 'লোয়ার বার্থ' সংরক্ষণ।
- উপরের বার্থে ওঠার জন্য বিশেষ সিঁড়ির ব্যবস্থা।
- দৃষ্টিহীনদের জন্য স্টেশনে ও ট্রেনে ব্রেইল ব্যবস্থার মাধ্যমে তথ্য প্রদানের ব্যবস্থা।

● যাত্রাকালে বিনোদনের উদ্দেশ্যে কিছু বিশেষ দূরপাল্লার ট্রেনে 'বিনোদনের প্যাকেজ' পরীক্ষামূলকভাবে চালু করা হবে। আপাতত শতাব্দী এক্সপ্রেসে ভিডিও ফিল্ম দেখানো ও গান শোনানো হবে।

● ২০১৫-১৬ সালে ১০টি স্যাটেলাইট স্টেশনের প্রবর্তন।

● স্টেশনে 'লকার'-এর ব্যবস্থা করা হবে।

● সাধারণ শ্রেণির কামরাতেও থাকবে মোবাইল ফোন চার্জ দেওয়ার ব্যবস্থা।

● অনলাইনে প্রবীণ, প্রতিবন্ধী ও অসুস্থ যাত্রীদের জন্য 'হুইল চেয়ার', স্ট্রেচার ইত্যাদি 'বুক' করার সুবিধা থাকছে।

● ৪০০টি স্টেশনে ওয়াইফাই সুবিধা প্রদান করা হবে।

● মুম্বইয়ের শহরতলির ট্রেনে বাতানুকূল কামরা প্রবর্তন।

● চলন্ত ট্রেনে যাত্রীদের জন্য দুটি 'টোল ফ্রি' হেল্প লাইন প্রদান করা হয়েছে। প্রতিদিন ২৪ ঘণ্টা এই 'হেল্প লাইন' চালু থাকবে। ট্রেন সংক্রান্ত যাবতীয় তথ্য পেতে ১৩৮ এবং যাত্রী সুরক্ষার বিষয়ে সুরাহা পেতে ১৮২ নম্বর ডায়াল করতে হবে।

● ট্রেন যাত্রার সময় নিরাপত্তা সুনিশ্চিত করার জন্য মহিলা কামরায় সিসিটিভি লাগানো হবে। অবশ্য সেক্ষেত্রে ব্যক্তিগত গোপনীয়তা বজায় রাখা হবে। দূরপাল্লা ও শহরতলি— দু' ধরনের ট্রেনেই থাকছে এই ব্যবস্থা। কোনও অপরাধ হলেই সিকিউরিটি কন্ট্রোল তৎক্ষণাৎ জানতে পারবে।

সুরক্ষার বিষয়েও গুরুত্ব দেওয়া হয়েছে। কাকোদকর কমিটির যে সকল সুপারিশ এখনও কার্যকর হয়নি, সেগুলির প্রতি নজর দেওয়া হবে বলে রেলমন্ত্রী জানিয়েছেন।

সুরক্ষার জন্য ৯৭০টি 'রোড ওভার ব্রিজ' এবং 'আন্ডার ব্রিজ' নির্মাণ করা হবে। এর ফলে ৩৪৩৮টি লেভেল ক্রসিং বন্ধ করা সম্ভব হবে। এছাড়া, প্রহরীবিহীন লেভেল ক্রসিংকে ক্রমান্বয়ে প্রহরীযুক্ত করা হবে। রেল লাইন রক্ষণাবেক্ষণ-এর কাজ আধুনিকীকরণের ব্যবস্থাও গ্রহণ করা হয়েছে।

লাইনে ফাটল নির্ভুলভাবে চিহ্নিত করার জন্য 'ডিজিটাল আল্ট্রাসনিক ফ্ল ডিটেক্টর' উন্নতমানের যন্ত্র ব্যবহার করা হবে। ফাটল এড়াতে উন্নতমানের ইস্পাত ব্যবহারও করা হবে। এর ফলে ট্রেন লাইনচ্যুত হওয়ার সম্ভাবনা কমে যাবে।

রেলের কামরাগুলিতে অগ্নিনির্বাপক যন্ত্র বসানো হবে, যাতে কামরায় ধোঁয়া বা আগুন দেখলেই যথাস্থলে বার্তা পাঠানো যায়। ট্রেন চালককে আগাম সতর্ক করতে ট্রেনে বসানো হবে 'ট্রেন প্রটেকশন ওয়ার্নিং সিস্টেম' ও দুটি ট্রেনে সংঘর্ষ ঠেকাতে 'অ্যান্টি-কলিশন ডিভাইস'।

ট্রেন চলাচল উন্নত করার জন্য যেসব রুটে ঘণ্টায় ১১০ থেকে ১৩০ কিলোমিটার বেগে যাত্রীবাহী ট্রেন চলে, সেই সব রুটে গতি বৃদ্ধি করে ১৬০ কিলোমিটার থেকে ২০০ কিলোমিটার পর্যন্ত করা হবে। দিল্লি-কলকাতা, দিল্লি-মুম্বই ইত্যাদি রুটে চলাচলকারী ৯টি ট্রেনের গতি বৃদ্ধি করা হবে, যাতে এই ট্রেনগুলি এক রাতেই গন্তব্যস্থলে পৌঁছাতে পারে।

এছাড়া মালগাড়িরও গতি বৃদ্ধি করা হবে এবং মালগাড়িও টাইম-টেবিল অনুসারে চলবে। এর ফলে সমগ্র ট্রেন চলাচলের উন্নতি ঘটবে।

গুরুত্বপূর্ণ দূরপাল্লার ট্রেনে সর্বোচ্চ কামরার সংখ্যা ২৪ থেকে ২৬ করা হবে, যাতে যাত্রীবহন ক্ষমতা বৃদ্ধি পায়। যাত্রীবাহী ট্রেনে নিম্নবিত্তদের সুবিধার্থে আরও বেশি অসংরক্ষিত কামরা লাগাবার কথাও রেলমন্ত্রী ঘোষণা করেছেন।

উত্তর-পূর্ব ভারতে রেল যোগাযোগ ব্যবস্থা প্রসারিত করা হবে বলে রেলমন্ত্রী জানান। এই প্রসঙ্গে তিনি উল্লেখ করেন, অরুণাচলপ্রদেশ ও মেঘালয়কে ইতিমধ্যেই রেল মানচিত্রে আনা সম্ভব হয়েছে।

রেলমন্ত্রী বলেন, জ্বালানিবাবদ ব্যয় কমানোর জন্য সৌরশক্তি ব্যবহারের দিকে গুরুত্ব দেওয়া হবে।

'প্রাইভেট-পাবলিক পার্টনারশিপ' (পিপিপি) মডেলকে গুরুত্ব সহকারে কার্যে রূপায়ণের জন্য সংশ্লিষ্ট বিভাগকে শক্তিশালী করা হবে, যাতে বেসরকারি সংস্থা উৎসাহিত বোধ করে এবং পরিকল্পনাটি বাস্তবায়িত করা সম্ভব হয় বলে বাজেট ভাষণে রেলমন্ত্রী উল্লেখ করেন। তিনি আরও জানান, বৃহৎ বেসরকারি সংস্থাগুলির সঙ্গে যৌথ উদ্যোগে বিভিন্ন প্রকল্প গ্রহণের ভাবনা-চিন্তাও রয়েছে। রেল পরিকাঠামো উন্নয়নের জন্য বিদেশি কারিগরি সহায়তাও গ্রহণ করা যেতে পারে।

রেলে উন্নত কারিগরি বিদ্যা ব্যবহারের উদ্দেশ্যে যে গবেষণার প্রয়োজন তার জন্য বেনারস হিন্দু বিশ্ববিদ্যালয়ে মদনমোহন মালব্যের নামে 'চেয়ার' করা হবে। এছাড়া, চারটি বিশ্ববিদ্যালয়ে কারিগরি গবেষণাকেন্দ্র এবং একটি বিশ্ববিদ্যালয় স্থাপন করা হবে বলেও এবারের রেল বাজেটে সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে।

রেল কর্মীদের উন্নয়নের কথাও এবারের বাজেটে ভাবা হয়েছে। রেল কলোনিতে তাঁদের বাসস্থানের উন্নয়নের কথার যেমন উল্লেখ আছে, তেমনই বলা হয়েছে তাঁদের উপযুক্ত প্রশিক্ষণের ব্যবস্থা করা হবে। উদ্যোগ নেওয়া হয়েছে তাঁদের যোগাসনের ব্যবস্থার, যাতে কাজের সময় তাঁদের মনোনিবেশে ঘাটতি না থাকে।

২০১৪-১৫ সালের যোজনাখাতে ব্যয় ৬১,৫০০ কোটি টাকা থেকে বাড়িয়ে ২০১৫-১৬ সালে ১.১ লাখ কোটি টাকা করা হয়েছে। ২০১৫-১৬ সালে 'অপারেটিং রেশিও'-র লক্ষ্যমাত্রা ৮৮.৫ শতাংশ ধার্য হয়েছে। বলা বাহুল্য, 'অপারেটিং রেশিও' বলতে বোঝায় প্রতি ১০০ টাকা উপার্জনে কত টাকা ব্যয় করতে হয় তার হিসাব।

'ডেডিকেটেড ফ্রেট করিডর' নির্মাণের কথাও রেলমন্ত্রী যেমন তাঁর বাজেট ভাষণে জানিয়েছেন, তেমনই তিনি উল্লেখ করেছেন যে, রেল উন্নয়নে সাংসদদের অনুরোধ জানানো হবে, যাতে তাঁরা তাঁদের নির্বাচিত এলাকায় রেল প্রকল্পের বাস্তবায়নের জন্য 'এম পি ল্যাড' থেকে অর্থ সাহায্য করেন।

এবারের রেল বাজেটের জন্য যাত্রীসাধারণের পক্ষ থেকে নিঃসন্দেহে রেলমন্ত্রীর সাধুবাদ প্রাপ্য। যাত্রী পরিষেবার উন্নয়নের জন্য ৮ লক্ষ কোটি টাকা ব্যয়বরাদ্দ অবশ্যই একটি বলিষ্ঠ পদক্ষেপ।❑

[লেখক পূর্ব রেল-এর প্রাক্তন মুখ্য জনসংযোগ আধিকারিক।]

# কেন্দ্রীয় বাজেট তৈরির প্রক্রিয়া ও রচনা-পদ্ধতি

*সংজ্ঞানুসারে কেন্দ্রীয় সরকারের বার্ষিক আয়-ব্যয়ের আনুমানিক হিসাবই সাধারণ বাজেট। আমজনতার কাছে বাজেট প্রস্তুতির প্রক্রিয়া মোটেই সহজবোধ্য নয়। কিন্তু এই বাজেট ঘিরে উৎসাহ ও কৌতূহল শুধুমাত্র বিশেষজ্ঞমণ্ডলী ও শিল্পমহলের মধ্যেই সীমাবদ্ধ থাকে না। বাজেটের প্রস্তুতি-পর্বের পুঙ্খানুপুঙ্খ বর্ণনা দিচ্ছেন* **অধ্যাপক রবীন্দ্র এইচ ঢোলাকিয়া।**

আর্থিক নীতি হল ম্যাক্রো অর্থনীতির দুটি প্রধান নীতির একটি যেটি কিনা অর্থনীতির ব্যবস্থাপনায় সহায়তা করে। আর অন্যটা হল মুদ্রা নীতি। এই দুটি নীতির ভূমিকা ও ক্ষেত্রটির মধ্যে পার্থক্য পরিষ্কার বুঝিয়ে দিতে এদের প্রত্যেকের একটা কাজ-চালানো সংজ্ঞা দেওয়া হল। আর্থিক নীতি হল এমন যে কোনও নীতি যা সরকারের রাজস্ব ও ব্যয়কে সরাসরি প্রভাবিত করে। আর মুদ্রা নীতি হল সেই নীতি যেটা যে কোনও আর্থিক ব্যবস্থায় নগদের পরিমাণ ও তার উৎপাদন ব্যয়কে সরাসরি প্রভাবিত করে। যেহেতু আমাদের মতো যুক্তরাষ্ট্রীয় ব্যবস্থায় আর্থিক নীতির সংজ্ঞাটা সরকারের তিনটি স্তরকেই শামিল করে নেয়, তাই নীতিটিকে এর পূর্ণতায় দেখাটাও খুব জটিল ব্যাপার।

যাই হোক, আমাদের দেশে কেন্দ্রীয় সরকারের ভূমিকাটা একেবারে ইতিহাসগত-ভাবেই রাজ্য আর স্থানীয় শাসনমূলক সংস্থাকে একত্রে ধরলেও তার তুলনায় অনেক বেশি গুরুত্বপূর্ণ। উদাহরণ হিসাবে বলা যায়, খরচের দিক থেকে কেন্দ্রীয় সরকার দেশের মোট সরকারি খরচের ৫৫ থেকে ৬০ শতাংশই খরচ করে। রাজস্বের দিক থেকেও সেটা অনেকটা বেশি, প্রায় ৫৫ শতাংশ।

সাম্প্রতিককালে রাজ্যগুলোর ভূমিকা বাড়ছে প্রথমত কেন্দ্রীয় করের ক্ষেত্রে ওদের ভাগটা পরের পর অর্থ কমিশনের সুপারিশ অনুযায়ী বাড়তে থাকায় আর দ্বিতীয়ত, কেন্দ্র বেশ কিছু সামাজিক ক্ষেত্রের কর্মসূচি ও প্রকল্প প্রথাবদ্ধ ও যুক্তিসংগতভাবে ওদের হাতে সঁপে দেওয়ায়। চতুর্দশ অর্থ কমিশন তো কেন্দ্র থেকে রাজ্যের হাতে সম্পদ হস্তান্তরের ক্ষেত্রে পর্যাপ্ত বৃদ্ধির সুপারিশ করেছে। তবুও এখনও কিন্তু দেশের সার্বিক অর্থনীতির দিকে তাকিয়ে আর্থিক নীতির ক্ষেত্রে কেন্দ্রীয় সরকারের প্রাসঙ্গিকতা আর তাৎপর্যটাই হয় মুখ্য, কেননা প্রধান সব কেন্দ্রীয় কর সংগ্রহের মাধ্যমে আদায় হওয়া মোট রাজস্বটা এখনও কেন্দ্রেরই আয়ত্তে। ফলে, কেন্দ্রীয় সরকারের রাজস্ব ও ব্যয়ের সিদ্ধান্তগুলো দেশের আর্থিক নীতির ক্ষেত্রে সব থেকে প্রধান নির্ণায়ক অংশ হয়ে দাঁড়ায়। কেন্দ্রীয় সরকারের সাধারণ বাজেট পেশ ওই কারণেই আমাদের অর্থনীতির এক বিশেষ ঘটনা কেননা এটি দেশের আর্থিক নীতির একমাত্র পূর্ণাঙ্গ বিবৃতি বলেই গণ্য।

### উদ্দেশ্য

আর্থিক নীতির কিন্তু প্রকৃতিগত কারণেই বেশ কিছু বিভিন্ন উদ্দেশ্য রয়েছে যা অন্য নানা নীতি কিংবা এমনকী মুদ্রা নীতিতেও নেই কারণ ওদের একটামাত্র উদ্দেশ্য থাকতে পারে অথবা ক্ষেত্রবিশেষে হাতে গোনা কয়েকটাই। সরকারি রাজস্ব ও ব্যয়ের স্বল্প ও দীর্ঘমেয়াদি, দু'ধরনেরই ব্যাপার আছে। আর্থিক নীতিরও তাই রয়েছে সংশ্লিষ্ট স্বল্পমেয়াদি ও দীর্ঘমেয়াদি উদ্দেশ্য। স্বল্পমেয়াদি নীতির মধ্যে রয়েছে অর্থনৈতিক কাজকর্মকে সুস্থিত করা আর অর্থনীতিতেও স্থিতিশীলতা আনা, বাইরের প্রতিকূল কিংবা অনুকূল সব ধাক্কা সামলানোর মাধ্যমে লভ্যাংশের লক্ষ্য অর্জনে অর্থনীতির আয় ও সম্পদের পুনর্বণ্টন; এবং সরকারের পক্ষে বাধ্যতামূলকভাবে গরিব ও অর্থনৈতিক দিক থেকে বিপন্ন মানুষদের জন্য সমান সুযোগ সুনিশ্চিত করা আর সরকারি ক্ষেত্রের নানা সামগ্রীর ক্ষেত্রে ওদের অধিকার সুনিশ্চিত করে দেওয়া। আর্থিক নীতির দীর্ঘমেয়াদি উদ্দেশ্য হল উচ্চ ও ধারাবাহিক হারে আর্থিক বিকাশকে লভ্যাংশের সঙ্গেই অর্জন করা। আর জীবনের প্রকৃতিগত গুণমানের উন্নতি ঘটিয়ে সমাজের সব স্তরের মানুষের কল্যাণসাধন। আর্থিক নীতিকে সঞ্চয় ও বিনিয়োগের দুই ধারার দিকেই যে মনোযোগ দিতে হবে সেটা বলাই বাহুল্য, কেননা লক্ষ্যই হল এইসব উদ্দেশ্য পূরণ।

### পদ্ধতিসমূহ

কেন্দ্রীয় বাজেটের বিরাট গুরুত্বের দরুন, ভারতের মতো গণতান্ত্রিক দেশে এটা যে একটা রাজনৈতিক অভিপ্রায়মূলক বিবৃতি, শাসকদলের দর্শন তথা নীতিগত পথমানচিত্র হয়ে উঠবে সেটা অনিবার্য। একে অত্যন্ত সযত্নে প্রস্তুত ও পেশ করা হবে এবং শেষ পর্যন্ত গ্রহণের আগে এ সম্পর্কে প্রচুর বিতর্কও চলবে। এটি যেহেতু সরকারি রাজস্ব ও ব্যয় সংক্রান্ত, তাই বাজেটকে সংসদের অনুমোদন লাভ করতেই হয় আর অর্থবিল হিসেবেই এটি বিধি রূপে গৃহীত হয়। সেই জন্যই কোনও বিল বা আইন পেশ করার জন্য প্রয়োজনীয় সব পদ্ধতিই এক্ষেত্রেও পালন করতে হয় অবশ্যই। এর মধ্যে রয়েছে আনুষ্ঠানিকভাবে পেশ করা, প্রকাশ করা ও জনসাধারণের মধ্যে ব্যাপক প্রসার, অভিমত চাওয়া, এ নিয়ে তর্ক-বিতর্ক ও আলোচনা এবং শেষপর্যন্ত নির্বাচিত জনপ্রতিনিধিদের

দ্বারা সংসদীয় অধিবেশনে অনুমোদনের ব্যবস্থা করা। এইভাবে, কেন্দ্রীয় বাজেট দেশের আর্থিক নীতির পূর্ণাঙ্গ রূপ ধারণ করে সংসদে পেশ হওয়ার সময়ে নয়, বরং সব সংশোধনী গৃহীত হওয়ার পর সংসদের অনুমোদন লাভের পরেই।

এ পর্যন্ত আলোচনা থেকে এটা স্পষ্ট যে, সরকারের যে কোনও পর্যায়েই আর্থিক নীতি যা কিনা ভারতের মতো যুক্তরাষ্ট্রীয় কাঠামোর দেশে বাজেট প্রণয়নের মধ্য দিয়েই প্রতিফলিত, একটি দীর্ঘ প্রক্রিয়া এবং যথেষ্ট সময়সাপেক্ষও বটে। এই প্রক্রিয়া তাই সাধারণত বছরে একবারই পালিত হয়। সরকারের সব আয়-ব্যয়কে এক বছরের মধ্যেই প্রভাবিত করতে পারা আরও ঘন ঘন পরিবর্তনের বিষয়টা তত্ত্বগতভাবে সম্ভব হলেও অভিপ্রেতও নয়, নয় বাস্তবসম্মতও। এর ফলে, অর্থনৈতিক ক্রিয়াকলাপের স্থিতিশীলতা সুনিশ্চিত করা বাজেটের দ্বারা কিছুটা মাত্রই সম্ভব। এইসব ক্ষেত্রে মুদ্রানীতিকে আরও সক্রিয় ভূমিকা গ্রহণ করতে হবে। কেন্দ্রীয় বাজেট কেবলমাত্র সহায়ক ভূমিকাই নিতে পারে আর সঞ্চয়, বিনিয়োগ, বিকাশ ও মূল্যমানে স্থিতিশীলতা আনার মূল কাঠামোটাই পেশ করতে পারে। তাছাড়া নীতিগত প্রতিক্রিয়া পাওয়ার মৌলিক বিক্ষেপটি যদি স্থায়ী না হয়ে কেবল সাময়িক ধরনের হয় তাহলে এক বছর স্থায়ী আর্থিক নীতি পরিবর্তনটা স্থিতিশীল হওয়ার বদলে আরও অস্থিরতাই সৃষ্টি করবে। কেবল স্থায়ী বা দীর্ঘমেয়াদি বিক্ষেপ—এরই আর্থিক নীতিঘটিত প্রতিক্রিয়া প্রয়োজন, যদি আদৌ লাগে। কারণ আর্থিক নীতি বদলের প্রভাবটা অভিপ্রেত ম্যাক্রো-অর্থনৈতিক ক্ষেত্রের ওপর পড়ে অনেক সময় নিয়ে।

## জড়িত প্রক্রিয়াসমূহ

ভারতে কেন্দ্রীয় বাজেটের প্রক্রিয়াসমূহ সম্পন্ন করতে প্রায় চার মাস সময় লাগে। প্রক্রিয়াটা শুরু হয় নভেম্বর মাসে অর্থমন্ত্রকের পাঠানো একটা বিজ্ঞপ্তির মাধ্যমে। কেন্দ্রীয় সরকারের সব মন্ত্রক, বিভাগ ও অন্য সব সংস্থাকে পাঠানো ওই বিজ্ঞপ্তিতে রাজস্ব ও মূলধনখাতে সম্ভাব্য ব্যয়ের বিবরণ ও সেই সঙ্গে রাজস্ব ও মূলধনিখাতে আয়ের বিশদ বিবরণ চাওয়া হয়। মন্ত্রক ও বিভাগসমূহ তাদের মানবসম্পদ ও বস্তুগত উপাদান সংক্রান্ত চাহিদার অনুপুঙ্খ মূল্যায়ন করে নিজ নিজ নিয়মিত ও দৈনন্দিন কাজকর্ম ও প্রস্তাবিত নতুন নতুন কাজ, প্রকল্প ও কর্মসূচি আগামী বছরে কী হতে চলেছে তার সার্বিক প্রতিবেদন পেশ করে। অবশ্য ওদের চালু কাজকর্ম বজায় রাখা, রক্ষণাবেক্ষণ, কিংবা ইতিমধ্যেই রূপায়ণ চলতে থাকা প্রকল্প ও কর্মসূচির জন্য প্রয়োজনীয় মানবসম্পদ বা উপকরণের চাহিদার জন্য আলাদা করে যুক্তিনিষ্ঠ অবতারণার প্রয়োজন পড়ে না কেননা এগুলো সবই যোজনা-বহির্ভূত ব্যয়ের শ্রেণিতে পড়ে।

যে কোনও নতুন কাজকর্ম, প্রকল্প বা কর্মসূচি এবং চালু কর্মসূচির সম্প্রসারণের ক্ষেত্রে অবশ্য মন্ত্রক বা বিভাগের পেশ করা প্রস্তাবে যুক্তিনিষ্ঠ অবতারণার বিশেষ প্রয়োজন। এই প্রস্তাবগুলো অনুমোদিত হলে রাজস্ব ও মূলধনি দিক থেকে অঙ্গীকারসমূহের বিষয়টি বিবেচনায় রেখেই যাতে সমাধা হয় সেজন্যই এই ব্যবস্থা। জনসাধারণকে যাতে বিবৃত লক্ষ্যে পৌঁছে দেওয়া যায় সেজন্য বিভিন্ন মন্ত্রক ও বিভাগ ইত্যাদি যেসব কাজকর্মের প্রস্তাব দিয়েছে, তার জন্য ধার্য খরচের কি প্রভাব পড়ছে ওই সব কাজকর্মের দ্বারা অর্জিত লক্ষ্যের ওপর, সেই হিসেবটাই হল ওই সব কাজকর্মের যৌক্তিকীকরণ বা যুক্তিনিষ্ঠ অবতারণা। এই সব প্রস্তাবগুলো ব্যয়ের পরিকল্পনা অংশের আওতায় পড়ে।

সারা দেশে ছড়িয়ে থাকা সরকারি দফতর, সংস্থা ও প্রতিষ্ঠানের নিরিখে এটা যে একটা বিশাল কাজ সেকথা তো স্পষ্ট। কেন্দ্রীয় মন্ত্রক ও বিভাগগুলিকে একেবারে মাটির কাছাকাছি থাকা শাখাগুলি থেকে এইসব আয়-ব্যয়মূলক বিবরণী ও প্রস্তাব ইত্যাদি সংগ্রহ করতে হয়। এজন্য কেন্দ্র ও তার একেবারে প্রান্তবর্তী এসব শাখার মধ্যে চাই এক অত্যন্ত দক্ষ, কার্যকর ও উজ্জীবিত যোগাযোগ চ্যানেল, যদি অবশ্য গোটা প্রতিষ্ঠানটিই ভীষণ স্বৈরতান্ত্রিক এবং কাজকর্মে অত্যন্ত বেশিমাত্রায় কেন্দ্রভিত্তিক না হয়। যদিও এমন একটা ধারণা সর্বত্রই ছড়িয়ে আছে যে আমাদের সরকারি প্রতিষ্ঠানগুলো অত্যন্ত বেশিমাত্রায় কেন্দ্রীভূত পরিবেশে কাজ করে থাকে এবং প্রধানত ওপর থেকেই প্রশাসনিকভাবে নিয়ন্ত্রিত হয়। কিন্তু এটাও সত্যি যে সরকারি আধিপত্যপরম্পরার মধ্যে বিভিন্ন স্তরে যথেষ্টই নমনীয়তা, স্বাধীনতা ও স্বনিয়ন্ত্রণ রয়েছে। ফলে বাজেট প্রস্তাবগুলি চাওয়া হয় নির্দিষ্ট সময়সীমা বেঁধে দিয়ে ওপর থেকে, নীচে থেকে ওপরে পাঠানোর ভিত্তিতে আর ওপরে পাঠাবার আগে বিভিন্নস্তরে তাদের উপযুক্তভাবে তুলনা করে নেওয়াও হয়। আর সেইসব বিভাগ ও মন্ত্রক, যেখানে বিভিন্নভাবে যেমন, ফি, জরিমানা, কর, লেভি ইত্যাদির মাধ্যমে রাজস্ব আদায় হয়, সেখানে রাজস্বের তরফেও একই ধরনের বাজেট-প্রস্তাব তৈরি হয় প্রস্তাবিত সংশোধনী-সহ।

এই গোটা প্রক্রিয়াটায় যথেষ্ট সময় লাগে ঠিকই, কিন্তু কোনও বিকেন্দ্রীকৃত গণতান্ত্রিক ব্যবস্থায় এটা অনিবার্যও বটে। বিভিন্ন স্তর আর পর্যায়ে সরকারি সংস্থা কিন্তু বাজেট তৈরিতে সাধারণ মানুষের সক্রিয় অংশগ্রহণ সুনিশ্চিত করতে পারে। তবে এখনও পর্যন্ত অবশ্য এদেশে বার্ষিক বাজেট তৈরিতে সাধারণ মানুষের অংশগ্রহণ যদি কিছু থেকেও থাকে তাহলে তা সমষ্টিগত পর্যায়েই সীমাবদ্ধ। এটা মূলত জীবনের বিভিন্ন স্তর থেকে বেছে নেওয়া বিশেষ কিছু মানুষের উপদেশ, পরামর্শ ও সুনির্দিষ্ট কিছু উপাদান সংগ্রহ, শ্রমিক সংগঠন, সংস্থা, কর্পোরেশন, অ্যাসোসিয়েশন আর অন্যান্য ক্ষেত্রের প্রতিনিধিদের কাছ থেকেও। আমাদের বাজেট তৈরির প্রক্রিয়াটা নানা সম্প্রদায় ও স্বার্থসংশ্লিষ্ট মানুষজনের একেবারে নীচু স্তর থেকেই কার্যকর অংশগ্রহণের সম্ভাবনাটা তৈরি করলেও এটা প্রকৃতপক্ষে বাস্তবায়িত হয় না নীচের স্তরে সুস্পষ্ট নির্দেশ আর পর্যাপ্ত সময়ের অভাবে, কারণ উঁচুমহল থেকে বার্তাটা নিয়মিত প্রয়াসের অভাবে বিলম্বিত হয়ে থাকে।

একদিকে নীচ থেকে আসা সব প্রস্তাব সংগৃহীত ও সামঞ্জস্য বিধানের পর উপযুক্ত শ্রেণিতে সমষ্টিভুক্ত করা আর অন্যদিকে অর্থমন্ত্রক একইসঙ্গে চালানো এক স্বাধীন

প্রক্রিয়ার দ্বারা বাজেটের অঙ্কটাতে সার্বিক সাযুজ্য আনার ব্যবস্থা করে। এই পর্যায়ে বাজেট তৈরিতে ব্যয় ও রাজস্ব, দু'দিকেই নানারকম বাধার বিষয়টিকে স্বীকার করে নিতে হয়। একইভাবে রাজস্ব ঘাটতি, প্রাথমিক ঘাটতি, রাজকোষ ঘাটতি আর আনুপূর্বিকভাবে সরকারি ঋণের পরিমাণের নিরিখে আর্থিক দায়িত্বও বাজেট ব্যবস্থাপনা আইনের আওতায় থাকা বাধাগুলোও বিবেচনা করতে হয়। রাজস্বখাতে যেসব সমস্যার কথা বিবেচনা করা দরকার আপাতগ্রাহ্য অনুমানের নিরিখে যার ভিত্তিতে নানা ধরনের কর ও কর-বহির্ভূত রাজস্ব সংগ্রহের পরিমাণটা ধরে নেওয়া হয়। এই সব অনুমানগুলিকে অবশ্যই সার্বিক অর্থনীতির বাতাবরণের ভিত্তিতে এবং অর্থনীতির জন্যই আপাতত বজায় রেখে প্রকৃত আয় কিংবা বিভিন্ন ক্ষেত্রের উৎপাদন, আমদানি, রপ্তানি এবং মূল্যমানে পরিবর্তন, বিনিময় হার, কর্পোরেট মুনাফা, লেন-দেন পরিমাণ এবং এই রকমই সব অর্থনীতির সার্বিক সমষ্টিগত পরিণামের হিসেব করা হয়।

শেষে, এই সব হিসেব প্রকৃত আয়ের বিকাশ সংক্রান্ত বিষয়ে আর্থিক ক্ষেত্রের দুটি অনুমানের ওপর প্রত্যক্ষভাবে নির্ভরশীল। এর একটি যদি হয় স্থিরমূল্যে মোট দেশীয় উৎপাদন তাহলে অন্যটা হল মুদ্রাস্ফীতির হারে সামনের বছর কীরকম থাকবে, সেটা। এইগুলোই হল বাজেটের নেপথ্যে থাকা পূর্বানুমান বা বলা ভালো, বাজেট তৈরির সময় ধরে নেওয়া লক্ষ্যগুলো। এই দুটো উদ্দেশ্য থেকে কোনওরকম বিচ্যুতির অর্থ হল রাজস্ব আয় সম্পর্কে হিসেব আর এফআরবিএম-এর হিসেব সবই অপ্রাসঙ্গিক হয়ে পড়া। তবে তার ফলে বাজেট তৈরি প্রক্রিয়ার দক্ষতা নিয়েই প্রশ্ন উঠে যাওয়ার সম্ভাবনা সৃষ্টি হয়। মধ্যবর্তী পর্যালোচনা তাই প্রায়শ ঘটানো হয়, বিশেষ করে যখন বাইরের কোনও জোরালো আঘাতে বাজেটের অন্তর্নিহিত অনুমান আর লক্ষ্য, দুইয়েরই সংশোধন প্রয়োজনীয় হয়ে পড়ে।

ব্যয়ের ক্ষেত্রে সমষ্টিগত স্তরের সমস্যাগুলো হল প্রতিশ্রুত ব্যয়ের ভিত্তিতে। এগুলো গত কয়েক বছরে ক্রমপুঞ্জিত সরকারি ঋণের সঙ্গে দেয় সুদের হারকেও শামিল করে নেয়। একইভাবে কেন্দ্রীয় সরকারের পেনশন সংক্রান্ত দায়ও মেটাতে হবে। সরকারি কর্মচারীদের বেতনও প্রতিশ্রুত ব্যয়ের মধ্যেই পড়ে যদি না সরকার পরের বছর কর্মসংস্থান কমিয়ে ফেলবে বলে ঠিক করে থাকে। সম্প্রতি বেশ কিছু আইনও হয়েছে যাতে ভরতুকির আকারে বিপুল সরকারি ব্যয়ের প্রতিশ্রুতি আছে, যেমন খাদ্য সুরক্ষা আইন, শিক্ষার অধিকার আইন ইত্যাদি। এছাড়া মানুষের কাছে সরকারের আরও অনেক ভরতুকির প্রতিশ্রুতি রয়েছে। কোনও অর্থনীতিতেই যদিও এগুলো কিংবা প্রতিরক্ষাখাতে ব্যয়কে প্রতিশ্রুত ব্যয় বলে ধরা হয় না। তবুও রাজনৈতিকভাবে এবং ব্যবহারিক দিক থেকেও এগুলো অত্যন্ত সংবেদনশীল এবং এদের প্রায়-প্রতিশ্রুত সরকারি ব্যয় বলেই ধরে নেওয়া যায়। এই সব রকম প্রতিশ্রুত ব্যয়ের ব্যবস্থা করা দরকার এবং এসব খরচ কমানোর বা অন্যখাতে সরিয়ে দেওয়ার মতো নমনীয়তা সরকারি ক্ষেত্রে দেখাই যায় না।

এ প্রসঙ্গে মনে রাখতে হবে যে ২০১৩-১৪-র অর্থবছরে এই প্রতিশ্রুত ব্যয় সুদ মেটানোর ক্ষেত্রে ছিল জিডিপি-র ৩.৩ শতাংশ, বেতন ও পেনশন ইত্যাদিতে ২.৩ শতাংশ। প্রধান ভরতুকির জন্য ২.২ শতাংশ আর প্রতিরক্ষা ব্যয়ে ১.১ শতাংশ। সব মিলিয়ে দাঁড়াল জিডিপি-র ৮.৯ শতাংশ। এভাবেই ২০১৩-১৪-তে কেন্দ্রীয় বাজেটের রাজস্ব আয়টা প্রতিশ্রুত ব্যয় মেটাতেই নিঃশেষ হয়ে গিয়েছিল। এরপর নতুন নতুন প্রকল্প ও কর্মসূচির টাকা জোটাতে গেলে ঋণ ছাড়া অন্য কোনওভাবে মূলধনি আয়, যেমন বিলগ্নিকরণ কিংবা নতুন করে বাজার থেকে ঋণ নেওয়া। যার ফলে সরকারি ঋণ আরও বেড়ে যায়। তারই শরণাপন্ন হতে হবে।

কেন্দ্রীয় বাজেট তৈরির শেষ ধাপটা অর্থমন্ত্রকের একেবারে শীর্ষস্তরে নেওয়া হয় ব্যয়মূলক সব প্রস্তাব, বিভিন্ন মন্ত্রক ও বিভাগের আয় আর সার্বিক অর্থনীতির ক্ষেত্রে আগে উল্লেখ করা সমস্যাগুলোর মধ্যে সামঞ্জস্য বিধান করে। এই পর্যায়ে পৌঁছে বাজেট তৈরিতে যেটুকু স্বাধীনতা আর এদিক-ওদিক করার ক্ষমতা থাকে তার সুবাদে প্রকল্পগুলো নতুন করে বিন্যাস বা শ্রেণিভুক্ত করে সে বছরের বাজেটের অন্তর্নিহিত বিশেষ উদ্দেশ্য সাধনের চেষ্টা করা হয়।

এদিকে, এফআরটিএম আইন পাশ হয়ে যাওয়ার পর কেন্দ্রীয় সরকারকে বাজেট তৈরি করতে হয় আগামী তিন বছরের পূর্বাভাসে উল্লেখ করা আর্থিক ক্ষেত্রের বড় বড় বৈশিষ্ট্যগুলোর কথা মাথায় রেখে। অর্থমন্ত্রক একটি স্পষ্ট আর্থিক সংহতি পরিকল্পনা করছে মাঝারি মেয়াদের যার মধ্যে বেশ কিছু প্রাসঙ্গিক আর্থিক ও সার্বিক সমষ্টিগত বিষয়ে সুনির্দিষ্ট লক্ষ্যমাত্রা আর অনুমান সম্পর্কে স্পষ্টভাবে বলা আর্থিক কৌশলপত্র থাকবে। এই সব নথিপত্র কেন্দ্রীয় বাজেট সংক্রান্ত নথিপত্রের অঙ্গ এবং মানুষ যাতে তা দেখতে পারে ও এ নিয়ে তর্ক-বিতর্ক হয় তার জন্যই দেওয়া থাকে।

বাজেট তৈরির গোটা প্রক্রিয়াটার মধ্যেই রয়েছে ওই সঙ্গেই চালানো এক স্বনিয়ন্ত্রিত সমীক্ষা মুখ্য অর্থনৈতিক উপদেষ্টার নেতৃত্বে অর্থমন্ত্রকের অধীনে থাকা একটা পেশাদার অর্থনৈতিক শাখা যেটা পরিচালনা করে থাকে। কেন্দ্রীয় পরিসংখ্যান দফতর এতে সহায়তা জোগায়। ভারতীয় অর্থনীতি বিগত বছরগুলোয়, বিশেষ করে ঠিক আগের বছরে কেমন অবস্থায় ছিল, তার গতিপ্রকৃতি সম্পর্কে অনুপুঙ্খ মূল্যায়ন করা হয়। সোওয়ট (SWOT) সমীক্ষা—অর্থাৎ ভারতীয় অর্থনীতির শক্তি, দুর্বলতা, সুযোগ ও আশঙ্কার জায়গাগুলো সম্পর্কে সমীক্ষা করা হয় আর এভাবেই আরও ভালো পারদর্শিতার জন্য এবং সম্পদের সর্বোত্তম সদ্ব্যবহারের লক্ষ্যে ভবিষ্যৎ কর্মপন্থা নির্ধারণের ব্যবস্থা করা হয়। এই সমীক্ষা দেশের অর্থনীতির বর্তমান সমস্যার কথা খোলাখুলি বলে আর সেগুলো এই বাজেটে কীভাবে মোকাবিলা করা যাবে তাও জানায়। এভাবেই অর্থনৈতিক সমীক্ষায় পরিকাঠামোর মধ্যে বাজেটের মূল্যায়ন হওয়া উচিত।

## অর্থনৈতিক সমীক্ষার ভূমিকা

অর্থনৈতিক সমীক্ষা নীতি বদলের আর সরকারিভাবে এ সম্পর্কে গ্রহণযোগ্য প্রয়াসের পথনির্দেশ করে। আর্থিক নীতির ওপর বিশেষ গুরুত্ব দিয়ে কেন্দ্রীয় সরকার যে যে দিক ও ক্ষেত্রে আগ্রহ দেখাতে পারে তার সবটুকুই থাকে এই সমীক্ষায়। সংক্ষেপে, মাঝারি থেকে দীর্ঘমেয়াদে কেন্দ্রীয় সরকারের যেসব নীতি বদলের প্রয়োজন থাকে সে সম্পর্কে ওই সমীক্ষায় যথেষ্ট স্পষ্ট একটা পথনির্দেশ থাকে। অর্থমন্ত্রী যদি ওই পথ থেকে কিংবা অর্থনৈতিক সমীক্ষায় আর্থিক নীতি সম্পর্কে দেওয়া সুপারিশ থেকে সরে যান, কয়েকটি বিশেষ ব্যতিক্রম ছাড়া, তিনি সুস্পষ্টভাবে তা উল্লেখ করে কারণ-সহ জানান কেন এই সাময়িক বিচ্যুতি। ১৯৯১-এর আর্থিক সংস্কার-এর পর এটাই প্রথা হয়ে দাঁড়িয়েছে। এর ফলে অর্থনৈতিক সমীক্ষায় এখন সরকার যে পথ নিতে চাইছে আর্থিক নীতির ক্ষেত্রে, তার এক বিশ্বাসযোগ্য নথি হয়ে দাঁড়ানোয় তার মর্যাদা বৃদ্ধিও ঘটেছে। এতে ভবিষ্যতের নীতি বদল সম্পর্কে অহেতুক জল্পনার পথ যেমন বন্ধ হয়েছে আর সেই সঙ্গে দীর্ঘমেয়াদে দেশের ও বিদেশি লগ্নিকারীদের সুবিধায় অনিশ্চয়তার বাতাবরণটাও দিয়েছে সরিয়ে।


## সংস্কারের কার্যক্রম

আর্থিক নীতির যে সুদূরপ্রসারী লক্ষ্য হওয়া উচিত এবং সার্বিক অর্থনীতির বিচারে স্থায়ী সমস্যারই সমাধান করা উচিত, অর্থনীতিবিদদের মধ্যে মোটামুটিভাবে এ বিষয়ে ঐকমত্য আছে। ভারতের মতো গণতান্ত্রিক যুক্তরাষ্ট্রীয় ব্যবস্থায় যেখানে রিজার্ভ ব্যাংক মোটের ওপর স্ব-শাসিত, সেখানে প্রায়ই আর্থিক ক্ষেত্রের বিচক্ষণতাকে নাকচ করে দেয় রাজনৈতিক ভাবনা-চিন্তা। তাই এক্ষেত্রে কঠোর কিছু আর্থিক নীতি মেনে চলার দ্বারা সরকারি স্তরের শৃঙ্খলা আনার একটা প্রয়োজন অনুভূত হয় যাতে আর্থিক প্রজ্ঞার সর্বগ্রহণযোগ্য নিয়মনীতি অনুসরণ নিশ্চিত করা চলে। এফআরবিএম আইনটি এই লক্ষ্যেই এক পদক্ষেপ। তবে এই আইনে রাজস্বখাতে শূন্য ঘাটতি বা রাজকোষ ঘাটতি জিডিপি-র ৩ শতাংশের বেশি হবে না বলে যেসব বিধি দেওয়া আছে সেগুলো কিন্তু অর্থনীতির সুতীক্ষ্ণ ও পর্যায়ক্রমিক ওঠা-পড়ায় আর্থিক নীতির ক্ষেত্রে যুক্তিসংগত পরিবর্তনগুলোকে সুনিশ্চিত করতে পারবে না। পর্যায়-প্রতিরোধ আর্থিক নীতি গ্রহণের বিষয়ে আগে মতৈক্যে পৌঁছতে হবে আর তারপরই বাজেট তৈরির প্রক্রিয়ায় তাকে শামিল করতে হবে।

আর একটি গুরুত্বপূর্ণ সংস্কার হল প্রস্তাবিত মুদ্রানীতি কমিটির আদলে অর্থনীতিবিদ ও সার্বিক অর্থনীতির পরিচালকদের নিয়ে একটি উচ্চক্ষমতাসম্পন্ন কমিটি গঠন, যাতে এটি দেশের আর্থিক নীতি রচনার দায়িত্ব নিতে পারে। এতে গোটা প্রক্রিয়ায় পেশাদারিত্ব, স্বচ্ছতা আর জবাবদিহি করার বাধ্যতাটা বাড়বে। সবশেষে, বাজেট তৈরির গোটা প্রক্রিয়া সম্পর্কে লগ্নিকারী ও উৎপাদকদের বিশ্বাস বাড়াতে হবে আর এটা যাতে ওদের কম ঝুঁকি নিতে এবং অনিশ্চয়তার সামাল দিতে সাহায্য করে, সেদিকেও দৃষ্টি দিতে হবে।

শেষ করার আগে বলা যাক যে, ওপরে বর্ণিত বাজেট প্রক্রিয়ায় বিভিন্ন স্তরে মানুষ ও জনগোষ্ঠীকে শামিল করার কাজে লাগানোয় কার্যকর ভূমিকা গ্রহণেও ব্যবহার করা চলে। বহুস্তরীয় বাজেট তৈরির প্রক্রিয়ায় সিদ্ধান্ত গ্রহণের ব্যবস্থার বিকেন্দ্রীকরণের সঙ্গেও এটার সামঞ্জস্য আছে। দেশ যখন আরও বেশি আর্থিক স্ব-নিয়ন্ত্রণ আর সরকারের নীচের মহলে দায়বদ্ধতা কমানোর পথে দ্রুত এগোচ্ছে কেন্দ্রীভূত ব্যবস্থার পথ থেকে সরে, তখন বর্তমান প্রক্রিয়াটাকে আরও ধারালো করে তোলাটাই যুক্তি-সংগত।❑

[লেখক গত ৩০ বছর ধরে আইআইএম আমেদাবাদে অধ্যাপনারত। আঞ্চলিক আর্থিক উন্নয়ন, উৎপাদনশীলতা সমীক্ষা, ম্যাক্রো-ইকোনমিক নীতি সংক্রান্ত বিষয়, সরকারি অর্থ, স্বাস্থ্য সুরক্ষা ও শ্রম অর্থনীতি প্রভৃতি বিষয়ে ওঁর বহু প্রকাশিত গ্রন্থাদি আছে। ষষ্ঠ কেন্দ্রীয় বেতন কমিশনের সদস্যপদ ছাড়াও সঞ্চয় ও লগ্নি সংক্রান্ত উচ্চক্ষমতাসম্পন্ন কমিটি, সরকারি ব্যয় ব্যবস্থাপনা, ডাক ব্যবস্থার সংহতি প্রভৃতি বিভিন্ন সরকারি কমিটির পদ তিনি অলংকৃত করেছেন বিভিন্ন সময়।
Email: rdholkia.iimahd.ernet.in]



# কেন্দ্রীয় বাজেট ২০১৫-১৬: একটি বিশ্লেষণ

*বস্তুত, বিভিন্ন উৎস থেকে আয় এবং বিভিন্নখাতে ব্যয়—এই সব বার্ষিক হিসাবই হল বাজেটের মৌলিক উপাদান। সরকারের প্রথম পূর্ণাঙ্গ বাজেট কতটা প্রত্যাশা পূরণ করল? এই বাজেট কি 'জনমুখী' না 'শিল্প বান্ধব'? সাধারণ বাজেটের প্রধান বৈশিষ্ট্যগুলি নিয়ে বিস্তৃতভাবে আলোচনা করছেন* **জয়দেব সরখেল।**

গত ২৮ ফেব্রুয়ারি কেন্দ্রীয় অর্থমন্ত্রী শ্রীঅরুণ জেটলি তাঁর দ্বিতীয় বাজেট পেশ করলেন। এক হিসাবে এটাই তাঁর প্রথম পূর্ণাঙ্গ বাজেট কারণ গত বছর তিনি যে বাজেট পেশ করেছিলেন তা পুরো এক বছরের জন্য ছিল না এবং তা পেশ করা হয়েছিল ক্ষমতায় আসার ৪৫ দিনের মধ্যেই। কিন্তু এটি এক বছরের বাজেট এবং একে পেশ করবার আগে তিনি যথেষ্ট সময় পেয়েছেন। কাজেই এই বাজেটের মধ্যে সরকারের দৃষ্টিভঙ্গি এবং কার্যসূচির ভাবনা আমরা প্রত্যাশা করতে পারি।

বাজেট নিয়ে আলোচনা করার আগে যে পরিপ্রেক্ষিতে বাজেট পেশ করা হচ্ছে সেটি প্রথমে উল্লেখ করা যাক। প্রাক্ বাজেট অর্থনৈতিক সমীক্ষা অনুযায়ী ভারতের অর্থনীতি স্থিতিশীল হয়েছে। ভোগ্যপণ্যের দাম সূচক ৫.১ শতাংশ হারে বাড়ছে। পাইকারি দাম সূচক কমেছে। বৈদেশিক বাণিজ্যের চলতিখাতে ঘাটতি জিডিপি-র ১.৩ শতাংশের কম হয়েছে। কেন্দ্রীয় পরিসংখ্যান সংস্থা (C.S.O.)-এর হিসাব অনুযায়ী জিডিপি বাড়ছে ৭.৪ শতাংশ হারে যা বিশ্ব অর্থনীতির বৃদ্ধিহারের তুলনায় বেশি। বস্তুত বিশ্বের অন্যান্য বৃহৎ অর্থনীতিগুলির মধ্যে ভারতের অর্থনীতিই দ্রুততম হারে বাড়ছে। বিদেশি মূলধনের আমদানি হচ্ছে বার্ষিক ৫৫ বিলিয়ন মার্কিন ডলার এবং ভারতের বৈদেশিক মুদ্রার তহবিল বেড়ে হয়েছে ৩৪০ বিলিয়ন মার্কিন ডলার। মোট কথা, বিশ্ব অর্থনীতির তুলনায় ভারতের অর্থনীতি অনুকূল পরিস্থিতিতে রয়েছে।

অর্থমন্ত্রী এই বাজেটের সাহায্যে পাঁচটি চ্যালেঞ্জ মোকাবিলার কথা বলেছেন। প্রথম চ্যালেঞ্জ হল কৃষিক্ষেত্রের নিশ্চলতা দূর করা। দ্বিতীয় চ্যালেঞ্জ হল পরিকাঠামো ক্ষেত্রে সরকারি বিনিয়োগ বাড়ানো। অতীতে পরিকাঠামো ক্ষেত্রে পিপিপি বা সরকারি ও বেসরকারি অংশগ্রহণের মাধ্যমে বেসরকারি বিনিয়োগ আকৃষ্ট হয়নি। পরিকাঠামোর অভাবে বিভিন্ন ক্ষেত্রের উন্নয়ন বাধাপ্রাপ্ত হচ্ছে। এর জন্যই পরিকাঠামো ক্ষেত্রে সরকারি বিনিয়োগ বৃদ্ধি করা। তৃতীয় চ্যালেঞ্জ হল শিল্প উৎপাদন ক্ষেত্রের অবনমন রোধ করা। নতুন পরিসংখ্যান অনুযায়ী জিডিপি-তে শিল্প উৎপাদনের অবদানের অনুপাত ১৮ শতাংশ থেকে কমে ১৭ শতাংশ হয়েছে। তাছাড়া রপ্তানিতে শিল্পদ্রব্যের অনুপাত ১০ শতাংশে স্থির আছে। বস্তুত শিল্প ক্ষেত্রকে চাঙ্গা করার জন্য প্রধানমন্ত্রী 'মেক ইন ইন্ডিয়া' কার্যক্রম ঘোষণা করেছেন। এই কার্যক্রমকে সফল করার জন্য শিল্পক্ষেত্রকে উৎসাহ দেওয়া একটি চ্যালেঞ্জ। চতুর্থ চ্যালেঞ্জ হল: শিক্ষা, স্বাস্থ্য, গ্রামীণ কর্মসংস্থান প্রভৃতি সামাজিক ক্ষেত্রে বিনিয়োগের জন্য অর্থসংস্থান। চতুর্দশ অর্থ কমিশনের সুপারিশ অনুযায়ী কর রাজস্বের ৪২ শতাংশ রাজ্যগুলিকে দেওয়া হবে। তার ফলে ২০১৪-১৫ সালে যেখানে রাজ্যগুলিকে ৩.৩৮ লক্ষ কোটি টাকা কর রাজস্বের অংশ হিসাবে দেওয়া হয়েছিল সেখানে ২০১৫-১৬ সালে দেওয়া হবে ৫.২৪ লক্ষ কোটি টাকা। এছাড়া আরও ৩.০৪ লক্ষ কোটি টাকা রাজ্যগুলিকে দেওয়া হবে অনুদান এবং পরিকল্পনাখাতে ব্যয়বাবদ। এর ফলে মোট কর রাজস্বের ৬২ শতাংশ রাজ্যগুলিকে বণ্টন করা হবে। বণ্টনের পর যে রাজস্ব সরকারের হাতে থাকবে তার মাধ্যমে কীভাবে সামাজিক ক্ষেত্রে অতিরিক্ত অর্থবরাদ্দ করা হবে সেটি একটি চ্যালেঞ্জ। পঞ্চম চ্যালেঞ্জ হল রাজকোষ ঘাটতি নিয়ন্ত্রণে রাখা। রাজকোষ ঘাটতিকে জিডিপি-র ৪.১ শতাংশে সীমিত রাখা একটি বড় চ্যালেঞ্জ।

## একনজরে বাজেট

সারণি-১-এর বিশ্লেষণ থেকে দেখা যাচ্ছে যে ২০১৪-১৫-র সংশোধিত বাজেটের তুলনায় ২০১৫-১৬-র অনুমিত বাজেটে মোট প্রাপ্তি বা মোট ব্যয় সামান্যই বৃদ্ধি পেয়েছে (৫.৭৩ শতাংশ)। যদি দামস্তর বৃদ্ধির হার ৫ শতাংশ ধরি তাহলে প্রকৃত বৃদ্ধি কিছুই ঘটেনি। তবে যেটি উল্লেখযোগ্য সেটি হল মূলধনি ব্যয় বেশি বৃদ্ধি পাবে (২৫ শতাংশ) বলে ধরা হয়েছে। মূলধনি ব্যয় আবার বেশি বাড়ছে পরিকল্পনা বহির্ভূতখাতের তুলনায় (১৬.২৫ শতাংশ) পরিকল্পনাখাতে (৩৩.৮৫ শতাংশ)। পরিকল্পনাখাতে মূলধনি ব্যয় বৃদ্ধিতে মূলধনি সম্পদ সৃষ্টি হবে এবং তার ফলে দেশের উৎপাদনশীলতা বাড়বে।

## অর্থ সংগ্রহের উৎস

বিভিন্ন উৎস থেকে সরকার রাজস্ব আদায় করে যেমন কর রাজস্ব ও অ-কর রাজস্ব। কর রাজস্বের মধ্যে রয়েছে কোম্পানির আয়কর, ব্যক্তিগত আয়কর প্রভৃতি প্রত্যক্ষ কর এবং আমদানি শুল্ক, আবগারি শুল্ক, পরিষেবা কর প্রভৃতি পরোক্ষ কর। এছাড়া ঋণ ও অন্যান্য দায় থেকে সরকার রাজস্ব আদায় করে। এই সমস্ত উৎস থেকে মোট রাজস্বের কত শতাংশ বর্তমান বাজেটে আসবে

এবং গত বাজেটে কত শতাংশ এই সমস্ত উৎস থেকে এসেছে সেই সংক্রান্ত তথ্য সারণি-২-তে দেওয়া হয়েছে। এই সারণি থেকে দেখা যাচ্ছে যে ঋণ ও অন্যান্য দায় থেকে মোট রাজস্বের ২৪ শতাংশ আসবে এ বছরে এবং গত বছরেও এই পরিমাণ ২৪ শতাংশ ছিল। কোম্পানি আয়কর থেকে মোট রাজস্বের ২১ শতাংশ গত বছর এসেছিল। বর্তমান বছরে মোট রাজস্বের ২০ শতাংশ এই খাত থেকে আসবে বলে অনুমান করা হচ্ছে। ব্যক্তিগত আয়কর থেকে মোট রাজস্বের ১৪ শতাংশ আসবে বলে ধরা হচ্ছে যা গত বছর ছিল ১৩ শতাংশ। আমদানি শুল্ক থেকে একই শতাংশ (৯ শতাংশ) এবং কেন্দ্রীয় আবগারি শুল্ক থেকে একই শতাংশ (১০ শতাংশ) আসবে। পরিষেবা কর থেকে ৯ শতাংশ আসবে যা গত বছর ছিল ১০ শতাংশ। অ-কর রাজস্বের অনুপাত গত বছরের মতো একই থাকবে (১০ শতাংশ)। ঋণ-বহির্ভূত মূলধনি আদায়ের শতাংশ সামান্য বেড়ে ৩ শতাংশ থেকে ৪ শতাংশ হবে। এই বিশ্লেষণ থেকে দেখা যাচ্ছে যে রাজস্ব আদায়ের উৎসগুলির গুরুত্ব মোটামুটি একই আছে।

## বিভিন্নখাতে ব্যয় বরাদ্দ

কেন্দ্রীয় সরকারের ব্যয় যেসব খাতে হয় তার মধ্যে উল্লেখযোগ্য হল কেন্দ্রীয় পরিকল্পনা বাবদ ব্যয়, রাজ্য পরিকল্পনাখাতে কেন্দ্রীয় সাহায্য, পরিকল্পনা বহির্ভূতখাতে রাজ্যগুলিকে অর্থ সাহায্য, কেন্দ্রীয় কর ও শুল্কে রাজ্যের অংশ, সুদ প্রদান, প্রতিরক্ষা, ভরতুকি প্রভৃতি। মোট ব্যয়ের কত শতাংশ এই খাতগুলিতে ব্যয় করা হবে এবং কত শতাংশ গত বছরের বাজেটে বরাদ্দ ছিল তা এখন দেখা যাক। এই সংক্রান্ত তথ্য সারণি-৩-এ দেওয়া হয়েছে। এই সারণি থেকে দেখা যাচ্ছে যে কেন্দ্রীয় পরিকল্পনাখাতে বরাদ্দ গত বছরের মতো ১১ শতাংশ থাকবে। রাজ্য পরিকল্পনাখাতে বরাদ্দ ১৫ শতাংশ থেকে কমিয়ে ৯ শতাংশ করা হচ্ছে। পরিকল্পনা বহির্ভূতখাতে রাজ্যগুলিকে অর্থ সাহায্য বাবদ ব্যয় গত বছরের ৩ শতাংশ থেকে বেড়ে ৫ শতাংশ হবে। কেন্দ্রীয় কর ও শুল্কে রাজ্যের অংশ ১৮ শতাংশ থেকে বেড়ে ২৩ শতাংশ হবে। পরিকল্পনা বহির্ভূত অন্যান্য ব্যয়ের অংশ গত বছরের ন্যায় ১১ শতাংশ থাকবে। সুদ প্রদান বাবদ ব্যয়ও গত বছরের অনুরূপ ২০ শতাংশ থাকবে। প্রতিরক্ষাখাতে ব্যয়ের বরাদ্দ বৃদ্ধি পেয়ে ১০ শতাংশ থেকে ১১ শতাংশ হবে। অন্যদিকে ভরতুকি বাবদ ব্যয়বরাদ্দ কমে ১২ শতাংশ থেকে ১০ শতাংশ হবে। চতুর্দশ অর্থ কমিশনের সুপারিশ অনুযায়ী রাজ্যগুলিকে কর রাজস্বের ৪২ শতাংশ দেওয়া হবে। সেই কারণেই কেন্দ্রীয় কর ও শুল্কে রাজ্যের অংশ বাবদ ব্যয় ১৮ শতাংশ থেকে বেড়ে ২৩ শতাংশ হয়েছে। রাজ্যগুলিকে নিজেদের

**সারণি-১**
**এক নজরে বাজেট (২০০৫-১৬)**
**(কোটি টাকায়)**

| | | ২০১৩-১৪ বাস্তবিক | ২০১৪-১৫ বাজেট | ২০১৪-১৫ সংশোধিত | ২০১৫-১৬ বাজেট অনুমান |
|---|---|---|---|---|---|
| **১.** | **রাজস্ব প্রাপ্তি** (২ + ৩) | **১০১৪৭২৪** | **১১৮৯৭৬৩** | **১১২৬২৯৪** | **১১৪১৫৭৫** |
| ২. | নিট কর রাজস্ব | ৮১৫৮৫৪ | ৯৭৭২৫৮ | ৯০৮৪৬৩ | ৯১৯৮৪২ |
| ৩. | অ-কর রাজস্ব | ১৯৮৮৭০ | ২১২৫০৫ | ২১৭৮৩১ | ২২১৭৩৩ |
| **৪.** | **মূলধনি প্রাপ্তি** (৫ + ৬ + ৭) | **৫৪৪৭২৩** | **৬০৫১২৯** | **৫৫৪৮৬৪** | **৬৩৫৯০২** |
| ৫. | ঋণ পরিশোধ বাবদ | ১২৪৯৭ | ১০৫২৭ | ১০৮৮৬ | ১০৭৫৩ |
| ৬. | অন্যান্য প্রাপ্তি | ২৯৩৬৮ | ৬৩৪২৫ | ৩১৩৫০ | ৬৯৫০০ |
| ৭. | ঋণ ও অন্যান্য দায় | ৫০২৮৫৮ | ৫৩১১৭৭ | ৫১২৬২৮ | ৫৫৫৬৪৯ |
| **৮.** | **মোট প্রাপ্তি** (১ + ৪) | **১৫৫৯৪৪৭** | **১৭৯৪৮৯২** | **১৬৮১১৫৮** | **১৭৭৭৪৭৭** |
| **৯.** | **পরিকল্পনা বহির্ভূত ব্যয়** (১০ + ১২) | **১১০৬১২০** | **১২১৯৮৯২** | **১২১৩২২৪** | **১৩১২২০০** |
| ১০. | রাজস্ব ব্যয় যার মধ্যে | ১০১৯০৪০ | ১১১৪৬০৯ | ১১২১৮৯৭ | ১২০৬০২৭ |
| ১১. | সুদ প্রদান | ৩৭৪২৫৪ | ৪২৭০১১ | ৪১১৩৫৪ | ৪৫৬১৪৫ |
| ১২. | মূলধনি ব্যয় | ৮৭০৮০ | ১০৫২৮৩ | ৯১৩২৭ | ১০৬১৭৩ |
| **১৩.** | **পরিকল্পনাখাতে ব্যয়** (১৪+১৫) | **৪৫৩৩২৭** | **৫৭৫০০০** | **৪৬৭৯৩৪** | **৪৬৫২৭৭** |
| ১৪. | রাজস্বখাতে | ৩৫২৭৩২ | ৪৫৩৫০৩ | ৩৬৬৮৮৩ | ৩৩০০২০ |
| ১৫. | মূলধনিখাতে | ১০০৫৯৫ | ১২১৪৯৭ | ১০১০৫১ | ১৩৫২৫৭ |
| **১৬.** | **মোট ব্যয়** (৯ + ১৩) | **১৫৫৯৪৪৭** | **১৭৯৪৮৯২** | **১৬৮১১৫৮** | **১৭৭৭৪৭৭** |
| ১৭. | রাজস্ব ব্যয় (১০ + ১৪) | ১৩৭১৭৭২ | ১৫৬৮১১১ | ১৪৮৮৭৮০ | ১৫৩৬০৪৭ |
| ১৮. | যার মধ্যে মূলধনি সম্পদ সৃষ্টিতে গ্রান্ট | ১২৯৪১৮ | ১৬৮১০৪ | ১৩১৮৯৮ | ১১০৫৫১ |
| ১৯. | মূলধনি ব্যয় (১২ + ১৫) | ১৮৭৬৭৫ | ২২৬৭৮১ | ১৯২৩৭৮ | ২৪১৪৩০ |
| **২০.** | **রাজস্ব ঘাটতি** (১৭ - ১) | **৩৫৭০৪৮** (৩.১) | **৩৭৮৩৪৮** (২.৯) | **৩৬২৪৮৬** (২.৯) | **৩৯৪৪৭২** (২.৮) |
| **২১.** | **কার্যকরী রাজস্ব ঘাটতি** (২০ - ১৮) | **২২৭৬৩০** (২.০) | **২১০২৪৪** (১.৬) | **২৩০৫৮৮** (১.৮) | **২৮৩৯২১** (২.০) |
| **২২.** | **রাজকোষ ঘাটতি** [১৬ - (১ + ৫ + ৬)] | **৫০২৮৫৮** (৪.৪) | **৫৩১১৭৭** (৪.১) | **৫১২৬২৮** (৪.১) | **৫৫৫৬৪৯** (৩.৯) |
| **২৩.** | **প্রাথমিক ঘাটতি** (২২ - ১১) | **১২৮৬০৪** (১.১) | **১০৪১৬৬** (০.৮) | **১০১২৭৪** (০.৮) | **৯৯৫০৪** (০.৭) |

**সূত্র :** বাজেট ২০১৫-১৬ নথিসমূহ
বন্ধনীর মধ্যে সংখ্যাগুলি জিডিপি-র শতাংশ।
**অনুমান :** ২০১৫-১৬-এর জিডিপি ১৪১০৮৯৪৫ কোটি টাকা হবে।

পরিকল্পনা রূপায়ণে স্বনির্ভর হতে বলা হয়েছে। সেই হিসাবে রাজ্য পরিকল্পনাখাতে সাহায্য ১৫ শতাংশ থেকে কমিয়ে ৯ শতাংশ করা হয়েছে। এই দুটি ক্ষেত্র ছাড়া অন্যান্য ক্ষেত্রে ব্যয়বরাদ্দের ধরন মোটামুটি একই আছে। বিশাল কোনও পরিবর্তন লক্ষ করা যাচ্ছে না।

বাজেট শুধুমাত্র আয়-ব্যয়ের হিসাব নয়। বাজেটের একটি উদ্দেশ্য হল আগামী বছরের জন্য কর্মসূচি ঘোষণা বা নতুন নীতির ঘোষণা। এখন এই বছরের বাজেটে কী কী গুরুত্বপূর্ণ ঘোষণা করা হয়েছে বা কী কী নতুন কর্মসূচি ঘোষণা করা হয়েছে তা দেখা যাক।

সারণি-২

বাজেটের অর্থ সংগ্রহের উৎস

(শতাংশ হিসাবে)

| উৎস | শতকরা অংশ |
|---|---|
| ১. ঋণ ও অন্যান্য দায় | ২৪ (২৪) |
| ২. কোম্পানির আয়কর | ২০ (২১) |
| ৩. ব্যক্তিগত আয়কর | ১৪ (১৩) |
| ৪. আমদানি শুল্ক | ৯ (৯) |
| ৫. কেন্দ্রীয় আবগারি শুল্ক | ১০ (১০) |
| ৬. পরিষেবা কর ও অন্যান্য কর | ৯ (১০) |
| ৭. অ-কর রাজস্ব | ১০ (১০) |
| ৮. ঋণ বহির্ভূত মূলধনি আদায় | ৪ (৩) |
| মোট | ১০০ (১০০) |

**সূত্র :** বাজেট ২০১৫-১৬ নথিসমূহ
বন্ধনীর মধ্যে অবস্থিত সংখ্যাগুলি ২০১৪-১৫ বাজেটের হিসাব

## বাজেটে গুরুত্বপূর্ণ ঘোষণা

বাজেটে গুরুত্বপূর্ণ ঘোষণা হিসাবে প্রথমেই উল্লেখ করতে হয় কালো টাকা রুখতে নয়া আইনের ঘোষণা। অর্থমন্ত্রী ঘোষণা করেছেন যে, কালো টাকা রুখতে একটা নতুন বিল আনা হবে বাজেট অধিবেশনেই। এই বিলের সংস্থানগুলি হবে নিম্নরূপ:

(ক) বিদেশে অর্জিত আয় ও সম্পত্তি সংক্রান্ত কর ফাঁকি দিলে দশ বছর পর্যন্ত সশ্রম কারাদণ্ড হবে।

(খ) আয়কর রিটার্ন জমা না দিলে বা রিটার্নে বিদেশে থাকা সম্পত্তির বিষয়ে অসম্পূর্ণ তথ্য দাখিল করলে সাত বছরের সশ্রম কারাদণ্ড হবে।

(গ) বিদেশে অঘোষিত কোনও সম্পত্তি থেকে যে কোনও প্রকার আয়ের ক্ষেত্রে সর্বোচ্চ হারে কর ধার্য করা হবে এবং এক্ষেত্রে কোনও ধরনের ছাড় দেওয়া হবে না।

(ঘ) বিদেশে থাকা সম্পত্তি থেকে কোনও আয় না হলেও, সেই ব্যক্তিকে অবশ্যই রিটার্ন জমা দিতে হবে।

(ঙ) বিদেশের ব্যাংকে অ্যাকাউন্ট খোলা হলে রিটার্নে অবশ্যই তা উল্লেখ করতে হবে।

(চ) কালো টাকার ব্যবহার রুখতে ফেমা (FEMA) আইন সংশোধন করা হবে।

বাজেটে দ্বিতীয় গুরুত্বপূর্ণ ঘোষণা হল 'গোল্ড মানিটাইজেশন স্কিম' সম্পর্কে। দেশে বিপুল পরিমাণ সোনা (২০ হাজার টনের বেশি) মজুত রয়েছে। তার উপরও বছরে ৮০০ থেকে ১০০০ টন সোনা বিদেশ থেকে আমদানি করতে হয়। সেই সোনা বিনিয়োগের কাজে লাগানো হয় না। বেশিরভাগ সোনাই গয়না বা বিস্কুট হিসাবে আলমারিতে, লকারে রাখা থাকে। সোনাকে বিনিয়োগের মাধ্যম হিসাবে ব্যবহার করার জন্য অর্থমন্ত্রী গোল্ড মানিটাইজেশন স্কিম চালু করার কথা ঘোষণা করেছেন। এই স্কিমের মূল বিষয় তিনটি: (ক) বর্তমানে প্রচলিত গোল্ড ডিপোজিট স্কিম এবং গোল্ড মেটাল লোন স্কিম বাতিল করা হবে এবং পরিবর্তে গোল্ড মেটাল অ্যাকাউন্ট স্কিম চালু হবে। এই প্রকল্প অনুযায়ী কোনও ব্যক্তি ব্যাংকে টাকা দিলে যেমন সুদ পায় তেমনি সোনা জমা দিলেও সুদ পাবে। ধরা যাক কোনও ব্যক্তি ১০০ গ্রাম সোনা ব্যাংকে জমা দিলেন এবং সুদের হার ৩ শতাংশ। তাহলে এক বছর বাদ ওই ব্যক্তি ব্যাংক থেকে ১০৩ গ্রাম সোনা অথবা তৎকালীন বাজার মূল্যে ওই পরিমাণ সোনার মূল্য টাকায় ফেরত পেতে পারবেন। সোনাকে অনুৎপাদক অবস্থায় ফেলে না রেখে তাকে উৎপাদনশীল সম্পদ হিসাবে ব্যবহার করা যাবে। আবার সোনার ব্যবসায়ী বা স্বর্ণকাররা ব্যাংকে এই গোল্ড মেটাল অ্যাকাউন্ট খুলে সেই অ্যাকাউন্ট থেকে নির্দিষ্ট সুদের বিনিময়ে সোনা ঋণ নিতে পারে। স্বভাবতই এই সুদের হার হবে সোনা আমানতকারীদের প্রদত্ত সুদের হার অপেক্ষা বেশি। এইভাবে ব্যাংক যেমন টাকা জমা নেয় এবং জমা টাকা ঋণ হিসাবে দেয় তেমনি ব্যাংক সোনা জমা নেবে এবং জমানো সোনা থেকে ঋণ দেবে। এইভাবে টাকার মতো সোনা কাজ করবে।

(খ) অর্থমন্ত্রী ঘোষণা করেছেন যে 'সভ্‌রেন গোল্ড বন্ড' নামে একটি বিকল্প আর্থিক সম্পদ ছাড়া হবে। সোনা না কিনে ওই বন্ড যাতে লগ্নিকারীরা কেনে তার ব্যবস্থা করা হবে। এই বন্ড একটা নির্দিষ্ট সুদের হার দেবে এবং মেয়াদ শেষে এই বন্ডের যে মূল্য ফেরত দেওয়া হবে তা এমন হবে যেন লগ্নিকারী সোনার অঙ্কে তাঁর সম্পত্তির মূল্য একই রাখতে পারেন। ধরা যাক কোনও বিনিয়োগকারী ৩০ হাজার টাকার এই বন্ড কিনলেন যখন ৩০ হাজার টাকায় ১০ গ্রাম সোনা পাওয়া যায়। আরও ধরা যাক ওই বন্ডের মেয়াদকাল ৫ বছর। এখন ৫ বছর বাদ যদি ১০ গ্রাম সোনার মূল্য ৩৫ হাজার টাকা হয় তাহলে নির্দিষ্ট সুদ ছাড়াও মেয়াদ শেষে বিনিয়োগকারী ৩৫ হাজার টাকা ফেরত পাবেন। এইভাবে সোনার অঙ্কে বন্ডের দাম স্থির রাখা হবে। এটাই সভ্‌রেন গোল্ড বন্ডের বৈশিষ্ট্য।

(গ) সরকার অশোক চক্র খচিত ভারতীয় স্বর্ণমুদ্রা চালু করবেন। এর ফলে বিদেশ থেকে আমদানি করা স্বর্ণমুদ্রার চাহিদা কমবে এবং সোনা আমদানি কমবে। এছাড়া জনসাধারণ যখন ব্যাংকে সোনা জমা রাখবেন বা স্বর্ণব্যবসায়ীরা যখন ব্যাংক থেকে সোনা ধার নেবে তখন লেনদেন এই স্বর্ণমুদ্রাতেই ঘটবে। এজন্য এই ধরনের স্বর্ণমুদ্রা দরকার। অর্থমন্ত্রী বাজেট বক্তৃতায় এই প্রকল্পের সংক্ষিপ্ত রূপরেখা দিয়েছেন। বিস্তারিত বিবরণ পরে জানা যাবে।

অর্থমন্ত্রীর তৃতীয় গুরুত্বপূর্ণ ঘোষণাটি হল জন সুরক্ষা বা সার্বজনীন সামাজিক নিরাপত্তা ব্যবস্থা সম্পর্কে। অর্থমন্ত্রী ঘোষণা করেছেন যে দুর্ঘটনা বিমা সুরক্ষা দানের জন্য সরকার 'প্রধানমন্ত্রী সুরক্ষা বিমা যোজনা' চালু করবে যাতে বছরে মাত্র ১২ টাকার প্রিমিয়াম দিয়ে ২ লক্ষ টাকা পর্যন্ত দুর্ঘটনা বিমা মিলবে। এছাড়া 'অটল পেনশন যোজনা' নামে একটি পেনশন প্রকল্প চালু করা হবে যাতে যোগদানকারী সদস্যদের ৫০ শতাংশ প্রিমিয়াম (১০০০ টাকা পর্যন্ত) সরকার পাঁচ বছরের জন্য বহন করবে। যাঁরা ৩১ ডিসেম্বর ২০১৫-এর মধ্যে এই প্রকল্পে যোগদান করবে তারাই এই সুবিধা পাবেন। এছাড়া বাজেটে প্রস্তাব করা হয়েছে যে বার্ষিক ৩৩০ টাকা প্রিমিয়ামের বিনিময়ে 'প্রধানমন্ত্রী জীবনজ্যোতি বিমা যোজনায়' যোগ দিয়ে স্বাভাবিক মৃত্যু অথবা দুর্ঘটনাজনিত মৃত্যুর পর মৃতের পোষ্য ২ লক্ষ টাকা পাবেন। ১৮ থেকে ৫০ বছরের ব্যক্তিরা বিমা যোজনার আওতায় আসবেন। এছাড়া পিপিএফ এবং ইপিএফ-এর ৯০০০ কোটি টাকা দাবিহীন অবস্থায় পড়ে আছে। এই টাকায় একটি 'প্রবীণ নাগরিক কল্যাণ ফান্ড' গঠন করা হবে। এই তহবিল থেকে দরিদ্র জনসাধারণকে প্রিমিয়ামে ভরতুকি দেওয়া হবে। অন্যদিকে সংখ্যালঘু সম্প্রদায়ের কর্মহীন যুবক যারা মাধ্যমিক বা সমতুল পরীক্ষায় উত্তীর্ণ হয়নি তাদের জন্য 'নয়ি মঞ্জিল' নামে একটি শিক্ষা কল্যাণ প্রকল্প গঠন করা হবে। এই প্রকল্পের লক্ষ্য হল ওই যুবকদের মাধ্যমিক বা সমতুল পরীক্ষায় পাশ করতে সাহায্য করা এবং তাদের কর্মসংস্থানের ব্যবস্থা করা।

**সারণি-৩**
**বিভিন্নখাতে বাজেটের ব্যয়বরাদ্দ**
**(শতাংশ হিসাবে)**

| | উৎস | শতকরা অংশ |
|---|---|---|
| ১. | কেন্দ্রীয় পরিকল্পনা | ১১ (১১) |
| ২. | রাজ্য পরিকল্পনাখাতে সাহায্য | ৯ (১৫) |
| ৩. | পরিকল্পনা বহির্ভূতখাতে রাজ্যগুলিকে অর্থ সাহায্য | ৫ (৩) |
| ৪. | কেন্দ্রীয় কর ও শুল্কে রাজ্যের অংশ | ২৩ (১৮) |
| ৫. | পরিকল্পনা বহির্ভূত অন্যান্য ব্যয় | ১১ (১১) |
| ৬. | সুদ প্রদান | ২০ (২০) |
| ৭. | প্রতিরক্ষা | ১১ (১০) |
| ৮. | ভরতুকি | ১০ (১২) |
| | মোট | ১০০ (১০০) |

**সূত্র :** বাজেট ২০১৫-১৬ নথিসমূহ
বন্ধনীর মধ্যে অবস্থিত সংখ্যাগুলি ২০১৪-১৫ বাজেটের হিসাব

চতুর্থ গুরুত্বপূর্ণ ঘোষণা ক্ষুদ্র ও মাঝারি শিল্প ক্ষেত্রের জন্য অর্থসংস্থান সংক্রান্ত। ভারতের অর্থনীতিতে ক্ষুদ্র ও মাঝারি শিল্পের স্থান গুরুত্বপূর্ণ। এই শিল্পগুলি সর্বাধিক কর্মসংস্থান সৃষ্টি করে কারণ এগুলি শ্রম-প্রগাঢ়। কিন্তু এই শিল্পগুলি অর্থের অভাবে ভোগে। ভারতে এই ধরনের শিল্প সংস্থার সংখ্যা ৫.৭৭ কোটি। এগুলি প্রধানত এক মালিকানাবিশিষ্ট সংস্থা। এই সংস্থাগুলি ঋণ পায় না। এই সব সংস্থাকে সাহায্য করার জন্য বাজেটে প্রস্তাব করা হয়েছে একটি ব্যাংক স্থাপন করার, যার নাম হবে মাইক্রো ইউনিট্স্ ডেভেলপমেন্ট রিফাইন্যান্স এজেন্সি (সংক্ষেপে, MUDRA) ব্যাংক। এই ব্যাংকের মূলধন হবে ২০,০০০ কোটি টাকা। মুদ্রা ব্যাংক ক্ষুদ্র ও মাঝারি সংস্থাগুলিকে প্রধানমন্ত্রী মুদ্রা যোজনার মাধ্যমে অর্থসংস্থান করবে। এই সংস্থাগুলির কার্যকরী মূলধন জোগান দেওয়ার জন্য তাদের ট্রেড বিলগুলির ইলেকট্রনিক ডিসকাউন্টিং ব্যবস্থা প্রচলন করা হবে।

পঞ্চম গুরুত্বপূর্ণ ঘোষণা পরিকাঠামো ক্ষেত্র সম্পর্কে। অর্থমন্ত্রী ঘোষণা করেছেন যে জাতীয় বিনিয়োগ ও পরিকাঠামো তহবিল (NIIF) স্থাপন করা হবে। এই তহবিলে বছরে ২০,০০০ কোটি টাকা দেওয়া হবে। এই তহবিল বাজার থেকে ঋণ নিয়ে ন্যাশনাল হাউসিং বোর্ড, ইন্ডিয়ান রেলওয়ে ফাইন্যান্স কর্পোরেশনের মতো পরিকাঠামো ক্ষেত্রে ঋণদানকারী সংস্থার ইক্যুইটি ক্ষেত্রে বিনিয়োগ করতে পারবে। করমুক্ত পরিকাঠামো বন্ড ছাড়ার পরিকল্পনাও ঘোষণা করা হয়েছে।

ষষ্ঠ ঘোষণা কৃষিক্ষেত্রের উন্নয়নের জন্য অর্থমন্ত্রী ঘোষণা করেছেন যে, সেচ ব্যবস্থার উন্নয়ন এবং মাটির গুণগত মান বাড়ানোর ওপর জোর দেওয়া হবে। 'পরম্পরা কৃষিবিকাশ যোজনা' এবং প্রধানমন্ত্রী 'গ্রাম সিঁচাই যোজনা' খাতে অর্গানিক কৃষিক্ষেত্র ও খামার নির্মাণের উপর জোর দেওয়ার কথা ঘোষণা করা হয়েছে। প্রতি বিন্দু জলের ব্যবহারে যাতে আরও বেশি পরিমাণ শস্য উৎপাদন করা যায় সেদিকে নজর রাখতে বলেছেন অর্থমন্ত্রী। 'পার ড্রপ মোর ক্রপ' এটাই হবে কেন্দ্রের প্রাথমিক লক্ষ্য। গ্রামীণ পরিকাঠামো উন্নয়নের জন্য নাবার্ডের অধীনস্থ গ্রামীণ পরিকাঠামো উন্নয়ন তহবিল-কে ২৫ হাজার কোটি টাকা বরাদ্দ করার ঘোষণা করা হয়েছে। এছাড়া গ্রামীণ অঞ্চলে দীর্ঘমেয়াদি ঋণখাতে তহবিল নির্মাণে ১৫ হাজার কোটি টাকা এবং স্বল্পমেয়াদি ঋণখাতে ৪৫ হাজার কোটি টাকা তহবিল গঠনের প্রস্তাব করা হয়েছে। মহাত্মা গান্ধী গ্রামীণ কর্মনিশ্চয়তা প্রকল্প (১০০ দিনের কাজ

প্রকল্প) খাতে আগামী বছরের জন্য ৩৪,৬৯৯ কোটি টাকা বরাদ্দ করার প্রস্তাব রাখা হয়েছে।

সপ্তম ঘোষণা কর প্রস্তাব সম্পর্কে। কর প্রস্তাব সম্পর্কে গুরুত্বপূর্ণ ঘোষণাগুলি নিম্নরূপ:

(ক) ১ এপ্রিল, ২০১৬ থেকে পণ্য ও পরিষেবা কর (GST) প্রবর্তিত হবে।

(খ) সম্পদ কর বাতিল করা হবে।

(গ) আয়করের হারে কোনও পরিবর্তন হচ্ছে না তবে যাদের বাৎসরিক আয় এক কোটি টাকার বেশি তাদের আয়ের উপর ১২ শতাংশ সারচার্জ ধার্য করা হবে।

(ঘ) শিক্ষাসেস-সহ পরিষেবা কর ১২.৩৬ শতাংশ থেকে বাড়িয়ে ১৪ শতাংশ করা হবে।

(ঙ) কয়লার উপর 'ক্লিন এনার্জি সেস' টন প্রতি ১০০ টাকা থেকে বাড়িয়ে ২০০ টাকা করা হবে।

(চ) আগামী চার বছরে ধাপে ধাপে কোম্পানি আয়কর ৩০ শতাংশ থেকে কমিয়ে ২৫ শতাংশ করা হবে। ২০১৫-১৬ সালে কোম্পানি আয়কর একই থাকবে। তবে ২০১৬-১৭ সাল থেকে এই আয়করের হার কমানো হবে।

## অমৃত মহোৎসব

২০২২ সালে ভারতের স্বাধীনতার ৭৫ বর্ষ পূর্তি অনুষ্ঠিত হবে। ওই বছর অমৃত মহোৎসব পালন করা হবে। দেশকে সমৃদ্ধ করতে এই সময়ের মধ্যে একাধিক কর্মসূচি রূপায়ণ করা হবে। এদের মধ্যে উল্লেখযোগ্য হল : সবার জন্য গৃহ প্রকল্পে শহরে দু কোটি এবং গ্রামে চার কোটি বাড়ি তৈরি; সব বাড়িতে ২৪ ঘণ্টা বিদ্যুৎ ও পানীয় জল এবং শৌচালয়; প্রতি পরিবারে অন্তত একজনের কর্মসংস্থান; ২০২০ সালের মধ্যে ২০ হাজার গ্রামে বিদ্যুৎ; ১,৭৮,০০০ গ্রামকে সংযুক্ত করার জন্য ১ লক্ষ কিলোমিটার রাস্তা নির্মাণ শেষ করা এবং আরও এক লক্ষ কিলোমিটার রাস্তা নির্মাণ। শিক্ষা বিস্তার এবং দক্ষতা গঠনের জন্য পাঁচ কিলোমিটারের মধ্যে উচ্চমাধ্যমিক স্কুল স্থাপন করতে হবে। এর জন্য ৮০ হাজার নতুন বিদ্যালয়কে উন্নীত করতে হবে এবং ৭৫ হাজার নতুন বিদ্যালয় স্থাপন করতে হবে। দীর্ঘকালীন পরিপ্রেক্ষিত হিসাবে বর্তমান বাজেটে এইগুলি উল্লেখ করা হয়েছে।

## উপসংহার

এই আলোচনা আমরা শেষ করব বর্তমান বাজেটের কতকগুলি সীমাবদ্ধতার উল্লেখ করে। বাজেটকে শিল্প ও বাণিজ্যমহল শিল্প-বান্ধব হিসাবে বিবেচনা করেছে। বস্তুত কোম্পানির আয়কর হ্রাস, মাঝারি ও ছোট উদ্যোগীদের জন্য গৃহীত ব্যবস্থাবলি এবং পরিকাঠামো উন্নয়নে ঘোষিত কর্মসূচি শিল্প উন্নয়নে সাহায্য করবে। সেই সঙ্গে ক্ষুদ্র সেচ প্রকল্পের প্রসার, গ্রামীণ পরিকাঠামো উন্নয়ন প্রভৃতি কর্মসূচি কৃষির উৎপাদন বৃদ্ধিতে সাহায্য করবে।

কিন্তু বাজেট মধ্যবিত্তকে খুশি করতে পারেনি। আয়করের হার অপরিবর্তিত থাকায় চাকুরিজীবী মধ্যবিত্ত কোনও সুফল পাবে না। উপরন্তু পরিষেবা কর বৃদ্ধি পাওয়ায় অনেক সেবাকার্যের খরচ বাড়বে। কয়লার সেস বাড়ায় বিদ্যুৎ উৎপাদনের ব্যয় বাড়বে। ফলে অচিরেই বিদ্যুতের মাশুল বাড়বে এবং জনসাধারণকে তার কুফল ভোগ করতে হবে। বিভিন্ন পরোক্ষ কর বাড়ার প্রভাবও এর সঙ্গে যোগ হবে। আন্তর্জাতিক বাজারে পেট্রোলের দাম কমায় মুদ্রাস্ফীতির হার কম রয়েছে। কিন্তু আন্তর্জাতিক বাজারে পেট্রোলের দাম বাড়তে শুরু করেছে। এর প্রভাবে বাজেটের পরই পেট্রোল, ডিজেলের দাম বাড়াতে হয়েছে। তেলের দাম বাড়তে থাকলে মুদ্রাস্ফীতি নিয়ন্ত্রণে রাখা সম্ভব হবে না।

বাজেটের বিরুদ্ধে প্রধান অভিযোগ এই বাজেটে অর্থনৈতিক সংস্কার কর্মসূচিকে এগিয়ে নিয়ে যাওয়ার কোনও নতুন পদক্ষেপ নেই। প্রথম পূর্ণাঙ্গ বাজেটে আর্থিক সংস্কারের স্পষ্ট দিশা দেখানোর সুযোগ ছিল। কিন্তু অর্থমন্ত্রী সেই সুযোগ গ্রহণ করেননি।

বস্তুত ইউপিএ সরকারকে কঠোরভাবে সমালোচনা করলেও বর্তমান বাজেটে ইউপিএ সরকারের বিভিন্ন কর্মসূচি বজায় রাখা হয়েছে, কোনও কোনওটি ভিন্ন নামে। যেমন, স্বচ্ছ ভারত অভিযান আগেকার নির্মল ভারত অভিযানের রকমফের। নমামি গঙ্গা অভিযান গঙ্গা অ্যাকশন প্ল্যানের রকমফের। পণ্য ও পরিষেবা কর প্রকল্প ইউপিএ আমলেই নেওয়া হয়েছিল। বর্তমান সরকার তা রূপায়ণ করবে। তেমনি মহাত্মা গান্ধী গ্রামীণ কর্মনিশ্চয়তা প্রকল্প পূর্বতন সরকারের নেওয়া এবং বর্তমান সরকার একে সমালোচনা করলেও একে বজায় রেখেছে। পূর্বতন সরকার অপর একটি গুরুত্বপূর্ণ প্রকল্প গ্রহণ করেছিল যেটি হল খাদ্য সুরক্ষা প্রকল্প। এই উদ্দেশ্যে খাদ্য সুরক্ষা আইন প্রণীত হয় ২০১২ সালে। কিন্তু বর্তমান বাজেটে খাদ্য সুরক্ষা সম্পর্কে কোনও উল্লেখ নেই। কোন সময়ের মধ্যে খাদ্য সুরক্ষা সকল রাজ্য প্রদান করবে তার ঘোষণা নেই। প্রত্যক্ষ কর ব্যবস্থার সংস্কারের জন্য পূর্বতন সরকার ডাইরেক্ট ট্যাক্স কোড (DTC) প্রণয়ন করে। কিন্তু তা রূপায়িত হয়নি। বর্তমান সরকারও এ বিষয়ে কোনও উল্লেখ করেনি। এছাড়া গত বছরের বাজেটে ১০০টি স্মার্ট সিটি গঠনের জন্য ঘোষণা করা হয়। কিন্তু এই কর্মসূচি কতটা রূপায়িত হয়েছে বা বর্তমান বছরে এই কর্মসূচির জন্য অর্থ বরাদ্দ কতটা তার কোনও উল্লেখ বর্তমান বাজেটে নেই।

আশা করি একদিকে অর্থনৈতিক প্রগতির হার বৃদ্ধি পাবে এবং অন্যদিকে সাধারণ মানুষের জীবনযাত্রার মান উন্নত হবে।❑

[লেখক বর্ধমান বিশ্ববিদ্যালয়ের বাণিজ্য বিভাগের প্রাক্তন অধ্যাপক।]

প্র | চ্ছ | দ | নি | ব | ন্ধ

# সামাজিক সুরক্ষা ও জনকল্যাণ

## বাজেটে প্রস্তাবিত উদ্যোগের পর্যালোচনা

*দেশের মোট অভ্যন্তরীণ উৎপাদন (জিডিপি) বৃদ্ধির হার দিয়ে বিচার করলেই কোনও দেশের নাগরিকদের জীবনযাপনের মান সঠিকভাবে যাচাই করা সম্ভব নয়। সার্বিক উন্নয়নের লক্ষ্যমাত্রা অর্জন করতে আর্থিক বিকাশ একমাত্র নির্ণায়ক উপাদান নয়। জাতীয় উন্নয়নে জনকল্যাণমুখী পদক্ষেপ অত্যাবশ্যক শর্ত। আগামী অর্থবর্ষের বাজেটে সামাজিক সুরক্ষা সংক্রান্ত যে সব উদ্যোগের প্রস্তাব দেওয়া হয়েছে, সেগুলি নিয়ে পূর্ণাঙ্গ আলোচনা করছেন* **ভব রায়।**

এবারের কেন্দ্রীয় বাজেটের 'পটভূমি'-র দিকে বিশেষ নজর দেওয়া প্রয়োজন। অস্বীকার করার উপায় নেই, প্রায় টানা কয়েক বছর ভারতের জাতীয় অর্থনীতি নানা দিক থেকে সংকট-জর্জরিত হয়ে কাটানোর পরে অতি-সম্প্রতি, মোটের ওপর অনেকটাই ইতিবাচক। লাগামছাড়া মুদ্রাস্ফীতির ঝাঁজ অনেকটাই কমেছে, গত এক বছর ধরে আন্তর্জাতিক বাজারে বারে বারে তেলের দাম অবিশ্বাস্য হারে কমতে থাকায় ভারতেও তার ইতিবাচক প্রভাব পড়েছে, দেশের বৈদেশিক মুদ্রা ভাণ্ডার ইতিমধ্যেই যথেষ্ট হৃষ্টপুষ্ট হয়েছে, টাকার দামও বেড়েছে, মূলধনি বাজারে শেয়ার সূচকও যথেষ্ট উর্ধ্বগামী, আরও নানারকম অর্থনৈতিক সুফলের ছায়া পড়েছে দেশের অর্থনীতিতে।

এই আশাবাদে বলীয়ান ও আত্মবিশ্বাসী কেন্দ্রীয় অর্থমন্ত্রী বাজেট-প্রস্তাবটিকে সাজিয়েছেন। কৃষি-শিল্প-পরিকাঠামো-কর্পোরেট ক্ষেত্র-মূলধনি বাজার—আরও অন্যান্য ক্ষেত্র, এক কথায় জাতীয় অর্থনীতির এমন কোনও ক্ষেত্র নেই, যা তাঁর বাজেটের ছাতার তলায় কম-বেশি জায়গা পায়নি। তবে, তাঁর এই 'আলপিন টু এলিফ্যান্ট' বাজেট চূড়ান্ত বিচারে কতটা বৃদ্ধি-মুখী বা সংস্কারপ্রবণ অথবা তা কতটা জনমুখী হয়েছে—সেই সব চুলচেরা বিশ্লেষণ আপাতত এখানে প্রাসঙ্গিক নয়। আমাদের বর্তমান আলোচ্য বাজেট অন্তর্ভুক্ত বহুবিধ বিষয়ের মধ্যে শুধুমাত্র একটি ক্ষেত্র সামাজিক সুরক্ষা ও জনকল্যাণ। এখানে বিশেষভাবে উল্লেখ্য, এবারের বাজেটে 'সামাজিক সুরক্ষা'র বিষয়টিকে যে বহুমাত্রিক গুরুত্ব দেওয়া হয়েছে, সাম্প্রতিক অতীতের বাজেটগুলিতে তার খুব একটা নজির নেই। সামগ্রিক বাজেট নিয়ে অর্থনীতিবিদ ও বিশেষজ্ঞদের মধ্যে মতভেদ থাকলেও অন্তত সামাজিক সুরক্ষা-বিষয়ে বাজেট প্রস্তাব ও দৃষ্টিভঙ্গি পক্ষ-বিপক্ষের সিংহভাগই সমর্থন ও প্রশংসা করেছেন।

সামগ্রিক বাজেট প্রস্তাবের মধ্যে যে গুটিকতক ক্ষেত্রকে অগ্রাধিকার দেওয়া হয়েছে, তার মধ্যে একটি হল সামাজিক সুরক্ষা ও জনকল্যাণ। বর্তমান বাজেট-প্রতিবেদনের ভূমিকায় সরকারি কর্ম-কৃতিত্বের দৃষ্টান্তমূলক খতিয়ান তুলে ধরতে গিয়ে যে তিনটি স্বতন্ত্র বিষয়ের উল্লেখ করেন অর্থমন্ত্রী, তার মধ্যে দুটি হল সামাজিক সুরক্ষা ও জনকল্যাণ-সম্পর্কিত—জনধন যোজনা ও স্বচ্ছ ভারত। (তৃতীয় বিষয়টি কয়লা খনন সংক্রান্ত।)

আবার বাজেট-প্রতিবেদনটি খুঁটিয়ে দেখলে বোঝা যাবে, শুধুমাত্র গুরুত্বের বিচারেই নয়, বৈশিষ্ট্যের অভিনবত্বেও সামাজিক সুরক্ষা ও জনকল্যাণের প্রস্তাবিত কর্মসূচিগুলি বিশেষ উল্লেখের দাবি রাখে। সেইসব বৈশিষ্ট্য-বৈচিত্র স্বতন্ত্রভাবে চিহ্নিত করা যায় এইভাবে:

(ক) 'ভারতের সমস্ত নাগরিকের জন্য সর্বজনীন সামাজিক নিরাপত্তা'-র প্রতিশ্রুতি নীতিগতভাবে হলেও অসাধারণ তাৎপর্যপূর্ণ।

(খ) ২০২২ সালটিকে বিশেষভাবে চিহ্নিত করে (ভারতের স্বাধীনতার ৭৫তম উদ্‌যাপনকে 'অমৃত মহোৎসব' নামে বাজেটে বর্ণিত) এখন থেকে দীর্ঘমেয়াদি ভিত্তিতে সারা দেশ জুড়ে সমস্ত মানুষের নানা ধরনের সামাজিক সুরক্ষা বা নিরাপত্তা সুনিশ্চিত করা। এই পর্যায়ে রয়েছে নয়-দশ ধরনের কর্মসূচি।

(গ) এই তৃতীয় পর্যায়ে রয়েছে সুনির্দিষ্টভাবে ২০১৫-১৬ সালের জন্য নির্দিষ্ট বরাদ্দ-ভিত্তিক সামাজিক সুরক্ষার বিভিন্ন প্রস্তাব।

বলা নিষ্প্রয়োজন, উপরোক্ত দ্বিতীয় দফার, অর্থাৎ ২০২২ অভিমুখী কর্মসূচিগুলিকে 'প্রস্তাব' না বলে নীতিগত শপথ বা 'অঙ্গীকার' হিসাবেই দেখা উচিত। স্বাভাবিক কারণে, এগুলির জন্য নেই কোনও আর্থিক বরাদ্দ। এইসব দীর্ঘমেয়াদি লক্ষ্যের মধ্যে উল্লেখযোগ্য কয়েকটি—ভারতের প্রতিটি পরিবারের মাথার ওপর ছাদ অর্থাৎ আবাসনের ব্যবস্থা করা, প্রতি ভারতবাসীর ২৪ ঘণ্টা বিদ্যুৎ, পরিশুদ্ধ পানীয়জল, শৌচালয় সুনিশ্চিত করা, প্রতিটি নাগরিকের স্বাস্থ্য-শিক্ষা-দক্ষতা-অর্জন-রুজি-রোজগার-সুনিশ্চিতকরণ ইত্যাদি।

তৃতীয় অর্থাৎ শেষ পর্যায়ে উল্লিখিত প্রস্তাবগুলি সুনির্দিষ্টভাবে ২০১৫-১৬ সালের রূপায়ণযোগ্য সামাজিক সুরক্ষামূলক সুনির্দিষ্ট কর্মসূচি। এখানেও একটি জিনিস লক্ষ্য করার মতো। একদিকে যেমন বিমা-পেনশন-প্রভিডেন্ট ফান্ড ইত্যাদির মতো মূল সামাজিক সুরক্ষা-আধারগুলির জন্য পৃথক প্রস্তাব রয়েছে, অন্যদিকে আবার বৃদ্ধ-বৃদ্ধা (সিনিয়র সিটিজেন), নারী, প্রতিবন্ধী, সংখ্যালঘু-সম্প্রদায়, তপশিলি জাতি-উপজাতি ভুক্ত দুর্বলতর শ্রেণি, বেকার বা কর্মহীন যুবা-সম্প্রদায়, আরও অন্যান্য বর্গ-ভিত্তিক মানুষদের জন্য নিজ নিজ শ্রেণি বা গোষ্ঠীর উপযোগী ও প্রয়োজনীয় সুরক্ষার ব্যবস্থা করা হয়েছে। এ ধরনের সুদক্ষ বরাদ্দ-বিন্যাসের সূত্রে নাগরিকদের একটি বড় অংশেরই বর্ধিত সামাজিক-সুরক্ষা প্রাপ্তির সুযোগ প্রশস্ততর হয়। অর্থাৎ, এ ক্ষেত্রের সাধারণ প্রকল্পের সুযোগ-সুবিধার পাশাপাশি

ক্ষেত্রবিশেষে নির্দিষ্ট বর্গ-ভিত্তিক প্রাপ্তিরও যুক্ত হওয়ার সুযোগ থাকে।

## সামাজিক সুরক্ষা : বিভিন্ন পর্যায়

সামাজিক-সুরক্ষার গোটা বিষয়টিকে বাজেট প্রস্তাবে শিরোনাম দেওয়া হয়েছে 'জনধন থেকে জন-সুরক্ষা' নামে। এই পর্যায়ে যে প্রধান সুরক্ষা-বিষয়টিকে জোর দেওয়া হয়েছে তা হল নানা ধরনের সুরক্ষা-মূলক বিমা বিশেষত অর্থনৈতিকভাবে দুর্বলতর মানুষদের জন্য এবং এই বিমা-সংস্থানেও চমৎকারভাবে ঘটানো হয়েছে প্রয়োজন-ভিত্তিক বৈচিত্র-বিন্যাস, যেগুলিকে সংক্ষেপে চিহ্নিত করা যায় এইভাবে:

(১) খুব শীঘ্র চালু করা হবে এমন একটি প্রকল্প 'প্রধানমন্ত্রী সুরক্ষা বিমা যোজনা' নামে, যেখানে বছরে মাত্র ১২ টাকার প্রিমিয়ামের বিনিময়ে মিলবে ২ লক্ষ টাকার দুর্ঘটনাজনিত মৃত্যুর ক্ষেত্রে বিমা-সুরক্ষা। এর পাশাপাশি চালু করা হবে 'অটল পেনশন যোজনা', সেখানে গ্রাহকের নির্দিষ্ট অর্থপ্রদান ও নির্দিষ্ট সময়ের ভিত্তিতে (যেখানে ব্যবস্থা রয়েছে গ্রাহকের তরফে সুবিধাজনক শর্ত) আনুপাতিক নির্দিষ্ট হারে মাসিক পেনশন দেওয়া হবে। এখানে, সরকারের তরফে একটি উৎসাহজনক 'অফার'ও ঘোষণা করা হয়েছে। যাঁরা এই প্রকল্পে ৩১ ডিসেম্বর ২০১৫-এর মধ্যে অ্যাকাউন্ট খুলবেন, তাঁদের দেয় প্রিমিয়ামের সর্বোচ্চ ৫০ শতাংশ এবং সর্বাধিক বার্ষিক ১০০০ টাকা অনুদান সরকার দেবে ৫ বছরের জন্য।

(২) এছাড়াও ঘোষণা করা হয়েছে আরও একটি সুরক্ষা-প্রকল্প—'প্রধানমন্ত্রী জীবনজ্যোতি বিমা যোজনা' নামে, যেখানে স্বাভাবিক বা দুর্ঘটনাজনিত যে কোনও ধরনের মৃত্যু-ঝুঁকির ২ লক্ষ টাকার 'কভারেজ' থাকবে; এই বিমা-প্রকল্পটি ১৮-৫০ বয়ঃসীমার মানুষদের জন্য নির্দিষ্ট এবং বাৎসরিক প্রিমিয়ামের পরিমাণ সর্বোচ্চ ৩৩০ টাকা।

(৩) এর পরেই ঘোষণা হয়েছে একটি একেবারে নতুন ধরনের সামাজিক সুরক্ষা-প্রকল্প, যেখানে দীর্ঘদিনের পড়ে থাকা অনুৎপাদক টাকাও সঞ্চিত তহবিলের উদ্ভাবনামূলক ব্যবহার ও ব্যাপকতর জনকল্যাণের মেলবন্ধন ঘটানো হবে। আমাদের দেশে পিপিএফ ও ইপিএফে যথাক্রমে ৩০০০ কোটি ও ৬০০০ কোটি টাকা দীর্ঘকাল ধরে দাবিহীন অবস্থায় পড়ে রয়েছে। এই বিপুল পরিমাণ অর্থ দিয়ে গড়ে তোলা হবে একটি 'প্রবীণ নাগরিক কল্যাণ তহবিল' যার সাহায্যে দেশের অর্থনৈতিক দুর্বলতর মানুষদের বিভিন্ন প্রিমিয়াম-দেওয়ার ক্ষেত্রে যতদূর সম্ভব অনুদান মঞ্জুর করা হবে। এই প্রকল্পের সূত্রে সম্ভাব্য সহায়তা-প্রাপক মানুষদের মধ্যে থাকবে মূলত বৃদ্ধ পেনশন-প্রাপক, বিপিএল কার্ড ধারক, ক্ষুদ্র প্রান্তিক কৃষক এবং এই ধরনের দুর্বলতর মানুষজন। এছাড়াও, গ্রামীণ গরিব বৃদ্ধ-বৃদ্ধাসহ দেশের ১০.৫ কোটি বরিষ্ঠ নাগরিকদের বার্ধক্যজনিত নানা রোগ-ব্যাধি-অক্ষমতা লাঘব করার জন্য যতদূর সম্ভব সরকারি সহায়তা দেওয়া হবে।

(৪) সংখ্যালঘু যুব সম্প্রদায়, যাদের প্রথাগত স্কুল-পাশ সার্টিফিকেট নেই, তাদের কর্মসংস্থান উপযোগী প্রশিক্ষণ দানের জন্য 'নয়ি মঞ্জিল' নামে একটি বিশেষ শিক্ষা-সুরক্ষা প্রকল্পের ঘোষণা রয়েছে বাজেটে। এছাড়াও, দেশের বিভিন্ন সংখ্যালঘু সম্প্রদায়ের কল্যাণের জন্য কেন্দ্রীয় সংখ্যালঘু-মন্ত্রক একটি সুসংহত প্রকল্পগুচ্ছ তৈরি করেছে, যার জন্য বরাদ্দ করা হয়েছে ৩,৭৩৮ কোটি টাকা।

(৫) পরিণত ও বৃদ্ধ বয়সে যাতে কোনও ভারতবাসী সুরক্ষা-বিহীন না হয়ে থাকেন, তার জন্য পূর্বোক্ত ঘোষণাগুলির মাঝেই অর্থমন্ত্রী যেসব নতুন উদ্যোগের প্রস্তাব দিয়েছেন তার মধ্যে দুটি ইতিবাচক দিক লক্ষণীয়। প্রথমত, দেশব্যাপী জনধন প্ল্যাটফরমটিকে খুবই কার্যকরীভাবে ব্যবহার করা হবে সর্বজনীন সামাজিক সুরক্ষা-কর্মসূচির সার্থক রূপায়ণের লক্ষ্যে। দ্বিতীয়ত, পূর্বোক্ত সুরক্ষামূলক নতুন বাজেট-প্রস্তাবগুলির রূপায়ণের পাশাপাশি পূর্ববর্তী বছরের চালুপ্রকল্পগুলিও প্রয়োজনীয় আর্থিক বরাদ্দসহ অব্যাহত রাখা হয়েছে।

(৬) দেশের মহিলাদের সুরক্ষা ও নিরাপত্তা এবং তাদের প্রতিকূলে লিঙ্গানুপাতের বৈষম্য কমিয়ে আনার জন্য সরকারি বিশেষ গুরুত্বদানের বিষয়টিও প্রতিফলিত হয়েছে এবারের বাজেটে। দেশের সামগ্রিক মহিলা সমাজের সর্বাঙ্গীণ কল্যাণের জন্য পূর্বোক্ত বিপুল পরিমাণ অর্থ-বরাদ্দ ছাড়াও নারী-কল্যাণের জন্য গঠিত 'নির্ভয়া ফান্ড'-এ অতিরিক্ত ১০০০ কোটি টাকা বরাদ্দ করা হয়েছে। 'বেটি বাঁচাও, বেটি পড়াও' (কন্যাসন্তানকে বাঁচাও, কন্যাসন্তানকে পড়াও) অভিযানকে সফলতর করে তোলার উদ্দেশ্যে কন্যা শিশুর বাবা-মা বা অভিভাবকদের জন্য তৈরি করা হয়েছে 'সুকন্যা সমৃদ্ধি অ্যাকাউন্ট'। এই প্রকল্পে করা বিনিয়োগ করমুক্ত।

## আরও কিছু সামাজিক সুরক্ষা-প্রকল্প

২০১৫-১৬ সালের বাজেট প্রস্তাবে সামাজিক সুরক্ষা ও জনকল্যাণ সম্পর্কিত পূর্ববর্ণিত আলোচনায় প্রত্যক্ষ ও প্রধান বিষয়গুলিকে রাখা হয়েছে। এর পরেও কিন্তু রয়েছে আরও কিছু আনুষঙ্গিক বাজেট প্রস্তাব, যেগুলিতে আক্ষরিকভাবে 'সামাজিক সুরক্ষা' শব্দ-বন্ধ উচ্চারিত না হলেও সেগুলি রূপায়ণের সূত্রে, অন্তত পরোক্ষভাবেও, বিভিন্ন ধরনের সামাজিক সুরক্ষা ও জনকল্যাণের পরিসরটি প্রশস্ততর হতে পারে। এই পর্যায়ে প্রথমেই উল্লেখ করতে হয় '১০০ দিনের কাজ' বা মহাত্মা গান্ধী গ্রামীণ কর্মনিশ্চয়তা প্রকল্প। মূলত এটি গ্রামীণ কর্মসংস্থান ও দারিদ্র-দূরীকরণ কর্মসূচি হলেও মূল লক্ষ্য পূরণের পাশাপাশি ব্যাপকতর দরিদ্র গ্রামীণ মানুষদের মাঝে কম-বেশি সামাজিক সুরক্ষার কাজটিও তো করে চলেছে। যাই হোক, অনেক সমালোচক ও সংশয়বাদীর আশঙ্কাকে ভুল প্রমাণিত করে এই '১০০ দিনের কাজ' প্রকল্পে আগের বছরের বরাদ্দের চেয়ে ৫০০০ কোটি টাকা বাড়িয়ে আগামী বছরের জন্য করা হয়েছে ৩৪,৬৯৯ কোটি টাকা।

আমরা জানি, ইপিএফ-ইএসআই জাতীয় প্রকল্পগুলি মধ্যবিত্ত ও নিম্নবিত্ত বেতনভোগী মানুষদের এক ধরনের সুরক্ষা-তহবিল হিসাবে চলে আসছে। কিন্তু, এই সব প্রকল্পের নানাবিধ আইনি ও অন্যান্য জটিলতার কারণে সংশ্লিষ্ট গ্রাহকেরা অনেক সময় তাঁদের প্রাপ্য সুবিধা থেকে বঞ্চিত হন এবং নানা অসুবিধায় পড়েন। সে কারণে, এই সব প্রকল্পের অনেকটাই সরলীকরণ করে বাড়তি সুবিধা সহ আকর্ষণীয় করে তোলার প্রস্তাব রয়েছে এবারের বাজেটে। এই প্রস্তাব অনুসারে, একদা বাধ্যতামূলক যে ইপিএফ সেখানে সংশ্লিষ্ট গ্রাহকদের জন্য 'বিকল্প পছন্দ'-এর (অপশন) সুযোগ দেওয়া হবে এখন থেকে। প্রথমত, তাঁরা ইপিএফ প্রকল্পের সদস্য থাকতে, অথবা

তাঁদের ইচ্ছানুসারে ওই প্রকল্প ছেড়ে 'জাতীয় পেনশন প্রকল্পে' (NPS) যোগদান করতে পারেন। দ্বিতীয়ত, একটি নির্দিষ্ট নিম্ন আয়ের কর্মচারীদের ইপিএফ-এ বেতনের অংশবিশেষ কাটানো এখন থেকে আর বাধ্যতামূলক থাকবে না, যদিও তার অনুকূলে নিয়োগকর্তার তরফে দেয় টাকা যথারীতি বহাল থাকবে। একইভাবে, কোনও কর্মচারীর ইএসআই প্রকল্পে যোগদানও বাধ্যতামূলক থাকবে না, তিনি তাঁর ইচ্ছামাফিক ESI অথবা IRDA-অনুমোদিত যে কোনও স্বাস্থ্যবিমা-প্রকল্প বেছে নিতে পারবেন।

সামাজিক সুরক্ষার আরও কিছু নতুন ছোটখাট পরোক্ষ ধরনের প্রস্তাব ঘোষিত হয়েছে। তবে এগুলি সমাজের কিছুটা সচ্ছলতর মানুষরাই এই সব প্রকল্পের সুযোগ নিতে পারবেন, কারণ এগুলি শর্তহীন নয়। এতদিন নিজের বা পরিবার-সদস্যের যে কোনও স্বাস্থ্যবিমার জন্য ১৫০০০ টাকা আয়কর ছাড় পাওয়া যেত, এখন এই সীমা বাড়িয়ে করা হয়েছে ২৫০০০ টাকা। আশি বছর ঊর্ধ্ব বয়স্ক মানুষদের চিকিৎসা-খরচ বাবদ ৮০,০০০ টাকা পর্যন্ত কর ছাড় দেওয়া হবে, আগে এক্ষেত্রে সর্বোচ্চ সীমা ছিল ৬০,০০০ টাকা। ৮০ সিসিডি ধারায় সঞ্চয়ে নির্দিষ্ট পেনশন প্রকল্পের বিনিয়োগের করছাড়-সীমা বাড়িয়ে ৫০ হাজার টাকা করা হয়েছে। প্রতিবন্ধীদের আয়কর-ছাড়ের সীমা ২৫,০০০ টাকা বাড়ানো হয়েছে।

এই হল ২০১৫-১৬ সালের কেন্দ্রীয় বাজেটে সামাজিক সুরক্ষা ও জনকল্যাণের বিবরণী ও পর্যালোচনা। মূলত প্রত্যক্ষ প্রস্তাবগুচ্ছ, তৎসহ কিছু পরোক্ষ প্রস্তাবের মধ্য দিয়ে একদিকে যেমন সরকারি সদিচ্ছার প্রবণতা ফুটে উঠেছে, অন্যদিকে তেমনি 'সমস্ত ভারতবাসীর জন্য সর্বজনীন সুরক্ষা'-অভিমুখী একটি মহৎ ও নীতিগত দৃষ্টিভঙ্গিরও প্রতিফলন ঘটেছে। সেই সঙ্গে এটাও জানতে হবে, ঘোষিত নতুন ধরনের কিছু ছোটখাট প্রকল্প রচনার মধ্যে উদ্ভাবনী কৌশলের মুনশিয়ানারও আভাস মেলে, যেগুলিকে সংবাদপত্রের ভাষায় চিহ্নিত করা হয়েছে 'সামাজিক উন্নয়নে জোর দিয়েই কর-ছাড়', 'বিনিয়োগের সঙ্গে জোর সামাজিক সুরক্ষায়' (এই সময়, ১।০৩।১৫) ইত্যাদি শিরোনামে।

## কেন্দ্রীয় বাজেট-প্রস্তাবিত সামাজিক সুরক্ষা-জনকল্যাণ-প্রতিক্রিয়া : পক্ষে-বিপক্ষে এবং প্রসঙ্গত

নিবন্ধের গোড়াতেই বলা হয়েছে, আলোচ্য ক্ষেত্রটিতে বাজেট প্রস্তাবগুচ্ছ বেশির ভাগ বিশেষজ্ঞ-সমীক্ষকের প্রশংসা লাভ করেছে। অর্থনীতিবিদ ড. দেবনারায়ণ সরকার মন্তব্য করেছেন, ".....বর্তমান সরকার সামাজিক সুরক্ষার ক্ষেত্রে বেশ কিছু প্রকল্প..... নিঃসন্দেহে প্রশংসার যোগ্য। এছাড়াও প্রধানমন্ত্রী জনধন যোজনার পরিকল্পনার ব্যাপ্তিও প্রশংসার দাবি রাখে। তাছাড়া দেশের বরিষ্ঠ নাগরিকদের জন্য প্রকল্পও অবশ্যই সমর্থনযোগ্য।" (সংবাদ প্রতিদিন, ১.৩.১৫)। অনেক বিশেষজ্ঞের অভিমতেই সুরক্ষা ও জনকল্যাণ সম্পর্কিত বাজেট প্রস্তাবগুচ্ছের প্রতি জোরালো সমর্থন ফুটে উঠেছে।

তবে, সংখ্যায় কম হলেও এ সম্পর্কিত কিছু সমালোচনাও চোখে পড়েছে। এই সব সমালোচনার মূল বক্তব্য হল: (১) যেভাবে ঢালাও সুরক্ষা-প্রতিশ্রুতি দেওয়া হয়েছে, তার প্রকৃত রূপায়ণের প্রয়োজনীয় অর্থই নেই সরকারের হাতে; (২) পূর্ববর্তী বছর বা বছরগুলির চালু প্রকল্পগুলি বাতিল করা হয়নি বটে, তবে শিক্ষা-স্বাস্থ্য-শিশু-নারী-সামাজিক ন্যায়ের মতো অনেক সুরক্ষা কর্মসূচির বরাদ্দ কাটছাঁট করা হয়েছে। যাইহোক সামগ্রিকভাবে দেখলে হয়তো চোখে পড়বে, পূর্বতন কিছু প্রকল্পের অর্থ-বরাদ্দ কমানো হয়েছে, পাশাপাশি এটাও তো মনে রাখা দরকার, অনেক বেশিসংখ্যক নতুন সুরক্ষা-প্রকল্পের ঘোষণা রয়েছে এবারের বাজেটে—সেগুলি রূপায়ণের জন্যেও তো প্রচুর অর্থের প্রয়োজন। তাই, বিভিন্ন প্রকল্পের অর্থ-বরাদ্দে কম-বেশি পুনর্বিন্যাস তো অনিবার্য—আর এর ফলে সামগ্রিক সামাজিক সুরক্ষা ও জনকল্যাণ সম্পর্কিত মূল ইতিবাচক অভিমুখ ও দৃষ্টিভঙ্গির কোনও হের-ফের ঘটে না।

আসলে, আপাতদৃষ্টিতে সামগ্রিকভাবে এই বাজেটকে খুব চটকদার মনে না হলেও, বাজেট-প্রস্তাবকে আপাদমস্তক খুঁটিয়ে পড়লে আগ্রহী পাঠক বিশেষজ্ঞদের বুঝে নিতে অসুবিধা হবে না, সংস্কার-বৃদ্ধি-সামাজিক সুরক্ষা, এই তিনের এক সার্থক সমন্বয় ঘটিয়ে একটি 'ভারসাম্যের বাজেট' তৈরির চেষ্টা করা হয়েছে।

অর্থমন্ত্রীর এই পরীক্ষামূলক প্রয়াস কার্যত কতটা ফলবতী হবে, নিকট ও নাতিদূর ভবিষ্যতের মাসগুলিই তার প্রমাণ দেবে। তবে, সাম্প্রতিক বছরগুলিতে দেশের অর্থনীতিবিদ মহলের একাংশে একটি জোর বিতর্ক আজও চালু রয়েছে—জিডিপি বা বার্ষিক বৃদ্ধির ওপর জোর দিলে সামাজিক সুরক্ষা তথা জনকল্যাণের দিকটি উপেক্ষিত হয়, আবার বিপরীত প্রয়াস গ্রহণ করলে জিডিপি বৃদ্ধির হার কমে যাবে। এই বিষয়ে কয়েক মাস আগে অর্থনীতিবিদ বিবেক দেব রায় একটি অতি মূল্যবান প্রাসঙ্গিক তাত্ত্বিক ব্যাখ্যা দিয়েছিলেন। তিনি লিখেছিলেন, ".....তবে দেশের আয় যথেষ্ট বাড়লে তবেই রাজস্বও যথেষ্ট বাড়বে—এই সত্যের একটা বিশেষ তাৎপর্য আছে। যাঁরা বলেন যে, জিডিপি-র বিকাশহার নিয়ে এত মাথা ঘামানোর দরকার নেই, মানুষের ভালো করাটাই আসল কথা, তাঁরা এই প্রাথমিক সত্যটা ভুলে যান। ঘটনা হল, আয় যথেষ্ট না বাড়লে রাজস্ব বাড়ে না, রাজস্ব না বাড়লে সরকারের পক্ষে সামাজিক কল্যাণের জন্য যথেষ্ট ব্যয় চালিয়ে যাওয়া সম্ভব হয় না। সুতরাং আর সব কারণ ছেড়ে দিলেও, কেবল সামাজিক ব্যয় বাড়ানোর জন্যও জিডিপি-র যথেষ্ট বৃদ্ধি জরুরি।" (আনন্দবাজার পত্রিকা)

বাজেট বক্তৃতাদানের উপসংহারে অর্থমন্ত্রী উপনিষদ উদ্ধৃত করে আশার বাণী শুনিয়েছেন, "ওঁ সর্বেভবান্তু সুখিনা, সর্বেশান্তু নিরাময়া", ইত্যাদি, অর্থাৎ সবাই সুখী হোক, সবারই নিরাময় হোক। তাঁর এই আশার বাণীর আলোকে আমরাও আশা করব, সমগ্র ভারত তথা ভারতবাসীদের উদ্দেশ্যে যে সর্বজনীন সুরক্ষার বাজেট উপহার তিনি দিয়েছেন, তার ইতিবাচক সূচনা ও অন্তত কিছুটা স্পষ্ট রূপায়ণ-চিত্র যেন আমরাও দেখতে পাই আগামী মাসগুলিতে। ❑

[লেখক অর্থনীতিবিদ ও সমাজতত্ত্ব বিষয়ের প্রাবন্ধিক ও গ্রন্থকার।]

# কৃষি ও গ্রামীণ কর্মসংস্থান

## গ্রামীণ ও কৃষিক্ষেত্রে বাজেটের প্রভাব

*কর্মসংস্থান বৃদ্ধির উদ্দেশ্যে নেওয়া প্রায় প্রতিটি পদক্ষেপই 'উৎপাদন শিল্প-কেন্দ্রিক' হওয়াটা কাম্য বলে মনে হয়। কিন্তু 'উৎপাদন শিল্প-কেন্দ্রিক' অভিপ্রায় শহরকেন্দ্রিক উদ্যোগের রূপধারণ করলে বঞ্চিত হবেন গ্রামাঞ্চলের মানুষ। কৃষিপ্রধান, গ্রাম-অধ্যুষিত এই দেশে কৃষি তথা অন্যান্য গ্রামীণ ক্ষেত্রেও কর্মসংস্থান বৃদ্ধি না হলে দেশের সার্বিক উন্নয়ন হবে কীভাবে? এই সমস্যার সমাধানের লক্ষ্যে এবারের বাজেটে বিশেষ সংস্থান করা হয়েছে। আলোচনা করছেন* **লক্ষ্মীনারায়ণ শীল।**

ভারতের কৃষিক্ষেত্র একদিকে যেমন সম্ভাবনাময় তেমনি আবার অন্যদিকে সমস্যাসংকুলও বটে। ভারতের জাতীয় আয়ের অংশ বর্তমানে কৃষিক্ষেত্র থেকে আসে প্রায় ১৫ শতাংশ। যদিও আগের থেকে এটা অনেকটাই কমেছে তবুও উন্নত দেশগুলির তুলনায় ভারতের জাতীয় আয়ের মধ্যে কৃষিক্ষেত্রের অংশ অনেকটাই বেশি। কৃষিক্ষেত্র থেকে জাতীয় আয়ের মাত্র ৫ শতাংশ আসে অস্ট্রেলিয়ায়, মাত্র ২ শতাংশ আসে ব্রিটেনে ও মাত্র ৩ শতাংশ আসে মার্কিন যুক্তরাষ্ট্রে।

ভারতে কর্মসংস্থানের ক্ষেত্রেও কৃষির গুরুত্ব অপরিসীম। আগের তুলনায় কৃষিক্ষেত্রে কর্মসংস্থান নানা কারণে অনেকটাই কমেছে। তবুও বর্তমানে ভারতের মোট জনসংখ্যার প্রায় ৪৫ শতাংশ এখনও কৃষিক্ষেত্রের সঙ্গে যুক্ত। উন্নত অর্থনীতির দেশগুলিতে সেই তুলনায় কৃষিক্ষেত্রে কর্মসংস্থানের হার অনেকই কম, মাত্র প্রায় ১০ শতাংশ। ভারতে মোট খাদ্যোৎপাদনও বিগত দশকের ২০০৯-১০ সালের ২১৮ মিলিয়ন টন থেকে বর্তমান দশকের ২০১০-১১-তে বেড়ে হয়েছে ২৪৪ মিলিয়ন টন, ২০১১-১২-তে এই উৎপাদন আরও বেড়ে হয়েছে প্রায় ২৫৯ মিলিয়ন টন এবং ২০১৩-১৪-তে ২৬৪ মিলিয়ন টন। অবশ্য ভারতের কৃষিক্ষেত্রে এখনও মৌসুমি বর্ষার উপর নির্ভরশীল। এজন্যেই ২০১২-১৩-তে মোট কৃষি উৎপাদন কিছুটা কমে হয়েছে প্রায় ২৫৭ মিলিয়ন টন। ডালের মোট উৎপাদনও ২০০৯-১০ সালের ১৪ মিলিয়ন টন থেকে বেড়ে ২০১৩-১৪ সালে প্রায় ১৯ মিলিয়ন টনে পৌঁছেছে। দেশে ৯টি তৈলবীজের উৎপাদন প্রায় ২৪৯ লাখ টন থেকে (২০০৯-১০) বেড়ে ২০১৩-১৪ সালে প্রায় ৩২৯ লাখ টনে পৌঁছেছে। এই সময়ে দেশে তুলার উৎপাদন প্রায় ২৪০ লক্ষ বেল (২০০৯-১০) থেকে বেড়ে ২০১৩-১৪ সালে হয়েছে প্রায় ৩৬৫ লক্ষ বেল (১ বেল = ১৭০ কেজি)। অবশ্য পাটের উৎপাদন এই সময়ে ১১২ বেল (২০০৯-১০) থেকে কিছুটা কমে ২০১৩-১৪-তে হয়েছে প্রায় ১১০ লক্ষ বেল (১ বেল = ১৮০ কেজি)।

ভারতে উদ্যানপালন ক্ষেত্রেও (হর্টিকালচার) বিশেষ অগ্রগতি লক্ষ করা যায়। বিগত একাদশ পরিকল্পনাকালে এই ক্ষেত্রে উন্নতির হার ৫.৫ শতাংশ হয়েছে। বিগত ২০০৭-০৮ থেকে ২০১১-১২ সালে চাষের ক্ষেত্র প্রায় ২০ মিলিয়ন হেক্টর থেকে বেড়ে ২০১১-১২-তে হয়েছে ২৩ মিলিয়ন হেক্টর এবং উৎপাদন এই সময়কালে ২১১ মিলিয়ন টন থেকে বেড়ে হয়েছে ২৫৭ মিলিয়ন টন। ফল উৎপাদনে বিশ্বে ভারতের স্থান হয়েছে দ্বিতীয়। একাদশ পরিকল্পনাকালে ফলের উৎপাদন প্রায় ১৬.৪৬ শতাংশ বেড়েছে। এই সঙ্গে ফল চাষের এলাকাও বেড়েছে প্রায় ১৩.৫৬ শতাংশ। সবজি উৎপাদনে ভারতের স্থান বিশ্বে দ্বিতীয়— চীনের পরেই। হর্টিকালচারে সবজি উৎপাদনের অংশ প্রায় ৬০ শতাংশ। একাদশ পরিকল্পনাকালে সবজি চাষের এলাকা দেশে বেড়েছে প্রায় ১৫.৪ শতাংশ এবং উৎপাদন বেড়েছে ২১.৭ শতাংশ। এই উন্নতির ফলে দেশের মানুষের মাথাপিছু দৈনিক ফল ও সবজি সংগ্রহের সুযোগ ১৩৮ গ্রাম (২০০৫) থেকে বেড়ে হয়েছে প্রায় ১৭২ গ্রাম (২০১২)। আবার শুধুমাত্র সবজির জোগান এই সময়কালে দৈনিক মাথাপিছু ২৭৯ গ্রাম থেকে বেড়ে হয়েছে ৩৫০ গ্রাম (২০১২)।

ভারতে রপ্তানিযোগ্য কাটা ফুলের চাষও অনেক বেড়েছে। বিগত ২০০৪-০৫ সালের ১৯৫২ হাজার মিলিয়ন টনের তুলনায় ২০১১-১২-তে এই ফুলের উৎপাদন বেড়ে হয়েছে ৭৪,৭৮৯ হাজার মিলিয়ন টন, অর্থাৎ বার্ষিক উন্নতির হার প্রায় ৬২৪ শতাংশ বেড়েছে। এইসব চাষের কাজে গ্রামীণ মহিলাদের কর্মসংস্থান, আয় বৃদ্ধি ও ক্ষমতায়নের উদ্দেশ্যে জাতীয় হর্টিকালচার মিশন-এর সুপারিশ অনুযায়ী রাজ্য হর্টিকালচার মিশনগুলিকেও তাদের বাজেটের ৩০ শতাংশ নির্দিষ্ট রাখতে হবে। ২০১২-১৩-তে দেশের ১০টি রাজ্যে মহিলারা এই বিষয়ে প্রস্তাব জমা দিয়ে ৩২টি প্রকল্পের জন্যে প্রায় ৬.৬০ কোটি টাকা পেয়েছেন। অন্যান্য রাজ্যগুলিও এক্ষেত্রে উদ্যোগী হলে

দেশে মহিলাদের কর্মসংস্থানের আরও সুযোগ সৃষ্টি হবে।

কৃষিক্ষেত্রের উৎপাদন বৃদ্ধির ফলে ভারতের কৃষিপণ্য রপ্তানি বিশ্ব বাণিজ্য সংস্থার তথ্যানুযায়ী ২০১২-তে বিশ্ব কৃষি বাণিজ্যের প্রায় ২.১ শতাংশ অর্জন করেছে।

ভারতের কৃষিক্ষেত্রের সঙ্গে যুক্ত প্রাণীসম্পদেরও উন্নতি ও উৎপাদন বৃদ্ধি বিশেষ লক্ষণীয়। দেশের দুধের উৎপাদন ২০০১-০২ সালের ৮৪ মিলিয়ন টন থেকে বেড়ে ২০১১-১২-তে হয়েছে প্রায় ১২৮ মিলিয়ন টন। ডিমের উৎপাদন এই সময়কালে প্রায় ৩৮ মিলিয়ন থেকে বেড়ে হয়েছে প্রায় ৬৬ মিলিয়ন। দেশে মাছের মোট উৎপাদনও ২০০৪-০৫ সালের ৬৩০৪ হাজার টন থেকে বেড়ে ২০১১-১২-তে ৮৬৬৬ হাজার টন হয়েছে। রাজ্যগুলির মধ্যে মাছ উৎপাদনে প্রথম অন্ধ্রপ্রদেশ (১৬০৩ হাজার টন), দ্বিতীয় পশ্চিমবঙ্গ (১৪৭২ হাজার টন), তৃতীয় গুজরাত (৭৮৩ হাজার টন) স্থান লাভ করেছে।

কেন্দ্রীয় সরকারের বাণিজ্য ও শিল্প দপ্তরের সমীক্ষানুযায়ী কয়েকটি কৃষি ও সংযুক্ত ক্ষেত্রের পণ্যের রপ্তানির বৃদ্ধির হার বেড়েছে প্রায় ২৭.৫৭ শতাংশ (২০১২-১৩)। অবশ্য বিশ্ব বাণিজ্য সংস্থার সমীক্ষানুযায়ী বিশ্বের মোট কৃষিপণ্য রপ্তানিতে 'ব্রিকস্'-ভুক্ত দেশগুলির মধ্যে ব্রাজিল (৫.২ শতাংশ), চীন (৪.০ শতাংশ) এর পরেই ভারত (২.৬ শতাংশ)-এর স্থান। রাশিয়ান ফেডারেশনের (১.৯ শতাংশ) থেকে ভারতের অংশ কিছুটা বেশি আছে। উন্নত দেশগুলির তুলনায় ভারতের কৃষিপণ্য রপ্তানির পরিমাণ অনেকটাই কম আছে—ইউরোপীয় ইউনিয়ন-ভুক্ত দেশগুলির (২৭) এক্ষেত্রে অংশ ৩৭.০ শতাংশ, মার্কিন যুক্তরাষ্ট্র ১০.৪ শতাংশ, কানাডা ৩.৮ শতাংশ ও ইন্দোনেশিয়া ২.৭ শতাংশ (বিশ্ব বাণিজ্য সংস্থা—২০১৩)। তাই ভারতের কৃষিক্ষেত্রে আরও ব্যাপক অগ্রগতি অর্জন করা জরুরি।

কেন্দ্রীয় কৃষি মন্ত্রকের তথ্যে প্রকাশ দেশে নগরায়ণের বৃদ্ধির ফলে মোট কৃষি জমি কমেছে ১৬,০০০ বর্গকিলোমিটার (০.৮ শতাংশ) তাই ভারতে কৃষিক্ষেত্রে

**সারণি-১**
**ভারতে কয়েকটি বিশেষক্ষেত্রে ব্যাংক ঋণ প্রদান**
**(নভেম্বর ২৯, ২০১৩ থেকে নভেম্বর ২৮, ২০১৪)**

| ঋণের ক্ষেত্র | ঋণের পরিমাণ (টাকা বিলিয়ন) | বাৎসরিক বৃদ্ধির হার (শতাংশ) |
|---|---|---|
| ১. টেকসই ভোগ্য দ্রব্য | ১৪৬.৬০ | ৪৬.৭৯ |
| ২. শেয়ার, বন্ড-এ ব্যক্তিগত ঋণ | ৪০.৪৭ | ২৩.৮৮ |
| ৩. ক্রেডিট কার্ড | ২৯৪.৮৬ | ২২.১১ |
| ৪. কৃষি ও যুক্তক্ষেত্র | ৭৪৫৯.৮৮ | ২০.২০ |
| ৫. গাড়ি ক্রয় | ১৪৫৮.৬৯ | ১৭.৬০ |
| ৬. গৃহ নির্মাণ | ৫৯৫৯.৭০ | ১৬.৩৮ |
| ৭. অন্যান্য ব্যক্তিগত | ২২৭১.১২ | ১৬.১৮ |

**সূত্র** : দ্য ইকনমিক টাইমস—২৮.০১.২০১৫।

উৎপাদনশীলতা বৃদ্ধিও দরকার। উল্লেখ্য যে বিগত পরিকল্পনা কমিশনের ডেপুটি চেয়ারম্যান মাননীয় মন্টেক সিং আলুওয়ালিয়া এক প্রবন্ধে স্বীকার করেছেন যে, কৃষিতে আধুনিকীকরণ ও প্রযুক্তি প্রয়োগের মাধ্যমে ভারতে এখনও হেক্টর প্রতি উৎপাদন ৮০ শতাংশ থেকে ১০০ শতাংশ করা যায়। এই সঙ্গে তিনি সেচের জল ও উন্নত মানের বীজ সরবরাহের উপরও গুরুত্ব দিয়েছেন। এছাড়া কৃষিজমির নিয়মিত স্বাস্থ্য পরীক্ষা, কৃষকের স্বাস্থ্য সুরক্ষা ও কৃষিবিজ্ঞান সম্পর্কিত জ্ঞান বৃদ্ধি, শূন্য কর্ষণ চাষ (জিরো টিল কাল্টিভেশন) ও কম জলে সেচ ব্যবস্থা বা সিঞ্চন সেচ (ড্রিপ ইরিগেশন)-এর জন্য ব্যবস্থাগ্রহণও বিশেষ প্রয়োজন। এজন্যে সেচ ও কৃষি গবেষণায় ব্যাপক বিনিয়োগও দরকার। কারণ ভারতের কৃষি উৎপাদনও এখনও অনেকাংশে মৌসুমি বর্ষা ও প্রকৃতি-নির্ভর। সেচ ব্যবস্থার অগ্রগতিও অনেকটা কম। উল্লেখনীয় যে, দ্বাদশ পঞ্চবার্ষিকী পরিকল্পনায় ৩৩৭টি বৃহৎ ও মাঝারি সেচ প্রকল্প কার্যকরী করতে প্রায় ৪,২২,০১২ কোটি টাকার বিনিয়োগ দরকার। কিন্তু সেচ প্রকল্পে বাৎসরিক বরাদ্দ মাত্র প্রায় ২০,০০০ কোটি টাকা। কৃষি গবেষণা ও উন্নতিতেও ভারতের অবস্থান ২০০১ সালের ০.৭৩ শতাংশ ও ২০১১-তে প্রায় ০.৮১ শতাংশ মাত্র রয়ে গেছে। অথচ প্রতিবেশী চীনে এক্ষেত্রে বিনিয়োগ এই সময়কালে ০.৯৫ শতাংশ থেকে বেড়ে ১.৮৪ শতাংশ হয়েছে। তাই দেখা যায় দেশের বিভিন্ন পঞ্চবার্ষিকী পরিকল্পনাকালে মোট অভ্যন্তরীণ উৎপাদন (জিডিপি)-র মধ্যে 'কৃষিক্ষেত্রের মোট অভ্যন্তরীণ উৎপাদন' (কৃষি জিডিপি) অনেক কম হয়েছে। নবম পঞ্চবার্ষিকী পরিকল্পনায় (১৯৯৭-০২) জিডিপি ৫.৭ শতাংশ ও কৃষি জিডিপি মাত্র ২.৫ শতাংশ থেকে দশম পরিকল্পনায় (২০০২-০৭) জিডিপি বেড়ে ৭.৬ শতাংশ হলেও কৃষি জিডিপি মাত্র ২.৪ শতাংশ হয়েছে। আবার একাদশ পরিকল্পনায় জিডিপি ৮ শতাংশ হলেও কৃষি জিডিপি রয়েছে মাত্র ৪.১ শতাংশ (২০০৭-১২)।

দেশের ব্যাংক ব্যবস্থায় কৃষিক্ষেত্র থেকে যে অন্যক্ষেত্রে ঋণ প্রদানে আগ্রহ বেড়েছে তা সাম্প্রতিক ভারতের রিজার্ভ ব্যাংক-এর সমীক্ষা থেকে বোঝা যাবে (সারণি-১)।

যদিও এই সময়কালে কৃষিঋণে অগ্রগতি ৫৫০০ বিলিয়ন টাকা থেকে অনেকটা বেড়েছে—তবুও দেখা যায় ব্যাংক ঋণের ক্ষেত্রে কৃষিঋণের স্থান ও গুরুত্ব অনেকটা কম রয়েছে।

ভারতের পঞ্চবার্ষিকী পরিকল্পনাগুলি বিশ্লেষণ করলেও দেখা যায় যে, প্রথম পঞ্চবার্ষিকী পরিকল্পনায় (১৯৫১-৫৬) কৃষি ও সংযুক্ত ক্ষেত্রে মোট প্রকৃত বিনিয়োগের অংশ ৩১ শতাংশ থেকে ক্রমাগত কমেছে। কয়েকটি পরিকল্পনা ছাড়া একাদশ পরিকল্পনায় (২০০৭-১২) এই সরকারি বিনিয়োগ কমে হয়েছে মাত্র ১৮.৫ শতাংশ। তাই ২০১৪-১৫ সালের বাজেটে কেন্দ্রীয় সরকার ২৮ লক্ষ কোটি টাকা কৃষিতে বিনিয়োগের লক্ষ্যমাত্রা ধার্য করেছে। এই

লক্ষ্যমাত্রা ২০১৫-১৬-র বাজেটে আরও বৃদ্ধি করে মাননীয় কেন্দ্রীয় অর্থমন্ত্রী করেছেন ৮.৫ লক্ষ কোটি টাকা।

ভারতে কৃষিক্ষেত্রে যেহেতু ক্ষুদ্র ও প্রান্তিক কৃষক ও ভাড়াটিয়া কৃষকের সংখ্যা বেশি তাই এদের আয়বৃদ্ধি ও জীবনমান উন্নয়নে এবং গ্রামীণ বেকারদের কর্মসংস্থানের ব্যবস্থা করতে কৃষি ও সংযুক্ত ক্ষেত্রে এবং অন্যান্য ক্ষেত্রেও যুক্ত করতে উৎসাহিত করা বিশেষ দরকার। এই প্রসঙ্গে উল্লেখযোগ্য যে ভারতে প্রায় ৪.৮৮ কোটি ক্ষুদ্র ও মাঝারি শিল্পোদ্যোগের মধ্যে প্রায় ৪৫ শতাংশ রয়েছে গ্রামীণ এলাকায় ও শহরাঞ্চলে ৫৫ শতাংশ। দেশের আর্থিক উন্নয়নে এই ক্ষুদ্র ও মাঝারি শিল্পগুলির বিরাট ভূমিকাও লক্ষ করা যায়। এই ক্ষেত্রেই দেশের প্রায় ৮০ শতাংশ শিল্পের সংখ্যা ও ৫০ শতাংশ শিল্পোৎপাদন হচ্ছে। দেশের মোট রপ্তানিতেও এই শিল্পগুলির অংশ প্রায় ৪০ শতাংশ এবং প্রায় ৮.১ মিলিয়ন কর্মসংস্থানও ঘটেছে। ভারতে অতিক্ষুদ্র (মাইক্রো) ব্যবসার অংশই প্রায় ৯৫ শতাংশ, ক্ষুদ্র শিল্প ৪.৮ শতাংশ ও মাঝারি ব্যবসাক্ষেত্র মাত্র ০.২ শতাংশ। যদিও এইসব শিল্পের প্রায় ৯৪ শতাংশ এখনও অনথিভুক্ত (আনরেজিস্টার্ড) তবুও ভারতের জিডিপি-তে (মোট অভ্যন্তরীণ উৎপাদন) এদের অংশ বাড়ছে বাৎসরিক ১২ শতাংশ হারে—যা দেশের মোট জিডিপি-র (৬.৯ শতাংশ) থেকেও বেশি। উল্লেখ্য যে, অর্থনীতির আয়তন এখন থেকে বাজারদরের ভিত্তিতে মাপা হচ্ছে—আগের উৎপাদন খরচের ভিত্তিতে নয়। বিগত ২০০৪-০৫ সালের বদলে এখন থেকে ২০১১-১২-কে ভিত্তি-বছর ধরে মাপা হচ্ছে আর্থিক বৃদ্ধির হার। নতুন পদ্ধতিতে আগে যেসব ক্ষেত্রগুলি হিসেবের মধ্যে আসত না, এখন সেই ক্ষেত্রগুলিও হিসাবের মধ্যে আসবে। ফলে দেশের মোট অভ্যন্তরীণ উৎপাদনের পরিমাণও বাড়বে। দেশে চালু ক্ষুদ্র ও মাঝারি ব্যবসার সংখ্যা ২০০৬-০৭ সালের প্রায় ৩৬২ লক্ষের থেকে বেড়ে ২০১২-১৩ সালে হয়েছে প্রায় ৪৬৮ লক্ষ এবং কর্মসংস্থানও ৮০৫ লক্ষ থেকে বেড়ে এই সময়ে হয়েছে ১০৬৩ লক্ষ। এইক্ষেত্রে বিনিয়োগ সম্পদের পরিমাণও ৮,৬৮,৫৪৪ কোটি টাকা থেকে বেড়ে এই সময়ে হয়েছে প্রায় ১২,৬৯,৩৩৮ কোটি টাকা। এই ব্যবসাগুলির উদ্যোগীদের শিক্ষা, দক্ষতা, প্রযুক্তির ঘাটতি, পরিকাঠামোর সমস্যা ও সর্বোপরি আর্থিক সহায়তার অভাবের কারণে গ্রামীণ কর্মসংস্থানে সমস্যা দেখা যাচ্ছে। এই সংস্থাগুলির মাত্র ৫.১৮ শতাংশ প্রাতিষ্ঠানিক ঋণের সুযোগ লাভ করেছে (সেপ্টেম্বর, ২০০৯)। মাত্র ২.০৫ শতাংশ অপ্রাতিষ্ঠানিক সহায়তা এবং প্রায় ৯২.৭৭ শতাংশ কোনও সহায়তা না পাওয়ায় নিজস্ব সামান্য অর্থে ধুঁকছে। মার্চ, ২০১৪-এর হিসাবে ভারতের বাণিজ্যিক ব্যাংকগুলির কাছে এই অতি-ক্ষুদ্র, ক্ষুদ্র ও মাঝারি উদ্যোগীদের (এমএসএমই) পরিশোধযোগ্য বাকি ঋণের পরিমাণ ৬,৪৪,০১২ কোটি টাকা এবং অ্যাকাউন্টের সংখ্যা ৯৫.৪৭ লক্ষ অর্থাৎ ইউনিট প্রতি গড়ে ৬.৭৫ লক্ষ টাকা। ইতিমধ্যেই এই ক্ষেত্রের গুরুত্ব বিবেচনা করে কেন্দ্রীয় সরকার আগামী পাঁচ বছরে ঋণের পরিমাণ দ্বিগুণ করতে উদ্যোগ গ্রহণ করেছে। এজন্যে ভারতের রিজার্ভ ব্যাংক ও বাণিজ্যিক ব্যাংকগুলিকে এই ক্ষেত্রের প্রসারে ও উন্নয়নে প্রতি বৎসর ২০ শতাংশ ঋণ বৃদ্ধির নির্দেশ দিয়েছে। পরিকাঠামো ও বিপণনের ব্যবস্থাও গড়ে তোলা জরুরি। এইক্ষেত্রের উৎপাদন বৃদ্ধিতে অব্যাহত ও কম ব্যয়ে বিদ্যুৎ সরবরাহ করাও বিশেষ প্রয়োজন। এদের ঋণের ২ শতাংশ থেকে ৩ শতাংশ সুদে ছাড় দেওয়াও (ইন্টারেস্ট সাবভেনশন) দরকার। এজন্যে সরকারকে উপযুক্ত ব্যবস্থা গ্রহণ করতে হবে।

ভারতে কৃষকদের মধ্যে প্রায় ৩৬ শতাংশ হল ভাড়াটিয়া কৃষক। জমির রেকর্ডে এদের আইনি অবস্থান লিখিতভাবে না থাকায় ব্যাংকগুলির পক্ষে এদের কৃষিঋণ দেওয়া সত্যিই সমস্যা। এদের অসংগঠিত ও অপ্রাতিষ্ঠানিক ঋণের উপরই নির্ভর করতে হয়। তাই এদের রেভেনিউ রেকর্ডে জমির মালিকের নামের সঙ্গে নথিভুক্তিকরণ জরুরি। এদের ভাড়াটিয়া কৃষক পাসবই প্রদানও দরকার। অনেক প্রাইভেট ব্যাংক শাখা শহরাঞ্চলে ও আধাশহরাঞ্চলে ৩ লক্ষ টাকা পর্যন্ত কৃষিঋণ প্রদান করছে। কিন্তু এই ঋণ 'সুদ ছাড়' (ইন্টারেস্ট সাবভেনশন) প্রকল্পের আওতায় যাতে আসে সে বিষয়ে ব্যবস্থা গ্রহণ করতে হবে। কৃষিকাজে ক্ষুদ্র ঋণ ২৫,০০০ টাকা পর্যন্ত প্রদানও অনেক কম দেওয়া হচ্ছে। মোট ব্যাংক ঋণে এই উদ্দশ্যে প্রদত্ত কৃষিঋণের পরিমাণ ২৫ শতাংশ থেকে কমে হয়েছে মাত্র ৬ শতাংশ। এতেও ক্ষুদ্র কৃষকরা ক্ষতিগ্রস্ত হচ্ছেন। অবশ্য কেন্দ্রীয় সরকার ২০১৪-১৫ সালের বাজেটে এইসব ভূমিহীন কৃষকদের যৌথ সংগঠনের মাধ্যমে নাবার্ড থেকে ঋণ দেওয়ার ব্যবস্থা করায় কিছুটা সুবিধা হবে। তবে গ্রামীণ এলাকায় সংগৃহীত আমানত থেকে ঋণ প্রদানের অনুপাত যে কমেছে তাও ঋণ আমানত অনুপাত থেকে বোঝা যায়।

পশ্চিমবঙ্গে তথ্যে প্রকাশ কৃষিক্ষেত্রে ২০১৪-১৫-তে (এপ্রিল-সেপ্টেম্বর) ঋণ প্রদানে সাফল্য অর্জিত হয়েছে মাত্র ২৮ শতাংশ, আগের বৎসরের (২০১৩-১৪) (২৩ শতাংশ) তুলনায় বেশি। তবে মোট অগ্রাধিকার ক্ষেত্রের ঋণে এই অংশ মাত্র ৩৫ শতাংশ, যা আগের বৎসরের তুলনায় (৩৬ শতাংশ) কিছু কম। অবশ্য ত্রিপুরা রাজ্যে ২০১৪-১৫-তে কৃষিক্ষেত্রের ঋণ মাত্র ২৯ শতাংশ, আগের বৎসরের তুলনায় (৩৮ শতাংশ) অনেকটাই কম (–৯ শতাংশ) (সূত্র : এসএলবিসি)।

বর্তমান বাজেটে (২০১৫-১৬) ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকদের স্বার্থে কেন্দ্রীয় অর্থমন্ত্রী মাননীয় অরুণ জেটলি গ্রামীণ পরিকাঠামো উন্নয়ন তহবিলে (আরআইডিএফ-নাবার্ড) ২৫,০০০ কোটি টাকা ধার্য করেছেন। এছাড়া দীর্ঘমেয়াদি গ্রামীণ ঋণ তহবিলে ১৫,০০০ কোটি টাকা স্বল্পমেয়াদি সমবায় গ্রামীণ ঋণ পুনর্বিনিয়োগ তহবিলে (শর্ট টার্ম কো-অপারেটিভ গ্রামীণ ক্রেডিট রিফাইন্যান্স) ৪৫,০০০ কোটি টাকা এবং স্বল্পমেয়াদি আরআরবি রিফাইন্যান্স (শর্ট টার্ম রিজিওনাল রুরাল ব্যাংক রিফাইন্যান্স) তহবিলে ১৫,০০০ কোটি টাকা ধার্য করেছেন। এতে আশা করা যায় কৃষিক্ষেত্রের ঋণের চাহিদা কিছুটা বেশি মেটানো সম্ভব হবে।

নাবার্ড দেশের বিভিন্ন রাজ্যের কৃষিঋণ বা শস্য ঋণের (ক্রপ লোন) যে নিহিত চাহিদা (ক্রেডিট পোটেনশিয়াল) পরিমাপ করেছেন তা হল ৫,৮৩,৮৫২.৮৫ কোটি টাকা এবং মেয়াদি কৃষিঋণে ২,০১,১৩৬.২০ টাকা। এছাড়া অতিক্ষুদ্র ও ক্ষুদ্র-মাঝারি উদ্যোগ ক্ষেত্রে (এমএসএমই) ১,৭৬,০৫০.৭৬ টাকা ও অন্যান্য অগ্রাধিকার ক্ষেত্রে ২,৬৭,৬৩০.৬৫ কোটি টাকা চাহিদার হিসাব করা হয়েছে। এতে মোট কৃষিক্ষেত্রের ঋণের প্রয়োজন প্রায় ১২,২৮,৬৭০ কোটি টাকা (আইবিএ)।

সেচের চাহিদা মেটাতে বাজেটে ক্ষুদ্র সেচ খাতে ৫৩০০ কোটি টাকা বরাদ্দ করা হয়েছে। এই টাকা প্রধানমন্ত্রী কৃষি সিঞ্চন যোজনা প্রকল্পে ব্যয় করা হবে। তবুও তথ্যে প্রকাশ কৃষিক্ষেত্রের বাজেট বরাদ্দ ক্রমশই কমছে। বিগত পাঁচ বৎসরে গবেষণা ও কৃষিক্ষেত্রে বরাদ্দ কমে প্রায় অর্ধেক হয়েছে। বিগত ২০১০-১১-তে কৃষি ও সমবায় ক্ষেত্রে বরাদ্দ ১০৪০০ টাকা ও ৫২০০ কোটি টাকা ছিল (২০১৪-১৫)। এই বাজেট বরাদ্দ ২০১৫-১৬-তে কৃষি ও সমবায় ক্ষেত্রে হয়েছে ২০১৪-১৫ সালেরই কাছাকাছি। অর্থাৎ প্রায় পাঁচ হাজার কোটি টাকা।

দেশের জনসংখ্যা বৃদ্ধির (২.২৪ শতাংশ) সঙ্গে পাল্লা দিতে কৃষি উৎপাদন বর্তমানের (২.৪২ শতাংশ) থেকে অনেকটাই বৃদ্ধি করা জরুরি। কারণ কৃষিক্ষেত্রে খাদ্যোৎপাদন খুব স্বল্প হারে বাড়ছে। বর্তমান বৎসরেও খাদ্যোৎপাদন যে বৃষ্টি কম হওয়ার কারণে কিছুটা কমবে তাও আগে থেকে বোঝা যায় (২৫৭.১ মিলিয়ন টন)। কৃষকদের প্রতি দায়বদ্ধতা স্বীকার করে মাননীয় অর্থমন্ত্রী কৃষি উৎপাদনে সবচেয়ে বেশি গুরুত্বপূর্ণ বিষয়—জল ও জৈব খামার প্রকল্পে জোর দিয়েছেন। কৃষি মন্ত্রকের জৈব খামার প্রকল্প পরম্পরাগত কৃষি বিকাশ যোজনা ও প্রধানমন্ত্রী গ্রাম সিঞ্চন যোজনা যাতে শীঘ্র চালু করা যায় সেজন্য রাজ্যগুলিকেও উদ্যোগী হতে পরামর্শ দেওয়া হয়েছে। প্রধানমন্ত্রী কৃষি সিঞ্চন যোজনায় গত বাজেটের ১,০০০ কোটি বেড়ে এই বাজেটে ৫৩০০ কোটি টাকা বরাদ্দ করা হয়েছে।

কৃষকদের উৎপাদিত পণ্য সামগ্রী বিক্রয় করে যাতে ভালো দাম পাওয়া যায় ও আয় বৃদ্ধি ঘটে সেজন্যে বাজেটে একটি ঐক্যবদ্ধ জাতীয় কৃষি বাজার গড়ে তোলার প্রস্তাবও রাখা হয়েছে। এই অর্থবর্ষে নীতি আয়োগে রাজ্যগুলির সঙ্গে আলোচনা করেই এই প্রকল্পের রূপরেখা প্রস্তুত করা হবে। কৃষি উৎপাদন বৃদ্ধিতে বাজেটে মাটির স্বাস্থ্য পরীক্ষাতেও জোর দেওয়া হয়েছে। উল্লেখ্য যে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী রাজস্থানের সুরটগড়-এ এই প্রকল্পটির জন্যে মৃত্তিকা স্বাস্থ্য কার্ড চালু হয়। এই বাজেটে দেশের প্রায় ১৫ কোটি কৃষিজমির মালিকের আগামী তিন বৎসরে মৃত্তিকা স্বাস্থ্য কার্ড দেবার প্রস্তাবও রাখা হয়েছে।

এবারের বাজেটে কৃষিক্ষেত্রের মধ্যে খাদ্যে ভরতুকির প্রস্তাব করা হয়েছে (ফুড সাবসিডি) ১,২৪,৪১৯ কোটি টাকা ও সারের জন্যে ৭২,৯৬৯ কোটি টাকা। তবে এই ভরতুকির অর্থ যাতে প্রকৃত কৃষকদের হাতে যায় এবং তাঁরা কৃষি উৎপাদন বৃদ্ধিতে উৎসাহিত হন সেদিকেও সরকারকে নজর দিতে হবে। গত বাজেটের তুলনায় প্রায় সমানই রাখা হয়েছে সারের ভরতুকি বরাদ্দ।

গ্রামীণ এলাকায় এখন প্রায় ৭০ শতাংশ মানুষের বাস। দেশের প্রায় ৫৪ শতাংশ মানুষ ২৫ অনূর্ধ্ব তরুণ-তরুণী। তাই এদের কর্মসংস্থানের ব্যবস্থা ও আয় বৃদ্ধি না করতে পারলে অর্থনৈতিক উন্নতিও রুদ্ধ হবে। এজন্যে এবারের বাজেটে গ্রামীণ বিকাশ ও মহাত্মা গান্ধী জাতীয় গ্রামীণ কর্মনিশ্চয়তা প্রকল্পে ৭৯,৫২৬ কোটি টাকা বরাদ্দ করা হয়েছে। দেশের যুব সম্প্রদায়ের কর্মসংস্থান, জীবনমান উন্নয়ন ও আয়বৃদ্ধি ঘটলে বাজারে চাহিদাও বাড়বে এবং অর্থনীতি চাঙ্গা হবে।

কৃষি ও গ্রামীণ উন্নয়নে শিক্ষাও অপরিহার্য। শিক্ষা, প্রযুক্তি, আধুনিকীকরণই কৃষি ব্যবস্থাকে উৎপাদন বৃদ্ধিতে সক্ষম করতে পারবে। তাই দেশের শিক্ষা ও মিড-ডে মিল প্রকল্পে বাজেটে ৬৮,৯৬৮ কোটি টাকা বরাদ্দ রাখা হয়েছে। স্বাস্থ্য সুরক্ষার জন্যে ৩৩,১৫২ কোটি টাকা বরাদ্দ হয়েছে। তপশিলি জাতি ও তপশিলি উপজাতি মানুষদের উন্নয়নে মাইক্রো ইউনিটস্ ডেভেলপমেন্ট রিফাইন্যান্স এজেন্সি (MUDRA বা মুদ্রা) ব্যাংক খুলতে প্রধানমন্ত্রী মুদ্রা যোজনায় ২০,০০০ কোটি টাকা বরাদ্দ করা হয়েছে। এতে গ্রামীণ মানুষেরাও লাভবান হবেন এবং দেশের উন্নয়নে শামিল হবার সুযোগ পাবেন। স্কুল শিক্ষা ও সাক্ষরতায় গত বছরের বরাদ্দ ছিল ৫১,৮২৮ কোটি টাকা। এই বাজেটে কমিয়ে ৩৯,০৩৮ কোটি টাকা করা হয়েছে। উচ্চশিক্ষায় ১৬ হাজার কোটি থেকে ১৫ হাজার কোটি, সর্বশিক্ষার অভিযানে ২৮ হাজার কোটি থেকে ২২ হাজার কোটি ও মিড-ডে-মিলে ১৩ হাজার কোটি থেকে ৯ হাজার কোটি এবং মধ্যশিক্ষায় ৮ হাজার কোটি থেকে ৬ হাজার কোটি টাকা করা হয়েছে। প্রযুক্তিগত শিক্ষায় বরাদ্দ কমেছে ৪৩৪ কোটি টাকা। দেশের বিজ্ঞান শিক্ষা ও গবেষণার ক্ষেত্রেও ব্যয় হ্রাস হয়েছে। ইন্ডিয়ান ইনস্টিটিউট অব সায়েন্স এডুকেশন অ্যান্ড রিসার্চ খাতে বরাদ্দ কমেছে ২৫ শতাংশ। আসলে কেন্দ্রীয় মোট বাজেটের মধ্যে শিক্ষায় বরাদ্দ ৬৮,৯৬৮ কোটি টাকা, মাত্র ৩.৮৮ শতাংশ। শিক্ষাক্ষেত্রে ও গবেষণায় বরাদ্দ কমলে আর্থিক অগ্রগতিও ব্যাহত হতে পারে। স্বাস্থ্য পরিষেবা খাতে এ বাজেটে বরাদ্দ ৩৩,১৫২ কোটি টাকা রাখা হয়েছে। গত আর্থিক বছরে এই বরাদ্দ ছিল ৩৫,১৬৩ কোটি টাকা। স্বাস্থ্যের বিষয়টিও দেশের উন্নয়ন ও উৎপাদন বৃদ্ধিতে জরুরি। স্বাস্থ্য বিমার বিষয়ে সরকারকে বিশেষ উদ্যোগ গ্রহণ করতে হবে। নাগরিকদের সুস্বাস্থ্য বিধানে সরকারের ভূমিকা শুধুমাত্র বিমার মধ্যে সীমাবদ্ধ নয়। বিশ্ব ব্যাংকের সমীক্ষাতেও জানা যায় যে, প্রতিবেশী চীনের তুলনায় ভারতে গড় আয়ু ২০১২-তে মাত্র ৬৬ বৎসর, চীনে ৭৫ বৎসর। ভারতে শিশুমৃত্যুর হার প্রতি হাজারে ৪১; চীনে ১১। আবার চীনে সাক্ষরতা প্রায় ১০০ শতাংশ হলেও ভারতে তা অনেক কম প্রায় ৮০ শতাংশ (২০১৫ অনুমান)। আবার দেশের জনসংখ্যার ৫৪ শতাংশের বেশি তরুণ-তরুণী হলেও তাদের জন্যে ক্রীড়া খাতে ব্যয় বিশেষ বাড়েনি। ক্রীড়া ও যুব

পরিষেবাখাতে বরাদ্দ ২০১০-১১-তে ৯৯.৯ কোটি টাকা থেকে বেড়ে ২০১৫-১৬-তে হয়েছে মাত্র ১১৯.৮ কোটি টাকা। ফলে বেজিং অলিম্পিকে (২০০৮) চীন ৫১টি সোনা পেলেও ভারতের ভাগ্যে মাত্র ১টি এবং লন্ডন অলিম্পিকে (২০১২) ভারতের কোনও সোনা আসেনি অথচ চীন ৩৮টি সোনার পদক জয় করেছে। সামাজিক উন্নয়নখাতে এই বাজেটে ব্যয়বরাদ্দ রাখা হয়েছে মোট নন্‌-প্ল্যান রেভেনিউ ব্যয়ের মাত্র ২.২ শতাংশ। দেশের সম্পদ এই ৫৪ শতাংশ তরুণ-তরুণী। এদের প্রেরণা ও উৎসাহ জোগাতে এবং সুস্থ শরীর ও সমাজ গড়তে তাই সামাজিক উন্নয়নখাতে বরাদ্দ বৃদ্ধি করা খুবই প্রয়োজন (দ্য বিজনেস লাইন—১.৩.২০১৫, পৃঃ ১১)।

দেশের প্রবীণ জনসংখ্যার (১০.৫ কোটি) মধ্যে প্রায় ১ কোটির বেশি মানুষের বয়স ৮০ বছরের ঊর্ধ্বে এবং এদের ৭০ শতাংশ গ্রামে বাস করেন ও বেশির ভাগই দারিদ্রসীমার নীচে আছেন। এদের সহায়তা দিতে ও চিকিৎসার ব্যবস্থা করতে বাজেটে প্রস্তাব রাখা হয়েছে। এতে গ্রামের দরিদ্র কৃষকরা সরকারি সহায়তা পেলে উপকৃত হবেন। জন ধন প্রকল্পে দেশের দরিদ্র তপশিলি জাতি, উপজাতি ও মহিলাদের জন্যে যথাক্রমে ৩০,৮৫১, ১৯,৯৮০ ও ৭৯,২৫৮ কোটি টাকার বরাদ্দ বাজেটে রাখা হয়েছে। দেশের প্রবীণ নাগরিকদের জন্যে প্রায় ৯,০০০ কোটি টাকার (৩,০০০ কোটি টাকা পিপিএফ ও ৬,০০০ কোটি টাকা ইপিএফ—দাবিহীন অর্থ) প্রবীণ নাগরিক কল্যাণ তহবিল গঠন করে দরিদ্রদের বিমা প্রিমিয়াম-এ ভরতুকি দেওয়ার ব্যবস্থা হবে। এর ফলে গ্রামীণ গরিব বয়স্ক মানুষদের জীবন সুরক্ষিত ও জীবনমান উন্নত করার সুযোগও হবে।

উদ্যোগীদের প্রযুক্তি জ্ঞান ও দক্ষতা বৃদ্ধির জন্যে ১০০০ কোটি টাকা 'সেতু' (সেল্‌ফ এমপ্লয়মেন্ট অ্যান্ড ট্যালেন্ট ইউটিলাইজেশন) প্রকল্পে বরাদ্দ রাখা হয়েছে। 'মেক ইন ইন্ডিয়া' সফল করতে দরকার 'স্কিল ইন্ডিয়া' গঠন করা। অথচ দেশের কর্মক্ষম মানুষের মাত্র ৫ শতাংশের কম—দক্ষতা বৃদ্ধির সুযোগ পান। তাই ন্যাশনাল স্কিল মিশন-এ এদের দক্ষতা ও উদ্যোগ বাড়াতে ৩১টি সেক্টর স্কিল কাউন্সিল দক্ষতার মান গড়ে তুলবে। এজন্যে 'দীন দয়াল উপাধ্যায় গ্রামীণ কৌশল যোজনা'-য় ১৫০০ কোটি টাকা বরাদ্দ হয়েছে। গ্রামীণ শিক্ষিত বেকারদের এতে দক্ষতা বৃদ্ধি ও কর্মসংস্থানের সুযোগ বাড়বে।

উচ্চশিক্ষায় আর্থিক অভাব কাটাতে অর্থমন্ত্রীর বাজেটে পুরোপুরি তথ্য-প্রযুক্তি সমৃদ্ধ ছাত্রদের আর্থিক সহায়তা কর্তৃপক্ষ (স্টুডেন্ট ফাইন্যানশিয়াল এইড অথরিটি) গঠন করে স্কলারশিপ ও শিক্ষাঋণ প্রদানের ('প্রধানমন্ত্রী বিদ্যালক্ষ্মী কার্যক্রম'-এর মাধ্যমে) ব্যবস্থা গ্রহণের প্রস্তাব করা হয়েছে। এতে গ্রামীণ শিক্ষিত যুবক-যুবতীরা আগ্রহ ও উৎসাহ পাবে।

দেশের কৃষি উৎপাদন বৃদ্ধি ও কৃষিক্ষেত্রে যুক্ত গ্রামীণ মানুষদের জীবনমান উন্নয়নে সংসদের যুক্ত অধিবেশনে (২৩.২.১৫) মাননীয় রাষ্ট্রপতি এবং অর্থনৈতিক সমীক্ষায় (২৭.২.১৫) ও কেন্দ্রীয় বাজেটে মাননীয় অর্থমন্ত্রী বিশেষ গুরুত্ব দিয়েছেন। কৃষি দেশের মূল ক্ষেত্র। দেশের ৭০ শতাংশ মানুষের জীবনমান উন্নত করতে, আর্থিক বিকাশ ত্বরান্বিত করতে ও তাদের ক্রয়ক্ষমতা বাড়াতে কৃষি ঋণে ও অন্যান্য উপকরণে ব্যয় যাতে কমে, সেদিকে লক্ষ রাখতে হবে। কিন্তু এই বাজেট ও রেল বাজেটে (২০১৫-১৬) কিছু শুল্ক বাড়ার ফলে এবং পেট্রল ও ডিজেল-এর দাম হঠাৎ বাড়ায় দ্রব্যমূল্য বৃদ্ধির সম্ভাবনাও সৃষ্টি হয়েছে। তাছাড়া অপ্রত্যক্ষ কর বিশেষ করে পরিষেবা করের বোঝাও সাধারণ মানুষদের কাঁধে চাপছে। এতে সাধারণের ক্রয়ক্ষমতাও কমবে। কৃষিতে প্রক্রিয়াকরণেও জোর দেওয়া দরকার। এতে কৃষকদের আয় বৃদ্ধি ও কর্মসংস্থানের সুযোগ হবে। এদিকে দৃষ্টি দিলে দেশে কৃষির অগ্রগতি ও উৎপাদন বৃদ্ধির সম্ভাবনা বাস্তবায়িত করা যাবে।❑

[লেখক আর্থ-সামাজিক বিষয়ে প্রবন্ধকার এবং গ্রামীণ ক্ষেত্রে কর্মরত।]



# কর ব্যবস্থার পর্যালোচনা

*লেখকের মতে এবারের বাজেট রাজকোষের ওপর আরও চাপ ফেলবে কারণ সরকারের আয়ের অন্যতম উৎস কর এবং সেই কর ব্যবস্থায় যে সব সামান্য পরিবর্তন ঘটানো হয়েছে তাতে রাজস্ব সংগ্রহের পরিমাণ তেমন বাড়বে না। বিস্তারিত জানাচ্ছেন* **ড. চিত্তরঞ্জন সরকার।**

বিপুল সংখ্যা গরিষ্ঠতা নিয়ে লোকসভা গঠনের পরে কেন্দ্রে মোদী সরকার এখন এক বলিষ্ঠ দল। এহেন সরকারের কাছে জনসাধারণের প্রত্যাশা অনেক—তার মধ্যে কর-ব্যবস্থায় ছাড়ের দাবি অন্যতম প্রধান বিষয়। কিন্তু এবারের বাজেট জনমানসে কোনও প্রভাব ফেলতে পারেনি। অর্থমন্ত্রী তার ২০১৫-১৬ সালের সাধারণ বাজেটে এমন কোনও দিশা দেখাননি যা থেকে করদাতারা খুশি হতে পারেন। সাধারণ করদাতা থেকে শুরু করে শিল্পপতি, কেউই এবারের বাজেটকে সেই অর্থে কোনও ভালো রেটিং দিতে রাজি নয়। বছরের এই সময়টা যেন অনেকটা উৎসবের মতো—পরপর চলতে থাকে রেল বাজেট, সংশ্লিষ্ট রাজ্য বাজেট, কেন্দ্রের সাধারণ বাজেট। আর সাধারণ মধ্যবিত্ত, চাকুরিজীবী থেকে ছোট-মাঝারি ব্যবসায়ী, শিল্পপতি, কর্পোরেট সংস্থা সকলেই গভীর উৎকণ্ঠা নিয়ে অপেক্ষা করে কী হল বাজেটে? আদতে কি কিছু ছাড় পাওয়া গেল? সব আশা-আকাঙ্ক্ষা, জল্পনার অবসান ঘটিয়ে মাননীয় অর্থমন্ত্রী অরুণ জেটলি তাঁর ২০১৫-১৬ সালের সাধারণ বাজেটে যা লোকসভায় পেশ করলেন তাতে এককথায় নিরাশ হলেন সমাজের অল্পবিস্তর প্রায় সকলেই।

ভারতীয় অর্থনীতিতে 'রাজকোষ ঘাটতি' একটি দীর্ঘকালীন সমস্যা যা বিগত বছরগুলির মতো এবারের বাজেটকেও একইভাবে প্রভাবিত করেছে। যদিও অর্থমন্ত্রী দাবি করেছেন যে রাজকোষ ঘাটতির লাগাম কড়া হাতে মোকাবিলার জন্যই তিনি ২০১৫-১৬ সালের বাজেটে করছাড়ের কোনও বিশেষ ঘোষণা করেননি। তিনি রাজকোষ ঘাটতি ৪.১ শতাংশে বেঁধে রাখার দৃঢ় পরিকল্পনা নিয়েছেন। বিভিন্ন ক্ষেত্র, যথা কৃষির জন্য সার ও কীটনাশক, খাদ্যসামগ্রী, জীবনদায়ী ঔষধ, পেট্রোল, ডিজেল, কেরোসিন, রান্নার গ্যাস, বিভিন্ন সামাজিক প্রকল্প ইত্যাদিতে ভরতুকি প্রদান ভারতীয় অর্থনীতির একটি দীর্ঘকালীন প্রয়াস। এর থেকে বেরোবার সাহস দেখাননি অতীতে কোনও সরকারই—কারণ এর বিরূপ প্রভাব পড়তে পারে ভোটব্যাংককে। যদিও একথা ঠিকই যে দারিদ্রসীমার নীচে বসবাসকারী এবং সাধারণ মধ্যবিত্তের জন্য ভরতুকি প্রদানের ব্যবস্থা না থাকলে সামাজিক বৈষম্য আরও প্রকট হবে এবং তাদের পক্ষে জীবন নির্বাহ দুর্বিসহ হবে। অর্থমন্ত্রী ভরতুকি বাবদ ব্যয় কমানোর লক্ষ্যে বাজেটে ২৬ হাজার কোটি টাকা ভরতুকি কমানোর সুপারিশ করেছেন। যদিও এটা সম্ভব হচ্ছে বিশ্ববাজারে তেলের দাম কমার জন্য।

দ্রব্যমূল্য নিয়ন্ত্রণে থাকলেও সামগ্রিকভাবে মন্দার কারণে চলতি অর্থবৎসরে রাজস্ব আদায়ে ঘাটতির আশঙ্কা রয়েছে প্রায় ৬৯ হাজার কোটি টাকা। এই ঘাটতি সামাল দেওয়ার উদ্দেশ্যে নতুন বাজেটে করছাড়কে গুরুত্ব দেওয়া হয়নি। বরং রাজস্ব আদায়ে ঘাটতি মেটাতে অতি-ধনী (যাদের বার্ষিক আয় ১ কোটি টাকার বেশি)-দের উপর অতিরিক্ত সারচার্জ বসানোর প্রস্তাব দিয়েছেন অর্থমন্ত্রী। এছাড়াও চতুর্দশ অর্থ কমিশনের সুপারিশ অনুযায়ী সরকারকে কেন্দ্রীয় করের ৪২ শতাংশ তুলে দিতে হচ্ছে রাজ্যগুলির হাতে—যা আগের তুলনায় ১০ শতাংশ বেশি। এর ফলে স্বাভাবিক-ভাবেই কেন্দ্রে রাজকোষ ঘাটতি আরও বাড়বে। এদিকে অর্থনীতিকে চাঙ্গা রাখতে এবং সামাজিক উন্নয়নকে আরও জোরদার করতে, মোদী সরকারের ভাবমূর্তিকে তুলে ধরতে পরিকল্পনাখাতে ব্যয়-বরাদ্দ আরও বাড়াতে হচ্ছে। এমতাবস্থায় করছাড় যথেচ্ছ বাড়ালে পরিস্থিতি আরও ঘোরালো হবে—রাজস্ব ঘাটতি আরও বাড়বে। তাই এই দোলাচলের মধ্যে সবদিক বিচার করে অর্থমন্ত্রী অনেকটা বাধ্য হয়েই এমন একটা বাজেট জনসমক্ষে তুলে ধরেছেন যা অনেকেরই আশাভঙ্গের কারণ।

## প্রত্যক্ষ কর

২০১৫-১৬ সালের বাজেটে আয়কর ব্যবস্থায় তেমন কোনও রদবদল করা হয়নি—কর হার ও করের বোঝা একই রাখা হয়েছে। সামান্য কয়েকটি ক্ষেত্রে কিছু সুবিধার কথা ঘোষণা করা হয়েছে— যদিও সাধারণ করদাতাদের কাছে সেগুলি বিশেষ তাৎপর্যপূর্ণ নয়। কর-ব্যবস্থা সরকারের কাছে একটি বিশেষ গুরুত্বপূর্ণ বিষয়। কর আদায় বেশি হলে সরকারের হাতে অর্থের জোগান বাড়বে, বিভিন্ন জনমুখী ও সমাজকল্যাণমূলক প্রকল্পে সরকারি সাহায্য বাড়বে এবং সাধারণ মানুষ তার সুফল ভোগ করবে। কর-ব্যবস্থার এই রসায়ন সবারই জানা। কিন্তু প্রশ্ন হচ্ছে করদাতাদের নিয়ে! করদাতারা সাধারণভাবে কর প্রদানে আগ্রহ দেখান না বা উৎসাহী হন না কারণ তাঁরা কর প্রদানের জন্য প্রত্যক্ষভাবে কোনও সুবিধা পান না। এছাড়া, যিনি কর দেন না বা সঠিক কর দেন না, তা সে যে কারণেই হোক, তিনি যে সকল সুযোগ-সুবিধা ভোগ করেন—একজন প্রকৃত করদাতাও সেই একই সুবিধা পান। ফলে,

করপ্রদানে সাধারণভাবে অনীহা দেখা যায়। তাছাড়া করের বোঝা বেশি হলে আয়-উপার্জনেও একটা বিরূপ প্রভাব পড়ে—যেহেতু আয় বেশি হলে করের বোঝা বাড়ে।

এখন দেখা যাক সত্যি কী বাড়তি সুবিধা দেওয়া হল নতুন বাজেটে। আয়করে ব্যক্তিগত করের ক্ষেত্রে করদাতাদের অবস্থা আগের মতোই রাখা হয়েছে। করযোগ্য আয় থেকে প্রাথমিক ছাড় (বেসিক একজেম্পশন্) বাবদ যে ২,৫০,০০০ টাকা, ৩,০০,০০০ টাকা ও ৫,০০,০০০ টাকা সংশ্লিষ্ট পূর্ববর্তী বৎসরে যথাক্রমে অনধিক ৬০ বৎসর বয়স্ক করদাতা, ৬০ বৎসরের বেশি কিন্তু ৮০ বৎসরের কম বয়স্ক করদাতা (প্রবীণ করদাতা) ও ৮০ বৎসরের বেশি বয়স্ক করদাতা (অতি-প্রবীণ করদাতা)-দের জন্য পাওয়া যেত তা একই রাখা হয়েছে বাজেটে। করধার্যের বিভিন্ন ধাপ এবং কর-হারগুলিও অপরিবর্তিত আছে। কেবলমাত্র অতি-ধনী করদাতাদের ক্ষেত্রে (যাদের বার্ষিক আয় ১ কোটি টাকার বেশি) সারচার্জ আগের ১০ শতাংশ থেকে বাড়িয়ে ১২ শতাংশ করা হয়েছে। অর্থমন্ত্রীর দাবি এই অতিরিক্ত ২ শতাংশ সারচার্জ থেকে রাজস্ব ঘাটতির একটা অংশ পূরণ হবে। গৃহসম্পত্তিখাতে গৃহঋণের সুদবাবদ ছাড় আগের মতো ২,০০,০০০ টাকাই রাখা হয়েছে। চাকুরিজীবী করদাতাদের জন্য পরিবহণভাতা বাবদ ছাড় আগের ৮০০ টাকা থেকে বাড়িয়ে ১,৬০০ টাকা করা হয়েছে—সামান্য হলেও এটি তাদের কাছে একটি সুখবর।

সারণি-১ থেকে দেখা যায় যে একজন সাধারণ করদাতা আয়কর আইনে প্রদত্ত সঞ্চয়ের সবগুলি প্রকল্পে পুরোমাত্রায় বিনিয়োগ করলে এবং গৃহঋণের উপর সুদ ধরে সর্বাধিক ৪,২৫,০০০ টাকা আয় থেকে ছাড় পেতে পারেন। চাকুরিজীবী করদাতারা অবশ্য পরিবহণ ভাতা বাবদ আরও ১৯,২০০ টাকা নিয়ে মোট ৪,৪৪,২০০ টাকা আয় থেকে ছাড় পেতে পারেন। যদিও নিম্নবিত্ত এমনকী মধ্যবিত্ত করদাতাদের পক্ষেও এই পরিমাণ অর্থসঞ্চয় করা সাধারণভাবে অসম্ভব।

**সারণি-১**
**আয়কর আইনে সাধারণ করদাতাদের মোট করমুক্ত আয়ের সীমা**

| | |
|---|---|
| ● ৮০সি ধারায় সঞ্চয়ে ছাড় | ১,৫০,০০০ টাকা |
| ● ৮০সিসিডি ধারায় পেনশন প্রকল্পে লগ্নিতে ছাড়# | ৫০,০০০ টাকা |
| ● ৮০ডি ধারায় স্বাস্থ্যবিমায় ছাড়## | ২৫,০০০ টাকা |
| ● গৃহঋণে সুদ বাবদ ছাড় | ২,০০,০০০ টাকা |
| ● পরিবহণ ভাতা বাবদ ছাড় | ১৯,২০০ টাকা |
| সব মিলিয়ে মোট করমুক্ত আয় | ৪,৪৪,২০০ টাকা |

# পেনশন প্রকল্পে বিনিয়োগ বাবদ ৫০,০০০ টাকার ছাড় নতুন বাজেটে ৮০সিসিডি ধারায় দেওয়ার ঘোষণা করা হয়েছে।
## বাজেটে স্বাস্থ্যবিমায় ছাড় ১৫,০০০ টাকা থেকে বাড়িয়ে ২৫,০০০ টাকা করা হয়েছে।

**উৎস** : কেন্দ্রীয় বাজেট ২০১৫-১৬ থেকে সংগৃহীত ও সংকলিত

**সারণি-২**
**অনধিক ৬০ বৎসর বয়স্ক করদাতাদের নতুন বাজেট অনুযায়ী কর সাশ্রয়**
**(টাকার অঙ্কে)**

| বার্ষিক আয় | বিগত বাজেট অনুযায়ী করযোগ্য আয় | নতুন বাজেট অনুযায়ী করযোগ্য আয় | বিগত বাজেট অনুযায়ী করদায় (শিক্ষাসেস ও প্রযোজ্য ১০% সারচার্জ-সহ) | নতুন বাজেট অনুযায়ী করদায় (শিক্ষাসেস ও প্রযোজ্য ১২% সারচার্জ-সহ) | কর সাশ্রয় (অতিরিক্ত করদায়) |
|---|---|---|---|---|---|
| (ক) | (খ = ক - ১,৬৫,০০০) | (গ = ক - ২,২৫,০০০) | (ঘ) | (ঙ) | (চ = ঘ - ঙ) |
| ৫,০০,০০০ | ৩,৩৫,০০০ | ২,৭৫,০০০ | ৮,৭৫৫ | ২,৫৭৫ | ৬,১৮০ |
| ৬,০০,০০০ | ৪,৩৫,০০০ | ৩,৭৫,০০০ | ১৯,০৫৫ | ১২,৮৭৫ | ৬,১৮০ |
| ৭,০০,০০০ | ৫,৩৫,০০০ | ৪,৭৫,০০০ | ৩২,৯৬০ | ২৩,১৭৫ | ৯,৭৮৫ |
| ৮,০০,০০০ | ৬,৩৫,০০০ | ৫,৭৫,০০০ | ৫৩,৫৬০ | ৪১,২০০ | ১২,৩৬০ |
| ৯,০০,০০০ | ৭,৩৫,০০০ | ৬,৭৫,০০০ | ৭৪,১৬০ | ৬১,৮০০ | ১২,৩৬০ |
| ১০,০০,০০০ | ৮,৩৫,০০০ | ৭,৭৫,০০০ | ৯৪,৭৬০ | ৮২,৪০০ | ১২,৩৬০ |
| ১১,০০,০০০ | ৯,৩৫,০০০ | ৮,৭৫,০০০ | ১,১৫,৩৬০ | ১,০৩,০০০ | ১২,৩৬০ |
| ১২,০০,০০০ | ১০,৩৫,০০০ | ৯,৭৫,০০০ | ১,৩৯,৫৬৫ | ১,২৩,৬০০ | ১৫,৯৬৫ |
| ১৩,০০,০০০ | ১১,৩৫,০০০ | ১০,৭৫,০০০ | ১,৭০,৪৬৫ | ১,৫১,৯২৫ | ১৮,৫৪০ |
| ১৪,০০,০০০ | ১২,৩৫,০০০ | ১১,৭৫,০০০ | ২,০১,৩৬৫ | ১,৮২,৮২৫ | ১৮,৫৪০ |
| ১,০০,০০,০০০ | ৯৮,৩৫,০০০ | ৯৭,৭৫,০০০ | ২৮,৫৮,৭৬৫ | ২৮,৪০,২২৫ | ১৮,৫৪০ |
| ১,০০,০০,০০১ | ৯৮,৩৫,০০১ | ৯৭,৭৫,০০১ | ৩১,৪৪,৪৬২ | ৩১,৮১,০৫২ | (৩৬,৪১০)* |

বিঃদ্রঃ—ধরে নেওয়া হয়েছে যে করদাতা বিগত বাজেট অনুযায়ী ৮০সি ও ৮০ডি ধারা সাপেক্ষে মোট ১,৬৫,০০০ টাকা (১,৫০,০০০ + ১৫,০০০) এবং নতুন বাজেট অনুযায়ী ৮০সি, ৮০সিসিডি ও ৮০ডি ধারা সাপেক্ষে মোট ২,২৫,০০০ টাকা (১,৫০,০০০ + ৫০,০০০ + ২৫,০০০) সঞ্চয় করেছেন।

**উৎস** : কেন্দ্রীয় বাজেট ২০১৫-১৬ থেকে সংগৃহীত ও সংকলিত

সারণি-২ থেকে দেখা যায় যে বিগত বাজেটের তুলনায় নতুন বাজেটে ৫ লক্ষ ও ৬ লক্ষ পর্যন্ত বার্ষিক আয়ের জন্য কর সাশ্রয় দাঁড়ায় ৬,১৮০ টাকা। ওই আয় ৭ লক্ষ হলে তুলনামূলকভাবে কর সাশ্রয় দাঁড়ায় ৯,৭৮৫ টাকা (যেহেতু বিগত বাজেট অনুযায়ী করযোগ্য আয় ৫ লক্ষ টাকার বেশি হয়, কিন্তু নতুন বাজেটে তা ৫ লক্ষ টাকার কম)। আবার বার্ষিক আয় ৮ লক্ষ থেকে ১১ লক্ষ টাকা হলে কর সাশ্রয় হয় ১২,৩৬০ টাকা। ১২ লক্ষ টাকা বার্ষিক আয়ের জন্য কর সাশ্রয় বেড়ে হয় ১৫,৯৬৫

টাকা (যেহেতু বিগত বাজেট অনুযায়ী করযোগ্য আয় ১০ লক্ষ টাকার বেশি হয়, কিন্তু নতুন বাজেটে তা ১০ লক্ষ টাকার কম)। বার্ষিক আয় ১৩ লক্ষ টাকা থেকে ১ কোটি টাকা পর্যন্ত হলে তুলনামূলকভাবে কর সাশ্রয় বেড়ে হয় ১৮,৫৪০ টাকা। কিন্তু বার্ষিক আয় ১ কোটি টাকার বেশি হলে সারচার্জ বিগত বাজেট অপেক্ষা নতুন বাজেটে বেশি হলেও (১০ শতাংশের জায়গায় ১২ শতাংশ) কর সাশ্রয়ের পরিবর্তে নিট কর বৃদ্ধি হয় ৩৬,৪১০ টাকা (সারণি-৩ দ্রষ্টব্য)।

## সম্পদ কর

এবারের বাজেটে একটি গুরুত্বপূর্ণ সংযোজন হল সম্পদ কর তুলে দেওয়ার সুপারিশ। প্রফেসর নিকোলাস ক্যালডরের সুপারিশক্রমে সম্পদ কর আইন, ১৯৫৭ ভারতে চালু হয়েছিল ১ এপ্রিল, ১৯৫৭ সাল থেকে। এই সম্পদ কর প্রস্তাবনার মুখ্য উদ্দেশ্য ছিল আয়ের বৈষম্য দূর করা। রাজা জে. চেল্লাইয়ার নেতৃত্বে যে কর পুনর্বিন্যাস কমিটি গঠিত হয়েছিল সেই কমিটি অবশ্য সম্পদ কর তুলে দেওয়ার পক্ষে সুপারিশ জানায়। গত অর্থবৎসর (২০১৪-১৫) পর্যন্ত ৩০ লক্ষ টাকার উপরে নিট সম্পদের জন্য কর দিতে হত ব্যক্তিগত করদাতা, হিন্দু যৌথ পরিবার এবং কর্পোরেট সংস্থাগুলিকে। এবারের বাজেটে তা তুলে দেওয়ার সুপারিশ করলেন অর্থমন্ত্রী। এ বিষয়ে অর্থমন্ত্রী বাজেট বক্তৃতায় সওয়াল করেছেন যে প্রকৃতপক্ষে সম্পদ কর আদায় অপেক্ষা এই কর আদায় বাবদ খরচ অনেক বেশি। তিনি আরও জানিয়েছেন যে, ২০১৩-১৪ অর্থবৎসরে সারা দেশে মোট সম্পদ কর আদায় হয়েছে ১০০৮ কোটি টাকা যা ওই বাবদ আদায় খরচের তুলনায় নগণ্য। অর্থমন্ত্রী অবশ্য বাজেট বক্তৃতায় এ কথাও জানিয়েছেন যে সম্পদ কর তুলে দিয়ে তিনি ধনী করদাতাদের কাছ থেকে অতিরিক্ত ২ শতাংশ সারচার্জ আদায় করার ব্যবস্থা করেছেন এবং তার মতে এই বাবদ রাজস্ব আদায় বাড়বে ৯০০০ কোটি টাকা যা রাজকোষ ঘাটতি মেটাতে সহযোগী হবে।

**সারণি-৩**

**অনধিক ৬০ বৎসর বয়স্ক করদাতাদের নতুন বাজেট অনুযায়ী বার্ষিক আয় ১ কোটি টাকার বেশি হওয়ায় কর দায় বৃদ্ধি**

(টাকার অঙ্কে)

| | বিগত বাজেট অনুযায়ী | নতুন বাজেট অনুযায়ী | কর সাশ্রয় (কর বৃদ্ধি) |
|---|---|---|---|
| ১,০০,০০,০০১ টাকায় | ২৭,৭৫,৫০০ | ২৭,৫৭,৫০০ | ১৮,০০০ |
| আয়কর সারচার্জ | ১০ শতাংশ হারে ২,৭৭,৫৫০ | ১২ শতাংশ হারে ৩,৩০,৯০০ | (৫৩,৩৫০) |
| শিক্ষাসেস | ৯১,৫৯২ | ৯২,৬৫২ | (১,০৬০) |
| নিট কর বৃদ্ধি | | | *(৩৬,৪১০) |

**উৎস** : কেন্দ্রীয় বাজেট ২০১৫-১৬ থেকে সংগৃহীত ও সংকলিত

## কোম্পানি কর

নতুন বাজেট ব্যবস্থায় দেশীয় কোম্পানির কর ৩০ শতাংশ থেকে কমিয়ে ২৫ শতাংশ করার প্রস্তাব করেছেন অর্থমন্ত্রী, এতে শিল্পমহল স্বভাবতই খুশি। যদিও এই কর হ্রাস ৪ বৎসর ধরে ধাপে ধাপে কমিয়ে ৩০ শতাংশ থেকে ২৫ শতাংশ করা হবে। এছাড়াও কোম্পানির ক্ষেত্রে সারচার্জে রদবদল করা হয়েছে। দেশীয় কোম্পানির ক্ষেত্রে করযোগ্য আয় ১ কোটি টাকার বেশি কিন্তু ১০ কোটি টাকার কম হলে সারচার্জ ৫ শতাংশ থেকে বাড়িয়ে ৭ শতাংশ করা হয়েছে। এর ফলে কার্যকরী কোম্পানি কর ৩২.৪৫ শতাংশ থেকে বেড়ে হবে ৩৩.০৬ শতাংশ শিক্ষাসেস সমেত। আবার করযোগ্য আয় ১০ কোটি টাকার বেশি হলে আগের ১০ শতাংশের পরিবর্তে সারচার্জ ১২ শতাংশ করার ঘোষণা হয়েছে বাজেটে—যার ফলে কোম্পানীর কার্যকরী কর শিক্ষাসেস সমেত দাঁড়াবে আগের ৩৩.৯৯ শতাংশের পরিপ্রেক্ষিতে ৩৪.৬১ শতাংশ। এর ফলে মিনিমাম অলটারনেটিভ ট্যাক্স (ম্যাট) এবং লভ্যাংশ প্রদান কর (ডিভিডেন্ট ডিস্ট্রিবিউশন ট্যাক্স) উভয়ের উপরেই বিরূপ প্রভাব পড়বে। বিদেশি কোম্পানির ক্ষেত্রে কর হার ও সারচার্জ দুটিই অপরিবর্তিত রাখা হয়েছে। উদ্দেশ্য বিদেশি কোম্পানিগুলিকে আরও বেশি মাত্রায় ভারতে ব্যবসা করার জন্য অনুপ্রাণিত করা। এতে ভারতীয় অর্থনীতিতে আরও বেশি বিদেশি মূলধন বিনিয়োগ হওয়ার সুযোগ ঘটবে।

## পরোক্ষ কর

অর্থমন্ত্রী লোকসভায় বাজেট বক্তৃতায় জানিয়েছেন যে বহু প্রতীক্ষিত পণ্য পরিষেবা কর (জিএসটি) আগামী অর্থবৎসর অর্থাৎ ১ এপ্রিল ২০১৬ সাল থেকে সারা দেশে চালু হবে। সেই কথা মাথায় রেখেই অর্থমন্ত্রী এবারের বাজেটে পরিষেবা করের হার ১২ শতাংশ থেকে বাড়িয়ে ১৪ শতাংশ করার প্রস্তাব করেছেন। দেশে রাজস্ব আদায়ের হার ভালো নয়—২০১৪-১৫ অর্থবৎসরে রাজস্ব কম হওয়ার আশঙ্কা রয়েছে প্রায় ৬৯ হাজার কোটি টাকা। এদিকে দেশের অর্থনৈতিক উন্নতির লক্ষ্যে এবং উৎপাদন শিল্পে গতি ফেরানোর তাগিদে নতুন সম্পদ ও পরিকাঠামো তৈরিতে ৭০ হাজার কোটি টাকা বরাদ্দ করা হয়েছে। তাছাড়াও, রাজ্যগুলিকে অতিরিক্ত ১০ শতাংশ রাজস্ব বণ্টনের ব্যবস্থা করতে হচ্ছে অর্থ কমিশনের সুপারিশক্রমে। ফলে রাজকোষে ঘাটতি অবধারিত। তাই প্রত্যক্ষ করে যেমন ছাড় হওয়া হয়নি যাতে রাজকোষ ঘাটতি কম হয়—তেমনি রাজস্ব আদায় বাড়ানোর লক্ষ্যে পরোক্ষ কর বৃদ্ধির সুপারিশও করেছেন অর্থমন্ত্রী। এর ফলে সাধারণ করদাতাদের মোবাইল বিলের খরচ, রেস্তোরাঁয় খাওয়ার খরচ, বোতলবন্দি জল ব্যবহার, বিমানযাত্রার খরচ ইত্যাদি বাবদ অতিরিক্ত টাকা গুনতে হবে। বিভিন্ন স্বাস্থ্যহানিকর পণ্য যথা সিগারেট, গুটখা, মদ ইত্যাদির ক্ষেত্রে শুল্ক বাড়ানো হয়েছে। এর ফলে রাজস্ব আদায় বাড়বে।

পণ্য ও পরিষেবা করের পরিধি বাড়ানোর কথা ঘোষণা করা হয়েছে বেশি রাজস্ব

আদায়ের লক্ষ্যে। বিনোদন পার্ক, জলসার আসর ইত্যাদির জন্যও প্রবেশ কর বেশি দিতে হবে। বিভিন্ন ছোট-মাঝারি শিল্প, দেশে তৈরি মোবাইল ফোন, প্যাকেটজাত ফল ও সবজি, এলইডি এবং এলসিডি প্যানেল, দামি চামড়ার জুতো ইত্যাদির ক্ষেত্রে উৎপাদন শুল্ক কমানো হয়েছে। এজন্য এই সকল পণ্যের দাম কমবে, চাহিদা বাড়বে এবং এর ফলে সংশ্লিষ্ট সংস্থায় কর্মসংস্থান বাড়বে, সামাজিক বৈষম্য কমবে। প্রবীণ নাগরিকদের কিছুটা হলেও সুবিধা দেওয়ার লক্ষ্যে 'বরিষ্ঠ পেনশন বিমা যোজনা'কে পরিষেবা করের আওতা থেকে মুক্ত রাখা হয়েছে। 'স্বচ্ছ ভারত' অভিযানে কিছু বিশেষ পরিষেবার ক্ষেত্রে ২ শতাংশ সেস চাপানোর সুপারিশ করা হয়েছে—এতে পরিষেবা করের কার্যকরী হার বেড়ে দাঁড়াবে ১৬ শতাংশ।

## সামাজিক সুরক্ষা

২০১৫-১৬ অর্থবৎসরের বাজেটে সামাজিক সুরক্ষায় বিশেষ গুরুত্ব দেওয়া হয়েছে। সমাজকল্যাণ ও সামাজিক সুরক্ষা, পিছিয়ে-পড়া জনগণের সামগ্রিক উন্নতি ইত্যাদির জন্য নতুন বাজেটে বেশ কয়েকটি প্রকল্প ঘোষিত হয়েছে।

(ক) **স্বাস্থ্যবিমা** : স্বাস্থ্যবিমার প্রিমিয়াম প্রদানে আগে যেখানে করদাতারা ১৫,০০০ টাকা ছাড় পেতেন তা বাড়িয়ে ২৫,০০০ করা হয়েছে এবং প্রবীণ নাগরিকদের ক্ষেত্রে এই বাবদ ছাড় ২০,০০০ টাকার পরিবর্তে বাড়িয়ে ৩০,০০০ করা হয়েছে। আবার অতি প্রবীণ নাগরিক যারা স্বাস্থ্যবিমার আওতায় নেই তাদের চিকিৎসা বাবদ খরচের জন্য বছরে ৩০,০০০ টাকা পর্যন্ত বরাদ্দ করা হয়েছে। কিছু বিশেষ রোগের ক্ষেত্রে অতি-প্রবীণ নাগরিকদের চিকিৎসা বাবদ আগে যে করছাড়ের সুবিধা ছিল তা ৬০,০০০ টাকা থেকে বাড়িয়ে ৮০,০০০ টাকা করা হয়েছে।

(খ) **পেনশন ফান্ড** : ৮০সি ধারায় ছাড় আগের ১,০০,০০০ টাকা থেকে বাড়িয়ে ১,৫০,০০০ টাকা করা হয়েছে। এছাড়াও, নতুন পেনশন প্রকল্পে (এনপিএস) বিনিয়োগ করলে বাড়তি ৫০,০০০ টাকা করছাড় মিলবে ৮০সিসিডি ধারায়।

বাজেটে 'অটল পেনশন যোজনা' নামক একটি নতুন প্রকল্প ঘোষণা করা হয়েছে যেখানে প্রদত্ত প্রিমিয়াম-এর ৫০ শতাংশ (সর্বাধিক বছরে ১০০০ টাকা) ৫ বৎসর ধরে সরকারি তহবিল থেকে দেওয়া হবে। এজন্য নতুন পেনশন হিসাবখাতা খুলতে হবে ৩১ ডিসেম্বর, ২০১৫-এর আগে।

(গ) **জন সুরক্ষা যোজনা** : নতুন বাজেটে 'প্রধানমন্ত্রী জন-ধন যোজনা'-র মতোই 'জন সুরক্ষা যোজনা' প্রকল্প চালু করার কথা ঘোষণা করা হয়েছে। এই প্রকল্পে জনসাধারণকে একই সঙ্গে দুর্ঘটনাজনিত এবং মৃত্যুজনিত ক্ষতিপূরণ বাবদ ২,০০,০০০ টাকা পর্যন্ত বিমা সুরক্ষার ব্যবস্থা করা হয়েছে যার জন্য বছরে মাত্র ১২ টাকা করে প্রিমিয়াম দিতে হবে। একই সঙ্গে 'প্রধানমন্ত্রী জীবন জ্যোতি বিমা যোজনা' নামক আরেকটি প্রকল্প ঘোষিত হয়েছে নতুন বাজেটে। এই বিমার আওতায় দেশের ১৮ থেকে ৫০ বৎসর বয়স্ক যে কোনও নাগরিক মাত্র ৩৩০ টাকা বাৎসরিক প্রিমিয়াম জমা দিয়ে বিমার সুরক্ষা পাবেন।

(ঘ) **সুকন্যা সমৃদ্ধি যোজনা** : প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর 'বেটি বাঁচাও-বেটি পড়াও' প্রচারের সাপেক্ষে 'সুকন্যা সমৃদ্ধি যোজনা' নামে একটি প্রকল্প ঘোষিত হয়েছে। এই প্রকল্পের আওতায় শিশুকন্যার শিক্ষা প্রদানকে সুনিশ্চিত করার লক্ষ্যে বিশেষ অ্যাকাউন্টে টাকা জমালে করছাড় মিলবে ৮০সি ধারার ১,৫০,০০০ টাকা ছাড়ের মধ্যে। সমাজে শিশুকন্যার শিক্ষা ও সামাজিক সুরক্ষা ব্যবস্থায় এই প্রকল্পটি বিশেষ সহযোগী হবে। সর্বাধিক দুটি কন্যাসন্তানের জন্য এই প্রকল্পে করছাড় পাওয়া যাবে।

## উপসংহার

যে কোনও সমাজ ব্যবস্থার সার্বিক উন্নতি সাধনে একটি সুনিয়ন্ত্রিত কর ব্যবস্থা একান্ত প্রয়োজনীয়। সরকারের বিবিধ কল্যাণমূলক কাজ সঠিকভাবে করার জন্য সরকারি তহবিলে অর্থের জোগান অপরিহার্য। একটি স্বচ্ছ, কার্যকরী ও সামাজিকভাবে এবং পরিকাঠামো-গতভাবে সুসামঞ্জস্য কর-ব্যবস্থা প্রকৃতভাবে এই কাজে সাহায্য করতে পারে। তাই সমাজের সামগ্রিক উন্নয়নের স্বার্থে, গরিব ও খেটে-খাওয়া জনগণের অন্ন-বাসস্থানের নিশ্চয়তা প্রদান, মহিলা ও শিশু এবং বিশেষ করে শিশুকন্যার শিক্ষা-স্বাস্থ্য-সুরক্ষা ইত্যাদিকে যথাযথভাবে সমাজের প্রতিটি প্রান্তে যাতে পৌঁছে দেওয়া সম্ভব হয় তার জন্য সকল শুভবুদ্ধিসম্পন্ন ও সচেতন নাগরিককে এগিয়ে আসতে হবে। কীভাবে দেশকে আরও সমৃদ্ধিশালী করা যায় তার জন্য সবাইকে আরও বেশি সহনশীল হতে হবে। দেশের সামগ্রিক অর্থনৈতিক উন্নতির জন্য সকলকে আরও বেশি করে সামাজিক ও অর্থনৈতিক আইন পালনে ব্রতী হতে হবে।❑

[লেখক বর্ধমান বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক।]

# ভারতীয় যুক্তরাষ্ট্রের ভিত মজবুত করবে চতুর্দশ অর্থ কমিশনের সুপারিশ

*নতুন সরকার ক্ষমতায় আসার প্রায় সঙ্গে সঙ্গেই পেশ হল চতুর্দশ অর্থ কমিশনের প্রতিবেদন। রাজ্যগুলিকে করের বর্ধিত অংশ প্রদান, রাজ্যগুলিকে আর্থিকভাবে আরও স্বনির্ভর করে তোলা, রাষ্ট্রায়ত্ত উদ্যোগগুলিকে আরও কর্মকুশল করে তোলার মতো যে একগুচ্ছ সুপারিশ এই কমিশন জানিয়েছে তা এককথায় অভিনব। রাজ্যগুলির হাতে বাড়তি আর্থিক ক্ষমতা এলে বিভিন্ন উন্নয়নমূলক প্রকল্পের জন্য তাদের আর কেন্দ্রের মুখাপেক্ষী হয়ে থাকতে হবে না। এসবই ভালো দিক। তারপরও রয়ে যায় কিছু প্রশ্ন। রাজ্যগুলিকে করের বাড়তি অংশ প্রদানের পর সীমিত আর্থিক ক্ষমতা নিয়ে কেন্দ্র আর্থ-সামাজিক ক্ষেত্রে গুরুত্বপূর্ণ প্রকল্পগুলি চালিয়ে যেতে পারবে তো? তাছাড়া রাজ্যগুলির কোষাগারে বর্ধিত পরিমাণে হস্তান্তরিত কর-রাজস্ব প্রকৃতিগত 'মুক্ত' (আনটায়েড) বা এগুলির ব্যয় কঠোর শর্তসাপেক্ষ না হওয়ায় অর্থের অপব্যবহারের সম্ভাবনা বাড়বে না তো? বিশ্লেষণ করছেন* **প্রভাকর সাহু।**

শুরুটা হয়ে গিয়েছিল ১৯৩৫ সালেই। ওই বছর প্রণীত ভারত শাসন আইনেই যুক্তরাষ্ট্রীয় শাসন কাঠামোর ভিত রচিত হয়েছিল। ওই আইনেই কেন্দ্র, রাজ্য এবং কেন্দ্র-রাজ্য উভয়ের আওতাধীন বিষয়গুলির মধ্যে একটা স্পষ্ট বিভাজন করে দেওয়া হলেও এদেশে সময়ের সঙ্গে সঙ্গে সরকারের বিভিন্ন স্তরের মধ্যে (কেন্দ্র, রাজ্য তথা পঞ্চায়েত ও নগরপালিকা) আর্থিক ক্ষমতা ও দায়িত্ব বণ্টনের এক নীতি গড়ে উঠেছে। তারপরে বিভিন্ন সময়ে সংবিধান সংশোধনের মাধ্যমে এই নীতিতে অনেক পরিবর্তন এসেছে। এছাড়া বিভিন্ন স্তরের মধ্যে আর্থিক ভারসাম্য রক্ষা করা তথা রাজ্যগুলির মধ্যে করের একই হার বজায় রেখে সমান মানের স্বাস্থ্য, শিক্ষা ইত্যাদি পরিষেবা নিশ্চিত করার মতো যুক্তরাষ্ট্রীয় দায়িত্ব পালন করার জন্যও সম্পদ বণ্টনের মাপকাঠিতেও পরিবর্তন ঘটাতে হয়েছে। সহায়সম্পদ মূলত কেন্দ্রীয় সরকারের হাতেই ন্যস্ত রয়েছে এরকম যুক্তরাষ্ট্রগুলি অধিকাংশকেই যে সমস্যার মোকাবিলা করতে হয় ভারতও তার ব্যতিক্রম নয়। এই ধরনের যুক্তরাষ্ট্রগুলির কাছে প্রধান লক্ষ্য হল সহায়সম্পদের সুষম বণ্টন এবং আর্থিক স্থিতিশীলতা বজায় রাখা। ভারতীয় যুক্তরাষ্ট্রেও সরকারের বিভিন্ন স্তরের ওপর থেকে নীচে এবং সমান্তরাল ক্ষেত্রে আর্থিক ভারসাম্যের অভাব রয়েছে। এখানে সরকারের বিভিন্ন স্তরের সহায়সম্পদ ও তাদের ব্যয়ের দায়িত্বের মধ্যে একটা গরমিল রয়েছে। উল্লম্বক্ষেত্র বা সরকারের ওপর থেকে নীচের স্তরের মধ্যে আর্থিক বৈষম্য দূর করা তথা জাতীয় ক্ষেত্রে বিভিন্ন সরকারের মধ্যে মৌলিক সরকারি পরিষেবাগুলি প্রদানের ক্ষেত্রে আঞ্চলিক বৈষম্য দূর করার জন্য কেন্দ্রীয় অর্থ কমিশন, যোজনা কমিশনের এবং বিভিন্ন কেন্দ্রীয় মন্ত্রকের মাধ্যমে সহায়সম্পদ হস্তান্তর করা হয়। তা সত্ত্বেও সমস্যা দূর হয় না। পূর্ববর্তী অর্থ কমিশনগুলির মতো চতুর্দশ অর্থ কমিশনও সরকারের বিভিন্ন স্তরের মধ্যে সুষম আর্থিক ক্ষমতা বণ্টনের লক্ষ্য পূরণ করতে চেয়েছে। এদেশকে প্রকৃত অর্থেই এক সহযোগিতামূলক এবং প্রতিযোগিতামুখী যুক্তরাষ্ট্রে পরিণত করাই ছিল এই কমিশনের লক্ষ্য।

বিগত বছরগুলিতে কেন্দ্রের কাছ থেকে রাজ্যের কোষাগারে অর্থ হস্তান্তরের নীতি বদলেছে। অর্থ কমিশনের মাধ্যমে বিধিবদ্ধ হস্তান্তরের পরিমাণ কিছুটা কমেছে এবং যোজনা অনুদানের পরিমাণ বেড়েছে। অথচ যোজনা অনুদান সম্পূর্ণভাবেই ঐচ্ছিক। তাছাড়া ২০১৩-১৪ সাল পর্যন্ত রাজ্য বাজেটকে এড়িয়ে কেন্দ্রীয় অনুদানপুষ্ট প্রকল্পগুলির (সিএসএস) মাধ্যমে হস্তান্তরের পরিমাণ বেড়েছে। কিন্তু এই বিষয়টিকে নিজস্ব আর্থ-সামাজিক ক্ষেত্রে রাজ্যগুলির সিদ্ধান্ত গ্রহণের ওপর কেন্দ্রের হস্তক্ষেপ বলেই ধরে নেওয়া হচ্ছে। এর পাশাপাশি কেন্দ্রীয় অনুদানপুষ্ট প্রকল্পগুলির পরিসর সম্প্রসারিত করার জন্য রাজ্য তালিকা ও যুগ্ম তালিকাতে কেন্দ্রের হস্তক্ষেপ নিয়ে রাজ্যগুলি বারবার অভিযোগ জানাচ্ছে। সহায়সম্পদ হস্তান্তরের একাধিক মাধ্যম, অর্থ কমিশনের মাধ্যমে হস্তান্তরের সীমিত সুযোগ, পদ্ধতিগত খামতি, কোনওরকমে জোড়াতালি দেওয়ার মনোভাব এবং একাধিক লক্ষ্য—কেন্দ্র ও রাজ্যের আর্থিক সম্পর্কের মধ্যে নিহিত এই জটিলতাগুলিই বৈষম্য দূরীকরণের মূল লক্ষ্য পূরণের পথে বাধা হয়ে দাঁড়িয়েছে।

বহুবিধ আর্থিক, অর্থনৈতিক এবং সামাজিক দায়িত্ব পালনের উদ্দেশ্য নিয়ে কাজ শুরু করেছিল চতুর্দশ অর্থ কমিশন। কেন্দ্র ও রাজ্য স্তরে করের অনুপাত বৃদ্ধির বিভিন্ন ব্যবস্থার আর্থিক স্বশাসনের লক্ষ্যে বিভিন্ন কর্মপন্থা গ্রহণ, রাষ্ট্রায়ত্ত উদ্যোগগুলিকে আরও কর্মকুশল করে

তোলার ব্যবস্থা গ্রহণ, রাজ্যগুলির মধ্যে সরকারি ব্যয়ের মধ্যে ক্রমবর্ধমান বৈষম্য দূর করার ব্যবস্থা তথা পরিবেশ রক্ষা ও জলবায়ু পরিবর্তনের মতো বিপদের মোকাবিলায় উপযুক্ত ব্যবস্থা গ্রহণের পরামর্শদানের দায়িত্ব ছিল এই কমিশনের ওপর। সেইসঙ্গে, পণ্য ও পরিষেবা করের (জিএসটি) প্রভাব মূল্যায়ন তথা রাজ্যগুলির জন্য একটি ক্ষতিপূরণ ব্যবস্থার পরিকল্পনা এবং আর্থিক সুস্থিতির লক্ষ্যে সরকারি পরিষেবা ও রাষ্ট্রায়ত্ত উদ্যোগগুলির মূল্য নির্ধারণের দায়িত্বও এই কমিশনের ওপর বর্তে ছিল।

## কেন্দ্র ও রাজ্যের আর্থিক বিষয়

রাজ্যগুলির হাতে ওপরের স্তর থেকে আর্থিক ক্ষমতা হস্তান্তর বা উল্লম্ব স্তরের হস্তান্তর (ভার্টিকাল ডেভলিউশন) এবং বিভিন্ন রাজ্যের মধ্যে সমান্তরাল ক্ষমতাবণ্টনের রূপরেখা তৈরির দায়িত্ব ছিল এই কমিশনের ওপর। আর সেই জন্য বিচার্য বিষয়ের (টার্মস অব রেফারেন্স) শর্ত অনুযায়ী চতুর্দশ অর্থ কমিশন প্রথমে ত্রয়োদশ অর্থ কমিশনের সুপারিশ মেনে আর্থিক সংহতিসাধনের একটি পথনির্দেশিকা তৈরির লক্ষ্য নিয়ে কেন্দ্রীয় ও রাজ্য সরকারগুলির আর্থিক বিষয়সমূহ পর্যালোচনার কাজ শুরু করে। ভারতীয় অর্থনীতিতে সেইসঙ্গে বিশ্বব্যাপী মন্দার মোকাবিলার কেন্দ্রীয় উৎপাদন শুল্ক হ্রাসের দরুন কর—মোট অভ্যন্তরীণ উৎপাদন বা কর-জিডিপি অনুপাত ২০০৭-০৮ সালের ১১.৯ শতাংশ থেকে কমে ২০১২-১৩ সালে ১০.২ শতাংশে দাঁড়ায়। পরিবর্তিত পরিস্থিতিতে এই অনুপাত বাড়ানোর যথেষ্ট সম্ভাবনা আছে বলেই মত দেয় চতুর্দশ অর্থ কমিশন। কর-জিডিপি অনুপাত হ্রাস পাওয়ার পাশাপাশি রাজ্যগুলির কাছ থেকে বকেয়া ঋণের অর্থ না পাওয়া বা রাষ্ট্রায়ত্ত উদ্যোগগুলির কাছ থেকে লভ্যাংশ বাবদ অর্থ কমে যাওয়া এবং বিলগ্নিকরণ খাতে অর্থ কম পাওয়ার দরুন সরকারের কর বহির্ভূত রাজস্ব এবং ঋণ-বহির্ভূত মূলধনি আয়ও কমেছে। সামগ্রিকভাবে বিচার করতে গেলে কেন্দ্রীয় সরকারের রাজস্বের পরিমাণ কিন্তু বাড়েনি। সবচেয়ে বড় কথা কমিশন লক্ষ করেছে যে গত দশকে বিভিন্ন করছাড় প্রকল্পে সরকারের বিপুল পরিমাণে রাজস্বের ক্ষতি হয়েছে যা কিনা হিসেব করলে প্রতি বছর জিডিপি-র প্রায় ৫ শতাংশ বা মোট কর রাজস্বের ৫০ শতাংশে দাঁড়ায়। অন্যদিকে, ২০১৩-১৪ সালে যেখানে কর রাজস্বের পরিমাণ ছিল জিডিপি-র ১০.২ শতাংশ সেখানে ওই বছর মোট ব্যয় পৌঁছে যায় জিডিপি-র ১৩.৯৪ শতাংশ। এ থেকেই কেন্দ্রীয় স্তরে আর্থিক শৃঙ্খলা ও আর্থিক ভারসাম্যের অভাবের ছবিটা স্পষ্ট হয়ে ওঠে। আবার দীর্ঘ সময় ধরে মূলধনি ব্যয়ও এড়িয়ে যাওয়া হয়েছে। যেমন ২০০১ সালে সরকারের মোট ব্যয়ের মূলধনি ব্যয়ের অনুপাত যেখানে ছিল ১৬.৭৯ শতাংশ সেখানে ২০১৩-১৪ সালে এই অনুপাত নেমে এসেছে ১২ শতাংশে। রাজ্যগুলির কাছে করের অর্থ হস্তান্তরের বিষয়টি চূড়ান্ত করার আগে কমিশনকে কেন্দ্রীয় সরকারের আর্থিক অবস্থাও খতিয়ে দেখতে হয়েছে।

সারণি-১ থেকে দেখা যাচ্ছে যে রাজ্যগুলির আর্থিক অবস্থা উন্নত হয়েছে। ২০০৪-০৫ সালের তুলনায় ২০১২-১৩ সালে রাজ্যগুলির মোট আর্থিক ঘাটতি (গ্রস ফিসক্যাল ডেফিসিট, জিএফডি) এবং রাজস্ব ঘাটতি দুই-ই কমেছে। শুধু তাই নয়, সম্প্রতি কয়েক বছরে রাজ্যগুলির রাজস্ব উদ্বৃত্ত হয়েছে। রাজ্যগুলির নিজস্ব কর রাজস্ব বৃদ্ধি পাওয়ার সঙ্গে সঙ্গে কেন্দ্রের কাছ থেকে আদায়ীকৃত করের বর্ধিত অংশ পাওয়ার দরুন মূলত রাজ্যগুলির অবস্থার এই উন্নতি। সামাজিক ও অর্থনৈতিক বিভিন্ন পরিষেবার ব্যয়বৃদ্ধির কারণে আর্থিক উন্নতির লক্ষণগুলি কিছুটা ধামাচাপা পড়লেও সুদ পরিশোধের হারে উল্লেখযোগ্য হ্রাসের (জিডিপি-র ১.২ শতাংশ) ২০১০-১১ সাল থেকে রাজস্ব ব্যয় কিছুটা করে কমেছে। এছাড়া সাম্প্রতিক বছরগুলিতে রাজ্যগুলির মূলধনি ব্যয় হয়

**সারণি-১**
**রাজ্যগুলির মোট আয় ও ব্যয়ের ধরন**

| | ২০০৪-০৫ | ২০০৭-০৮ | ২০০৯-১০ | ২০১০-১১ | ২০১১-১২ | ২০১২-১৩ | ২০১৩-১৪ (সংশোধিত হিসাব) |
|---|---|---|---|---|---|---|---|
| মোট নিজস্ব রাজস্ব আয় (কর ও কর বহির্ভূত) | ৭.০ | ৭.৩ | ৭.০ | ৭.১ | ৭.৩ | ৭.৬ | ৭.৮ |
| মোট হস্তান্তর (কর ও অনুদান) | ৪.১ | ৫.২ | ৫.১ | ৪.৯ | ৪.৯ | ৪.৮ | ৫.৪ |
| রাজস্ব ব্যয় | ১২.৪ | ১১.৬ | ১২.৩ | ১২.০ | ১১.৯ | ১২.২ | ১৩.২ |
| মূলধনি ব্যয় | ২.৩ | ২.৬ | ২.৫ | ২.২ | ২.৩ | ২.২ | ২.৬ |
| মোট ব্যয় | ১৪.৭ | ১৪.২ | ১৪.৯ | ১৪.১ | ১৪.৩ | ১৪.৪ | ১৫.৮ |
| মোট আর্থিক ঘাটতি/জিডিপি | ৩.৩ | ১.৪ | ৩.০ | ২.১ | ১.৯ | ১.৯ | ২.৫ |
| রাজস্ব ঘাটতি/জিডিপি | ১.২ | –০.৯ | ০.৬ | ০.০ | –০.৩ | –০.২ | ০.০ |
| প্রাথমিক ঘাটতি/জিডিপি | ০.৬ | –০.৬ | ১.২ | ০.৫ | ০.৪ | ০.৪ | ১.০ |
| রাজস্ব ঘাটতি/মোট আর্থিক ঘাটতি | ৩৬.৮ | –৬২.৪ | ১৯.২ | –১.৯ | –১৪.১ | –১০.৪ | –১.০ |

**সূত্র :** চতুর্দশ অর্থ কমিশনের প্রতিবেদন, ২০১৫

অপরিবর্তিত থেকেছে নয়তো কিছুটা কমেছে। চতুর্দশ অর্থ কমিশনের পর্যালোচনা অনুযায়ী রাজ্যগুলির আর্থিক অবস্থার উন্নতি ঘটলেও রাজ্য সরকারি স্তরে এখনও সমান্তরাল ক্ষেত্রে আর্থিক বৈষম্য রয়েছে।

কেন্দ্র ও রাজ্যগুলির আর্থিক অবস্থা খতিয়ে দেখে চতুর্দশ অর্থ কমিশন ২০১৫ থেকে ২০২০ সাল পর্যন্ত কালপর্বের জন্য কেন্দ্র ও রাজ্যগুলির রাজস্ব আদায় ও ব্যয়ের একটা সম্ভাব্য হিসেব তুলে ধরেছে। রাজ্যগুলি নিজেরা যখন রাজস্ব আদায় ও ব্যয়ের সম্ভাব্য হিসাব তুলে ধরে তখন খুব স্বাভাবিকভাবে আয়ের খাতটিকে কমিয়ে ও ব্যয়ের খাতটিকে বাড়িয়ে দেখানো হয়। অর্থ কমিশনের মূল্যায়ন অনুযায়ী ২০১৫-১৬ এবং ২০১৯-২০ এই কালপর্বের মধ্যে রাজ্যগুলির রাজস্ব আয়/জিডিপি অনুপাত হবে ৮.৫৮ শতাংশ এবং ব্যয়ের জন্য প্রয়োজন হবে জিডিপি-র ১১.১২ শতাংশ। অর্থাৎ এক্ষেত্রে করের অর্থ হস্তান্তরের আগে পর্যন্ত ঘাটতি থাকবে ২.৭ শতাংশ। তাই এই ২.৭ শতাংশ ঘাটতি করের অর্থ হস্তান্তর এবং রাজস্ব ঘাটতি অনুদানের মাধ্যমে পূরণের পরিকল্পনা করেছে চতুর্দশ অর্থ কমিশন। অর্থ কমিশনের হিসেব মতো কেন্দ্রীয় সরকারের মোট রাজস্ব ২০১৫-১৬ সালের জিডিপি-র ১২.২৫ শতাংশে থাকবে এবং ২০১৯-২০ সালে তা বেড়ে দাঁড়াবে জিডিপি-র ১২.৯২ শতাংশে এবং রাজ্যগুলিকে করের অর্থ হস্তান্তরের পর সরকারে নিট রাজস্ব ২০১৫-২৫ সালে জিডিপি-র ৮.২৫ শতাংশ থেকে বেড়ে ২০১৯-২০ সালে ৮.৬২ শতাংশে গিয়ে দাঁড়াবে।

চতুর্দশ অর্থ কমিশনের পর্যালোচনা অনুযায়ী কেন্দ্রের কাছ থেকে রাজ্যের কোষাগারে অর্থ হস্তান্তরের পরিমাণ লক্ষণীয়ভাবে বেড়েছে ঠিকই কিন্তু এই বৃদ্ধি ঘটেছে কেন্দ্রের ‘ঐচ্ছিক’ অংশে ‘বাধ্যতামূলক’ অংশে নয়। এতে অর্থ কমিশনের গুরুত্ব কমেছে। সারণি-২ থেকে দেখা যাবে যে অর্থ কমিশনের মাধ্যমে বিধিবদ্ধ হস্তান্তরে যে নিয়ম রয়েছে তার আওতায় অষ্টম অর্থ কমিশন জমানার ৬০ শতাংশ অর্থ হস্তান্তর করা হয়েছে। নবম অর্থ কমিশনে এই হার ৬৯ শতাংশে গিয়ে দাঁড়ালেও গত দুটি অর্থ কমিশনের জমানায় তা কিছুটা কমে যায়। কমিশনের প্রতিবেদন অনুযায়ী মূলত আদায়ীকৃত করের অর্থ প্রদানের মাধ্যমেই অর্থ কমিশন রাজ্যগুলিকে অর্থ হস্তান্তর করে। এছাড়াও কিছুটা অনুদানও দেওয়া হয়। যে সমস্ত রাজ্যের রাজস্ব ঘাটতি রয়েছে সেগুলিকে অনুদান দেওয়া হয়। বিপর্যয় মোকাবিলা এবং কিছু নির্দিষ্ট ক্ষেত্রে কিছু নির্দিষ্ট রাজ্যকে অনুদান দেওয়া হয়।

গত কয়েক দশকে কেন্দ্রের তরফে মোট হস্তান্তরে অর্থ কমিশন বহির্ভূত হস্তান্তরের অংশ বেড়েছে। যেমন ২০০৭-০৮ সালে অর্থ কমিশন বহির্ভূত অর্থ হস্তান্তরের অংশ যেখানে ছিল ৪২.৬ শতাংশ ২০১০-১১ সালে তা বেড়ে দাঁড়িয়েছে ৪৯.৩ শতাংশে। মূলত কেন্দ্রীয় অনুদানপুষ্ট বিভিন্ন প্রকল্প এবং রাজ্য পরিকল্পনায় কেন্দ্রীয় সহায়তার মাধ্যমে এই কেন্দ্রীয় হস্তান্তরের অর্থের অংশ বেড়েছে। এছাড়া যোজনা হস্তান্তরের মধ্যে গ্যাডগিল-মুখার্জি সূত্র মেনে যে সাধারণ পরিকল্পনা সহায়তা দেওয়া হয় সেখানেও কাটছাঁটের প্রবণতা লক্ষ করা যাচ্ছে। আবার অন্যদিকে কেন্দ্রীয় অনুদানপুষ্ট প্রকল্পগুলির মাধ্যমে বাড়ানো হয়েছে ঐচ্ছিক অনুদান।

## চতুর্দশ অর্থ কমিশনের সুপারিশ

করের অর্থ হস্তান্তর ও অনুদানের বিষয়ে কেন্দ্র ও রাজ্যগুলি তাদের নিজেদের মতো করে আবেদন চতুর্দশ অর্থ কমিশনের সামনে তুলে ধরেছে। রাজ্যগুলির তরফে দাবিটা ছিল মূলত ওপরের স্তর থেকে নীচের স্তরে করের অংশ ভাগ এবং সমান্তরাল ক্ষেত্রে বণ্টনের শর্ত স্থির করা নিয়ে। ওপরের স্তর থেকে নীচের স্তরে করের অংশ ভাগ বা তথাকথিত ‘ভার্টিকাল ডেভলিউশন’-এর ক্ষেত্রে বরাবরের মতো এবারও রাজ্যগুলি করের বর্ধিত অংশ, অবণ্টনযোগ্য সেস সহ বিভাজ্য তহবিলের পরিসরের সম্প্রসারণ, অধিভার (সারচার্জ) ও কর-বহির্ভূত রাজস্বের (যেমন টেলিযোগাযোগ ও কয়লা নিলাম) পাশাপাশি একটা ন্যূনতম হারে কর হস্তান্তর সুনিশ্চিতকরণও কেন্দ্রীয় অনুদানপুষ্ট প্রকল্পগুলির গুরুত্ব হ্রাসের দাবি জানিয়েছিল। যেমন, যে বিষয়টির ওপর জোর দেওয়া হয়েছিল সেটি হল অনুদান নয়, রাজগুলিকে মূলত মুক্ত হস্তান্তরের (কর হস্তান্তর) মাধ্যমে সহায়সম্পদ দিতে হবে এবং

**সারণি-২**
**মোট রাজস্ব আয়ের শতাংশের হিসাবে কেন্দ্রের তরফে রাজ্যগুলিকে অর্থ হস্তান্তর**

| কমিশন | অর্থ কমিশনের মাধ্যমে হস্তান্তর | | | অন্যান্য মাধ্যমে হস্তান্তর | | | মোট হস্তান্তর |
|---|---|---|---|---|---|---|---|
| | কেন্দ্রীয় করের অংশ | অনুদান | অর্থ কমিশনের মাধ্যমে মোট হস্তান্তর | পরিকল্পনা অনুদান | পরিকল্পনা বহির্ভূত অনুদান | অন্যান্য সূত্র মোট হস্তান্তর (৫+৬) | |
| অষ্টম অর্থ কমিশন (১৯৮৪-৮৯) | ৫৩.৪৮ | ৬.৬৫ | ৬০.১৩ | ৩৫.৮ | ৪.০৭ | ৩৯.৮৭ | ১০০ |
| নবম অর্থ কমিশন (১৯৮৯-৯৫) | ৫২.৯৮ | ৮.৪৮ | ৬১.৪৬ | ৩৫.৯১ | ২.৬৩ | ৩৮.৫৪ | ১০০ |
| দশম অর্থ কমিশন (১৯৯৫-২০০০) | ৬২.০৬ | ৬.৫৫ | ৬৮.৬১ | ২৯.৫২ | ১.৮৭ | ৩১.৩৯ | ১০০ |
| একাদশ অর্থ কমিশন (২০০০-২০০৫) | ৫৮.৩৮ | ১১.০০ | ৬৯.৩৮ | ২৮.৬৫ | ১.৯৭ | ৩০.৬২ | ১০০ |
| দ্বাদশ অর্থ কমিশন (২০০৫-১০) | ৫৬.৭৯ | ১২.১২ | ৬৮.৯১ | ২৮.৩৪ | ২.৭৫ | ৩১.০৯ | ১০০ |
| ত্রয়োদশ অর্থ কমিশন (২০১০-১৫) | ৫৭.৯৪ | ৯.৫১ | ৬৭.৪৪ | ৩১.১৪ | ১.৪২ | ৩২.৫৬ | ১০০ |

**সূত্র :** চতুর্দশ অর্থ কমিশনের প্রতিবেদন, ২০১৫

পরিকল্পনার আওতায় অর্থ হস্তান্তর হবে 'বিধিবদ্ধ', 'ঐচ্ছিক' বা ইচ্ছাধীন নয়। যেমন ২০০৯-১০ সাল থেকে ২০১৪-১৫ সাল পর্যন্ত কালপর্বে রাজ্যগুলিকে যে অর্থ হস্তান্তর করা হয়েছিল তার মধ্যে হস্তান্তরিত করের অর্থ ছিল প্রায় ৪৬.৮ শতাংশ এবং কেন্দ্রীয় অনুদান প্রকল্পগুলিসহ পরিকল্পনা বা যোজনা অনুদান ছিল প্রায় ৫৪ শতাংশ। কেন্দ্রীয় অনুদানপুষ্ট প্রকল্পগুলিতে যেভাবে রাজ্যের তরফেও মানানসই অনুদান বা 'ম্যাচিং গ্র্যান্ট' যে শর্ত জুড়ে দেওয়া হয়েছে বেশিরভাগ রাজ্যই তার বিরোধিতা করেছে। কেননা এই মানানসই অনুদান দিতে না পারার কারণে বেশ কিছু রাজ্য এই ধরনের প্রকল্পের সুযোগই নিতে পারেনি। তাছাড়া, এই ধরনের কেন্দ্রীয় অনুদানপুষ্ট প্রকল্পগুলিকে তাদের আর্থিক স্বাধীনতার ওপর হস্তক্ষেপ বলেই মনে করে রাজ্যগুলি। কারণ এগুলির রূপরেখা তৈরি বা রূপায়ণে রাজ্যগুলির ভূমিকা থাকে খুব অল্পই। আবার কখনও কখনও কোনও আর্থিক বছরের মাঝখানে এই ধরনের প্রকল্পের ঘোষণা করা হলে রাজ্যগুলির আর্থিক পরিকল্পনা ও অগ্রাধিকারগুলি বিঘ্নিত হয়। সামগ্রিকভাবে রাজ্যতালিকাভুক্ত যে সমস্ত বিষয় আদতে রাজ্যের এক্তিয়ারেই থাকা উচিত সেই সমস্ত ক্ষেত্রে কেন্দ্রের ক্রমবর্ধমান ব্যয়ের বিষয়টি অর্থ কমিশনকে খতিয়ে দেখতে হয়েছে।

তবে অর্থ কমিশনের পর্যালোচনা অনুযায়ী, রাজ্যগুলিকে মোট অর্থ হস্তান্তরের পরিমাণ মোট রাজস্ব আয়ের প্রায় ৫০ শতাংশ এবং এর পরিমাণ বাড়ানোর সুযোগ প্রায় নেই। কমিশন এও দেখেছে যে সাম্প্রতিক বছরগুলিতে সম্মিলিত হস্তান্তরের পরিমাণ (করের অর্থ, যোজনা বহির্ভূত অনুদান, কেন্দ্রীয় অনুদানপুষ্ট প্রকল্প সহ যোজনা অনুদান) মোট বিভাজ্য তহবিলের ৬০ শতাংশের বেশি। সুতরাং অর্থ হস্তান্তরের ধরনগত পরিবর্তন ছাড়া মোট হস্তান্তরের পরিমাণ কখনওই বাড়ানো সম্ভব নয়। তাই মোট হস্তান্তরের পরিমাণ না বাড়িয়ে হস্তান্তরের ধরন ও গঠনগত পরিবর্তনের ওপর জোর দেওয়া হয়েছে যাতে রাজ্যগুলি নিজেদের মতো করে উন্নয়নমূলক কাজের রূপরেখা তৈরি করে নিতে পারে। পূর্ববর্তী অর্থ কমিশনগুলির মতো চতুর্দশ অর্থ কমিশন 'সাধারণ' ও 'বিশেষ' শ্রেণিভুক্ত রাজ্যগুলির মধ্যে কোনও তফাত করেনি। বরং এই কমিশন 'বিশেষ' শ্রেণিভুক্ত রাজ্যগুলির আর্থিক অক্ষমতা এবং ব্যয়ের প্রয়োজনীয়তা ও দায়িত্বের কথা মাথায় রেখেছে এবং রাজ্যগুলি যাতে এই সহায়সম্পদের ঘাটতি পূরণ করতে পারে সেজন্য কর হস্তান্তরের ব্যবস্থা করেছে। এছাড়া বর্ধিত হারে করের অর্থ হস্তান্তর শুরু হওয়ার পরও কোনও ক্ষেত্রে রাজস্ব ঘাটতি থাকলে কমিশন রাজস্ব ঘাটতি অনুদান দেওয়ার সুপারিশ জানিয়েছে। আর্থিক সংহতিসাধন তথা আর্থিক শৃঙ্খলা ফেরানোর পথনির্দেশিকা তৈরির ক্ষেত্রে চতুর্দশ অর্থ কমিশন ২০১৬-১৭ সালে ৩ শতাংশ রাজকোষ ঘাটতির আভাস দিয়েছে। কমিশনের আভাস মতো ২০১৯-২০ সালের আগে রাজস্ব ঘাটতিও ধীরে ধীরে শূন্যে নেমে আসবে। এছাড়া সরকারি গ্যারান্টি, বাজেট বহির্ভূত ঋণ এবং আর্থিকভাবে দুর্বল রাষ্ট্রায়ত্ত উদ্যোগগুলির পুঞ্জীভূত লোকসানকে সংশ্লিষ্ট বাজেট নথির পরিপূরক অংশে মোট সম্প্রসারিত সরকারি ঋণের অংশ বলেই বিবেচনা করতে হবে।

যুক্তরাষ্ট্রীয় স্তরে আর্থিক হস্তান্তরের ক্ষেত্রে অর্থ কমিশন ও যোজনা কমিশন সমতাবিধানের লক্ষ্যপূরণকেই সবচেয়ে গুরুত্বপূর্ণ বলে মনে করে। তাই লক্ষ্যপূরণের জন্য বিভিন্ন সময়ে বিভিন্ন অর্থ কমিশন ও যোজনা কমিশন যুক্তরাষ্ট্রীয় আর্থিক হস্তান্তরের পদ্ধতিতে পরিবর্তন এনেছে। যেমন আয় ও কেন্দ্রীয় উৎপাদন শুল্ক ভাগাভাগির ক্ষেত্রে আগে জনসংখ্যার ওপর সবচেয়ে বেশি গুরুত্ব (ওয়েটেজ, ৯০ শতাংশ) দেওয়া হত। কিন্তু সপ্তম অর্থ কমিশনের পরে এই হার কমানো হয় এবং বিকল্প বিভিন্ন ব্যবস্থা যেমন 'ইনভার্স ফর্মুলা' ও 'ডিস্ট্যান্ট ফর্মুলা'র ওপর বেশি গুরুত্ব দেওয়া হয়। পূর্ববর্তী সমস্ত অর্থ কমিশনের আমলে করবণ্টনের মাপকাঠি হিসাবে জনসংখ্যা ও জনবিন্যাসের ওপর গুরুত্ব দেওয়া হত। গুরুত্ব দেওয়া হত আর্থিক ক্ষমতার ওপর যা মাথা পিছু আয় বা সর্বোচ্চ মাথাপিছু আয় সমগ্র রাজ্যের থেকে আয়ের ব্যবধান বা নৈকট্যের নিরিখে পরিমাপ করা হয়। এই মাপকাঠিতে গুরুত্ব পেত এলাকার নিরিখে ব্যয়ের অক্ষমতা, আর্থিক দক্ষতা ও শৃঙ্খলা, অনগ্রসরতা, দারিদ্র অনুপাত, রাজস্ব ঘাটতি ইত্যাদি। তবে এই সমস্ত বিষয়কে গুরুত্বের বিচারে ছাপিয়ে উঠেছে জনসংখ্যা। চতুর্দশ অর্থ কমিশন অধিকাংশ ক্ষেত্রে পূর্ববর্তী কমিশনগুলির দৃষ্টান্ত অনুসরণ করলেও পদ্ধতিগত কিছু পরিবর্তন ঘটিয়েছে। অথচ মূল গুরুত্ব দিয়েছে করের অর্থ হস্তান্তরের ওপর। ত্রয়োদশ অর্থ কমিশনের মতো এই কমিশনও বাস্তুতন্ত্র ও পরিবেশ রক্ষার লক্ষ্যকে সামনে রেখেই সুস্থায়ী অর্থনৈতিক বিকাশের পথে চলার শর্ত পালন করেছে। কেন্দ্র ও রাজ্যগুলির মতামত তথা উভয় স্তরের সরকারের ব্যয় সংক্রান্ত দায়িত্বের কথা মাথায় রেখে চতুর্দশ অর্থ কমিশন যে সুপারিশগুলি করেছে সেগুলি হল—

(১) রাজ্যগুলির আর্থিক স্বশাসন ও রাজস্ব ব্যয়ের প্রয়োজনীয়তা বিবেচনা করে মোট বিভাজ্য তহবিল থেকে ৪২ শতাংশ অর্থ রাজ্যগুলিকে করের অর্থ হস্তান্তরের মাধ্যমে প্রদানের সুপারিশ করেছে অর্থ কমিশন। প্রসঙ্গত, ত্রয়োদশ অর্থ কমিশন মোট বিভাজ্য তহবিলের ৩২ শতাংশ করের অর্থ হস্তান্তরের মাধ্যমে প্রদানের সুপারিশ করেছিল।

(২) রাজ্যগুলির দাবি জানালেও সংবিধানের নির্দেশিকা মেনে সেস ও অধিকারকে (সারচার্জ) মোট বিভাজ্য তহবিলের অন্তর্ভুক্ত করা হয়নি। কেননা নির্দিষ্ট কিছু উদ্দেশ্য নিয়েই সেস বা সারচার্জ আদায় করা হয়। প্রসঙ্গত ২০১৩-১৪ সালে কেন্দ্রের মোট কর রাজস্বের ১৩.৪৪ শতাংশ এসেছিল এই সেস এবং সারচার্জ বাবদ।

(৩) কিছু রাজ্যের তরফে দাবি মেনে করের অর্থ হস্তান্তরের ন্যূনতম সীমাও বেঁধে দেয়নি অর্থ কমিশন।

সমান্তরাল ক্ষেত্রে বিভিন্ন রাজ্যের মধ্যে কর বণ্টনের বিষয়ে চতুর্দশ অর্থ কমিশন পূর্ববর্তী অর্থ কমিশনগুলির সূত্র মেনে জনসংখ্যা, আয় অথবা আর্থিক ক্ষমতা (দূরত্বের সূত্র), এলাকা, পরিবেশ ও বাস্তুতন্ত্র

এবং প্রয়োজনমতো গুরুত্বের (ওয়েটেজ) পরিবর্তনসহ আর্থ-সামাজিক সূচকগুলির ওপর জোর দিয়েছে। দূরত্বের সূত্র, সর্বোচ্চ মাথাপিছু আয়সম্পন্ন রাজ্য থেকে সংশ্লিষ্ট রাজ্যের প্রকৃত মাথাপিছুর আয়ের ব্যবধান এবং দুর্বল আর্থিক ক্ষমতাসম্পন্নগুলিকে পরিপূরক সহায়তা প্রদানের বিষয়টিতে সর্বোচ্চ গুরুত্ব (৫০ শতাংশ) দেওয়া হয়েছে। এরপরেই গুরুত্ব পেয়েছে জনসংখ্যা। ১৯৭১ সালের জনগণনায় জনসংখ্যার বিষয়টি ১৭.৫ শতাংশ এবং ২০১১ সালের জনগণনায় জনসংখ্যার বিষয়টি পেয়েছে ১০ শতাংশ গুরুত্ব। এক রাজ্য থেকে অন্য রাজ্যে মানুষের ভিড় জমানোর ফলে ১৯৭১ সালের পর থেকে বিভিন্ন রাজ্যের জনবিন্যাসে যে পরিবর্তন এসেছে ২০১১ সালের জনসংখ্যায় গুরুত্ব বা ওয়েটেজের মান কমিয়ে সেই পরিবর্তনের ছবিই তুলে ধরা হয়েছে। রাজ্যগুলির তরফেও সেই দাবি ছিল। ত্রয়োদশ অর্থ কমিশনের নীতি অনুসরণ করে এলাকার ক্ষেত্রে গুরুত্ব বা ওয়েটেজ ১৫ শতাংশেই বেঁধে রাখা হয়েছে। তবে ছোট রাজ্যগুলির ক্ষেত্রে এই গুরুত্বের নিম্নসীমা অবশ্য ২ শতাংশ। আর সবশেষে বনসংরক্ষণে রাজ্যগুলিকে উৎসাহিত করতে এই ক্ষেত্রে ৭.৫ শতাংশ গুরুত্ব বা ওয়েটেজ দেওয়া হয়েছে। এই বনসংরক্ষণের কাজটি জাতীয় স্বার্থে গুরুত্বপূর্ণ হলেও রাজ্যগুলিকে তার জন্য অনেক অর্থনৈতিক কর্মকাণ্ড বন্ধ রাখতে হবে। 'কর বাবদ অর্থ হস্তান্তর পরবর্তী রাজস্ব ঘাটতি অনুদান' বাবদ ১১টি রাজ্যকে মোট ১,৯৪,৮২১ কোটি টাকা দেওয়ার সুপারিশ করেছে অর্থ কমিশন। রাজ্যগুলির ব্যয়ের প্রয়োজনীয়তা, কর হস্তান্তর ও রাজস্ব সংগ্রহের ক্ষমতার কথা বিবেচনা করে এই অনুদানের সিদ্ধান্ত।

বিচার্য বিষয় বা টার্মস অব রেফারেন্স অনুযায়ী কার্যকর আর্থিক বিকেন্দ্রীকরণের লক্ষ্যে স্থানীয় স্বশাসিত সংস্থাগুলির সহায়সম্পদ বাড়ানোর লক্ষ্যে বিভিন্ন ব্যবস্থার (অনুদান) সুপারিশ জানানোর পাশাপাশি রাজ্য অর্থ কমিশনকে আরও শক্তিশালী করার পরামর্শ দিয়েছে চতুর্দশ অর্থ কমিশন। এই পরিপ্রেক্ষিতে চতুর্দশ অর্থ কমিশন ৩০ লক্ষেরও বেশি নির্বাচিত প্রতিনিধিকে নিয়ে গঠিত ভারতের ২.৫ লক্ষ স্থানীয় স্বশাসিত সরকারকে ২০১৫-২০ সালের মধ্যে ২,৮৭,৪৩৬ কোটি টাকা অনুদান (পঞ্চায়েতগুলির জন্য ২,০০,২৯২ কোটি টাকা এবং পুরসভাগুলির জন্য ৮৭,১৪৩ কোটি টাকা) দেওয়ার সুপারিশ করেছে। প্রসঙ্গত, ত্রয়োদশ অর্থ কমিশন এক্ষেত্রে পঞ্চায়েত ও পুরসভাগুলিকে কর রাজস্বের বিভাজ্য তহবিলের ১.৯৩ শতাংশ অর্থাৎ ৮৭,৫১৯ কোটি টাকা দেওয়ার সুপারিশ জানিয়েছিল। ২০০১ সালের জনগণনার সংখ্যার ভিত্তিতে স্থানীয় অনুদানের অংশ হিসাব করার সিদ্ধান্ত নেওয়ার জন্য ত্রয়োদশ অর্থ কমিশনের সমালোচনা করা হয়। অন্যদিকে চতুর্দশ অর্থ কমিশন ২০১১ সালের জনগণনার জনসংখ্যার তথ্যের ওপরই ভিত্তি করেই অনুদান বিতরণের সুপারিশ করেছে। এছাড়াও অনুদান দুই রকমের হয় যথা মৌলিক অনুদান ও কর্মসূচিভিত্তিক অনুপাত। পঞ্চায়েতের এই দুই রকম অনুদানের অনুপাত হল ৯০ : ১০ এবং পুরসভাগুলির ক্ষেত্রে এই অনুপাত ৮০ : ২০। কাজের ভিত্তিতে অনুদান হস্তান্তরের ধারণাটি বেশ অভিনব। এক্ষেত্রে সঠিক হিসাবরক্ষা, পরিষেবা প্রদান, নিজস্ব রাজস্ব সংগ্রহ ইত্যাদি 'মাপকাঠির নিরিখে স্থানীয় স্বশাসিত সংস্থাগুলির কাজের মূল্যায়ন হবে অনুদান প্রদানের ক্ষেত্রে এই শর্ত স্থানীয় স্বশাসিত সরকারগুলিকে আরও দায়িত্বশীল ও দক্ষ হয়ে উঠতে সাহায্য করবে বলে আশা করা যায়।

বিপর্যয় পরবর্তী ঋণের ক্ষেত্রে রাজ্যগুলির প্রাপ্য অংশ অপরিবর্তিত রাখার পাশাপাশি চালু ব্যবস্থাপনা একইভাবে বজায় রাখার সুপারিশ জানিয়েছে চতুর্দশ অর্থ কমিশন। রাজ্যগুলিকে প্রদত্ত এই সহায়তায় পরিমাণ হবে ৫৫,০৯৭ কোটি টাকা। জাতীয় বিপর্যয় মোকাবিলা তহবিলের (ন্যাশনাল ডিজাস্টার রেসপন্স ফান্ড, এনডিআরএফ) জন্য যে সেস আদায় করা হয় তা কোনও কারণে বন্ধ করে দেওয়া হলে কেন্দ্রের বাঁধাধরা আর্থিক সাহায্যে এই তহবিল কীভাবে বজায় রাখা যায় তার জন্য বিভিন্ন ব্যবস্থারও সুপারিশ করেছে কমিশন। এছাড়া এই তহবিলে অর্থদান করলে বেসরকারি ক্ষেত্রকে করছাড়ের সুবিধা দেওয়ার প্রস্তাবও রেখেছে কমিশন। এছাড়াও কর্পোরেটগুলিকে সামাজিক দায়িত্বসংক্রান্ত বিধি বলবৎ করা ও এই তহবিলকে সমৃদ্ধ করতে সরকারি প্রতিষ্ঠান ও অন্যান্যদের অবদান রাখার জন্য উৎসাহিত করার কথাও কমিশন বলেছে। রাজ্য বিপর্যয় মোকাবিলা তহবিলে (স্টেট ডিজাস্টার রেসপন্স ফান্ড) রাজ্যগুলিকে ১০ শতাংশ অবদান রাখতে বলা হয়েছে এবং বাকি ৯০ শতাংশ অর্থ দেবে কেন্দ্রীয় সরকার।

অর্থ কমিশন সহযোগিতামূলক যুক্তরাষ্ট্র পণ্য ও পরিষেবা কর, আর্থিক সংহতিসাধনের পথনির্দেশিকা, সরকারি পরিষেবা ও রাষ্ট্রায়ত্ত উদ্যোগগুলির 'মূল্য' নির্ধারণের বিষয়েও সুপারিশ জানিয়েছে। পণ্য ও পরিষেবা কর বা জিএসটি-র ক্ষেত্রে কমিশন রাজ্যগুলিকে নির্দিষ্ট হারে ক্ষতিপূরণ দেওয়ার কথা বলেনি, বরং ভ্যাট রূপায়ণের ক্ষেত্রে যেমন ক্ষতিপূরণ দেওয়া হয়েছিল ঠিক তেমনভাবেই জিএসটি রূপায়ণের ক্ষেত্রেও কেন্দ্র যাতে প্রাথমিকভাবে অতিরিক্ত আর্থিক বোঝা বহন করে সেই সুপারিশই জানিয়েছে কমিশন। সরকারি পরিষেবাগুলির মূল্য নির্ধারণের ক্ষেত্রে সংশ্লিষ্ট পরিষেবাগুলির আর্থিক অবস্থার উন্নতি ঘটাতে তথা পরিষেবাগুলিকে আরও কর্মকুশল করে তুলতে কমিশন একগুচ্ছ ব্যবস্থা নেওয়ার সুপারিশ জানিয়েছে—যেমন সমস্ত বিদ্যুৎ গ্রাহক ১০০ শতাংশ মিটার ব্যবস্থার আওতায় আনা, সম্পূর্ণভাবে মিটারের ভিত্তিতে পানীয় জল বিতরণ, একটি রেল শুল্ক কর্তৃপক্ষ গঠন এবং পরমর্শদাতা সংস্থার পরিবর্তে দ্রুত একটি বিধিবদ্ধ সংস্থা গড়ে তোলার আর্জি এবং রাজ্য সরকারগুলির তরফে প্রদত্ত ভরতুকির ধরন, মূল এবং প্রকৃত অর্থ প্রদানের চিত্রটি তুলে ধরতে রাজ্য সড়কপরিবহন উদ্যোগগুলিতে যথাযথ হিসাবরক্ষার ব্যবস্থা ইত্যাদি।

## তাৎপর্য ও উপসংহার

প্রথমত, মোট বিভাজ্য তহবিল থেকে ৩২ শতাংশে পরিবর্তে ৪২ শতাংশ অর্থ রাজ্যগুলিকে দেওয়ার যে সুপারিশ চতুর্দশ অর্থ কমিশন করেছে তা এক কথায়

ঐতিহাসিক এবং ত্রয়োদশ অর্থ কমিশনের সুপারিশের তুলনায় এই ১০ শতাংশের বৃদ্ধির সুপারিশ আশাতীত। এই বৃদ্ধির ফলে ২০১৪-১৫ সালের তুলনায় ২০১৫-১৬ আর্থিক বছরে রাজ্যগুলির কাছে হস্তান্তরের পরিমাণ ৪৫ শতাংশেরও বেশি বাড়বে। বিভাজ্য তহবিল (ডিভাইসিবল পুল) থেকে রাজ্যগুলির কাছে হস্তান্তরের পরিমাণ যদি মোটমুটি ৬০ শতাংশ হয় তবে তার মধ্যে ৪২ শতাংশই করের অংশ বাবদ মোট হস্তান্তরিত অর্থের প্রায় ৭০ শতাংশ জুড়ে থাকবে। অর্থাৎ কিনা তখন করের অংশ বাবদ অর্থের হস্তান্তরই হবে রাজগুলির কাছে অর্থ হস্তান্তরের প্রধান উপায়। এই পদক্ষেপ গ্রহণ করে চতুর্দশ অর্থ কমিশন একইসঙ্গে অনেক লক্ষ্যপূরণের পথে হেঁটেছে। এই ব্যবস্থার ফলে কেন্দ্রের আর্থিক ক্ষমতা সীমিত হয়ে পড়বে। এই সীমিত আর্থিক ক্ষমতা নিয়ে রাজ্য তালিকা ভুক্ত বিষয়গুলিতে আর্থিক সহায়তা প্রসারিত করতে পারবে না কেন্দ্র। তবে এর ফলে অবশ্যই যোজনার অর্থ হস্তান্তর, বিশেষত শর্তাধীন কেন্দ্রীয় অনুদানপুষ্ট প্রকল্পের মাধ্যমে রাজ্যের এক্তিয়ারভুক্ত বিষয়ে কেন্দ্রীয় হস্তক্ষেপের প্রবণতা কমবে। করের বর্ধিত অংশ হস্তান্তরের মাধ্যমে অর্থপ্রদান প্রকৃতিগতভাবে 'আনটায়েড' হওয়ায় অর্থাৎ এর ব্যয়ের ব্যাপারে কঠোর শর্ত না থাকায় রাজ্যগুলি নিজেদের অগ্রাধিকার ও প্রয়োজন অনুযায়ী উন্নয়নমূলক প্রকল্প ও কর্মসূচিগুলির রূপরেখা তৈরি করতে পারবে। স্থানীয় স্বশাসিত সরকারগুলিকে অনুদান, রাজস্ব ঘাটতি রয়েছে এমন ১১টি রাজ্যের জন্য অনুদান এবং কয়লার নিলামের অর্থের অংশ প্রদান—এই সব মিলে রাজ্যগুলির কোষাগারে অর্থ হস্তান্তরের পরিমাণ একলাফে অনেকটাই বাড়ছে। এর ফলে উন্নয়নমূলক বিভিন্ন প্রকল্পের জন্য রাজ্যগুলিকে কেন্দ্রীয় সাহায্যের মুখাপেক্ষী হয়ে থাকতে হবে না। এছাড়া এর আগে কেন্দ্র থেকে রাজ্য স্তরে, রাজ্য থেকে স্থানীয় স্বশাসিত সরকার স্তরে অর্থ হস্তান্তরের ক্ষেত্রে যে বিপুল শর্ত বা উৎসাহ প্রদান ব্যবস্থা ছিল অর্থ কমিশন সেগুলির প্রয়োজনীয়তা কমিয়ে দিয়েছে। রাজ্যগুলিকে এবার নিজেদের বলে বলীয়ান হয়ে কাজ করতে হবে। অর্থ কমিশনের অন্য সুপারিশগুলিও যথেষ্ট যুক্তিযুক্ত এবং সেগুলি ভারতীয় যুক্তরাষ্ট্রের আর্থিক কাঠামোকে আরও দৃঢ় ও স্থিতিশীল করবে বলে আশা করা যায়। তবে সবাই এই বিষয়টির সঙ্গে একমত নয়। প্যানেলের সদস্য অধ্যাপক অভিজিৎ সেন স্পষ্টই জানিয়ে দিয়েছেন যে কর অর্থ হস্তান্তরের অংশ ৪২ শতাংশে নিয়ে গেলে যোজনার মাধ্যমে হস্তান্তর ব্যাহত হবে। কেন্দ্রীয় অনুদানপুষ্ট নির্দিষ্ট আর্থ-সামাজিক প্রকল্পগুলির অনেকগুলিতে বরাদ্দ কমে যাবে বা সেগুলি বন্ধ হয়ে যাবে। ইতিমধ্যেই ২০১৫-১৬ আর্থিক বছরের বাজেটে ৬৬টি কেন্দ্রীয় অনুদানপুষ্ট প্রকল্পের মধ্যে ৮টিতে কেন্দ্রীয় বরাদ্দ সম্পূর্ণ বন্ধ করে দেওয়া হয়েছে। আরও ২৪টি প্রকল্পে কেন্দ্রীয় বরাদ্দ কমেছে এবং সেগুলিতে রাজ্যের তরফে বরাদ্দ বাড়াতে বলা হয়েছে। আর মাত্র ৩৪টি প্রকল্প এবার থেকে কেন্দ্রীয় সরকারের কাছ থেকে পুরো বরাদ্দ পাবে। এই ধরনের প্রকল্পগুলিতে কেন্দ্র অর্থ না দিলে সংশ্লিষ্ট রাজ্যগুলি এখন থেকেই সেই ঘাটতি পূরণ করবে কিনা তাও পরিষ্কার নয়। সেক্ষেত্রে এই প্রকল্পগুলির উপকারভোগীরা যাতে ক্ষতিগ্রস্ত না হন তা দেখতে হবে। এই ধরনের প্রকল্পের মধ্যে অনগ্রসর এলাকা অনুদান তহবিলও রয়েছে। মূলত দরিদ্র রাজ্যগুলির জন্যই এই প্রকল্প। যোজনা হস্তান্তরে কাঁটছাটের দরুন এই ধরনের প্রকল্পগুলিও মার যাবে। এই ধরনের প্রকল্পগুলির বেশ কয়েকটির রূপায়ণকারী সংস্থা হিসাবে কাজ করছে পঞ্চায়েতিরাজ মন্ত্রক। সুতরাং এই মন্ত্রকের জন্যও বরাদ্দও এক লাফে কমবে। ২০১৫-১৬ আর্থিক বছরের বাজেটে ঠিক এই ঘটনাই ঘটেছে। এই বাজেটে এই মন্ত্রকের জন্য পূর্ববর্তী বাজেটগুলির তুলনায় যৎসামান্যই বরাদ্দ করা হয়েছে।

সবচেয়ে বড় কথা, যোজনা কমিশনের মতো প্রতিষ্ঠানের তত্ত্বাবধান না থাকলে রাজ্যগুলি কীভাবে অর্থ ব্যবহার করবে তা নিয়ে আশঙ্কা রয়ে যায়। রাজ্য ভেদে প্রশাসনের মান ও দক্ষতার মধ্যে ফারাক রয়েছে। একদিকে বিপুল অঙ্কের মুক্ত তহবিল (আনটায়েড ফান্ড) অন্যদিকে উন্নয়নমূলক যোজনা প্রকল্পগুলিতে শর্তাধীন (টায়েড) বরাদ্দ হ্রাসের ফলে অর্থের নয়ছয় হতে পারে। তবে যে সমস্ত রাজ্যে উন্নত প্রশাসনিক ব্যবস্থা রয়েছে এবং সেইসঙ্গে রয়েছে এগিয়ে যাওয়ার সুষ্ঠু পরিকল্পনা তারা অবশ্যই এই বর্ধিত সহায়সম্পদ কাজে লাগিয়ে সমৃদ্ধ হয়ে উঠবে।

সামগ্রিকভাবে বিবেচনা করতে গেলে রাজ্যগুলি যাতে যথেষ্ট আর্থিক স্বাধীনতাসহ তাদের উন্নয়নমূলক লক্ষ্যগুলির রূপরেখা তৈরি করতে পারে সেই লক্ষ্যেই সুপারিশ জানিয়েছে চতুর্দশ অর্থ কমিশন। রাজ্যগুলির হাতে বর্ধিত সহায়সম্পদ এলে তারা রাজ্যবাসীর কাছে আরও সুদক্ষভাবে বিভিন্ন সরকারি পরিষেবা পৌঁছে দেওয়ার ক্ষেত্রে দায়বদ্ধও হবে এবং এতে ভারতে এক প্রতিযোগিতামুখী যুক্তরাষ্ট্র গড়ে ওঠার পথ প্রশস্ত হবে। বিভিন্ন রাজ্যের তাৎপর্যপূর্ণ ক্ষেত্রগুলিতে অনুদানের প্রয়োজনীয়তা চিহ্নিত করতে অর্থ কমিশন 'বিভিন্ন গুরুত্বপূর্ণ লক্ষ্যপূরণ, সহযোগিতামূলক যুক্তরাষ্ট্রকে মজবুত করার পক্ষে সংগতিপূর্ণ নতুন প্রাতিষ্ঠানিক ব্যবস্থা' গড়ার সপক্ষে যে রায় দিয়েছে তাও প্রশংসনীয়।

নরেন্দ্র মোদীর নেতৃত্বে নতুন সরকার যখন রাজ্যগুলিকে আরও বেশি আর্থিক স্বশাসন দেওয়ার নীতি গ্রহণ করেছে ঠিক তখনই চতুর্দশ অর্থ কমিশনের সুপারিশগুলি এসেছে। মোদী সরকার ক্ষমতায় এসে প্রথমেই যোজনা কমিশনের বিলোপ ঘটিয়েছে। এই কমিশন মূলত বিভিন্ন উন্নয়নমূলক প্রকল্পের দিক নির্দেশিকা তৈরি করত যার ফলে 'ঐচ্ছিক' হস্তান্তরের পরিমাণ বাড়ছিল। যোজনা কমিশনের বিলোপের পর নিজস্ব সহায়সম্পদের বলে বলীয়ান হয়ে ঘুরে দাঁড়ানোর পক্ষে রাজ্যগুলির কাছে এটাই আদর্শ সময়। ❑

[লেখক দিল্লির ইনস্টিটিউট অব ইকোনমিক্স গ্রোথ (IEG)-এ সহযোগী অধ্যাপক।
email : pravakarfirst@gmail.com]

# জাতীয় কর্মমুখী দক্ষতা উন্নয়ন কর্মসূচি : ভবিষ্যতের পথ

*কর্মসংস্থান বৃদ্ধি ও কর্মনিশ্চয়তা সংক্রান্ত একাধিক প্রকল্প অতীতে চালু করা হয়েছে, বর্তমানে চালু রয়েছে এবং ভবিষ্যতে চালু করার প্রস্তাব দেওয়া হয়েছে বা হতে পারে—এ সব ক'টিরই মূল উদ্দেশ্য আসলে দারিদ্র দূরীকরণ। কিন্তু কর্মোপযোগিতার মানোন্নয়ন ছাড়া এই অভিপ্রায় পুরোপুরি সফল হবে কীভাবে? এক্ষেত্রে জাতীয় কর্মমুখী দক্ষতা উন্নয়ন প্রকল্পের ভূমিকার দিকে আলোকপাত করছেন* **স্বদেশ সিংহ।**

মোট জনসংখ্যার ৫৪ শতাংশেরও বেশি মানুষের বয়স যেখানে ২৫ বছরের কম। সেই ভারতবর্ষ হল বিশ্বের অন্যতম তরুণ রাষ্ট্র একবিংশ শতাব্দীর কাজের জন্য আমাদের তরুণদের একই সঙ্গে শিক্ষিত ও কর্মে নিয়োগের উপযুক্ত হতে হবে। প্রধানমন্ত্রী বুঝিয়ে বলেছেন কিভাবে স্কিল ইন্ডিয়াকে মেক ইন ইন্ডিয়া-র সঙ্গে নিবিড়ভাবে সমন্বয় ঘটাতে হবে। এসত্ত্বেও আজ আমাদের সম্ভাব্য কর্মীবলের ৫ শতাংশেরও কম সংখ্যকই নিয়োগের উপযুক্ত এবং কাজে টিকে থাকার মত আনুষ্ঠানিক স্কিল বা বিশেষ দক্ষতার প্রশিক্ষণ পায়।" (অরুণ জেটলি বাজেট বক্তৃতা, ২৮ ফেব্রুয়ারি, ২০১৫)

অর্থমন্ত্রী অরুণ জেটলি তাঁর বাজেট বক্তৃতায় জানিয়েছেন যে স্কিল ইন্ডিয়া কর্মসূচি তখনই সফল হবে যদি একে মেক ইন ইন্ডিয়া-র সঙ্গে সমন্বয়ের মাধ্যমে রূপায়িত করা হয়। তিনি গ্রামাঞ্চলের জন্য একটি কর্মসূচিও ঘোষণা করেছেন। শ্রীজেটলি বলেছেন "গ্রামাঞ্চলের জনসংখ্যা এখনও দেশের মোট লোকসংখ্যার ৭০ শতাংশের কাছাকাছি হওয়ায় গ্রামের যুবশক্তির নিয়োগ সংক্রান্ত যোগ্যতা বাড়ানোটা দেশের জনসংখ্যামূলক লভ্যাংশ কাজে লাগানোর চাবিকাঠি। এটা মনে রেখে আমরা দীনদয়াল উপাধ্যায় গ্রামীণ কৌশল যোজনা চালু করলাম। এই কর্মসূচির জন্য ১৫০০ কোটি টাকা বরাদ্দ হল। এই কর্মসূচির অর্থপ্রদান ডিজিট্যাল ভাউচার-এর মাধ্যমে সরাসরি যোগ্য ছাত্রের ব্যাংক অ্যাকাউন্টে করা হবে।"

অর্থমন্ত্রীর বাজেট ভাষণ থেকে একথা স্পষ্ট যে ভারত সরকার এখন দেশের বিকাশের এক গুরুত্বপূর্ণ সূত্র হিসেবে স্কিল উন্নয়নকে দেখছে। অর্থমন্ত্রী যেখানে 'মেক ইন ইন্ডিয়া'র সঙ্গে সমন্বয় চেয়েছেন, ভারত সরকারের অন্য চারটি ধ্বজাধারী কর্মসূচি, ডিজিট্যাল ইন্ডিয়া, স্মার্ট সিটি, ক্লিন ইন্ডিয়া ও ক্লিন গঙ্গা-র জন্যও লক্ষ লক্ষ দক্ষ হাতের প্রয়োজন।

বাজেটে একথা স্বীকার করা হয়েছে যে স্কিল বা কর্মমুখী দক্ষতার ব্যবস্থাকারীরা সবসময় প্রশিক্ষণ-প্রাপ্ত তরুণদের কাজের সুযোগ করে দিতে পারেন না আর ওদের শিল্পোদ্যোগী হতেও কিছুটা অভিপ্রায় আর চেষ্টার প্রয়োজন। এই জন্যই মাইক্রো ইউনিট ডেভেলপমেন্ট রিফাইন্যান্স এজেন্সি (মুদ্রা) ব্যাংক গড়ে তোলার কথা বলা হয়েছে। এই ব্যাংকের তহবিল হবে ২০,০০০ কোটি টাকা আর এর ৩০০০ কোটি টাকার ঋণ নিশ্চয়তা তহবিলকে এক প্রগতিশীল পদক্ষেপ বলে ধরে নেওয়া হচ্ছে। মুদ্রা ব্যাংক, এরপর প্রধানমন্ত্রী মুদ্রা যোজনা কর্মসূচির মাধ্যমে অণু-আর্থিক প্রতিষ্ঠানগুলিকে অর্থ জোগাবে। দু বছরে মোট দেশজ উৎপাদন বা জিডিপি-র ৩ শতাংশ হারে রাজকোষ সংহতি অর্জন সম্ভব কেবল তখনই যখন দক্ষ মানুষ আরও বেশি কাজের আর স্বনির্ভরতার সুযোগ পাবে। উদ্ভাবনী ক্ষমতা ও উদ্যোগ সংক্রান্ত ক্ষমতা বাড়াতে গ্রামীণ যুবকের জন্য উপযুক্ত বাজারের সুযোগটা করে দেওয়াও একই রকম জরুরি।

বাজেট শিক্ষা ও স্কিল উন্নয়নকে আলাদা করে দেখেনি। প্রতিটি বাচ্চার বাসস্থানের ৫ কিলোমিটারের মধ্যে যাতে একটি উচ্চমাধ্যমিক পর্যায়ের স্কুল অন্তত থাকে সেজন্য বাজেটে ৮০,০০০ মাধ্যমিক বিদ্যালয়কে উচ্চতর পর্যায়ে এবং আরও ৭৫,০০০ নিম্ন/মধ্য শ্রেণির বিদ্যালয়কে পরবর্তী পর্যায়ে উন্নীত করার কথা ঘোষণা করা হয়েছে।

শেষ পর্যন্ত সব শিক্ষা আর বিশেষ দক্ষতা অর্জন, সবই কিন্তু কর্মসংস্থানের লক্ষ্যে। তাই অর্থমন্ত্রী কী পরিমাণ অর্থ বরাদ্দ করেছেন সেটা বড় কথা নয়। আসল কথা হল এই বিশেষ দক্ষতা অর্জন আর এর শিক্ষাটা যে কর্মসংস্থানের দিকে এগিয়ে নিয়ে যাবে, সেটার স্বীকৃতি। প্রয়োজনটা কাজ করার আর সেটাই সম্পন্ন করার চেষ্টা হয়েছে ভিন্নভাবে। এন এস ডি সি-র অধ্যক্ষ দিলীপ শেনয় এক পত্রিকাকে দেওয়া সাক্ষাৎকারে বলেছেন "স্কিল বা কর্মমুখী দক্ষতার বিকাশে চার ধরনের কজের জন্য আর্থিক সহায়তা প্রয়োজন। প্রথমত, সমাজের ওই অংশের জন্য যাদের এই সব কর্মমুখী দক্ষতার প্রশিক্ষণ নেওয়ার জন্য অর্থের সংস্থান করার ক্ষমতা নেই, তাদের জন্য অনুদান ভিত্তিক প্রকল্প শুরু করা ও চালিয়ে যাওয়া, দ্বিতীয়ত কর্মমুখী দক্ষতা সংক্রান্ত প্রশিক্ষণের বিভিন্ন দিক-এর অগ্রগতি ও জনপ্রিয়তার জন্য এগুলির হয়ে ওকালতি, এদের শংসায়ন ও মূল্যায়নের ব্যবস্থা, তৃতীয়ত, কর্মমুখী দক্ষতার বিভিন্ন ধরনের মডেল অব্যাহত রাখার জন্য প্রাথমিক সহায়তা দান ও চতুর্থত, শিক্ষার্থীরা যাতে

কর্মমুখীদক্ষতা অর্জনে ঋণ পায় তার জন্য তহবিল গঠন।

## ভারতে কর্মমুখী দক্ষতা বিকাশ কর্মসূচির পুনর্গঠন

ভারতে কর্মমুখী দক্ষতার বিকাশ সংক্রান্ত অভিজ্ঞতা থেকে আমরা বুঝি যে কত টাকা এই কর্মসূচিতে বরাদ্দ হল, সেটার চেয়েও বড় হল কতটা কার্যকরভাবে ওই টাকা কর্মমুখী দক্ষতার বিকাশ কর্মসূচিতে কাজে লাগানো হচ্ছে। এ থেকে শিক্ষা নিয়ে সরকার, এই সংক্রান্ত সব প্রয়াসের সমন্বয়ের জন্য কর্মসূচি দক্ষতা বিকাশ ও উদ্যোগী সৃষ্টি মন্ত্রক চালু করেছে যা এক সুখকর প্রচেষ্টা।

এ সম্পর্কে ক্যাবিনেট সচিবালয়ের বিজ্ঞপ্তিতে বলা হয়েছে যে কর্মমুখী দক্ষতার বিকাশ ও উদ্যোগী সৃষ্টি মন্ত্রককে কর্মমুখী দক্ষতার জন্য প্রশিক্ষণ দানের উপযুক্ত কাঠামোর নকশা তৈরির দায়িত্ব দেওয়ার পাশাপাশি সুশিক্ষিত কর্মীবলের চাহিদা ও জোগানের মাঝের ব্যবধান কমানো, কারিগরি প্রশিক্ষণ, বৃত্তিমূলক প্রশিক্ষণ এবং কর্মমুখী নতুন নতুন দক্ষতার প্রশিক্ষণের সঙ্গে সঙ্গে চালু প্রশিক্ষণ কর্মসূচিগুলোর মূল্যায়ন ও তাদের শংসায়নের ব্যবস্থা করতেও বলা হয়েছে।

এতদিন ২০টি বিভিন্ন মন্ত্রকের আওতায় যে ৬০টি বিভিন্ন ধরনের কর্মসূচি এক্ষেত্রে চালু ছিল, তার সবকটি এখন কর্মমুখী দক্ষতা বিকাশ মন্ত্রকের আওতায় আসবে। ন্যাশন্যাল স্কিল ডেভেলপমেন্ট কর্পোরেশন ও ন্যাশন্যাল স্কিল ডেভেলপমেন্ট এজেন্সি ছিল অর্থ মন্ত্রকের অধীনে এবং কর্মসংস্থান ও প্রশিক্ষণ বিভাগ—যে দক্ষতার শিল্প প্রশিক্ষণ প্রতিষ্ঠান বা আই টি আই এবং অন্যান্য বৃত্তিমূলক প্রশিক্ষণ কর্মসূচি চালায়—তারা ছিল শ্রমমন্ত্রকের আওতায়। এখন এরাও কর্মমুখী দক্ষতা বিকাশ মন্ত্রকের আওতায় আসবে। একইভাবে মানবসম্পদ বিকাশ মন্ত্রকের কারিগরি শিক্ষা শাখা, জাতীয় গ্রামীণ জীবিকা মিশন (এন আর এল এম) ও আজীবিকা কর্মসূচি—সবই কর্মমুখী দক্ষতা বিকাশ মন্ত্রকের অঙ্গ হয়ে উঠবে, এর ফলে কোনও কাজের পুনরাবৃত্তি যাতে না ঘটে তা যেমন সুনিশ্চিত হবে, কর্মসূচিগুলোর ওপর নজরদারি ও তাদের মূল্যায়নও হবে অনেক সহজ।

## ভারতে কর্মমুখী দক্ষতা বিকাশ কর্মসূচির বর্তমান অবস্থা

ন্যাশনাল স্কিল ডেভেলপমেন্ট কর্পোরেশন ২৭টি রাজ্য আর ৫টি কেন্দ্রশাসিত অঞ্চলের ৩৫৬টি জেলায় ১,৪০৮টি কেন্দ্রের মাধ্যমে ১৫৯টি প্রশিক্ষণ প্রদান অংশীদারের সাহায্যে ৮ কোটি ২০ লক্ষ লোকের প্রশিক্ষণের ব্যবস্থা করেছে। গ্রামোন্নয়ন দফতরের আবার, দেশের ৫৫৬টি জেলার ৫৭৭টি গ্রামীণ স্ব-নিযুক্তি প্রশিক্ষণ প্রতিষ্ঠান চালু আছে। বস্ত্রমন্ত্রক পূর্ণাঙ্গ কর্মমুখী দক্ষতা বিকাশ কর্মসূচির রূপায়ণ চালিয়ে যাচ্ছে যে কর্মসূচিতে প্রশিক্ষণদানকারী সংস্থাগুলি দেশ জুড়ে প্রশিক্ষণ কেন্দ্র চালাচ্ছে। অণু, ক্ষুদ্র ও মাঝারি শিল্প উদ্যোগ মন্ত্রকের ১৮টি প্রযুক্তি প্রশিক্ষণ কেন্দ্র রয়েছে আর আরও ১৫টি নতুন কেন্দ্র খোলার কাজ চলছে। এছাড়াও সারা দেশে ১১৯৬৪টি শিল্প প্রশিক্ষণ প্রতিষ্ঠান বা আইটিআই (সরকারি ২,২৮৪ আর বেসরকারি ৯৬৮০) রয়েছে ন্যাশন্যাল কাউন্সিল ফর ভোকেশনাল ট্রেনিং-র আওতায়।

দেশের সামনে সব থেকে বড় সমস্যাগুলো হল কর্মমুখী দক্ষতার অভাব নয়। কর্মীবলকে উপযুক্ত প্রশিক্ষণ দেওয়ার সঠিক ব্যবস্থার ও শংসায়নের অপ্রতুলতা। কর্মমুখী দক্ষতা সম্পন্ন জনবল তৈরির জন্য আন্তর্জাতিক স্তরে স্বীকৃত প্রশিক্ষণ ও শংসায়ন ব্যবস্থা গড়া প্রয়োজন এবং আমাদের জনবলের প্রশিক্ষণের জন্য চাই সুসংবদ্ধ পাঠ্যসূচিও। প্রশিক্ষণ আর শংসায়নের পাশাপাশি প্রশিক্ষণপ্রাপ্তদের এই আশ্বাসও দিতে হবে যে ওরা অবশ্যই কাজ পাবে। ইউ কে-তে যদি প্রশিক্ষিত জনবল মোট কর্মমুখী জনবলের ৭০ শতাংশ হয়। জার্মানিতে তা হল ৭৫ শতাংশ, জাপান-এ ৮০ শতাংশ আর দক্ষিণ কোরিয়ায় ৯৬ শতাংশ। কিন্তু ভারতে এই হার হল স্রেফ ২ শতাংশ। কর্মমুখী দক্ষতা বিকাশ ও উদ্যোক্তা সৃষ্টি মন্ত্রী রাজীব প্রতাপ রুডি এর আগে লোকসভায় প্রশ্নোত্তর পর্বে জানিয়েছিলেন যে প্রশিক্ষণ কেন্দ্র আর প্রশিক্ষণ মডেল গড়ে তোলার পন্থাপদ্ধতি তৈরি হচ্ছে। চাহিদা ও জোগানের মধ্যেকার ফারাক বুঝে। ব্যবস্থা ইত্যাদি ও তহবিল সম্পর্কে বিবেচনার পর-ই এই পন্থাপদ্ধতি তৈরি হবে।

## মেধা বনাম কর্মমুখী দক্ষতা

ভারত এমনই এক দেশ যার জ্ঞান ও মেধা দুইই রয়েছে। আর এই দুটো নিয়েই যথেষ্ট সম্মান দেখানো হলেও কর্মমুখী দক্ষতার প্রতি তা কখনওই প্রদর্শিত হয় না। ভারতীয় শিক্ষাব্যবস্থাকে, জাতির জনক মহাত্মা গান্ধী যেমন বলেছিলেন প্রায় ১০০ বছর আগে, পাঠ্যসূচির বাইরে আনা দরকার। গান্ধীজি সবাইকে বলেছিলেন নিজের কাজ নিজে করতে আর স্বনির্ভর উপায়ে জীবিকা নির্বাহ করতে। এর জন্য প্রত্যেকেরই চাই কর্মমুখী দক্ষতা।

চীন উৎপাদন ক্ষেত্রে বিরাট দৈত্যসম কৃতিত্ব অর্জন করতে পেরেছে, মাধ্যমিক স্তরের স্কুল ছাত্রদের প্রথাবদ্ধ কর্মমুখী দক্ষতা অর্জনে প্রশিক্ষণ কর্মসূচিতে পাঠিয়ে। এর বিপরীতে ভারতের চিত্রটা এমনই যে, যে সব ছাত্র উচ্চতর শিক্ষায় যেতে পারে না তাদের জন্য সরকার পরিচালিত আই টি আই ছাড়া অন্য আর তেমন বৃত্তিমূলক শিক্ষা প্রতিষ্ঠান নেই। আবার আই টি আই-গুলোর দশাও দুর্বল পরিচালনা আর জীর্ণ পাঠ্যসূচির ফলে বিশেষ ভালো নয়। উদাহরণস্বরূপ বলা যেতে পারে গাড়ি মেরামতির জন্য আইটিআই-এর পাঠ্যসূচিতে কারবুরেটর নিয়ে অনেক কিছু আছে, যে কারবুরেটর গাড়ি থেকে প্রায় উঠেই গেছে ১৯৯০-এর দশকে।

## গুণমান বনাম পরিমাণ

যাইহোক, কর্মমুখীভাবে দক্ষ শ্রমবলের পরিমাণগত দিকটা ছাড়াও নীতি নির্ধায়কদের কর্মমুখী দক্ষতার গুণমানগত দিকেও নজর দিতে হবে। ভারতকে কর্মমুখী দক্ষতা সৃষ্টির সংখ্যাগত লক্ষ্যমাত্রাটা ছাড়িয়ে গিয়ে আইটিআই-গুলোয় গুণমানের উন্নতি ঘটানোর পাশাপাশি বেসরকারি ক্ষেত্রে শিক্ষানবিশির কর্মসূচিগুলো বাড়ানোর দিকেও জোর দিতে হবে।

দেশের যুবসমাজ যে নিজে থেকেই কর্মনিয়োগ যোগ্য তা কিন্তু নয়। কর্মমুখী দক্ষতার বিশেষ প্রয়োজন রয়েছে। ২০১২ সালে ফিকির তরফে আর্নস্ট ও ইয়ুং সংস্থায় করা সমীক্ষা থেকে জানা যায় দেশের কর্মীবলের মাত্র ২০ শতাংশ কিছু না কিছু প্রশিক্ষণ পায় আর কাজ করতে আসা-দের ৮০ শতাংশেরই ভাগ্যে তেমন কোনও প্রশিক্ষণ জোটে না। আবার প্রশিক্ষণপ্রাপ্তদের সার্টিফিকেট থাকলেও ওদের অনেকেই নিয়োগের উপযুক্ত নয়। ২০১২-তে ভারতে শূন্যপদ পূরণের সমস্যা ছিল ৪৮ শতাংশ আর তখন সারা পৃথিবীতেই হার ৩৪ শতাংশ। প্রশিক্ষণ প্রাপ্তদের মধ্যে তাৎপর্যপূর্ণভাবে অনেকের চাকরি ছিল না অথবা ছেড়ে দিচ্ছিল কম মজুরি, কাজের জায়গার শোচনীয় পরিস্থিতি, বাড়ির কাছাকাছি কাজের অভাব আর সমাজে 'নীচু ধরনের' কাজের সুযোগ বেশি থাকা ইত্যাদি কারণে।

## নতুন জাতীয় কর্মমুখী দক্ষতা বিকাশ নীতি

কেন্দ্রীয় সরকার নতুন একটি জাতীয় কর্মমুখী দক্ষতা বিকাশ নীতি তৈরির পথে। এই নতুন নীতিটি বর্তমানের দক্ষ কর্মীবলের প্রয়োজনের ৩০ কোটি-র ফারাকটা কমানোর জন্য ২০২০ সালের মধ্যে প্রতি চার জন দেশবাসীর অন্তত একজনকে কর্মমুখীভাবে দক্ষ করে তোলার লক্ষ্য নিয়েছে। উচ্চবিকাশমুখী সেরা দশটি শিল্পে যেমন—খুচরো বিপণন, গাড়ি নির্মাণ এবং তথ্যপ্রযুক্তি প্রভৃতি ২০২২ সাল নাগাদ সাড়ে ২৪ কোটি লোক লাগবে (বর্তমান কর্মীসহ), যদি ভারত গড়ে ৮ শতাংশ হারে জিডিপি-র বিকাশ অর্জন করতে পারে। উৎপাদন ক্ষেত্রের অবদানটা জিডিপি-র ২৫ শতাংশে বাড়িয়ে তোলা সম্ভব হলে অর্থনৈতিক বিকাশের মূল চালিকাশক্তিগুলো কর্মসংস্থানের সুযোগটা আরও বেশি হারে বাড়িয়ে দেবে। টিমলিজ-এর মণীশ সাবরওয়াল এক সাক্ষাৎকারে বলেছেন, "খরচ, গুণমান আর মাপকাঠি, এই ত্রিমুখী দুরূহ লক্ষ্য অর্জনের জন্য ভারতের দরকার ৩ জায়গায়, কেন্দ্র ও রাজ্যের মধ্যে, প্রদান আর অর্থদান, দুই মানব মূলধন মন্ত্রকের মধ্যে আর অন্যগুলোর যানজট ছাড়ানো।" সাবরওয়াল মনে করেন যে, যতদিন না এই জটের আইনগত আর প্রশাসনিক নির্বাহী সমাধান হচ্ছে, ভারতের জনসংখ্যাগত লভ্যাংশ ততদিন থাকবে চাপের মুখে। নতুন জাতীয় কর্মমুখী দক্ষতা বিকাশ নীতি এসে গেলে আমরা কর্মমুখী দক্ষতা বিকাশের প্রশাসনিক নির্বাহী সমাধান পেয়ে যাব বলে আশা করা যায়।

সরকার যে উচ্চাশাপূর্ণ লক্ষ্য স্থির করেছে, যদি সঠিক উদ্দেশ্য নিয়ে রূপায়িত হয় তাহলে পরিকাঠামো, স্বাস্থ্যসুরক্ষা ও প্রস্তুতিক্ষেত্রের মতো গুরুত্বপূর্ণ ক্ষেত্রগুলোর দক্ষ কর্মীবলের চাহিদা ও জোগানের মধ্যে ব্যবধান কমবে।

অ্যাসোচ্যাম জাতীয় কর্মমুখী দক্ষতা বিকাশ নীতি ২০১৫-র সফল রূপায়ণের জন্য যে সব প্রধান বিষয়ের দিকে আলোকপাত করেছে তা হল, প্রাতিষ্ঠানিক কাঠামোকে সঠিক পথে চালনা করা—বর্তমান নীতির জটিল কাঠামোগুলো বিভিন্ন ক্ষেত্র আর প্রকল্প জুড়ে রয়েছে। প্রশিক্ষিত কর্মীর অভাব—জাতীয় কর্মমুখী দক্ষতা বিকাশ নীতি ২০০৯-এ প্রায় ৩১ লক্ষ লোককে প্রশিক্ষণদানের অবকাশ ছিল (১ কোটি ২০ লক্ষ নতুন কর্মপ্রার্থীর তুলনায়) আর তার ফলে দেশের কর্মমুখী দক্ষতার বিকাশে বিরাট ব্যবধান বেড়ে যায়। অ্যাসোচ্যাম-এর সুপারিশ হল বেসরকারি ক্ষেত্রের সাহায্য নিয়ে অবিলম্বে কর্মমুখী দক্ষতা বাড়াতে ও প্রশিক্ষণ পরিকাঠামো বৃদ্ধির জন্য আশু ব্যবস্থা গ্রহণ, বৃত্তিমূলক প্রশিক্ষণ গরমিল—বর্তমান নীতিটি ঠিকা কর্মীদের বৃত্তিমূলক প্রশিক্ষণ দেওয়ার ওপর জোর দেয় না আর তার ফলে দক্ষ শ্রমিকের অভাব বাড়তে থাকে। মোট কর্মীবলের প্রায় ৯০ শতাংশ যেখানে ঠিকাকর্মী সেখানে সরকারের পক্ষে আরও নিয়মিতভাবে বৃত্তিমূলক প্রশিক্ষণদানের প্রয়োজন রয়েছে যাতে দক্ষ আর অ-দক্ষ শ্রমিকের অনুপাতটা বাড়ে। অ্যাসোচ্যাম অবশ্য নতুন নীতির সাফল্য সম্পর্কে নিশ্চিত আর তার দৃঢ় বিশ্বাস যে এর ফলে শুধু যে প্রশিক্ষিত কর্মীবল বাড়বে, তা নয়। বাড়বে উৎপাদনশীলতাও আর পরিণামে সরকারের মেক ইন ইন্ডিয়া প্রয়াসেও গতি বাড়বে।

## কর্মমুখী দক্ষতার বিকাশ, শিক্ষা ও শিল্পমহল

সারা বিশ্বে শিক্ষা ও বৃত্তিমূলক শিক্ষার শ্রেষ্ঠ পদ্ধতিগুলির আলোকে দেশে কর্মমুখী দক্ষতা বিকাশ কর্মসূচি ও শিক্ষাকে সঠিক পথে প্রবাহিত করতে হবে। সারা পৃথিবীতেই এখন বিভিন্ন দেশ শিক্ষা ও কর্মমুখী দক্ষতা বৃদ্ধির মূলগত সমন্বয়ের গুরুত্বটাকে স্বীকৃতি দিয়েছে আর এটা শিল্পমহলের চাহিদা ও অর্থনৈতিক বিকাশের ধারা অনুসারে পালটায়। কোরিয়া কর্মমুখী দক্ষতার ব্যবস্থামতে অভাবটা সেই ১৯৭০ সাল নাগাদ-ই উপলব্ধি করে ফেলে আর এরপর তারা বড় বড় সংস্থার ক্ষেত্রে কারখানার মধ্যেই প্রশিক্ষণের বাধ্যতামূলক শর্ত আরোপ করে। সেদেশে চালু কর্মগত দক্ষতা বিকাশ কর্মসূচি অনুসারে নিয়োগকর্তারা বিমা আওতায় থাকা কর্মীদের প্রশিক্ষণের ব্যবস্থা করে সরকারের দেওয়া তহবিল সহায়তা থেকে। জার্মানিতে আছে এক উপযুক্ত মানের দ্বৈত বৃত্তিমূলক শিক্ষা যেটা বিদ্যালয়ভিত্তিক আর কাজভিত্তিক শিক্ষাকে জুড়ে দিয়ে এমন ব্যবস্থা করে যে শিক্ষার্থীদের সপ্তাহে এক বা দুদিন বৃত্তিমূলক বিদ্যালয়ে আর তিন-চার দিন নিয়োগকর্তার ওখানে থাকতে হয়। শিক্ষার অগ্রগতির তত্ত্বগত আর হাতে-কলমে, দু ধরনের জ্ঞান অর্জনের ভিত্তিতেই মূল্যায়ন করা হয়। এভাবেই জার্মানি এক অনন্য শিক্ষা ব্যবস্থা গড়েছে যেখানে নিয়োগকর্তা আর বৃত্তিমূলক বিদ্যালয় দুপক্ষ মিলে একটা যৌথ শিক্ষাগত ও প্রশিক্ষণ সংক্রান্ত দায়িত্ব পালন করছে।

## প্রশিক্ষণ আর শিক্ষক

প্রতি বছর ১ কোটি ২০ লক্ষ মানুষ কর্মীবলে যুক্ত হচ্ছেন আর এই বিরাট সংখ্যক কর্মীবলকে সমর্থ অবশ্যই হতে হবে তা যে যেভাবেই হোক। কৃষি বিকাশের হারটা ৪-৫ শতাংশের মতো কিংবা তার বেশি হবে না বলে দেশের অর্থনৈতিক বিকাশের ব্যাপারটা দ্বিতীয় আর তৃতীয় পর্যায়ের শিল্পের ওপরেই মূলত নির্ভর করবে আর ওদের ক্ষেত্রে আবার দক্ষ ও যোগ্য শ্রমবলের চাহিদাটাই বেশি।

মেক ইন ইন্ডিয়া-র স্বপ্ন আর কর্মমুখী দক্ষতার বিকাশকে আগামী এক দশকের

জন্য জাতীয় অগ্রাধিকার বলে ঘোষণা করায় সরকার যখন কর্মমুখী দক্ষতাবৃদ্ধি, শিক্ষা ব্যবস্থা আর দেশের শিল্পমহলকে একসঙ্গে জুড়বে তখনই সংস্কারসাধন সম্ভব হবে, তার আগে নয়। এক্ষেত্রে শিক্ষার মান, প্রশিক্ষক, শিক্ষণ-পদ্ধতির প্রমিতকরণ এবং কার্যকর মূল্যায়নের দিকে জোর দিতে হবে।

কর্মমুখী দক্ষতা বিকাশ মিশনের জন্য খুব বিচক্ষণতার সঙ্গে প্রশিক্ষক বাছাই করতে হবে। এক্ষেত্রে বেঁধে দেওয়া মাপকাঠি অনুসারে তো বটেই আর সেই সঙ্গে শিক্ষাদানের মূল দক্ষতা আর বর্তমান প্রয়োজন অনুযায়ী কৃৎ-কৌশল সংক্রান্ত জ্ঞান কতটা আছে তার ভিত্তিতে কর্মরতদের মূল্যায়ন করতে হবে। শিল্পক্ষেত্রের দ্রুত বদলে যাওয়া চাহিদা আর প্রযুক্তির সঙ্গে তাল রেখে যেন শিক্ষার পাঠ্যসূচি তৈরি হয়। ভালো প্রশিক্ষক পাওয়া খুব কঠিন আর এই অভাবের জন্যই তাঁরা কর্মমুখী দক্ষতা সংক্রান্ত প্রশিক্ষণের বাজারে যথেষ্ট বেশি বেতন ইত্যাদি দাবি করেন। জাতীয় কর্মমুখী দক্ষতা বিকাশ নীতি-২০০৯ অনুসারে ভারতবর্ষ ২০২২ সালের মধ্যে ৫০ কোটি মানুষকে প্রশিক্ষণ দিয়ে নিজের শ্রমবলকে উন্নত ও দক্ষ করে তুলতে চায় আর শিল্পের উৎপাদনশীলতাও বাড়াতে চায়। কিন্তু গত তিন বছরে গড়ে বার্ষিক ১ কোটির বেশি লোকের প্রশিক্ষণ দেওয়া যায়নি অথচ লক্ষ্যমাত্রা ছিল চার কোটি। সচেতনতার অভাব, শিক্ষার্থী ধরে রাখা আর ভালো মানের শিক্ষায় অভাবটাই এক্ষেত্রে দায়ী।

## অংশীদারিত্ব

কর্মমুখী দক্ষতা বৃদ্ধি করতে অংশীদারিত্ব করতে হবে ব্যবসাগোষ্ঠীর সঙ্গে যারা শিক্ষার্থীদের জন্য অর্থব্যয় করে সিএসআর হিসাবে তা দেখানোর সুবিধা পাবে। কাজের মধ্য দিয়ে প্রশিক্ষণ ব্যবস্থাটা ব্যবসার উৎপাদন বৃদ্ধির ক্ষেত্রেও যে সহায়ক হয় সেটা অস্বীকার করার উপায় নেই। শিল্প-বাণিজ্য মহাসংঘ বা সিআইআই-এর মতো সংস্থা সমাজের দুর্বলতর শ্রেণির যুবকদের জন্য প্রশিক্ষণের ব্যবস্থা করে থাকে।

কর্মমুখী দক্ষতা বৃদ্ধি সংক্রান্ত মন্ত্রকের অবশ্যই প্রাক্তন প্রতিরক্ষা-কর্মীর মতো লোকদেরও কাজে লাগানো উচিত এবং তাদের অংশীদার বানানো দরকার। মন্ত্রক এর মধ্যেই প্রতিরক্ষা মন্ত্রকের সঙ্গে অংশীদারিত্ব গড়ে তুলতে চলেছে যার ফলে প্রতিরক্ষা বিভাগের অবসরপ্রাপ্ত আধিকারিকরা দেশের তরুণদের কাজ খোঁজা আর ব্যবসায় সহায়তা করবেন। দফতরের মন্ত্রী রাজীব প্রতাপ রুডি বলেছেন "প্রতিরক্ষা বাহিনীতে ১৫ লক্ষ কর্মী থাকায় আমরা বিশ্বের তৃতীয় বৃহত্তম প্রতিরক্ষা শক্তি। প্রতিবছর প্রায় ৫০ হাজার মানুষ ১০ থেকে ২০ বছর চাকরি শেষে সেনাবাহিনী থেকে অবসর গ্রহণ করেন। এরা জুনিয়র কমিশনড অফিসার বা তার নীচের পদে কর্মরত থাকেন। এইসব প্রাক্তন প্রতিরক্ষাকর্মীকে প্রশিক্ষণ দিয়ে ওদের প্রশিক্ষক হিসেবে কাজে লাগানো যেতে পারে যাতে ওরা এর পর তরুণদের কর্মমুখী দক্ষতা বাড়ানোর জন্য প্রশিক্ষণ দেন আর তাদের বিভিন্ন ধরনের চাকরি বা স্ব-নিযুক্তির জন্য উপযুক্ত মানের প্রশিক্ষণের ব্যবস্থা করা হয়।

সব মিলিয়ে, বিদ্যালয় ও বিশ্ববিদ্যালয় স্তরে বর্তমান শিক্ষাকে দেশের শিল্পক্ষেত্রের বর্তমান ও ভবিষ্যৎ চাহিদার সঙ্গে সমরৈখিক করে তুলতে হবে। শংসায়ন বা সার্টিফিকেশন এমন-ই হওয়া চাই যেন বিশ্বজুড়ে নিয়োগকর্তা আর বিশ্ববিদ্যালয়গুলো সকলেই একই চোখে দেখে আর তার ফলে সারা পৃথিবীতে কাজের অজস্র সুযোগ তৈরি হবে।

## উপসংহার

আরও ভালো অর্থনীতির জন্য তিনটি স্তম্ভ হল অর্থবহ শিক্ষা ব্যবস্থা, কর্মমুখী দক্ষতা বিকাশের বলিষ্ঠ ব্যবস্থা আর কর্মীবলকে সুপথে পরিচালিত করতে ব্যবসার সক্রিয় অংশগ্রহণ। একবার এই তিনটি রূপায়িত হলে, কর্মহীনতা, দারিদ্র, নিরক্ষরতা, কারিগরি কৃৎকৌশলের অভাব আর বিশ্ববাজারে আমাদের পণ্য/পরিষেবার অযোগ্যতা নিয়ে কোনও কথা উঠবে না।

সংশ্লিষ্ট মন্ত্রককে এই দিকে নজর দিতে হবে যাতে কাজগুলো জাতীয় কর্মমুখী দক্ষতা কাঠামো রূপায়ণে তহবিল এমনভাবে কাজে লাগায় যেন কোথাও কোনও ছিদ্রপথে কোনও পর্যায়েই অর্থ নয়-ছয় না হয়। জেলাস্তরেও যেন নিজ নিজ ক্ষেত্রে কর্মমুখী দক্ষতা বিকাশের কাজ চলে আর তারপর সমন্বয় ও উপযুক্ত তদারকিই হবে সাফল্যের মূল কথা। মেয়েদের সক্রিয় অংশগ্রহণের কথাও ভাবতে হবে। ইউএনডিপি-র প্রতিবেদন অনুযায়ী মহিলাদের অংশগ্রহণ ৭০ শতাংশ-এ এসে গেলে আমাদের অর্থনৈতিক বিকাশহার ৪.২ শতাংশ বাড়ানো যাবে।

কর্মমুখী দক্ষতা বাড়ানোর কেন্দ্রগুলো যেন অসদুপায়ে সরকারি অর্থ আত্মসাৎ-এর মাধ্যম না হয়ে ওঠে বরং ওটাই হোক সমর্থ কর্মীবলের আঁতুড়ঘর। তত্ত্বাবধায়করা কীভাবে এক্ষেত্রে ভুয়া তথ্য আর পরিসংখ্যান দিয়ে থাকে তা আমরা দেখেছি। তাই একটা স্বচ্ছ আর যোগ্য তদারকি ব্যবস্থা দরকার যেখানে ওইসব কেন্দ্র সম্পর্কে সব তথ্য, শিক্ষার্থী, প্রশিক্ষক, শিক্ষার মডুল আর শিক্ষা সমাপ্ত হওয়ার পর দেওয়া কাজ সম্পর্কে বিশদ তথ্য থাকে। প্রধান লক্ষ্য হওয়া উচিত ধারাবাহিক কাজের সুযোগ সৃষ্টি অর্থাৎ ভারতীয় শ্রমবলের নিয়োগ যোগ্যতা বাড়ানো আর দক্ষ কর্মীর অবিচ্ছিন্ন জোগান অব্যাহত রাখা। তাই নিরন্তর কর্মমুখী দক্ষতা বাড়ানোটাই হোক মূল শব্দ।

বিদ্যালয়/বিশ্ববিদ্যালয়, যাই হোক না কেন, এনএসডিসি, এনএসডিএ, এনএসডিএফ, এনএসকিউএফ, আইটিআই, পলিটেকনিক কিংবা দেশের বহুমুখী শিল্প প্রতিষ্ঠানগুলোই হোক, সবাইকে একটা মাত্র লক্ষ্য নিয়েই একত্র হতে হবে আর সেটা হল প্রত্যেক ভারতবাসীর জন্য উচ্চগুণসম্পন্ন শিক্ষা আর কর্মমুখী দক্ষতা বৃদ্ধি ও তাদের উপযুক্ত ক্ষেত্রে কর্মে নিয়োগ।

"আমি দেশবাসীকে আহ্বান জানাই ভারতকে বিশ্বের কর্মমুখীদক্ষতার রাজধানী হিসেবে গড়ে তোলার"—প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। ❑

[লেখক বিবিসি-র হিন্দি পরিষেবা ও এনডিটিভি সংবাদ চ্যানেলের সঙ্গে কাজ করেছেন। দিল্লি বিশ্ববিদ্যালয় অধীনস্থ কলেজে রাষ্ট্রবিজ্ঞান বিষয়ে অধ্যাপনাও করেছেন। জার্মানিতে কনরাড অ্যাধিনিয়র ফাউন্ডেশন-এর যুব নেতৃত্ব প্রকল্পের সঙ্গে দু'বছরের জন্য যুক্ত ছিলেন।
email : swadesh171@gmail.com]

# যো ❖ জ ❖ না ❖ ডা ❖ য়ে ❖ রি

## (২১ জানুয়ারি ২০১৫—১৫ ফেব্রুয়ারি ২০১৫)

## বহির্বিশ্ব

● **দশটি জঙ্গি সংগঠন নিষিদ্ধ পাকিস্তানে :**

একটি-দুটি নয়, একদিনে দশ-দশটি জঙ্গি সংগঠনকে অবশেষে নিষিদ্ধ ঘোষণা করল পাকিস্তান প্রশাসন। এই সংগঠনগুলি হল, হাক্কানি নেটওয়ার্ক, জামাত-উদ-দাওয়া, হরকত-উল-জিহাদ ইসলামি, হরকত-উল-মুজাহিদিন, উম্মাহ তামির-ই-নও, হাজি খয়রুল্লাহ হাজি সাত্তার মানি এক্সচেঞ্জ, আলি আখতার ট্রাস্ট, রাহাত লিমিটেড ও আল-রশিদ ট্রাস্ট। পাক প্রশাসনের এই সিদ্ধান্ত নজিরবিহীন হলেও অপ্রত্যাশিত নয়। কারণ আন্তর্জাতিক মহল থেকে পাকিস্তান সরকারের ওপর সম্মিলিত চাপ তৈরি করা হচ্ছিল। সেই চাপের কাছে নতিস্বীকার করেই নওয়াজ শরিফ প্রশাসন ১০টি জঙ্গি সংগঠনকে নিষিদ্ধ করল বলে রাজনৈতিক মহল মনে করছে।

● **সৌদি আরবের রাজা আবদুল্লার প্রয়াণ :**

সৌদি আরবের রাজা আবদুল্লার (৯০) জীবনাবসান হল। রাজা আবদুল্লাই সৌদি আরবকে ধর্মান্ধতার ঘেরাটোপ থেকে বার করে একটা নতুন পথ দেখিয়েছিলেন।

রাজা আবদুল্লার জন্ম রিয়াধে ১৯২৪ সালে। ১৯৬১-তে মক্কার মেয়র হন। ১৯৬৩-তে সৌদি আরবের জাতীয় প্রতিরক্ষা বাহিনীর কম্যান্ডার হন। ২০০৫-এ রাজা ফাহদের মৃত্যুর পর আবদুল্লা সৌদি আরবের রাজা হন। তাঁর মৃত্যুর পরে সৌদি-র নতুন রাজা হলেন তাঁরই বৈমাত্রেয় ভাই সলমন বিন-আব্দুল আজিজ অল সৌদ।

● **মানবাধিকার লঙ্ঘনের তদন্তে শ্রীলঙ্কার নতুন সরকার :**

তামিল বিদ্রোহ দমনে শ্রীলঙ্কার পূর্বতন রাষ্ট্রপতি মাহিন্দা রাজাপক্ষের ভূমিকা এবার বিচারের কাঠগড়ায় উঠতে চলেছে। রাষ্ট্রপ্রধান থাকাকালীনই রাজাপক্ষের বিরুদ্ধে মানবাধিকার লঙ্ঘনের অভিযোগ এনেছিল আন্তর্জাতিক মহল। এবার তাঁর বিরুদ্ধে মানবাধিকার লঙ্ঘনের তদন্ত শুরু করার সিদ্ধান্ত জানাল শ্রীলঙ্কার নতুন সরকার। উল্লেখ্য, জানুয়ারির শুরুতে দ্বীপরাষ্ট্রের রাষ্ট্রপতি নির্বাচনে এক দশকেরও বেশি সময়ের রাজাপক্ষের শাসনের অবসান ঘটে। নতুন রাষ্ট্রপতি মৈত্রীপাল সিরিসেনা নির্বাচনী প্রতিশ্রুতি অনুযায়ী রাজাপক্ষের বিরুদ্ধে গণহত্যার অভিযোগের তদন্ত শুরু করলেন।

● **ইতালির নতুন রাষ্ট্রপতি মাত্তারেলা :**

মধ্যবামপন্থী জোটের নেতা সার্জিও মাত্তারেলা ইতালির নতুন রাষ্ট্রপতি হলেন। সার্জিও মাত্তারেলা ইতালির সাংবিধানিক আদালতের বিচারক। দ্বিতীয় বিশ্বযুদ্ধের পর তিনি হলেন ইতালির দ্বাদশ রাষ্ট্রপতি। তাঁর মেয়াদ হবে সাত বছর। জর্জিও ন্যাপোলিতামোর পদে তিনি স্থলাভিষিক্ত হলেন।

● **'হামাস' গোষ্ঠীর শাখা নিষিদ্ধ :**

মিশরের একটি আদালত, প্যালেস্তাইনের ইসলামি সংগঠনের সশস্ত্র শাখা 'এজেদিন আল-কাসাম ব্রিগেডস'-কে সন্ত্রাসবাদী সংগঠন আখ্যা দিয়ে নিষিদ্ধ ঘোষণা করল। উল্লেখ্য, ২০১৩ সালে মিশরের প্রথম নির্বাচিত রাষ্ট্রপতি মুহাম্মদ মুর্শি-কে অন্যায়ভাবে ক্ষমতাচ্যুত করার পর দখলদার সেনা প্রশাসন বহুবার অভিযোগ এনেছে যে, প্যালেস্তাইনের হামাসগোষ্ঠীর শাখা সংগঠন এই 'এজেদিন আল-কাসাম ব্রিগেডস' সিনাই উপদ্বীপে মিশরীয় সেনাবাহিনীর ওপর আক্রমণে জেহাদিদের প্ররোচনা দিচ্ছে। সেনা শাসকগোষ্ঠীর এই অভিযোগকে মেনে নিয়ে কায়রো আদালত সংগঠনটিকে নিষিদ্ধ ঘোষণা করে।

● **মিশরে ১৮৩ জনকে মৃত্যুদণ্ডের আদেশ :**

মিশরের সেনা শাসকগোষ্ঠীর প্রতিহিংসার রাজনীতি এই মুহূর্তে ভয়ংকর চেহারা নিয়েছে। ২০১৩ সালে সে দেশের প্রথম নির্বাচিত রাষ্ট্রপতি মুর্শিকে পদচ্যুত এবং তাঁর দল মুসলিম ব্রাদারহুড-কে নিষিদ্ধ করে, ওই সংগঠনের কর্মীদের নির্বিচারে হত্যা ও গ্রেপ্তার করেই তারা ক্ষান্ত থাকছে না। সম্প্রতি কায়রোর এক আদালত, ১৬ জন পুলিশকর্মী হত্যার দায়ে ১৮৩ জনকে মৃত্যুদণ্ডের আদেশ দিয়েছে।

● **গণহত্যার দায় থেকে মুক্তি সার্বিয়া ও ক্রোয়েশিয়ার :**

গত শতকের ১৯৯০-এর দশকে বালকান অঞ্চল জুড়ে গৃহযুদ্ধে (যুগোস্লাভিয়া ভেঙে যাওয়ার সময়) সার্বিয়া ও ক্রোয়েশিয়ায় ব্যাপক হারে যুদ্ধাপরাধ ও লোকক্ষয় ঘটেছিল। কিন্তু তা 'গণহত্যা'-র পর্যায়ে পড়ে না। তাই ওই দুটি দেশকে গণহত্যার দায় থেকে মুক্তি দিল আন্তর্জাতিক আদালতের (ইন্টারন্যাশনাল কোর্ট অফ জাস্টিস) ১৭ সদস্যের বেঞ্চ। আদালতের রায় অনুযায়ী, দুটি দেশই যুদ্ধাপরাধী সন্দেহ নেই, কিন্তু তা রাষ্ট্রসংঘের 'জেনোসাইড' বা গণহত্যা সংক্রান্ত শর্ত লঙ্ঘন করেনি। কারণ গণহত্যার ক্ষেত্রে, কেউ স্বেচ্ছায় জনসংখ্যার সম্পূর্ণ অংশ বা একটি বিশেষ অংশ নিশ্চিহ্ন করার কাজে লিপ্ত হয়। এই অভিযোগ দু'দেশের কারও বিরুদ্ধেই প্রযোজ্য নয় বলে আন্তর্জাতিক আদালতের রায়ে বলা হয়। উল্লেখ্য, ১৯৯০ দশক জুড়ে যুগোস্লাভিয়ার গৃহযুদ্ধের ফলশ্রুতি হিসাবে জন্ম নেয় সাতটি নতুন দেশ (সার্বিয়া, মন্টেনিগ্রো, স্লোভেনিয়া, ক্রোয়েশিয়া, বসনিয়া-হার্জেগোভিনা, কোসোভো এবং ম্যাসিডনিয়া। গৃহযুদ্ধে নিহত হন এক লক্ষ তিরিশ হাজার মানুষ। দ্বিতীয় বিশ্বযুদ্ধের পর ইউরোপে কোনও সংঘর্ষে কখনও এত মানুষ মারা যায়নি।

● **বোকো হারাম মোকাবিলায় মার্কিন সহায়তা :**

জঙ্গি সংগঠন বোকো হারামের মোকাবিলা করায় নাইজিরিয়ার রাষ্ট্রপতি গুডলাক জনাথান-এর জন্য মার্কিন প্রশাসনের সাহায্য প্রার্থনা করেছেন। সংগঠনটি নাইজিরিয়ার আসন্ন নির্বাচন বয়কটের

ডাক দিয়ে ব্যাপক হিংসাত্মক কার্যকলাপ চালিয়ে যাচ্ছে। এদের নির্বিচার সন্ত্রাস বন্ধ করতে কড়া দাওয়াই প্রয়োজন। আর সেই দাওয়াই মার্কিন প্রশাসনের হাতে আছে বলে নাইজিরিয়ার সরকার মনে করে। অন্য দিকে, এতদিন পরে রাষ্ট্রপতি জনাথান, সিরিয়া ও ইরাকে ইসলামিক স্টেট বা আইএস জঙ্গিদের সঙ্গে বোকো হারামের সরাসরি যোগাযোগের কথা স্বীকার করে নিলেন।

● **আইএস-এর নৃশংসতা অব্যাহত :**

মিশর থেকে লিবিয়ায় কাজের সন্ধানে যাওয়া ২১ জন খ্রিস্টান শ্রমিককে অপহরণ করে তাদের মাথা কেটে খুন করে ইসলামিক স্টেট জঙ্গিরা। শিরচ্ছেদের ভিডিও প্রকাশ করে ঘাতকেরা। পশ্চিম এশিয়া জুড়ে আজ এক বছর ধরে আইএস জঙ্গিরা এভাবে হত্যালীলা চালিয়ে যাচ্ছে। এবারের পটভূমি লিবিয়া। ওই ঘটনার পর লিবিয়ায় আইএস জঙ্গিদের ঘাঁটি ও প্রশিক্ষণ শিবির লক্ষ্য করে বিমান হানা চালাল মিশরীয় সেনা। ওই আক্রমণে পূর্ণ সহযোগিতা করল লিবিয়া।

● **বৃহত্তম চীনা দূতাবাস পাকিস্তানে :**

পাকিস্তানকে 'সুখ-দুঃখের বন্ধু' উল্লেখ করে ইসলামাবাদের বুকে বৃহত্তম দূতাবাস গড়ে তুলল চীন। ১৩ ফেব্রুয়ারি দূতাবাসের আনুষ্ঠানিক উদ্বোধনে উপস্থিত ছিলেন চীনের বিদেশমন্ত্রী ওয়াং ই।

## এই দেশ

● **বারাক ওবামার ভারত সফর :**

দেশের ৬৬তম প্রজাতন্ত্র দিবস উদ্‌যাপন অনুষ্ঠানে 'বিশেষ অতিথি' হিসাবে যোগ দিতে ২৫ ও ২৬ জানুয়ারি নতুন দিল্লি সফর করে গেলেন মার্কিন রাষ্ট্রপতি বারাক ওবামা। ২৫ জানুয়ারি প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর সঙ্গে একান্ত বৈঠকে দু'দেশের মধ্যে, অসামরিক পরমাণু সহযোগিতা চুক্তি ঘিরে যে অনিশ্চয়তা ছিল তার অবসান ঘটালেন। দুই রাষ্ট্রপ্রধানের মধ্যে একান্ত বৈঠকে স্থির হয় : □ পরমাণু প্রযুক্তি ও যন্ত্রাংশ হস্তান্তরের পরে সেগুলি কী কাজে লাগছে তার খোঁজ (ট্র্যাকিং) রাখবে না মার্কিন যুক্তরাষ্ট্র □ পরমাণু চুল্লির যন্ত্রাংশ খারাপ হওয়ার ক্ষেত্রে দায়বদ্ধতা মেটাতে ৭৫০ কোটি টাকার বিমা তহবিল গঠন। দায়িত্বে থাকছে ৫টি রাষ্ট্রায়ত্ত বিমা সংস্থা □ দুর্ঘটনার ক্ষেত্রে আন্তর্জাতিক পরমাণু সংস্থার বিধি মেনে দায়বদ্ধতার সীমা স্থির করা হবে। সীমা নির্ধারণের কাজ করছেন অ্যাটর্নি জেনারেল □ পরমাণু সরবরাহকারী গোষ্ঠী (NSG)-তে ভারতকে ঢোকানোর প্রক্রিয়ায় গতি আনা হল।

● **মহারাষ্ট্রে শ্রম আইন সংশোধন :**

মহারাষ্ট্র সরকার, ১৯৪৭-এ জারি করা শিল্পবিরোধ আইনে সংশোধনী এনে, ৩০০ জনের কম শ্রমিক কাজ করেন, এমন শিল্প প্রতিষ্ঠানের মালিকদের হাতে 'সরকারের অনুমতি ছাড়াই ছাঁটাই ও কারখানা বন্ধ করার' অধিকার তুলে দেওয়া সহ বিভিন্ন সংশোধনী সংক্রান্ত প্রস্তাব পেশ করেছে। প্রসঙ্গত উল্লেখ্য, মহারাষ্ট্রের মতো শিল্প-অধ্যুষিত রাজ্যে ৪১ হাজার শিল্প সংস্থার মধ্যে ৩৯ হাজার সংস্থাই এই সংশোধিত আইনের নতুন নিয়মের আওতায় পড়ে যাচ্ছে।

● **নতুন নৌ-প্রযুক্তিতে মার্কিন সহযোগিতা :**

নৌসেনার জন্য নতুন যুদ্ধবিমান বহনকারী জাহাজ (এয়ারক্রাফ্‌ট ক্যারিয়ার) তৈরির ক্ষেত্রে ভারতকে অত্যাধুনিক প্রযুক্তি দিয়ে সাহায্য করার সিদ্ধান্ত নিল মার্কিন প্রশাসন। ভারতীয় নৌসেনা সূত্রে প্রকাশ 'ইলেকট্রোম্যাগনেটিক এয়ারক্রাফ্‌ট লঞ্চ সিস্টেম' (সংক্ষেপে EMALS) নামে এই প্রযুক্তির সাহায্যে জাহাজের সমতল ডেক থেকেই যুদ্ধবিমান সহজে আকাশে ডানা মেলতে পারবে, বিমানের যন্ত্রপাতিতেও চাপ পড়বে কম। বেশি ভারী যুদ্ধবিমান টেক-অফ করানোর ব্যাপারেও অসুবিধা থাকবে না বলে সংশ্লিষ্ট সূত্রে উল্লেখ করা হয়েছে।

● **অপরাধ গোপন করলে পদ খারিজ :**

মনোনয়নপত্র জমা দেওয়ার সময় কোনও প্রার্থী যদি তাঁর অপরাধের ইতিহাস গোপন করেন, তবে নির্বাচিত হওয়ার পরও তাঁর পদ খারিজ হওয়া উচিত বলে শীর্ষ আদালত এক রায়ে জানিয়েছে। উল্লেখ্য, ২০০৬ সালে তামিলনাড়ুর কোয়েম্বাটোরের থেকামপট্টি পঞ্চায়েতের সভাপতি নির্বাচিত হন জনৈক কৃষ্ণমূর্তি। বেশ কিছু ফৌজদারি মামলা তাঁর বিরুদ্ধে থাকলেও মনোনয়নপত্রে তিনি তা উল্লেখ করেননি বলে অভিযোগ। এই বিষয় সংক্রান্ত মামলার শুনানি প্রসঙ্গে শীর্ষ আদালতের রায়ে বলা হয় কোনও প্রার্থী যদি তাঁর অপরাধের ইতিহাস লুকিয়ে যান, তবে ভোটাররা সঠিক তথ্য থেকে বঞ্চিত হন। সেক্ষেত্রে তাঁরা সঠিক প্রার্থী বেছে নিতে পারেন না এবং নির্বাচনের অধিকারও বাধাপ্রাপ্ত হয়।

● **দিল্লি বিধানসভা নির্বাচনে 'আপ'-এর জয় :**

দিল্লি বিধানসভা নির্বাচনে (৭ ফেব্রুয়ারি) ৫৪.৩ শতাংশ ভোট পেয়ে 'আপ' ৭০টি আসনের মধ্যে ৬৭টিতেই জয়ী হয়। বিজেপি ৩টি আসন পায়। কংগ্রেস শূন্য। ১৪ ফেব্রুয়ারি 'আপ' নেতা অরবিন্দ কেজরিওয়াল মুখ্যমন্ত্রী পদে শপথ নেন। উল্লেখ্য, অরবিন্দ কেজরিওয়াল এই নিয়ে দ্বিতীয় বার দিল্লির মুখ্যমন্ত্রী হলেন। ২০১৩ সালের ডিসেম্বরে দিল্লি বিধানসভা ভোটে 'আপ' ২৮টি এবং কংগ্রেস ৮টি আসনে জয়ী হয়ে জোট সরকার গঠন করেছিল। বিজেপি পেয়েছিল ৩২টি আসন। কিন্তু ৪৯ দিনের মাথায় অরবিন্দ কেজরিওয়াল মুখ্যমন্ত্রীর পদ থেকে ইস্তফা দেন। সেই থেকে দিল্লিতে রাষ্ট্রপতি শাসন জারি ছিল।

● **হাজারিবাগে প্রথম রেল পরিষেবা :**

রেল পরিষেবা চালু হল ঝাড়খণ্ডের হাজারিবাগে। ১৯৯৯ সালে হাজারিবাগ-কোডারমা রেলপথের শিলান্যাস করেছিলেন তৎকালীন প্রধানমন্ত্রী অটলবিহারী বাজপেয়ি। তখন অখণ্ড বিহারের অঙ্গ ছিল হাজারিবাগ। সেই প্রকল্পের কাজ শেষ হতে সময় লাগল ১৬ বছর। ২০ ফেব্রুয়ারি সবুজ পতাকা দেখিয়ে ওই রুটে প্রথম ট্রেন চালুর সংকেত দিলেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী।

## এই রাজ্য

● **বন্যপ্রাণী আক্রমণের শিকারদের জন্য ক্ষতিপূরণ বৃদ্ধি :**

বন্যপ্রাণীর আক্রমণে মৃত্যু হলে এখন থেকে মৃতের নিকট পরিবারকে আড়াই লাখ টাকা ক্ষতিপূরণ দেওয়ার সিদ্ধান্ত ঘোষণা

করল রাজ্যের বন দপ্তর। এত দিন এক্ষেত্রে ১ লাখ টাকা ক্ষতিপূরণ দেওয়ার নিয়ম চালু ছিল। অন্যদিকে, বন্যপ্রাণীর হামলায় আহতদের জন্যও ক্ষতিপূরণের পুরনো নিয়ম বদল করা হয়েছে। ২০০৬-এর আইন অনুসারে বন্যপ্রাণীর আক্রমণে আহত হলে সরকারি হাসপাতালে বিনা খরচে চিকিৎসার ব্যবস্থা চালু ছিল। কিন্তু নতুন নিয়মে চিকিৎসার পাশাপাশি আহতকে ক্ষতিপূরণ হিসাবে ৩৩ হাজার টাকাও নগদ দেওয়ার কথা বলা হয়েছে। এছাড়াও, বন্যপ্রাণী হানায় পঙ্গু হয়ে পড়লে সেই ব্যক্তি এবার থেকে ১ লক্ষ টাকা নগদ এবং আজীবন বিনা মূল্যে চিকিৎসা পাবেন। এক্ষেত্রে এতদিন সাহায্য-সহায়তার কোনও সংস্থান ছিল না।

● **মুখ্য তথ্য কমিশনার :**

রাজ্যের মুখ্য তথ্য কমিশনার হিসাবে স্থায়ীভাবে নিযুক্ত হলেন অবসরপ্রাপ্ত আইএএস অফিসার কে জন কোশি। রাজ্যপাল কেশরীনাথ ত্রিপাঠি তাঁকে শপথ বাক্য পাঠ করান। উল্লেখ্য, গত জুনে সুজিতকুমার সরকার কার্যভার ছাড়ার পরে তথ্য কমিশনার (কোশি) রাজ্যের মুখ্য তথ্য কমিশনারের কাজ সামলাচ্ছিলেন। মুখ্য তথ্য কমিশনারের পদে তাঁর মেয়াদ ৬ নভেম্বর পর্যন্ত।

● **জন-ধন যোজনায় রাজ্যের অবস্থান :**

প্রধানমন্ত্রী জন-ধন যোজনায় সারা দেশে এ পর্যন্ত যে ১২ কোটি ৫৪ লক্ষ ৭৩ হাজার নতুন সেভিংস ব্যাংক অ্যাকাউন্ট খোলা হয়েছে, তার মধ্যে এই রাজ্যের প্রায় ৯০ লক্ষ ব্যাংক অ্যাকাউন্ট রয়েছে। হিসাব অনুযায়ী, দেশের সমস্ত মানুষের কাছে ব্যাংকিং পরিষেবা পৌঁছে দেওয়ার লক্ষ্যে শুরু হওয়া এই প্রকল্পে ব্যাংক অ্যাকাউন্ট খোলার নিরিখে এ রাজ্যের অবস্থান আশাব্যঞ্জক।

● **রাজ্যের পর্যটন প্রচারে নতুন উদ্যোগ :**

রাজ্যের পর্যটন শিল্পকে চাঙ্গা করতে 'ব্র্যান্ড অ্যাম্বাসডর' শাহরুখ খান-কে প্রচারে নামানোর সিদ্ধান্ত নিল পর্যটন মন্ত্রক। উল্লেখ্য, শাহরুখ খান-কে দু'বছর আগেই রাজ্যের 'ব্র্যান্ড অ্যাম্বাসডর' হিসাবে ঘোষণা করা হয়েছে। এবার সারা দেশের সামনে পশ্চিমবঙ্গের পর্যটনকে তুলে ধরতে তাঁকে সক্রিয়ভাবে নামানো হচ্ছে।

## অর্থনীতি

● **স্পেকট্রাম নিয়ে নতুন সিদ্ধান্ত :**

দেশের প্রতিরক্ষা বাহিনী ও টেলিকম ব্যবসার মধ্যে ভাগাভাগির জন্য স্পেকট্রাম চিহ্নিত করল কেন্দ্রীয় সরকার। কেন্দ্রীয় মন্ত্রীসভায় বিষয়টি নিয়ে চূড়ান্ত সিদ্ধান্ত নেওয়া হয়েছে বলে জানান কেন্দ্রীয় টেলিকম মন্ত্রী রবিশঙ্কর প্রসাদ। ৩ মেগাহার্জ থেকে ৪০ গিগাহার্জ ব্যান্ডে মোট ৪৯টি 'স্লট' প্রতিরক্ষা ক্ষেত্রের জন্য বরাদ্দ করা হয়েছে। এর মধ্যে ৯টি 'স্লট' শুধুমাত্র প্রতিরক্ষার জন্য ব্যবহার করা হবে। সম্প্রচার, মহাকাশ, বিমান পরিষেবা, তথা অন্যান্য কিছু সংশ্লিষ্ট ক্ষেত্রে ব্যবহারের জন্য ৩১টি 'স্লট' চিহ্নিত করা হয়েছে। বাকি ৯টি 'স্লট' আপাতত ভবিষ্যতের প্রয়োজনের কথা মাথায় রেখে সংরক্ষণ করা হবে।

● **ইস্পাত কারখানা তৈরির উদ্যোগ কেন্দ্রের :**

দীর্ঘ সময়ের ব্যবধানে দেশে ফের ইস্পাত কারখানা গড়তে উদ্যোগী হল কেন্দ্রীয় সরকার। দেশ জুড়ে চারটি ইস্পাত কারখানা গড়ার কথা ঘোষণা করলেন ইস্পাতমন্ত্রী নরেন্দ্র সিং তোমর। লগ্নির পরিমাণ ১ লক্ষ ৫০ হাজার কোটি টাকার বেশি। কারখানা চারটি গড়ে উঠবে ওড়িশা, কর্ণাটক, ছত্তীসগড় ও ঝাড়খণ্ডে।

● **কোল ইন্ডিয়ার বিলগ্নিকরণের সঙ্গী এলআইসি :**

কোল ইন্ডিয়ার ১০ শতাংশ অংশীদারিত্ব বিক্রি করে সরকারের কোষাগারে যে রেকর্ড ২২,১৭৪ কোটি টাকা আসতে চলেছে, তার প্রায় অর্ধেক ভারতীয় জীবন বিমা নিগমের (এলআইসি) লগ্নি। কোল ইন্ডিয়ার বিলগ্নিকরণ প্রক্রিয়ার সময় ২৮.৪৭ কোটি শেয়ার বা ৪.৫১ শতাংশ অংশীদারিত্ব কিনে নেয় ভারতীয় জীবন বিমা নিগম।

● **পেমেন্ট ব্যাংক খুলতে জোট :**

পেমেন্ট ব্যাংক খুলতে ভারতীয় স্টেট ব্যাংকের সঙ্গে জোট বাঁধার সিদ্ধান্ত ঘোষণা করল রিলায়্যান্স ইন্ডাস্ট্রিজ। বাস্তবিক পক্ষে, সাম্প্রতিক সময়ে ছোট ব্যাংক খোলার দৌড়ে কোমর বেঁধেছে কর্পোরেট দুনিয়ার রাঘব বোয়ালেরা। এরই মধ্যে পেমেন্ট ব্যাংক খুলতে কোটাক মহীন্দ্রা ব্যাংকের সঙ্গে জোট বাঁধার কথা জানিয়েছে টেলিকম সংস্থা এয়ারটেল। এবার আসরে নামল রিলায়েন্স সংস্থা। যৌথ উদ্যোগে ব্যাংক খোলার জন্য ছাড়পত্রের আবেদনও জমা দেওয়া হয়েছে। ব্যাংকটি পরিচালনার দায়িত্ব নেবে রিলায়্যান্স ইন্ডাস্ট্রিজ। স্টেট ব্যাংকের হাতে থাকবে ৩০ শতাংশ শেয়ার মালিকানা।

● **মার্কিন বাজেট প্রস্তাব পেশ :**

মার্কিন রাষ্ট্রপতি বারাক ওবামা ৩.৯৯ ট্রিলিয়ন ডলারের বাজেট প্রস্তাব পেশ করলেন। ২০১৬ সালের জন্য দাখিল করা এই প্রস্তাব অনুসারে বৃদ্ধির হার দাঁড়াবে ৩.১ শতাংশ, বেকারত্ব ৫.৪ শতাংশ এবং মূল্য বৃদ্ধি ১.৪ শতাংশ। রাজকোষ ঘাটতি দাঁড়াবে ৪৭,৪০০ কোটি ডলার, যা মার্কিন জাতীয় আয়ের ২.৫ শতাংশ।

● **বিদেশে টাকা পাঠানোর সীমা বৃদ্ধি :**

বিদেশি মুদ্রার, বিশেষ করে ডলারের নিরিখে টাকার বিনিময় দর স্থিতিশীল থাকায় বিদেশে টাকা পাঠানোর নিয়ম শিথিল করল ভারতীয় রিজার্ভ ব্যাংক (আরবিআই)। দ্বিমাসিক ঋণনীতি পর্যালোচনার সময় তাদের আগাম অনুমতি ছাড়াই বিদেশে টাকা পাঠানোর পরিমাণ ১.২৫ লক্ষ ডলার থেকে বাড়িয়ে ২.৫০ লক্ষ ডলার (প্রতি ব্যক্তি এক বছরে) করল আরবিআই।

● **পূর্ব রেলের আয় বৃদ্ধি :**

এই অর্থবর্ষের প্রথম দশ মাসে (এপ্রিল ২০১৪ থেকে জানুয়ারি ২০১৫ পর্যন্ত) মাল পরিবহণের (ফ্রেট) ক্ষেত্রে পূর্ব রেলের আয় ৯ শতাংশ বৃদ্ধি পেয়েছে। ওই একই সময়ে টিকিট বিক্রি করে পূর্ব রেল আয় করেছে ১৮৮ কোটি ১৬ লক্ষ ৩৮ হাজার টাকা। ২০১৪ সালে ওই একই সময়ে আয় হয়েছিল ১৭০ কোটি ৩৮ লক্ষ ৩৯ হাজার টাকা। পূর্ব রেল সূত্রে জানানো হয়েছে, যাত্রী ভাড়ার ক্ষেত্রে আয় বৃদ্ধি হয়েছে ১০.৪৭ শতাংশ।

● **ক্ষতি কাটিয়ে মুনাফা-র মুখ দেখল ইউবিআই :**

মুনাফা বাড়াল ইউনাইটেড ব্যাংক অব ইন্ডিয়া (ইউবিআই)। চলতি অর্থবর্ষের তৃতীয় ত্রৈমাসিকে ব্যাংকটির নিট মুনাফা ৪২ কোটি টাকা স্পর্শ করল। গত অর্থবর্ষের এই একই সময়ে ১,২৩৮ কোটি টাকা ক্ষতির মুখ দেখেছিল রাষ্ট্রায়ত্ত ব্যাংকটি।

## বিজ্ঞান বিচিত্রা

● **নতুন দ্বীপ :**

প্রশান্ত মহাসাগরের টোঙ্গা দ্বীপে প্রায় এক মাস ধরে আগ্নেয়গিরির অগ্ন্যুৎপাত থেকে জন্ম নিল নতুন এক দ্বীপ। বিজ্ঞানীদের মতে, ক্রমাগত অগ্ন্যুৎপাতের জন্য বালি ও আগ্নেয় পাথর দিয়ে তৈরি একটি দ্বীপ তৈরি হয়েছে। দ্বীপটি দৈর্ঘ্যে ১.৮ কিলোমিটার ও প্রস্থে ১.৫ কিলোমিটার। তবে দ্বীপটি বেশি দিন স্থায়ী হবে না বলে বিজ্ঞানীদের অনুমান।

● **বিশ্ব স্বাস্থ্য সংস্থার বিপদবার্তা :**

ছোঁয়াচে রোগের মহামারী এখন অতীত। উলটে বিশ্বের সামনে এখন মহামারীর চ্যালেঞ্জ ডায়াবিটিস, হৃদরোগ, ক্যানসার বা শ্বাসকষ্টের মতো 'নন-কমিউনিকেবল ডিজিজ' (যে রোগ ছোঁয়াচে নয়)। ২০১৪ সালে ভারতে ৬০ শতাংশ মৃত্যুর কারণ ছিল এই ধরনের রোগ। সম্প্রতি বিশ্ব স্বাস্থ্য সংস্থা (হু) প্রকাশিত এক সমীক্ষায় এই তথ্যই উঠে এসেছে। 'হু'-র রিপোর্ট অনুযায়ী এই বিপদ সবচেয়ে বেশি দক্ষিণ-পূর্ব এশিয়ার দেশগুলিতে।

● **শনির মতো আরও একটি গ্রহের সন্ধান :**

সৌরজগতের শনির মতোই আরও এক গ্রহের সন্ধান পেলেন মার্কিন বিজ্ঞানীরা। অতিকায় এই গ্রহের ঠিকানা পৃথিবীর থেকে বহু আলোকবর্ষ দূরে। তবে যে কারণে এই গ্রহ বিজ্ঞানীদের নজরে এসেছে, তা দূরত্ব নয়। নজরে এসেছে, কারণ, শনির মতোই এই গ্রহের চারপাশে বলয় দেখা গেছে। প্রসঙ্গত, সৌরজগতের বাইরে এখনও পর্যন্ত বেশ কয়েকটি গ্রহের অস্তিত্ব সম্পর্কে নিশ্চিন্ত হয়েছেন। কিন্তু এই প্রথম এমন কোনও গ্রহের সন্ধান মিলল যার বলয় রয়েছে।

● **সমুদ্রের অতলে আদিম অরণ্যের সন্ধান :**

উত্তর সাগরের (নর্থ সি) অতলে ব্রিটেনের সমুদ্র বিজ্ঞানীরা প্রায় ১০ হাজার বছর আগেকার এক গহন অরণ্যের সন্ধান পেলেন। এই অরণ্য সে সময় বিস্তৃত ছিল আজকের ইংল্যান্ড থেকে জার্মানি পর্যন্ত বিরাট এক এলাকা জুড়ে। পরে, প্রাকৃতিক পরিবর্তনের ফলে ইংল্যান্ড ও জার্মানির মাঝে জন্ম নেয় উত্তর সাগর। তলিয়ে যায় ওক, বিচ, পাইনের এই অরণ্য। ওই অরণ্যই আদিম মানুষের চলার পথ হয়ে উঠেছিল বলে ভূতাত্ত্বিকদের দাবি।

● **'অগ্নি-৫'-এর সফল উৎক্ষেপণ :**

ওড়িশার উপকূলে হুইলার দ্বীপ থেকে ৩১ জানুয়ারি সফল উৎক্ষেপণ করা হল ভূমি থেকে ভূমি দূরপাল্লার ক্ষেপণাস্ত্র 'অগ্নি-৫'-এর। ভারতের প্রতিরক্ষা গবেষণা ও উন্নয়ন কেন্দ্র 'ডিআরডিও' সূত্রে প্রকাশ, ৫০০০ কিলোমিটার পাল্লার, এই 'ইন্টারকন্টিনেন্টাল ব্যালেসিক' মিসাইলটি (ক্ষেপণাস্ত্র) উৎক্ষেপণ করা হয় 'ক্যানিস্টার লঞ্চ সিস্টেম'-এর সাহায্যে। এই প্রযুক্তির সাহায্যে 'অগ্নি-৫' যে কোনও জায়গায় নিয়ে গিয়ে উৎক্ষেপণ করা যাবে। এতে ক্ষেপণাস্ত্রটির গুণ এবং মারণ ক্ষমতায় কোনও বদল হবে না বলে 'ডিআরডিও' সূত্রে জানানো হয়েছে।

● **উষ্ণতম বছর :**

রাষ্ট্রসংঘের বিশ্ব আবহাওয়া সংস্থা ২০১৪-কে উষ্ণতম বছর আখ্যা দিল। সংস্থা সূত্রে প্রকাশ, প্রথম ১৫টি উষ্ণতম বছরের তালিকার মধ্যে ১৪টিই এই শতকের। হিসাব কষে দেখা যাচ্ছে, যে, প্রথম তিন উষ্ণতম বছরের মধ্যে তাপমাত্রা বৃদ্ধির ফারাক খুব কম। আবহাওয়া বিজ্ঞানীদের মতে, যে ভাবে গ্রিন হাউস গ্যাস বায়ুমণ্ডলে জমা হচ্ছে এবং সমুদ্রতলের তাপ বাড়ছে, তাতে বিশ্ব উষ্ণায়ন চলতেই থাকবে। এবং আগামী দিনে গরম আরও বাড়বে। ২০১৪ সালে পূর্ব প্রশান্ত মহাসাগরে জলতলের তাপমাত্রা বাড়ছিল। 'এল নিনো' পরিস্থিতিও তৈরি হচ্ছিল। কিন্তু সক্রিয় এল নিনো বলতে যা বোঝায়, তা হয়নি। তা সত্ত্বেও এমন উষ্ণ বছর ভাবাচ্ছে বিজ্ঞানীদের। উল্লেখ্য, গত শতকের উষ্ণতম বছর ছিল ১৯৯৮। সে বছর যদিও সক্রিয় 'এল নিনো' উষ্ণ বছরের পিছনে অনেকটাই দায়ী ছিল।

● **অব্যাহত মানব বিবর্তনের ধারা :**

চিকিৎসাশাস্ত্র এবং খাওয়া-দাওয়ার হাত ধরে জীবনযাপনের চরমতম উৎকর্ষের যুগে এসেও অব্যাহত রয়েছে মানুষের বিবর্তনের ধারা। বিবর্তনবাদী বিশ্ববন্দিত বিজ্ঞানী ডারউইন ঘোষিত প্রাকৃতিক নির্বাচনের প্রক্রিয়া আজও অব্যাহত রয়েছে বলে সুইডেনের উপ্পসালা ও শেফিল্ড বিশ্ববিদ্যালয়ের নৃতত্ত্ববিদেরা জানিয়েছেন।

● **আর্মস্ট্রংয়ের ব্যাগের সন্ধান :**

চাঁদের বুকে প্রথম পা পড়েছিল যাঁর, সেই নীল আর্মস্ট্রংয়ের একটি ব্যাগের সন্ধান পাওয়া গেল। 'ম্যাকডিভিট পার্স' নামে পরিচিত ওই ব্যাগ ঐতিহাসিক অ্যাপোলো-১১ অভিযানের সময় নীলের সঙ্গী হিসাবে চাঁদে গিয়েছিল। ব্যাগের মধ্যে রয়েছে, বৈদ্যুতিক তার, জাল, কোমর থেকে কোনও জিনিস ঝুলিয়ে রাখার কাজে ব্যবহৃত বিশেষ বেল্ট, একটি ১৬ মিলিমিটার ফিল্ম ব্যবহারযোগ্য ক্যামেরা। এই ক্যামেরাতেই চাঁদের পিঠে নামার ছবি তোলা হয়।

## খেলার জগৎ

● **সইদ মোদী আন্তর্জাতিক ব্যাডমিন্টন খেতাব সাইনা ও কাশ্যপের :**

লখনউয়ে বাবু বেনারসী দাস ইন্ডোর স্টেডিয়ামে সইদ মোদী আন্তর্জাতিক ব্যাডমিন্টনে মহিলাদের খেতাব জিতলেন সাইনা নেহওয়াল। এই নিয়ে টানা দু'বার। ফাইনালে সাইনা ১৯-২১, ২৫-২৩, ২১-১৬ গেমে হারান ২০১৩-র বিশ্ব ও ইউরোপিয়ান চ্যাম্পিয়ন স্পেনের কার্লোইনা মারিনকে। অন্যদিকে পুরুষদের খেতাব জিতলেন পারুপল্লি কাশ্যপ। ফাইনালে তিনি ২৩-২১, ২৩-২১ গেমে হারান। টুর্নামেন্টের শীর্ষ বাছাই কিদম্বি শ্রীকান্তকে।

● **'পদ্ম' সম্মান ৬ ক্রীড়াবিদকে :**

এবারের প্রজাতন্ত্র দিসব উপলক্ষে মোট ৬ জন ক্রীড়াবিদকে 'পদ্ম সম্মানে' ভূষিত করা হল। এঁদের মধ্যে 'পদ্মভূষণ' পেলেন কুস্তির প্রশিক্ষক সৎপাল সিং। আর 'পদ্মশ্রী' পেলেন সর্দার সিং (হকি), পিভি সিন্ধু (ব্যাডমিন্টন), মিতালি রাজ (ক্রিকেট), সাবা অঞ্জুম (হকি) ও অরুণিমা সিন্হা (পর্বতারোহী)।

● **দু'বার সোনাজয়ী হকি অলিম্পিয়ান প্রয়াত :**

১৯৪৮ এবং ১৯৫২ অলিম্পিকে সোনাজয়ী ভারতীয় হকি দলের অন্যতম সদস্য যশবন্ত সিং রাজপুত (৮৮) প্রয়াত হলেন। আদতে দিল্লির বাসিন্দা রাজপুত কর্মসূত্রে কলকাতায় আসেন। প্রথমে ভবানীপুর ক্লাব ও পরে মোহনবাগানে যোগ দেন। বাংলা হকি দলের প্রতিনিধিত্ব করে জাতীয় খেতাব জয়ে বিশেষ ভূমিকা নেন।

- **ফুটবলকে বিদায় রিকেলমে-র :**

আর্জেন্তিনার জাতীয় ফুটবল দলের সদস্য ইউয়ান রোমান রিকেলমে অবসর নিলেন। ২০০৬-এর বিশ্বকাপে এবং ২০০৮-এ অলিম্পিকে আর্জেন্তিনার হয়ে গুরুত্বপূর্ণ ভূমিকা নেন। বার্সেলোনা, ভিয়ারিয়াল এবং 'বোকা জুনিয়র্স' ক্লাবের নিয়মিত ফুটবলার ছিলেন।

- **টি-২০ ক্রিকেট বিশ্বকাপ ভারতে :**

২০১৬-র টি-২০ ক্রিকেট বিশ্বকাপ আয়োজনের দায়িত্ব পেল ভারত। শুরু ১১ মার্চ। শেষ ৩ এপ্রিল। বিশ্ব ক্রিকেটে নিয়ামক সংস্থা আইসিসি-র পক্ষ থেকে এই ঘোষণা করা হয়। একই সঙ্গে ২০১৯-এর একদিবসীয় বিশ্বকাপের দায়িত্ব পেল ইংল্যান্ড। খেলা হবে ৩০ মে থেকে ১৫ জুলাই।

- **জাতীয় হকির দলের নতুন কোচ :**

নেদারল্যান্ডসের প্রাক্তন কোচ পল ফন অ্যাস ভারতীয় হকি দলের কোচ হলেন। দেশের ক্রীড়া কর্তৃপক্ষ (সাই) ও হকি ইন্ডিয়া সূত্রে এই ঘোষণা করা হয়। 'সাই' সূত্রে প্রকাশ, নতুন হকি কোচের সঙ্গে চুক্তির মেয়াদ তিন বছর। ২০১৮ সালের হকি বিশ্বকাপের আয়োজক ভারত। সেদিকে লক্ষ্য রেখেই চুক্তির মেয়াদ ধার্য করা হয়েছে। উল্লেখ্য, তাঁর কোচিংয়েই ২০১২-র লন্ডন অলিম্পিকে রুপো জেতে নেদারল্যান্ডস।

- **এশিয়ান কাপ ফুটবল খেতাব অস্ট্রেলিয়ার :**

সিডনি-তে আয়োজিত এশিয়ান কাপ ফুটবল খেতাব জিতে নিল অস্ট্রেলিয়া। ফাইনালে তারা ২-১ গোলে হারাল দক্ষিণ কোরিয়াকে। ২০০৬ সালে এশীয় ফুটবল সংস্থায় যোগ দেওয়ার পর অস্ট্রেলিয়া এই প্রথম চ্যাম্পিয়ন হল। অস্ট্রেলিয়ার খেলার জগতে এটা একটা 'মাইল ফলক' বলে জাতীয় ফুটবল দলের কোচ আঙ্গে পোস্টেকগ্লৌ উল্লেখ করেছেন।

- **অস্ট্রেলিয়ান ওপেন টেনিস :**

অস্ট্রেলিয়ান ওপেন টেনিসে মেয়েদের সিঙ্গলস খেতাব জিতলেন মার্কিন যুক্তরাষ্ট্রের সেরেনা উইলিয়ামস। মেলবোর্নে প্রায় এক পেশে ফাইনালে সেরেনা হারান রুশ তারকা মারিয়া শারাপোভাকে। এই নিয়ে ৬ বার অস্ট্রেলিয়ান ওপেনে চ্যাম্পিয়ন হলেন সেরেনা। আর তাঁর টেনিস কেরিয়ারে গ্র্যান্ড স্লামের সংখ্যা দাঁড়াল ১৯। ছাড়িয়ে গেলেন দুই কিংবদন্তি ক্রিস এভার্ট ও মার্টিনা নাভ্রাতিলোভা-কে (দু'জনেরই ঝুলিতে ১৮টি করে গ্র্যান্ড স্লাম)।

অন্যদিকে, পুরুষদের সিঙ্গলস খেতাব জিতলেন সার্বিয়ার নোভাক জোকোভিচ। ফাইনালে তিনি হারান স্কটল্যান্ডের অ্যান্ডি মারেকে। এই নিয়ে ৫ বার অস্ট্রেলিয়ান ওপেন এবং মোট ৮টি গ্র্যান্ড স্লাম জেতার কৃতিত্ব অর্জন করলেন জোকোভিচ।

- **আরও একটি গ্র্যান্ড স্লাম লিয়েন্ডারের :**

৪১ বছর বয়সে লিয়েন্ডার পেজ অস্ট্রেলিয়ান ওপেন টেনিসের মিক্সড ডাবলস খেতাব জিতে স্মরণীয় নজির গড়লেন। সুইজারল্যান্ডের মার্টিনা হিঙ্গিস-এর সঙ্গে জুটি বেঁধে লিয়েন্ডার হারালেন কানাডিয়ান ও ফরাসি জুটি ড্যানিয়েল নেস্টর আর ক্রিস্টিনা স্লাদেনোভিচকে। এই নিয়ে মোট তিনবার অস্ট্রেলিয়ান ওপেন এবং মোট সাতটি গ্র্যান্ড স্লাম মিক্সড ডাবলস খেতাব জিতলেন লিয়েন্ডার পেজ।

- **ত্রিদেশীয় একদিনের ক্রিকেটে চ্যাম্পিয়ন অস্ট্রেলিয়া :**

টেস্ট সিরিজে ভারতকে পর্যুদস্ত করার পর ত্রিদেশীয় একদিনের ক্রিকেট সিরিজেও চ্যাম্পিয়ন হল অস্ট্রেলিয়া। পার্থে ফাইনালে ইংল্যান্ডকে তারা হারাল। তৃতীয় দল হিসাবে ভারত একটি ম্যাচও জিততে না পেরে আগেই বিদায় নেয়।

- **বরখাস্ত জাপানের ফুটবল কোচ :**

জাপানের জাতীয় ফুটবল দলের কোচের পর থেকে বরখাস্ত করা হল মেক্সিকোর হাতিয়ের আগুইরে-কে। গড়াপেটার অভিযোগে কোচকে ছেঁটে ফেলল সে দেশের ফুটবল ফেডারেশন। সংবাদে প্রকাশ, ২০১১ সালে স্পেনের রিয়াল সারাগোসো-র কোচ থাকার সময় তিনি ম্যাচ গড়াপেটায় জড়িয়ে পড়েন। গড়াপেটা করে দলের অবনমনও বাঁচান। তদন্ত কমিটির রিপোর্টে আগুইরে-কে অভিযুক্ত করা হয়েছে।

- **ইপিএল-এ সর্বকালের সেরা রোনাল্ডো :**

ইংলিশ প্রিমিয়ার লিগ (ইপিএল)-এ সর্বকালের সেরা ফুটবলারের স্বীকৃতি পেলেন পর্তুগাল তথা রিয়েল মাদ্রিদের তারকা ক্রিশ্চিয়ানো রোনাল্ডো। জনপ্রিয়তায় থিয়েরি অঁরি, এরিক কঁতোনা, জিয়ান ফ্র্যাঙ্কো জোলার মতো তারকাদের হারান তিনি।

- **একদিবসীয় বিশ্বকাপের সূচনা :**

১৪ ফেব্রুয়ারি নিউজিল্যান্ড ও শ্রীলঙ্কা এবং অস্ট্রেলিয়া ও ইংল্যান্ডের মধ্যে ম্যাচ দিয়ে শুরু হল একাদশ বিশ্বকাপ ক্রিকেট। অস্ট্রেলিয়া এবং নিউজিল্যান্ড যৌথভাবে এবারের বিশ্বকাপের আয়োজক। অংশগ্রহণকারী দেশের সংখ্যা ১৪। দুটি গ্রুপে মোট সাতটি করে টিম রয়েছে। 'গ্রুপ-এ'-তে রয়েছে : অস্ট্রেলিয়া, ইংল্যান্ড, শ্রীলঙ্কা, বাংলাদেশ, নিউজিল্যান্ড, আফগানিস্তান ও স্কটল্যান্ড। 'গ্রুপ-বি'-তে : ভারত, পাকিস্তান, দক্ষিণ আফ্রিকা, ওয়েস্ট ইন্ডিজ, জিম্বাবোয়ে, আয়ারল্যান্ড ও সংযুক্ত আরব আমিরশাহি। প্রতিটি দল গ্রুপ লিগে ৬টি করে ম্যাচ খেলবে। দুটি গ্রুপ থেকে চারটি করে দল কোয়ার্টার ফাইনালে উঠবে। ১৫ মার্চ গ্রুপ লিগের খেলা শেষ হবে। ১৮ থেকে ২১ মার্চ কোয়ার্টার ফাইনাল এবং ২৪ ও ২৬ মার্চ সেমিফাইনাল ম্যাচ। ফাইনাল ২৯ মার্চ। অস্ট্রেলিয়ার মেলবোর্নে। ভারতের অভিযান শুরু হয় ১৫ ফেব্রুয়ারি। প্রতিপক্ষ পাকিস্তান। প্রথম ম্যাচে ভারত ৭৬ রানে হারিয়ে দেয় পাকিস্তানকে। প্রসঙ্গত উল্লেখ্য, বিশ্বকাপ ক্রিকেটে ভারত ও পাকিস্তান, এই নিয়ে মোট ৬ বার মুখোমুখি হল এবং প্রতিবারই ভারত জয়ী।

## বিবিধ সংবাদ

- **আম্বেদকার স্মৃতি রক্ষায় অভিনব উদ্যোগ :**

ভারতীয় সংবিধানের অন্যতম রূপকার বি আর আম্বেদকারের স্মৃতিবিজড়িত লন্ডনের একটি বাংলো ৪০ কোটি টাকায় কেনার সিদ্ধান্ত নিল মহারাষ্ট্র সরকার। সরকারি সূত্রে প্রকাশ, ১৯২১-২২ সালে লন্ডনে ছাত্র হিসাবে থাকার সময়ে ওই বাংলোয় বেশ কিছুকাল ছিলেন আম্বেদকার। ওই বাংলোকে ঘিরে একটি আন্তর্জাতিক স্মারকভবন তৈরি করার পরিকল্পনা হাতে নিয়েছে মহারাষ্ট্র সরকার।

**● রজনী কোঠারি প্রয়াত :**

বিশিষ্ট রাজনৈতিক গবেষক রজনী কোঠারি (৮৬) প্রয়াত হলেন। কর্মজীবন শুরু বরোদার মহারাজা সায়াজিরাও বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক হিসাবে। গত শতকের ষাটের দশক থেকেই ভারতের রাজনীতি সংক্রান্ত গবেষণায় স্বকীয় জায়গা করে নিয়েছিলেন।

**● বিশ্বখ্যাত ব্যঙ্গচিত্রশিল্পী আর. কে. লক্ষ্মণ প্রয়াত :**

'দ্য কমন ম্যান' কার্টুনের স্রষ্টা 'পদ্মবিভূষণজয়ী' ব্যঙ্গচিত্রশিল্পী রাশিপুরম কৃষ্ণস্বামী লক্ষ্মণ (আর. কে. লক্ষ্মণ নামে সারা বিশ্বে পরিচিত) প্রয়াত হলেন। বয়স হয়েছিল ৯৪ বছর। 'দ্য টাইমস অব ইন্ডিয়া'-র পাতায় ১৯৫১ থেকে টানা বেরিয়েছে লক্ষ্মণের আঁকা কার্টুন 'ইউ সেড ইট'—ধুতি, চেক জ্যাকেট, গান্ধী চশমা, কানের দু'পাশ দিয়ে খাড়া চুলের 'কমন ম্যান'।

**● এ বছরের 'পদ্ম' সম্মান :**

৬৬তম প্রজাতন্ত্র দিবস উপলক্ষে দেশের সর্বোচ্চ অসামরিক সম্মান 'পদ্ম' পুরস্কার দেওয়া হল মোট ১০৪ জনকে। 'পদ্মবিভূষণ' পেলেন ৯ জন। এঁদের মধ্যে উল্লেখযোগ্য হলেন প্রবাদপ্রতিম দুই অভিনেতা দিলীপ কুমার ও অমিতাভ বচ্চন, দেশের দুই প্রবীণ নেতা লালকৃষ্ণ আডবানি ও প্রকাশ সিং বাদল এবং ফ্রান্স ও ব্রিটেনের নাগরিক বিশিষ্ট শিল্পোদ্যোগী করিম আল হুসেনি আগা খান। 'পদ্মভূষণ' দেওয়া হল ২০ জনকে। ২০ জন 'পদ্মভূষণ' প্রাপকদের মধ্যে অন্যতম মাইক্রোসফটের প্রতিষ্ঠাতা মার্কিন ধনকুবের বিল গেটস্ ও তাঁর স্ত্রী মেলিন্ডা গেটস্। এছাড়া প্রয়াত কার্টুনিস্ট প্রাণ-সহ 'পদ্মশ্রী' পেলেন মোট ৭৫ জন।

**● সুবাস ঘিসিং প্রয়াত :**

গত ২৯ জানুয়ারি নতুন দিল্লির এক হাসপাতালে শেষ নিঃশ্বাস ত্যাগ করলেন সুবাস ঘিসিং (৭৯)। ১৯৮০-র দশকের গোড়ায় পৃথক গোর্খাল্যান্ড রাজ্যের দাবিতে তাঁর নেতৃত্বে গোর্খা ন্যাশনাল লিবারেশন ফ্রন্টের (জিএনএলএফ) আন্দোলনের শুরু। আবার পার্বত্য পরিষদের কাণ্ডারিও ছিলেন তিনি। দু'দশক পরে অবশ্য সেই পরিষদ এবং পাহাড় ছাড়তে বাধ্য হন ঘিসিং।

**● বেলুনে ওড়ার বিশ্ব রেকর্ড :**

হিলিয়াম বেলুনে উড়ে দীর্ঘতম দূরত্ব অতিক্রম করার নতুন বিশ্ব রেকর্ড গড়লেন মার্কিন যুক্তরাষ্ট্রের ট্রয় ব্র্যাডলি, রাশিয়ার লিওনিড ও রাশিয়ার তিয়ুকতেভ-এর 'টু ইগাল্স্' জুটি। এঁরা দু'জন ৮৪৬৫ কিলোমিটার পথ পেরোলেন। এর আগে রেকর্ড ছিল ৮৪০১ কিলোমিটার। ১৯৮১ সালে ওই রেকর্ড গড়েছিলেন। তবে সবচেয়ে বেশি সময় ধরে গ্যাস বেলুনে উড়ানের তিন বিমান চালক বেন আব্রুজো, ম্যাক্সি অ্যান্ডারসন এবং ল্যারি নিউম্যানের। ১৯৭৮-এ ১৩৭ ঘণ্টা ৫ মিনিট ৫০ সেকেন্ড শূন্যে কাটিয়েছেন ওই তিন বিমানচালক।

**● অর্ধ শতাব্দী পরে দ্বিতীয় বই প্রকাশ হার্পার লি-এর :**

পুরো ৫০ বছর পরে দ্বিতীয় উপন্যাস প্রকাশ করলেন হার্পার লি। ১৯৬৫ সালে প্রকাশ পেয়েছিল হার্পার লি-র লেখা প্রথম উপন্যাস 'টু কিল আ মকিং বার্ড'। দারুণ সাড়া ফেলে দিয়েছিল সেই উপন্যাস। 'পুলিৎজার' পুরস্কারও পায় উপন্যাসটি। কিন্তু তারপর এত বছর পরে প্রকাশ পেল দ্বিতীয় উপন্যাস। নাম : 'গো সেট দ্য ওয়াচম্যান'। তার বয়স এখন ৮৮ বছর।

**● প্রখ্যাত ঐতিহাসিক প্রয়াত :**

প্রখ্যাত ব্রিটিশ ঐতিহাসিক মার্টিন গিলবার্ট (৭৮) প্রয়াত হলেন। ব্রিটেনের প্রাক্তন প্রধানমন্ত্রী উইনস্টান চার্চিলের জীবনীকার হিসাবে তাঁর গবেষণা এবং সেই সংক্রান্ত গ্রন্থ প্রকাশনাকে আধুনিক ঐতিহাসিকরা যথেষ্ট গুরুত্ব দেন। এছাড়াও দ্বিতীয় বিশ্বযুদ্ধের ইতিহাস নিয়ে, বিশেষ করে ইহুদি গণহত্যা নিয়ে বেশ কিছু বই লিখেছেন তিনি। তাঁর লেখা বইয়ের সংখ্যা ৮০-র বেশি।

**● 'জ্ঞানপীঠ' পেলেন মারাঠি সাহিত্যিক :**

পঞ্চাশতম জ্ঞানপীঠ পুরস্কার (২০১৪) পেলেন বিশিষ্ট মারাঠি সাহিত্যিক ভালাচন্দ্র মেমাড়ে। 'কোসালা' থেকে 'হিন্দু'—তাঁর সব সাহিত্যই পাঠকদের প্রশংসা কুড়িয়েছে। এর আগে পদ্মশ্রী ও সাহিত্য অকাদেমি সম্মানও পেয়েছেন তিনি।

**● গ্র্যামি কৃতি :**

৫৭তম 'গ্র্যামি' পুরস্কারের আসরে মার্কিন নিবাসী নীলা বাসওয়ানি 'শিশু সংগীতের অ্যালবাম' বিভাগে এবং বেঙ্গালুরুর রিকি কেজ 'শান্তি ও সৌহার্দ্যসূচক অ্যালবাম' বিভাগে সেরা সুরকারের পুরস্কার জিতে নিলেন।

**● 'ম্যাগনা কার্টা'-র সংস্করণের সন্ধান :**

৮০০ বছর আগে, ১২১৫ সালে যে বিখ্যাত দলিলের সাহায্যে ব্রিটেনে আইনের শাসন এবং নাগরিক অধিকার প্রতিষ্ঠিত হয়, 'ম্যাগনা কার্টা'-র একটি সংস্করণ, কেন্ট কাউন্টির একটি পুরসভার মহাফেজখানা থেকে সম্প্রতি উদ্ধার করা হয়েছে। বিশেষজ্ঞদের মতে, দলিলের এক-তৃতীয়াংশ পাতা না থাকলেও এর দাম হতে পারে ১ কোটি পাউন্ড।

**● বঙ্গবন্ধুর সংবাদ সচিব প্রয়াত :**

স্বাধীন বাংলাদেশের প্রথম সংবাদ সচিব (প্রেস সেক্রেটারি) এবং বঙ্গবন্ধু শেখ মুজিবর রহমানের ঘনিষ্ঠ সহযোগী আমিনুল হক বাদশা (৭০) প্রয়াত হলেন। জীবনের শেষ কয়েক বছর তিনি পাকাপাকিভাবে ব্রিটেনের বাসিন্দা ছিলেন। ১৯৭১-এর 'মুক্তিযুদ্ধে' উল্লেখযোগ্য ভূমিকা নিয়েছিলেন তিনি।

**● 'বাফটা' পুরস্কার ঘোষণা :**

লন্ডনের রয়েল অপেরা হাউসে অনুষ্ঠিত হল 'ব্রিটিশ অ্যাকাডেমি ফিল্ম অ্যাওয়ার্ডস' (বাফটা)। সেরা ছবি 'বয়হুড'। এ ছবির পরিচালক রিচার্ড লিঙ্কলেটার পেলেন সেরা পরিচালকের সম্মান। 'স্টিল অ্যালিস' ছবির জন্য সেরা অভিনেত্রীর খেতাব পেলেন জুলিয়ান মুর। সেরা অভিনেতা এডি রেডম্যেন (ছবি : দ্য থিয়োরি অফ এভরিথিং)। ওয়েস অ্যান্ডারসনের 'দ্য গ্র্যান্ড বুদাপেস্ট হোটেল' সবচেয়ে বেশি সংখ্যক পুরস্কার জেতে (মোট পাঁচটি)।□

**সংকলক : দেবাংশু দাশগুপ্ত**